ছোটবেলায় সংস্কৃত ব্যাকরণের প্রচ্ছদে যখন বিদ্যাসাগরের ছবি দেখতাম তার মর্ম বুঝতাম না। আজ বুঝি, বাংলাদেশে সংস্কৃত ব্যাকরণের এই বিষ্ণুশর্মা না থাকলে 'বারো বছরের' ধাক্কায় সকলকেই পড়তে হ'ত। বিদ্যাসাগর মণিকার। তিনিই মণি বিদ্ধ করেছিলেন আশ্চর্য দক্ষতায়। বাংলায় যাঁরা সংস্কৃত ব্যাকরণ লিখেছেন তাঁদের প্রবেশ তাই 'সূত্রস্যেব'। বই লেখার নামে আমাদের যে চর্চা তা তাঁরই কাছে আমাদের অপরিশোধ্য ঋণশোধের সামান্যতম চেষ্টামাত্র।

সেই চেষ্টাই একটু করলাম। আমার অগ্রজপ্রতিম ডঃ মুরারিমোহন সেন এবং শ্রীঅচ্যুতানন্দ সাহার পরামর্শ ও প্রেরণায় সে চেষ্টা গ্রন্থমূর্তি পেল।

'গচ্ছতঃ স্খলনম্' সে তো আছেই, সে তো থাকবেই। তবে ভরসা এই 'সমাদধতি সজ্জনাঃ'।

—জ্যোতিভূষণ চাকী

সূচীপত্র

প্রথম পরিচ্ছেদ
সন্ধি
EUPHONIC COMBINATION

'অস্ত্যুত্তরস্যাং দিশি দেবতাত্মা
হিমালয়ো নাম নগাধিরাজঃ।'

ছন্দোবদ্ধ এই বাক্যটি মূলতঃ
অস্তি উত্তরস্যাম্ দিশি দেবতাত্মা
হিমালয়ঃ নাম নগাধিরাজঃ।

নিম্নরেখ অংশগুলিতে পাশাপাশি অবস্থিত দুই বর্ণের মধ্যে এক প্রকার মিলন ঘটিয়াছে। আবার 'দেবতাত্মা' ও 'নগাধিরাজঃ' এই পদ ভাঙিলেও দেখা যায় উহারা যথাক্রমে দেবতা+আত্মা এবং নগ+অধিরাজঃ, অর্থাৎ এই দুই স্থলে সমাসবদ্ধ পদের অন্তর্গত পাশাপাশি দুইটি বর্ণ মিলিয়া একবর্ণে পরিণত হইয়াছে। প্রথমটিতে আ-আ মিলিয়া 'আ' হইয়াছে, দ্বিতীয়টিতে অ-অ মিলিয়া আ হইয়াছে। বর্ণের এইরূপ মিলনকেই **সন্ধি** বলে। সন্ধির অপর নাম সংহিতা।

পরঃ সন্নিকর্ষঃ সংহিতা (১।৪।১০৯)

১. পূর্ববর্তী শব্দের শেষবর্ণ এবং পরবর্তী শব্দের প্রথমবর্ণ অত্যন্ত সন্নিহিত হইলে দ্রুত উচ্চারণে উভয়ে মিলিত হয়, ইহার নামই **সংহিতা** বা **সন্ধি**।

সন্ধিতে কখনও দুই বর্ণ কেবল মিলিত হয়, কখনও পূর্ববর্ণ বিকৃত হয়, কখনও পূর্ববর্ণের লোপ হয়, কখনও বা পরবর্ণের লোপ হয়, কখনও উভয় বর্ণই বিকৃত হয়। ক্রমান্বয়ে উদাহরণ :

কেবল মিলন = বিদ্যা+আলয়ঃ=বিদ্যালয়ঃ (আ+আ=আ)
পূর্ববর্ণের বিকৃতি =তৎ+মাত্রম্=তন্মাত্রম্ (ৎ>ন্)
পরবর্ণের বিকৃতি =যজ্+ন=যজ্ঞ (ন>ঞ)
পূর্ববর্ণের লোপ =সঃ+গচ্ছতি=স গচ্ছতি (':' লোপ)

পরবর্ণের লোপ =তে+অপি=তেঽপি ('অ' লোপ)

উভয় বর্ণের বিকৃতি=উদ্+শ্বাসঃ=উচ্ছ্বাসঃ (দ্>চ্, শ্>ছ্)

তাই মিলন কথাটির মধ্যে লোপ বা পরিবর্তনের অর্থও নিহিত আছে।

সন্ধিস্থল

২. সংস্কৃতে সন্ধি কোথায় কোথায় হইবে তাহার উত্তর মিলিবে এই শ্লোকটিতে :

সংহিতৈকপদে নিত্যা নিত্যা ধাতূপসর্গয়োঃ।
সূত্রেষ্বপি তথা নিত্যা সৈবান্যত্র বিভাষয়া ॥

অর্থাৎ একপদ, ধাতু ও উপসর্গে এবং সূত্রে সন্ধি অবশ্যই করিতে হইবে, অন্যত্র অর্থাৎ বাক্যে সন্ধি বৈকল্পিক অর্থাৎ সন্ধি করা না করা লেখকের ইচ্ছাধীন।

একপদ : নে+অনম্=নয়নম্ সূর্য+উদয়ঃ=সূর্যোদয়ঃ

ধাতু ও উপসর্গে : প্রতি+উক্তিঃ=প্রত্যুক্তিঃ

সূত্রে : বৃদ্ধিঃ+এচি=বৃদ্ধিরেচি

ইহা ছাড়া শ্লোকেও সন্ধি অবশ্য বিধেয়।

[দ্বিতীয় পাদের শেষ বর্ণ ও তৃতীয় পাদের প্রথম বর্ণ ব্যতীত।]

অরাবপ্যুচিতং কার্যমাতিথ্যং গৃহমাগতে।
ছেত্তুঃ পার্শ্বগতাং ছায়াং নোপসংহরতি দ্রুমঃ ॥

সন্ধিবিযুক্ত পাঠ—অরৌ অপি উচিতম্ কার্যম্ আতিথ্যম্ গৃহম্ আগতে।
ছেত্তুঃ পার্শ্বগতাম্ ছায়াম্ ন উপসংহরতি দ্রুমঃ ॥

এই সকল ক্ষেত্র ব্যতীত বাক্যে সন্ধি ইচ্ছাধীন, যেমন—

কিঞ্চিৎ অসৌ অবদৎ।

এই বাক্যে সন্ধির অবকাশ দুইটি অংশে। দুইটি অংশেই সন্ধি করিয়া লিখিতে পারি কিঞ্চিদসাববদৎ। আবার শুধু পূর্বাংশে সন্ধি করিয়া লিখিতে পারি কিঞ্চিদসৌ অবদৎ, অথবা শুধু শেষাংশে সন্ধি করিয়া লিখিতে পারি কিঞ্চিৎ অসাববদৎ। তবে প্রয়োগের দিক দিয়া **প্রথম দুইটিই** অধিকতর বাগ্বিধিসম্মত।

৩. সন্ধি তিন প্রকার। নিম্নের সোদাহরণ ছকটি দেখিলেই এই প্রকারভেদ স্পষ্ট হইবে :

স্বরসন্ধি

স্বরবর্ণের সহিত স্বরবর্ণের সন্ধিকে **স্বরসন্ধি** বলে। যাহাদের উচ্চারণ-স্থান ও উচ্চারণ-প্রযত্ন সমান তাহারা সবর্ণ। অ-আ, ই-ঈ, উ-ঊ, ঋ-ৠ—এই বর্ণযুগ্মগুলি পরস্পর সবর্ণ। সবর্ণ সন্ধিগুলিকে পাণিনি একটি সূত্র দ্বারা গাঁথিয়াছেন—**অকঃ সবর্ণে দীর্ঘঃ** ৬।১।১০১। অক্=অ, ই, উ, ঋ, ঌ। অক্-বর্ণের পর সবর্ণ থাকিলে উভয়ের স্থানে একটি দীর্ঘ হয়। নিম্নে আলোচিত ৪, ৫, ৬, ৭ এই চারিটি নিয়ম বস্তুত এই একটি সূত্রেরই বিশ্লিষ্ট রূপ।

৪. অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আকার থাকিলে উভয়ে মিলিয়া আ-কার হয়। আ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

অ+অ=আ=া

নব+অন্নম্=নবান্নম্	সূর্য+অস্তম্=সূর্যাস্তম্
উত্তম+অঙ্গম্=উত্তমাঙ্গম্	অদ্য+অবধি=অদ্যাবধি
হিম+অচলঃ=হিমাচলঃ	কষ্ট+অর্জিতম্=কষ্টার্জিতম্
জন্ম+অন্ধঃ=জন্মান্ধঃ	লোহিত+অশ্বঃ=লোহিতাশ্বঃ
চরণ+অমৃতম্=চরণামৃতম্	পদ+অম্বুজম্=পদাম্বুজম্।

'**নান্যঃ** (ন+অন্যঃ) পন্থাঃ'

'**বেদাহম্**' (বেদ+অহম্)

'**মিত্রস্যাহং** (মিত্রস্য+অহং) চক্ষুষা সর্বাণি ভূতানি সমীক্ষে'

'সত্যমেব জয়তে **নানৃতম্**' (ন+অনৃতম্)।

অ+আ

দেব+আলয়ঃ=দেবালয়ঃ — রত্ন+আকরঃ=রত্নাকরঃ
চন্দ্র+আননঃ=চন্দ্রাননঃ — নব+আসনম্=নবাসনম্
গ্রন্থ+আগারম্=গ্রন্থাগারম্ — ঘৃত+আহুতিঃ=ঘৃতাহুতিঃ
হত+আদরঃ=হতাদরঃ — সিংহ+আসনম্=সিংহাসনম্
স্ব+আহারঃ=স্বাহারঃ — শরণ+আগতঃ=শরণাগতঃ

'তং **চাত্মানং** (চ+আত্মানম্) বহুধা দর্শয়ানম্'।

আ+অ=আ

মহা+অরণ্যম্=মহারণ্যম — লতা+অন্তঃ=লতান্তঃ
ত্বরা+অন্বিতঃ=ত্বরান্বিতঃ — প্রজা+অধীশঃ=প্রজাধীশঃ
বিদ্যা+অলংকারঃ=বিদ্যালংকারঃ — আশা+অতীতঃ=আশাতীতঃ
মহা+অর্ণবঃ=মহার্ণবঃ — আজ্ঞা+অধীনঃ=আজ্ঞাধীনঃ

'তং **জ্ঞাত্বাঽমৃতং** (জ্ঞাত্বা+অমৃতং) ভবতি'[১]
'**পরাঽস্য** (পরা+অস্য) শক্তিঃ'[১]
'**ময়াঽবশ্যং** (ময়া+অবশ্যং) দাতব্যং ব্যবসায়িনাম্'।[১]

আ+আ=আ

গদা+আঘাতঃ=গদাঘাতঃ — শিলা+আসনম্=শিলাসনম্
দয়া+আর্দ্রঃ=দয়ার্দ্রঃ — ধরা+আনন্দঃ=ধরানন্দঃ
মহা+আকাশঃ=মহাকাশঃ — কারা+আগারম্=কারাগারম্
বিদ্যা+আলয়ঃ=বিদ্যালয়ঃ — সেবা+আদরঃ=সেবাদরঃ

'**মিথ্যাচরতি** (মিথ্যা+আচরতি) মিত্রার্থে'।

৫. ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকিলে উভয়ে মিলিয়া ঈ-কার হয়, ঈ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

১ লক্ষ্য কর, এখানে আ-কারের পর লুপ্ত অ-কারের চিহ্ন 'ঽ' ব্যবহার করা হইয়াছে। ইহাকে অবগ্রহ বলে। অর্থবোধ সহজ করিবার জন্য অনেক সময় 'আ'-কারের পর এই চিহ্ন ব্যবহার করা হয়। অন্যত্রও এই চিহ্ন ব্যবহার হয়, তাহা যথাস্থানে দ্রষ্টব্য।

ই+ই=ঈ

রবি+ইন্দ্রঃ=রবীন্দ্রঃ — অতি+ইব=অতীব
মুনি+ইন্দ্রঃ=মুনীন্দ্রঃ — অতি+ইন্দ্রিয়ম্=অতীন্দ্রিয়ম্
অতি+ইতঃ=অতীতঃ — অধি+ইতঃ=অধীতঃ।

'ন ধর্মশাস্ত্রং **পঠতীতি** (পঠতি+ইতি) কারণম্'।
'ততো **নাস্তীহ** (নাস্তি+ইহ) পুণ্যবান্'।

ই+ঈ=ঈ

গিরি+ঈশঃ=গিরীশঃ — পরি+ঈক্ষা=পরীক্ষা
ক্ষিতি+ঈশঃ=ক্ষিতীশঃ — অধি+ঈশ্বরঃ=অধীশ্বরঃ
প্রতি+ঈক্ষা=প্রতীক্ষা — অভি+ঈক্ষা=অভীক্ষা।

ঈ+ই=ঈ

শচী+ইন্দ্রঃ=শচীন্দ্রঃ — অবনী+ইন্দ্রঃ=অবনীন্দ্রঃ
সতী+ইন্দ্রঃ=সতীন্দ্রঃ — মহতী+ইচ্ছা=মহতীচ্ছা
মহী+ইন্দ্রঃ=মহীন্দ্রঃ — মহী+ইহ=মহীহ।

'**ভোগীব** (ভোগী+ইব) মন্ত্রৌষধিরুদ্ধবীর্যঃ'

ঈ+ঈ=ঈ

পৃথিবী+ঈশ্বরঃ=পৃথিবীশ্বরঃ — সুধী+ঈশঃ=সুধীশঃ
সতী+ঈশঃ=সতীশঃ — গৌরী+ঈশঃ=গৌরীশঃ
কাশী+ঈশ্বরঃ=কাশীশ্বরঃ — সতী+ঈহা=সতীহা

৬. উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকিলে উভয়ে মিলিয়া ঊ-কার হয়, ঊ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

উ+উ=ঊ

সু+উক্তিঃ=সূক্তিঃ — অনু+উদিতঃ=অনূদিতঃ
সাধু+উক্তম্=সাধূক্তম্ — স্বাদু+উদকম্=স্বাদূদকম্
গুরু+উপদেশঃ=গুরূপদেশঃ — মধু+উৎসবঃ=মধূৎসবঃ।

উ+ঊ=ঊ

লঘু+ঊর্মিঃ=লঘূর্মিঃ সু+ঊর্ধ্বম্=সূর্ধ্বম্

দুরূহং **গুরূহনম্** (গুরু+উহনম্)।

ঊ+উ=ঊ

বধূ+উক্তিঃ=বধূক্তিঃ বধূ+উৎসবঃ=বধূৎসবঃ

ঊ+ঊ=ঊ

ভূ+ঊর্ধ্বম্=ভূর্ধ্বম্ সরযূ+ঊর্মিঃ=সরযূর্মিঃ

৭. ঋ-কারের পর ঋ-কার থাকিলে উভয়ে মিলিয়া দীর্ঘ ঋ-কার হয়। দীর্ঘ ৠ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

ঋ+ঋ=ৠ

পিতৃ+ঋণম্=পিতৄণম্ ভ্রাতৃ+ঋদ্ধিঃ=ভ্রাতৄদ্ধিঃ

এইবার পূর্বাপর অসবর্ণ স্বরের সন্ধির নিয়ম আলোচিত হইতেছে।

আদ্গুণঃ (৬।১।৮৭)—অর্থাৎ অবর্ণের পর ই, উ এবং ঋ থাকিলে উভয়ে মিলিয়া গুণ হয়। অর্থাৎ ই, উ, ঋ স্থানে যথাক্রমে এ, ও এবং অর্ হয় এবং ইহারা পূর্ববর্ণে যুক্ত হয়।[২] ৮, ৯, ১০ নিয়মগুলি এই সূত্রের অন্তর্গত।

৮. অ-কার কিংবা আ-কারের পর ই কিংবা ঈ থাকিলে উভয়ে মিলিয়া এ-কার হয়, এ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

অ+ই=এ

দেব+ইন্দ্রঃ=দেবেন্দ্রঃ পূর্ণ+ইন্দুঃ=পূর্ণেন্দুঃ

অন্ত্য+ইষ্টিঃ=অন্ত্যেষ্টিঃ নর+ইন্দ্রঃ=নরেন্দ্রঃ

শুভ+ইচ্ছা=শুভেচ্ছা ইহ+ইতি=ইহেতি

'নেমা (ন+ইমা) বিদ্যুতো ভান্তি'

২ উরণ্ রপরঃ (১।১।৫১)—এই সূত্র বলে ঋ স্থানে যে 'অ' তাহার সহিত র্ যুক্ত হইয়া 'অর্'। উঃ=ঋ বর্ণের ষষ্ঠী একবচন।

অ+ঈ=এ

গণ+ঈশঃ=গণেশঃ নর+ঈশঃ=নরেশঃ

পরম+ঈশ্বরঃ=পরমেশ্বরঃ অব+ঈক্ষণম্=অবেক্ষণম্

'ধর্মার্থং যস্য **বিত্তেহা** (বিত্ত+ঈহা) বরং তস্য নিরীহতা'

আ+ই=এ

মহা+ইন্দ্রঃ=মহেন্দ্রঃ যথা+ইষ্টম্=যথেষ্টম্

লতা+ইব=লতেব তথা+ইব=তথেব

'ছায়েব (ছায়া+ইব) তাং ভূপতিরন্বগচ্ছৎ'

আ+ঈ=এ

রমা+ঈশঃ=রমেশঃ মহা+ঈশ্বরঃ=মহেশ্বরঃ

২. অ-কার কিংবা আ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকিলে ও-কার হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

অ+উ=ও

নব+উদিতঃ=নবোদিতঃ স্বগত+উক্তিঃ=স্বগতোক্তিঃ

স্ব+উদরম্=স্বোদরম্ সহ+উদরঃ=সহোদরঃ

সূর্য+উদয়ঃ=সূর্যোদয়ঃ শারদ+উৎসবঃ=শারদোৎসবঃ

পরোপকারায় (পর+উপকারায়) সতাং বিভূতিঃ

'স **হোবাচ** (হ+উবাচ) পিতরম্'

অ+ঊ=ও

চল+ঊর্মিঃ=চলোর্মিঃ নব+ঊঢা=নবোঢ়া

গৃহ+ঊর্ধ্বম্=গৃহোর্ধ্বম্ এক+ঊনবিংশঃ=একোনবিংশঃ

আ+উ=ও

গঙ্গা+উদকম্=গঙ্গোদকম্ যথা+উক্তম্=যথোক্তম্

মহা+উৎসবঃ=মহোৎসবঃ মহা+উদয়ঃ=মহোদয়ঃ

আ+ঊ=ও

মহা+ঊর্মিঃ=মহোর্মিঃ লতা+ঊর্ধ্বম=লতোর্ধ্বম

১০. অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকিলে উভয়ে মিলিয়া অর্ হয়। র্ রেফ্-রূপে পরবর্ণে যুক্ত হয়, 'অ' পূর্ববর্ণে যুক্ত হয়।

হিম+ঋতুঃ=হিমর্তুঃ　　　পুরুষ+ঋষভঃ=পুরুষর্ষভঃ

মহা+ঋষিঃ=মহর্ষিঃ　　　সা+ঋষিঃ=সর্ষিঃ

বৃদ্ধিরেচি (৬।১।৮৮)—এচ্=এ, ঐ, ও, ঔ। 'অ-আ'র পর এই বর্ণগুলি থাকিলে উভয়ে মিলিয়া বৃদ্ধি হয়। বৃদ্ধি=আ, ঐ, ঔ। ১১ ও ১২নং নিয়ম এই সূত্রের অন্তর্গত।

১১. অ-কার কিংবা আ-কারের পর এ-কার কিংবা ঐ-কার থাকিলে উভয়ে মিলিয়া ঐ-কার হয়। ঐ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

অ+এ=ঐ

এক+একম্=একৈকম্[৩]　　　অত্র+এব=অত্রৈব

আ+এ=ঐ

তথা+এব=তথৈব　　　যদা+এব=যদৈব

অ+ঐ=ঐ

মত+ঐক্যম্=মতৈক্যম্

আ+ঐ=ঐ

মহা+ঐক্যম্=মহৈক্যম্　　　মহা+ঐরাবতম্=মহৈরাবতম্

'দেবস্যৈষ (দেবস্য+এষ) মহিমা তু লোকে।'

'সৈষা (সা+এষা) বনস্থলী'

১২. অ-কার কিংবা আ-কারের পর ও-কার কিংবা ঔ-কার থাকিলে উভয়ে মিলিয়া ঔ-কার হয়। ঔ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

দেব+ওজঃ=দেবৌজঃ[৪]　　　কৃষ্ণ+ঔৎসুক্যম্=কৃষ্ণৌৎসুক্যম্

---

৩ এখানে 'অ' ও 'এ' সন্নিহিত। 'অ' ও 'এ'-র উচ্চারণ স্থান যথাক্রমে কণ্ঠ কণ্ঠ-তালু, 'ঐ'-কার-এর উচ্চারণস্থানও কণ্ঠতালু। অতএব অ-এ স্থলে 'ঐ' আদেশ হইল।

৪ 'অ' ও 'ও'-কারের উচ্চারণস্থান যথাক্রমে কণ্ঠ ও কণ্ঠ-ওষ্ঠ, ঔ-কারের উচ্চারণস্থান কণ্ঠ-ওষ্ঠ। অতএব অ-ও স্থানে 'ঔ' বৃদ্ধি আদেশ হইল।

গঙ্গা + ওঘঃ = গঙ্গৌঘঃ মহা + ঔদার্যম্ = মহৌদার্যম্

আত্মৌপম্যেন (আত্ম + ঔপম্যেন) ভূতানাং দয়াং কুর্বন্তি সাধবঃ

ইকো যণ্ অচি (৬।১।৭৭)—অসবর্ণ স্বর পরে থাকিলে ই, উ, ঋ, ঌ স্থানে যথাক্রমে য্, ব্, র্ এবং ল্ হয়। ১৩, ১৪ ও ১৫ নং নিয়ম এই সূত্রের অন্তর্গত।

১৩. ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার ছাড়া অন্য কোন স্বরবর্ণ থাকিলে ই-ঈ স্থানে য্ হয়, য্ পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর য্-এ যুক্ত হয়।

ই + অ = য অতি + অয়ঃ = অত্যয়ঃ

ই + আ = যা ইতি + আদি = ইত্যাদি

ই + উ = যু অতি + উক্তিঃ = অত্যুক্তিঃ

ই + ঊ = যূ প্রতি + ঊহঃ = প্রত্যূহঃ

ই + ঋ = যৃ মুনি + ঋষভঃ = মুন্যৃষভঃ

ই + এ = যে অভি + এতি = অভ্যেতি

ই + ঐ = যৈ অতি + ঐক্যম্ = অত্যৈক্যম্

ই + ও = যো মুনি + ওকঃ = মুন্যোকঃ

ই + ঔ = যৌ অতি + ঔদার্যম্ = অত্যৌদার্যম্

ঈ > য

নদী + অম্বু = নদ্যম্বু দেবী + আগতা = দেব্যাগতা

দেবী + উক্তিঃ = দেব্যুক্তিঃ বাণী + ঊহনম্ = বাণ্যূহনম্

নারী + এবম্ = নার্যেবম্ নারী + ঐক্যম্ = নার্যৈক্যম্

দেবী + ওকঃ = দেব্যোকঃ বাণী + ঔচিত্যম্ = বাণ্যৌচিত্যম্

'ন **হ্যমূলা** (হি + অমূলা) জনশ্রুতিঃ'

'**যদ্যেবম**ভিমতং (যদি + এবম্) ভবতাং তর্হি ভবতু তৎ'।'

'**ত্বয্যেব** (ত্বয়ি + এব) তিষ্ঠতি জগৎ'

'**এহ্যেহি** (এহি + এহি) বৎস'

১৪. উ-কার কিংবা ঊ-কারের পর উ-ঊ ভিন্ন অন্য স্বর থাকিলে উ-ঊ স্থানে ব্ হয়, ব্ পূর্বস্বরে যুক্ত হয়, পরের স্বর ব-এ যুক্ত হয়।

অনু + অয়ঃ = অন্বয়ঃ (অন্ ব্ অয়ঃ = অন্বয়ঃ)
সু + আগতম্ = স্বাগতম্ (স্ ব্ আগতম্ = স্বাগতম্)
মধু + ইদম্ = মধ্বিদম্ (মধ্ ব্ ইদম্ = মধ্বিদম্)
সাধু + ঈহিতম্ = সাধ্বীহিতম্ (সাধ্ ব্ ঈহিতম্ = সাধ্বীহিতম্)
মধু + ঋতে = মধ্বৃতে (মধ্ ব্ ঋতে = মধ্বৃতে)
অনু + এষণম্ = অন্বেষণম্ (অন্ ব্ এষণম্ = অন্বেষণম্)
'অথবা **সাধ্বিদ**মুচ্যতে' (সাধু + ইদম্)
'মাধ্বীর্নঃ **সন্ত্বোষধীঃ** (সন্তু + ওষধীঃ)'
সরযূ + অম্বু = সরয্বম্বু (সরয্ ব্ অম্বু = সরয্বম্বু)
বধূ + আদি = বধ্বাদি (বধ্ ব্ আদি = বধ্বাদি)
বধূ + এষণা = বধ্বেষণা (বধ্ ব্ এষণা = বধ্বেষণা)
বধূ + ওকঃ = বধ্বোকঃ (বধ্ ব্ ওকঃ = বধ্বোকঃ)
বধূ + ঐশ্বর্যম্ = বধ্বৈশ্বর্যম্ (বধ্ ব্ ঐশ্বর্যম্ = বধ্বৈশ্বর্যম্)

১৫. ঋ-কার কিংবা ৠ-কারের পর ঋ-কার কিংবা ৠ-কার ভিন্ন অন্য কোন বর্ণ থাকিলে ঋ-স্থানে র্ হয়।

পিতৃ + অনুমতিঃ = পিত্রনুমতিঃ (পিত্ র্অনুমতিঃ)
পিতৃ + আদেশঃ = পিত্রাদেশঃ (পিত্ র্ আদেশঃ)
পিতৃ + ইচ্ছা = পিত্রিচ্ছা (পিত্ র্ ইচ্ছা)
পিতৃ + ঈপ্সিতম্ = পিত্রীপ্সিতম্ (পিত্ র্ ঈপ্সিতম্)
পিতৃ + ঐশ্বর্যম্ = পিত্রৈশ্বর্যম্ (পিত্ র্ ঐশ্বর্যম্)

এচোঽয়বায়াবঃ ৬।১।৭৮। = এচঃ অয়্-অব্-আয়্-আবঃ। এচ্ = এ, ঐ, ও, ঔ। স্বরবর্ণ পরে থাকিলে এই বর্ণগুলির স্থানে যথাক্রমে অয়্, আয়্ অব্ ও আব্ হয়। ১৬, ১৭, ১৮ ও ১৯ নং নিয়ম এই সূত্রের অন্তর্গত।

১৬. স্বরবর্ণ পরে থাকিলে 'এ' কার স্থানে অয়্ হয়। অ-কার পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর য্-কারে যুক্ত হয়।

শে+অনম্=শয়নম্ (শে>শয়্+অনম্=শয়নম্)

বে+অনম্=বয়নম্ (বে>বয়্+অনম্=বয়নম্)

চে+অনম্=চয়নম্ (চে>চয়্+অনম্=চয়নম্)

১৭. স্বরবর্ণ পরে থাকিলে ঐকার স্থানে আয়্ হয়, আকার পূর্ববর্ণে যুক্ত হয়, পরের স্বর য়্-কারে যুক্ত হয়।

নৈ+অকঃ=নায়কঃ (নৈ>নায়্+অকঃ=নায়কঃ)

রৈ+এ=রায়ে (রৈ>রায়্+এ=রায়ে)

রৈ+ই=রায়ি (রৈ>রায়্+ই=রায়ি)

১৮. স্বরবর্ণ পরে থাকিলে ও-কার-স্থানে অব্ হয়। অ-কার পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর ব্-কাবে যুক্ত হয়।

পো+অনঃ=পবনঃ (পো>পব্+অনঃ=পবনঃ)

পো+ইত্রম্=পবিত্রম্ (পো>পব্+ইত্রম্=পবিত্রম্)

গো+আ=গবা (গো>গব্+আ=গবা)

গো+ই=গবি (গো>গব্+ই=গবি)

১৯. স্ববর্ণের পরে ঔ-কার স্থানে আব্ হয়। এই আ পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর ব্-কারে যুক্ত হয়।

নৌ+আ=নাবা (নৌ>নাব্+আ=নাবা)

গ্লৌ+ই=গ্লাবি (গ্লৌ>গ্লাব্+ই-গ্লাবি)

পৌ+অকঃ=পাবকঃ (পৌ>পাব্+অকঃ)

নৌ+ইক=নাবিকঃ (নৌ>নাব্+ইকঃ)

'**বহুকুটুম্বাবাবাং** (বহুকুটুম্বৌ+আবাং) বিত্তাভাবাৎ সীদাবঃ'

'**বাগর্থাবিব** (বাগর্থৌ+ইব) সম্পৃক্তৌ'

'ওঁ সহ**নাববতু**' (নৌ+অবতু)

২০. পদের অন্তস্থিত এ-কার কিংবা ও-কারের পর যে অ থাকে তাহার

লোপ হয়। লোপ হইলে অ-কারের যে-চিহ্ন থাকে, তাহাকে লুপ্ত অ-কার বা অবগ্রহ বলে। [এঙঃ পদান্তাদতি ৬।১।১০৯]

কবে + অবেহি = কবেঽবেহি সখে + অর্পয় = সখেঽর্পয়

প্রভো + অনুগৃহাণ = প্রভোঽনুগৃহাণ গুরো + অনুমন্যস্ব = গুরোঽনুমন্যস্ব

'প্রাপ্তেঽস্মিন্নায়ুঃ ক্ষয়ে' (প্রাপ্তে + অস্মিন্ = প্রাপ্তেঽস্মিন্)

২১. অ-ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত এ-কার স্থানে একবার 'অ' এবং আর একবার অয়্ হয়।[৫]

সখে + আগচ্ছ = সখআগচ্ছ, সখয়াগচ্ছ

সখে + উচ্যতাম্ = সখউচ্যতাম্, সখয়ুচ্যতাম্

২২. অ-ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত ও-কার স্থানে একবার 'অ' এবং আর একবার অব্ হয়।[৬]

প্রভো + আগচ্ছ = প্রভআগচ্ছ, প্রভবাগচ্ছ

প্রভো + ইহ = প্রভইহ, প্রভবিহ।

২৩. স্বরবর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত ঐ-কার স্থানে একবার 'আ' এবং আর একবার 'আয়্' হয়।[৬]

শ্রিয়ৈ + অর্থঃ = শ্রিয়াঅর্থঃ, শ্রিয়ায়র্থঃ

শ্রিয়ৈ + ঋচ্ছা = শ্রিয়াঋচ্ছা, শ্রিয়ায়ৃচ্ছা

২৪. স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত ঔ-কার স্থানে একবার 'আ' এবং আর একবার আব্ হয়।[৬]

রবৌ + অস্তংগতে = রবাঅস্তংগতে, রবাবস্তংগতে

তৌ + আহতুঃ = তাআহতুঃ, তাবাহতুঃ

---

৫ লোপঃ শাকল্যস্য—৮।৩।১৯

শাকল্যমুনির মতে পদান্তে স্থিত য্ ও ব্-এর বিকল্পে বিলোপ হয়।

সখয্ আগচ্ছ = সখ আগচ্ছ (য্-লোপ)

৬ লোপঃ শাকল্যস্য (৮।১।১৯)

প্রভব্ আগচ্ছ = প্রভআগচ্ছ, ব্-লোপ

শ্রিযায্ + অর্থঃ = শ্রিযাঅর্থঃ, য্ লোপ

রবাব্ অস্তংগতে = রবাঅস্তংগতে, ব্ লোপ

২৫. ধাতুর এ কিংবা ও পরে থাকিলে উপসর্গের অ-কার ও আ-কারের লোপ হয়। [**এঙি পররূপম্** ৬।১।৯৪]

প্র+এজতে=প্রেজতে (প্র>প্র্) (অ লোপ)+এজতে=(প্রেজতে)

প্র+এষয়তি=প্রেষয়তি　　উপ+ওষতি=উপোষতি

ব্যতিক্রম [**এত্যেধত্যূঠ্সু** ৬।১।৮৯]

উপ+এধতে=উপৈধতে　　পরা+এধতে=পরৈধতে

অব+এতি=অবৈতি　　আ+এতি=ঐতি

এধ্ ও ইণ্ ধাতুর এ-কার পরে থাকিলে উপসর্গের অ-কার ও আ-কারের লোপ হয় না। [বৃদ্ধিঃ একাদেশঃ]

২৬. যদি উপসর্গের অ-কার কিংবা আ-কারের পর ধাতুর ঋ-কার থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া আর্ হয়। [(আদ্) উপসর্গাদৃতি ধাতৌ ৬।১।৯১ (বৃদ্ধিরেকাদেশঃ)]।

অপ+ঋচ্ছতি=অপার্চ্ছতি　　অব+ঋণোতি=অবার্ণোতি

পরা+ঋষতি=পরার্ষতি　　প্র+ঋজতে=প্রার্জতে

২৭. সমাসে ওতু ও ওষ্ঠ শব্দ পরে থাকিলে পূর্বপদের অন্তস্থিত অ-কারের বিকল্পে লোপ হয়। [**ওত্বোষ্ঠয়োঃ সমাসে বা** (বার্তিক)]

বিম্ব+ওষ্ঠঃ=বিম্বৌষ্ঠঃ, বিম্বোষ্ঠঃ　　স্থূল+ওতুঃ=স্থূলৌতুঃ, স্থূলোতুঃ

অসমাসে—তব+ওষ্ঠঃ=তবৌষ্ঠঃ　　মম+ওতুঃ=মমৌতুঃ

সন্ধি নিষেধ

২৮. ও-কারান্ত কিংবা একস্বর অব্যয় শব্দের সহিত পরবর্তী পদের সন্ধি হয় না।

অহো+অপেহি=অহো অপেহি। [অহবপেহি নহে]

অহো+আগচ্ছ=অহোআগচ্ছ। [অহবাগচ্ছ নহে]

আ+এবম্=আ এবম্। [ঐবম্ নহে]

উ+উত্তিষ্ঠ=উ উত্তিষ্ঠ। [উত্তিষ্ঠ নহে]

২৯. ঈ-কারান্ত, উ-কারান্ত এবং এ-কারান্ত দ্বিবচনান্ত পদের সহিত পরপদের সন্ধি হয় না।

মুনী+ইমৌ=মুনী ইমৌ। [মুনীমৌ নহে]

সাধূ+ইমৌ=সাধূ ইমৌ। [সাধ্বিমৌ নহে]

লতে+এতে=লতে এতে। [লতয়েতে নহে]

৩০. প্লুতস্বরের সহিত সন্ধি হয় না। দূর হইতে আহ্বানে, গানে এবং রোদনে স্বরের যে দীর্ঘত্ব উহাই প্লুতস্বর।

হরে অত্র আগচ্ছ=হরে অত্র আগচ্ছ ['হরয়ত্র' নহে]

৩১. অদস্ শব্দের ঈ-কারান্ত ও উ-কারান্ত পদের সহিত পরপদের সন্ধি হয় না।

অমী+অশ্বাঃ=অমী অশ্বাঃ। [অম্যশ্বাঃ নহে]

অমূ+অর্থৌ=অমূ অর্থৌ। [অম্বর্থৌ নহে]

অনুশীলনী

১. (ক) সন্ধি কাহাকে বলে?

(খ) সন্ধি নিষেধের স্থলগুলি কি কি?

২. সন্ধি বিচ্ছেদ কর:

মুনীন্দ্রঃ, স্বচ্ছঃ, জন্মান্ধঃ, ধর্মাধর্মৌ, পিত্রিচ্ছা, হিমর্তুঃ, অন্বয়ঃ, মহেন্দ্রঃ, প্রত্যূহঃ, শয়নম্, পাবকঃ, নায়কঃ, ভিয়াগচ্ছতি, অশ্রদ্ধয়াঽদেয়ম্, মুন্যৃষভঃ, নদ্যম্বু, পর্যঙ্কঃ, পচত্বোদনম্, পচতোদনম্।

৩. সন্ধি কর:

স্ব+উদকম্, নে+অনম্, বি+উৎপত্তিঃ, মাতৃ+ঋণম্, ভ্রাতৃ+উপদেশঃ, অনু+আদেশঃ, তে+এব, তৌ+ইহ, সু+উক্তিঃ, অনু+উদিতঃ, অভি+উদিতঃ, আ+অগচ্ছৎ, সা+ঋচ্ছতি, পরি+অব+ঈক্ষণম্, অভি+উপ+আগতঃ।

৪. কারণসহ অশুদ্ধি সংশোধন কর:

ভূম্যাধিকারী, ব্যাবধানম্, ব্যাঞ্জনম্, প্রত্যূপকারঃ, মাত্রানুমতিঃ।

৫. বিকল্প সন্ধি কি হইবে?

রবাবস্তমিতে, প্রিয়ায়েতি, প্রভ আগচ্ছ, হিমর্তুঃ, সর্ষিঃ।

৬. নিম্নলিখিত উদ্ধৃতিগুলিতে কোন্ কোন্ অংশে সন্ধি হইয়াছে লিখ এবং উহাদের সন্ধিবিযুক্ত পাঠ কি হইবে লিখ :

'নদীবোদ্ব্রাম্বুর্নিপততি মহী নেমিবিবরে'

'তানি ত্বয়োপাস্যানি', 'নৈনাং প্রাপ্য বিমুহ্যতি',

'ন হ্যমূলা জনশ্রুতিঃ', 'নাপৃষ্টঃ কস্যচিদ্ ব্রূয়াৎ', 'তান্যহং বেদ সর্বাণি',

'ভক্তোঽসি মে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমম্'।

ব্যঞ্জনসন্ধি

ব্যঞ্জনে ব্যঞ্জনে সন্ধি

৩৩. যদি চ্ কিংবা ছ্ পরে থাকে তাহা হইলে ত্-স্থানে ও দ্-স্থানে চ্ হয়।

ত্ + চ = চ্চ

সৎ + চিন্তা = সচ্চিন্তা (সৎ > সচ্ + চিন্তা = সচ্চিন্তা)

মহৎ + চক্রম্ = মহচ্চক্রম্ (মহৎ > মহচ্ + চক্রম্ = মহচ্চক্রম্)

'**চলচ্চিত্তম্** (চলৎ + চিত্তম্) চলচ্চিত্তম্।

'**এতচ্চকার** (এতৎ + চকার) সুমনোহরং কাব্যং'।

'স্থিতমিব **জবাচ্চক্রবলয়ম্**' (জবাৎ > জবাচ্ + চক্রবলয়ম্)

দ্ + চ = চ্চ

উদ্ + চারণম্ = উচ্চারণম্ (উদ্ > উচ্ + চারণম্ = উচ্চারণম্)

তদ্ + চরণম্ = তচ্চরণম (তদ্ > তচ্ + চরণম্ = তচ্চরণম্)

'**তচ্চরণয়োর্লুঠ**' (তদ্ > তচ্ + চরণয়োঃ = তচ্চরণয়োঃ)

ত্ + ছ = চ্ছ

চলৎ + ছবিঃ = চলচ্ছবিঃ (চলৎ > চলচ্ + ছবিঃ = চলচ্ছবিঃ)

মহৎ + ছত্রম্ = মহচ্ছত্রম্ (মহৎ > মহচ্ + ছত্রম্ = মহচ্ছত্রম্)

'তচ্ছিন্ধি (তৎ + ছিন্ধি) মে ভববন্ধনম্।

দ্ + ছ = চ্ছ

উদ্ + ছিন্নম্ = উচ্ছিন্নম্ তদ্ + ছেদঃ = তচ্ছেদঃ

৩৪. যদি জ্ কিংবা ঝ্ পরে থাকে, তাহা হইলে ত্-স্থানে ও দ্-স্থানে জ্ হয়।

ত্ + জ = জ্জ

কৎ + জলম্ = কজ্জলম্ সৎ + জীবনম্ = সজ্জীবনম্

'যাবজ্জীবং (যাবৎ + জীবং) জড়ো দহেৎ'।

'সংসারদুঃখগহনাজ্জগদীশ (গহনাৎ + জগদীশ) রক্ষ।'

'ন তজ্জলং (তৎ + জলম্) যন্ন সুচারুপঙ্কজম্'

দ্ + জ = জ্জ

উদ্ + জ্বলঃ = উজ্জ্বলঃ বিপদ্ + জালঃ = বিপজ্জালঃ

ত্ + ঝ = জ্ ঝ

বৃহৎ + ঝটিকা = বৃহজ্ ঝটিকা মহৎ + ঝঞ্ঝা = মহজ্ ঝঞ্ঝা

দ্ + ঝ = জ্ ঝ

বিপদ্ + ঝঞ্ঝা = বিপজ্ ঝঞ্ঝা তদ্ + ঝংকারঃ = তজ্ ঝংকারঃ

৩৫. যদি জ্ কিংবা ঝ্ পরে থাকে, তাহা হইলে দন্ত্য ন্-স্থানে ঞ্ হয়।

ন্ + জ = ঞ্জ

রাজন্ + জয়তু = রাজঞ্জয়তু ভবান্ + জীবতু = ভবাঞ্জীবতু

ন্ + ঝ = ঞ্ঝ

গচ্ছন্ + ঝটিতি = গচ্ছঞ্ঝটিতি উদ্যন্ + ঝনৎকারঃ = উদ্যঞ্ঝনৎকারঃ

৩৬. যদি পদের অন্তস্থিত ত্-কার কিংবা দ্-কারের পর তালব্য শ্ থাকে তাহা হইলে ত্-স্থানে ও দ্ স্থানে চ্ এবং তালব্য শ্-স্থানে ছ হয়।

ত্+শ=চ্ছ

সৎ+শিবঃ=সচ্ছিবঃ চলৎ+শক্তিঃ=চলচ্ছক্তিঃ

মহৎ+শাসনম্=মহচ্ছাসনম্ তৎ+শ্রুত্বা=তচ্ছ্রুত্বা

জগচ্ছরণ্যং (জগৎ+শরণ্যং) বিভুং বন্দে।

'কিং **কশ্চিচ্ছ্যেনো** (কশ্চিৎ+শ্যেনো) বালং হর্তুং শক্নোতি?'

'**তচ্ছ্রুত্বা** (তৎ+শ্রুত্বা) তে প্রোচুঃ'

'ন **মানুষাচ্ছ্রেষ্ঠতরং** (মানুষাৎ+শ্রেষ্ঠতরম্) হি কিঞ্চিৎ'

দ্+শ=চ্ছ

বিপদ্+শংকা=বিপচ্ছংকা তদ্+শরীরম্=তচ্ছরীরম্

'সমুদ্রেণ **তচ্ছক্তিজ্ঞানার্থিনা** (তদ্+শক্তিজ্ঞানার্থিনা) তান্যণ্ডানি অপহৃতানি'

৩৭. যদি পদের অন্তস্থিত ন-কারের পর তালব্য শ্ থাকে তাহা হইলে ন্ স্থানে ঞ্ এবং তালব্য শ-স্থানে ছ হয়।[১]

গচ্ছন্+শঙ্কিতঃ=গচ্ছঞ্ছঙ্কিতঃ সন্+শম্ভুঃ=সঞ্ছম্ভুঃ

মহান্+শব্দঃ=মহাঞ্ছব্দঃ ধাবন্+শশঃ=ধাবঞ্ছশঃ

'নানুধ্যায়াদ্ **বহূঞ্ছব্দান্**' (বহূন্+শব্দান্)

৩৮. যদি পদেব অন্তস্থিত ত্-কার কিংবা দ্-কারেব পর হ্ থাকে হইলে ত্-স্থানে দ্ এবং হ্ স্থানে ধ্ হয়।

ত্+হ=দ্ধ

মহৎ+হিমম্=মহদ্ধিমম্ [মহৎ>মহদ্+ধিমম্<হিমম=মহদ্ধিমম্]

ধাবৎ+হয়ঃ=ধাবদ্ধয়ঃ [ধাবৎ ধাবদ্+ধয়ঃ<হয়ঃ=ধাবদ্ধয়ঃ]

দ্+হ=দ্ধ

তদ্+হিতম্=তদ্ধিতম্ [তদ্+ধিতম্<হিমম্]

১ এস্থলে চারিটি পদ সিদ্ধ হয়। মহান্+শব্দঃ=মহাঞ্ছব্দঃ, মহাঞ্ছব্দঃ, মহাঞ্শব্দঃ, মহাঞ্শব্দঃ।

উদ্+হারঃ=উদ্ধারঃ [উদ্+ধারঃ<হারঃ]

বিপদ্+হেতুঃ=বিপদ্ধেতুঃ [বিপদ্+ধেতুঃ<হেতুঃ]

৩৯. যদি চ-বর্গের পর দন্ত্য ন্ থাকে তাহা হইলে ন্-স্থানে ঞ্ হয়।

যাচ্+না=যাচ্ঞা রাজ্+না=রাজ্ঞা

যজ্+ন=যজ্ঞ রাজ্+নী=রাজ্ঞী

৪০. যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, তাহা হইলে ত্-স্থানে ও দ্-স্থানে ট্ হয়।

ত্+ট=ট্ট

সৎ+টীকা=সট্টীকা মহৎ+টঙ্কনম্=মহট্টঙ্কনম্

দ্+ট=ট্ট

তদ্+টীকা=তট্টীকা এতদ্+টঙ্কারঃ=এতট্টঙ্কারঃ

৪১. ত্+ঠ=ট্ঠ

মহৎ+ঠক্কুরঃ=মহট্ঠক্কুরঃ সৎ+ঠকারঃ=সট্ঠকারঃ

দ্+ট=ট্ঠ

এতদ্+ঠক্কুরঃ=এতট্ঠক্কুরঃ

৪২. যদি ড্ কিংবা ঢ্ পরে থাকে, তাহা হইলে ত্-স্থানে ও দ্-স্থানে ড্ হয়।[২]

ৎ+ড=ড্ড

ভবৎ+ডঙ্কা=ভবড্ডঙ্কা [ত্>ড্]

মহৎ+ডমরুঃ=মহড্ডমরুঃ [ত্>ড্]

দ্+ড=ড্ড

উদ্+ডয়নম=উড্ডয়নম তদ্+ডঙ্কা=তড্ডঙ্কা

২ ষ্টুনা ষ্টুঃ—স-কার ও ত-বর্গ স্থানে ষ-কার ও ট বর্ণ স্থানে যথাক্রমে ষ-কার ও ট বর্ণ হয়।

ৎ+ঢ=ড্ঢ

মহৎ+ঢালম্=মহড্ঢালম্ সৎ+ঢৌকতে=সড্ঢৌকতে

দ্+ঢ=ড্ঢ

তদ্+ঢুণ্ঢনম্=তড্ঢুণ্ঢনম্ এতদ্+ঢক্কা=এতড্ঢক্কা

৪৩. যদি ল্ পরে থাকে তাহা হইলে ত্, দ্ ও ন্ স্থলে ল্ হয়।[৩]

ত্+ল=ল্ল

সৎ+লোকঃ=সল্লোকঃ বিদ্যুৎ+লেখা=বিদ্যুল্লেখা

দ্+ল=ল্ল

উদ্+লেখঃ=উল্লেখঃ তদ্+লীলা=তল্লীলা

ন্+ল=ঁল্ল

[ন্ স্থানে জাত ল-কারের পূর্বস্বরের অনুনাসিক উচ্চারণ হয়। ঐ অনুনাসিক উচ্চারণসূচক চন্দ্রবিন্দু পূর্বস্বরে যোজিত হয়।[৪]]

ভবান্+লভতে=ভবাঁল্লভতে মহান্+লাভঃ=মহাঁল্লাভঃ

'তস্মিঁল্লোকাঃ (তস্মিন্+লোকাঃ) শ্রিতাঃ সর্বে'

'শ্রদ্ধাবাঁল্লভতে (শ্রদ্ধাবান্+লভতে) জ্ঞানম্'

৪৪. যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্-স্থানে অনুস্বার হয় এবং চ্-স্থানে ও ছ্-স্থানে শ্চ্ ও শ্ছ্ হয় অর্থাৎ চ্ ও ছ্-এর পূর্বে শ্ আসে।[৫]

গায়ন্+চলতি=গায়ংশ্চলতি [গায়ন্>গায়ং (শ্) চলতি =গায়ংশ্চলতি]

---

৩ তোর্লি (৮।৪।৪৫)

৪ ন-কারের স্থানে জাত ল-কারের পূর্বস্বরের আনুনাসিক উচ্চারণ হয়। সেই উচ্চারণের সূচক চন্দ্রবিন্দু পূর্বস্বরে যোজিত হয়।

৫ নশ্ছব্যপ্রশান্ (৮।৩।৭) পরে অম্ অর্থাৎ স্বরবর্ণ, বর্গের ৫ম বর্ণ, য, ব, ল, র, হ যুক্ত ছব্ অর্থাৎ চ, ছ, ট, ঠ, ত, থ পরে থাকিলে পদান্তস্থিত ন-কার স্থানে 'রু' (বিসর্গ) এবং তাহার পূর্বে অনুস্বার হয়।

পশ্যন্‌+চকিতঃ=পশ্যংশ্চকিতঃ [পশ্যন্‌>পশ্যং (শ্‌) চকিতঃ=
পশ্যংশ্চকিতঃ]

'কস্মিংশ্চিদ্‌ (কস্মিন্‌+চিৎ) বনোদ্দেশে সিংহদম্পতী প্রতিবসতঃ স্ম'

ধাবন্‌+ছাগঃ=ধাবংশ্ছাগঃ (ধাবন্‌>ধাবং (শ্‌) ছাগঃ)=ধাবংশ্ছাগঃ

মহান্‌+ছেদঃ=মহাংশ্ছেদঃ বদন্‌+ছলিতঃ=বদংশ্ছলিতঃ

৪৫. যদি ট্‌ কিংবা ঠ্‌ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্‌-স্থানে অনুস্বার হয় এবং ট্‌-স্থানে ষ্ট্‌ ও ঠ্‌-স্থানে ষ্ঠ্‌ হয়, অর্থাৎ ট্‌ ও ঠ্‌-এর পূর্বে ষ্‌ আসে।

ন্‌+ট=ংষ্ট

চলন্‌+টিট্টিভঃ=চলংষ্টিট্টিভঃ

ন্‌+ঠ=ংষ্ঠ

মহান্‌+ঠক্কুরঃ=মহাংষ্ঠক্কুরঃ

৪৬. যদি ত্‌ কিংবা থ্‌ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্‌-স্থানে অনুস্বার হয় এবং ত্‌ স্থানে স্ত্‌ ও থ্‌-স্থানে স্থ্‌ হয় অর্থাৎ ত্‌ ও থ্‌ এর পূর্বে স্‌ আসে।

ন্‌+ত=ংস্ত

পতন্‌+তরুঃ=পতংস্তরুঃ মহান্‌+তুরঙ্গঃ=মহাংস্তুরঙ্গঃ

নৃত্যন্‌+তৃপ্তঃ=নৃত্যংস্তৃপ্তঃ

ন্‌+থ=ংস্থ

ক্ষিপন্‌+থূৎকারঃ=ক্ষিপংস্থূৎকারঃ

৪৭. যদি ত্‌ পরে থাকে তাহা হইলে পদমধ্যস্থিত ম্‌-স্থানে ন্‌ হয়।

গম্‌+তব্যম্‌=গন্তব্যম্‌ শাম্‌+তিঃ=শান্তিঃ ক্ষাম্‌+তিঃ=ক্ষান্তিঃ

৪৮. যদি অন্তঃস্থ অথবা উষ্মবর্ণ পরে থাকে তাহা হইলে পদের অন্তস্থিত ম-স্থানে অনুস্বার হয়।

সত্বরম্ + যাতি = সত্বরং যাতি　　　ধনম্ + লভতে = ধনং লভতে

শয্যাম্ + শেতে = শয্যাং শেতে　　　মিষ্টম্ + হসতি = মিষ্টং হসতি

কিন্তু কিপ্ প্রত্যয়ান্ত রাজ্ ধাতু পরে থাকিলে সম্ শব্দের ম্-স্থানে অনুস্বার হয় না।

সম্ + রাট্ = সম্রাট্।

৪৯. যদি স্পর্শবর্ণ (ক্ হইতে ম্ পর্যন্ত বর্ণ) পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ম্-স্থানে অনুস্বার হয়। অথবা যে-বর্গ পরে থাকে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়।

কিম্ + করোতি = কিংকরোতি, কিঙ্করোতি

'কিঙ্ কৃতঃ (কিম্ + কৃতঃ) প্রতিষেধোঽয়ম্ ?'

নদীং + তরতি = নদীংতরতি, নদীন্তরতি

চন্দ্রম্ + পশ্য = চন্দ্রংপশ্য, চন্দ্রম্পশ্য

গুরুম্ + নমঃ = গুরুংনম, গুরুন্নমঃ

৫০. কৃ-ধাতু-নিষ্পন্ন শব্দ পরে থাকিলে 'সম্'-এর ম্-স্থানে অনুস্বার এবং স্-এর আগম হয়।

সম্ + কৃতম্ = সংস্কৃতম্ [সম্ > সং (স্) + কৃতম্ = সংস্কৃতম্]

সম্ + কারঃ = সংস্কারঃ [সম্ > সং (স্) কারঃ = সংস্কারঃ]

৫১. উদ্ উপসর্গের পরস্থিত স্থা ও স্তম্ভ্ ধাতুর স্ লোপ হয়।

উদ্ + স্থানম্ = উত্থানম্　　　উদ্ + স্থিতিঃ = উত্থিতিঃ

উদ্ + স্তম্ভঃ = উত্তম্ভঃ　　　উদ্ + স্তম্ভয়তি = উত্তম্ভয়তি

৫২. যদি ন্ কিংবা ম্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত বর্গীয় প্রথম বর্ণের স্থানে পঞ্চম অথবা তৃতীয় বর্ণ হয়।

দিক্ + নাগঃ = দিঙ্নাগঃ [ক্ > ঙ্ (৫ম)]

দিগ্নাগঃ [ক্ > গ্ (৩য়)]

অচ্ + ন = অঞ্ন [চ্ > ঞ্ (৫ম)]

অজ্ন [চ > জ (৩য়)]

মধুলিট্+নাস্তি=মধুলিণ্‌নাস্তি [ট্>ণ (৫ম)]
মধুলিড্‌নাস্তি [ট্>ড (৩য়)]
মহৎ+নাম =মহন্নাম [ত্>ন্ (৫ম)]
মহদ্‌নাম [ত্>দ্ (৩য়)]
অপ্+নদী =অম্নদী [প্>ম্ (৪ম)]
অব্‌নদী [প্>ব্ (৩য়)]
প্রাক্+মুখম্ =প্রাঙ্মুখম্ [ক্>ঙ্ (৫ম)]
প্রাগ্‌মুখম্ [ক্>ম (৩য়)]
অচ্+মধ্যম্ =অঞ্‌মধ্যম্ [চ্>ঞ্ (৫ম)]
অজ্‌মধ্যম্ [চ্>জ্ (৩য়)]
মধুলিট্+মত্তঃ =মধুলিণ্মত্তঃ [ট্>ণ্ (৫ম)]
মধুলিড্‌মত্তঃ [ট্>ড (৩য়)]
তৎ+মতম্ =তন্মতম্ [ত্>ম্ (৫ম)]
তদ্‌মতম্ [ত্>দ্ (৩য়)]

'ধ্যায়েন্নিত্যং (ধ্যায়েৎ+নিত্যম্) মহেশম্'

'সত্যান্ন (সত্যাৎ+ন) প্রমদিতব্যম্'

৫৩. যদি মাত্র কিংবা ময় প্রত্যয় পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত প্রথম বর্ণের স্থানে শুধু পঞ্চম বর্ণ হয় (৩য় বর্ণ হয় না)।

বাক্+মাত্রম্=বাঙ্মাত্রম্ বাক্+ময়ঃ=বাঙ্ময়ঃ

চিৎ+ময়ঃ=চিন্ময়ঃ অপ্+ময়ঃ=অম্ময়ঃ

মধুলিট্+মাত্রম্=মধুলিণ্মাত্রম্

ব্যঞ্জনে স্বরে সন্ধি

৫৪. যদি স্বরবর্ণ পরে থাকে তাহা হইলে পদের অন্তস্থিত ১ম বর্ণস্থলে ৩য় বর্ণ হয়।

ক্>গ্

দিক্+অন্তঃ=দিগন্তঃ বাক্+আড়ম্বরঃ=বাগাড়ম্বরঃ

বাক্ + ঈশ্বরী = বাগীশ্বরী   প্রাক্ + উক্তম্ = প্রাগুক্তম্
প্রাক্ + এব = প্রাগেব   সম্যক্ + ওদনম্ = সম্যগোদনম্
ত্বক্ + ইন্দ্রিয়ম্ = ত্বগিন্দ্রিয়ম্   ধিক্ + ঔদাস্যম্ = ধিগৌদাস্যম্

'ঈদৃগেব (ঈদৃক্ + এব) সংসারঃ'
'প্রাগেব (প্রাক্ + এব) যৌবনদশায়ামহমতিদুর্বৃত্ত আসম্'

চ্ > জ্

অচ্ + অন্তঃ = অজন্তঃ   ণিচ্ + অন্তঃ = ণিজন্তঃ

ট্ > ড্

মধুলিট্ + অয়ম্ = মধুলিডয়ম্   সম্রাট্ + আগতঃ = সম্রাডাগতঃ
পরিব্রাট্ + উবাচ = পরিব্রাডুবাচ

ত্ > দ্

জগৎ + অম্বা = জগদম্বা   মহৎ + একম্ = মহদেকম্
ত্বক্ + আচ্ছাদনম্ = ত্বগাচ্ছাদনম্   মহৎ + ঐশ্বর্যম্ = মহদৈশ্বর্যম্
সৎ + ইচ্ছা = সদিচ্ছা   মহৎ + ওজঃ = মহদোজঃ
মহৎ + ঈহা = মহদীহা   মহৎ + ঔদার্যম্ = মহদৌদার্যম্
ভবৎ + উক্তম্ = ভবদুক্তম্   মহৎ + ঋতম্ = মহদৃতম্
মহৎ + ঊহনম্ = মহদূহনম্

'ন কিঞ্চিদত্র (কিঞ্চিৎ + অত্র) শাশ্বতমস্তি' (বা)
'আশঙ্কসে যদগ্নিং (যৎ + অগ্নিম্) তদিদং (তৎ + ইদং) স্পর্শক্ষমং রত্নম্।'

প্ > ব

সুপ্ + অন্তম্ = সুবন্তম্   অপ্ + আততম্ = অবাততম্
অপ্ + ইন্ধনম্ = অবিন্ধনম্

৫৫. যদি স্বরবর্ণ পরে থাকে এবং ন্-কারের পূর্ববর্তী স্বর হ্রস্ব হয় তবে ঐ ন-কারের দ্বিত্ব হয়।

হসন্ + আগচ্ছতি = হসন্নাগচ্ছতি   পতন্ + উত্থিতঃ = পতন্নুত্থিতঃ
চিন্তয়ন্ + ইহ = চিন্তয়ন্নিহ   বদন্ + ঈহতে = বদন্নীহতে

'নমস্তে ভগবন্নস্তু (ভগবন্‌+অস্তু)'
'সর্বস্মিন্নপি (সর্বস্মিন্‌+অপি) পশ্যাত্মানম্‌'

৫৬. যদি ন্‌ দীর্ঘস্বরের পরে থাকে তাহা হইলে দ্বিত্ব হইবে না।

ভবান্‌+আগতঃ=ভবানাগতঃ কবীন্‌+আহ্বয়=কবীনাহ্বয়
সাধূন্‌+আমন্ত্রয়=সাধূনামন্ত্রয় দাতৄন্‌+আদ্রিয়স্ব=দাতৄনাদ্রিয়স্ব
'মহানয়ং (মহান্‌+অয়ং) ভুজঙ্গঃ'

স্বরে-ব্যঞ্জনে সন্ধি

৫৭. যদি ছ্‌ পরে থাকে তাহা হইলে হ্রস্বস্বরবর্ণের পর চ্‌ আগম হয় এবং চ্‌ ছ্‌ মিলিয়া চ্ছ হয়।

হ্রস্ব স্বর+ছ=চ্ছ

অব+ছেদঃ=অবচ্ছেদঃ পরি+ছদঃ=পরিচ্ছদঃ
স+ছিদ্রম্‌=সচ্ছিদ্রম্‌ তরু+ছায়া=তরুচ্ছায়া
পাদপ+ছায়ম্‌=পাদপচ্ছায়ম্‌ পিতৃ+ছায়া=পিতৃচ্ছায়া

'যস্যচ্ছায়া (যস্য+ছায়া) হ্যমৃতম্‌'
'ভবভয়খেদ- (খেদ+ছিদে) চ্ছিদে বন্দে'
'বলাহকচ্ছেদ- (বলাহক+ছেদ) বিভক্তরাগাম্‌'

৫৮. পদান্তস্থিত দীর্ঘস্বরের পর বিকল্পে চ্‌ আগম হয়।

লক্ষ্মী+ছায়া=লক্ষ্মীচ্ছায়া, লক্ষ্মীছায়া।
'আ' ও 'মা' শব্দের পর নিত্যই 'চ্‌' আগম হয়।
আ+ছাদনম্‌=আচ্ছাদনম্‌ মা+ছিদৎ=মাচ্ছিদৎ

অনুশীলনী

১. ব্যঞ্জনে ব্যঞ্জনে সন্ধি, ব্যঞ্জনে স্বরে সন্ধি, স্বরে ব্যঞ্জনে সন্ধি—প্রত্যেকটির উদাহরণ দাও।

২. সন্ধি বিচ্ছেদ কর :

সঙ্গীতম, বিচ্ছেদঃ, তদ্ধিতম্‌, উত্থাপনম্‌, সংস্কৃতম্‌, অজন্ম্‌, সংঘাতঃ,

উদ্ধৃতঃ, কৃদন্তম্, সচ্চিন্তা, কিংবা, পতংস্তরুঃ, ধাবংশ্ছাগঃ, মহাঁল্লাভঃ, মহানাগ্রহঃ, পতন্নুত্থিতঃ, তট্টীকা।

৩. সন্ধি কর:

অপ্+ইন্ধনম্, প্রিয়ম্+বদা, জগৎ+অম্বা, সম্+তানঃ, তদ্+ন, ভবান্+আগতঃ, গচ্ছন্+উপকরোতি, তান্+তান্, স্বয়ম্+ভূঃ, তান্+ললিতাম্, সন্+শম্ভুঃ, মহৎ+শঙ্কা, মৃদ্+মূর্তিঃ।

৪. সন্ধি করিলে কি হইবে লিখ:

উদ্+ আহবণম / স্থিতিঃ / তাপঃ / জীবনম্ / নতঃ / চকিতঃ / শৃঙ্খলঃ / লসিতঃ / তাক্তঃ

৫. সন্ধিবিযুক্ত পাঠ কি হইবে?

প্রাগেবচ্ছললব্ধরাজ্যান্নির্বাসয়ংস্তান্ সচিবানধুনা সুখেন স্থিতঃ।

বিসর্গসন্ধি

৫৯. 'বিসর্গ' (ঃ) কখনও 'র্' বা কখনও স্-এর প্রতিনিধিত্ব করে। 'স্'-এর স্থলে যে বিসর্গ তাহার নাম **স-জাত বিসর্গ**, আর র্-এর স্থলে যে 'স্' তাহার নাম **র-জাত বিসর্গ**।

মনঃ নভঃ যশঃ ইত্যাদি শব্দের বিসর্গ স-জাত।

প্রাতঃ, পুনঃ, আবিঃ ইত্যাদি শব্দের বিসর্গ র্-জাত।

বিসর্গসন্ধিতে 'ঃ' স্থলে এই 'স্' বা 'র্' পুনঃপ্রতিষ্ঠিত হয়, কখনও বা

লোপ হয়। স্-স্থলে বিশেষ বিশেষ ক্ষেত্রে 'শ্' বা 'ষ্' হয়। বিসর্গসন্ধির এই বিশেষ নিয়মগুলি আলোচিত হইতেছে।

বিসর্গ স্থলে স্>শ্ বা ষ্

৬০. যদি চ্ বা ছ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ স্থলে শ্ হয়।

শিরঃ+চালনা=শিরশ্চালনা জ্যোতিঃ+চক্রম্=জ্যোতিশ্চক্রম্
বায়ুঃ+চলতি=বায়ুশ্চলতি নিঃ+চিহ্নঃ=নিশ্চিহ্নঃ
শিরঃ+ছেদঃ=শিরশ্ছেদঃ রবেঃ+ছবিঃ=রবেশ্ছবিঃ
নিঃ+ছিদ্রম্=নিশ্ছিদ্রম্ তরোঃ+ছায়া=তরোশ্ছায়া
'জননী **জন্মভূমিশ্চ** (জন্মভূমিঃ+চ) স্বর্গাদপি গরীয়সী'

৬১. যদি ট্ বা ঠ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গস্থানে মূর্ধন্য ষ্ হয়।

ভীতঃ+টলতি=ভীতষ্টলতি চলিতঃ+টিট্টিভঃ=চলিতষ্টিট্টিভঃ
ধনুঃ+টঙ্কারঃ=ধনুষ্টঙ্কারঃ পূজ্যঃ+ঠক্কুরঃ=পূজ্যষ্ঠক্কুরঃ
'**পাদষ্টলতি** (পাদঃ+টলতি) হস্তিনঃ'

৬২. যদি ত্ কিংবা থ্ পরে থাকে বিসর্গ স্থলে দন্ত্য স্ হয়।

ভগ্নঃ+তরুঃ=ভগ্নস্তরুঃ লোহিতঃ+তুরঙ্গঃ=লোহিতস্তুরঙ্গঃ
সাগরঃ+তীর্ণঃ=সাগরস্তীর্ণঃ ক্ষিপ্তঃ+থুৎকারঃ=ক্ষিপ্তস্থুৎকারঃ
কস্ত্বম্ (কঃ+ত্বম্), কিমর্থমাগতঃ ?
'রাজদ্বারে শ্মশানে চ **যস্তিষ্ঠতি** (যঃ+তিষ্ঠতি) স বান্ধবঃ।'
'**গতিস্ত্বং** (গতিঃ+ত্বং) পরমেশ্বর'।

৬৩. ক্, খ্, প্, ফ্ পরে থাকিলে, নিঃ, আবিঃ, বহিঃ, দুঃ, প্রাদুঃ, চতুঃ এই সকল শব্দের বিসর্গ স্থানে মূর্ধন্য ষ্ হয়।

নিঃ+কলুষঃ=নিষ্কলুষঃ বহিঃ+কৃত=বহিষ্কৃতঃ
নিঃ+পত্রম্=নিষ্পত্রম দুঃ+কৃতিঃ=দুষ্কৃতিঃ
নিঃ+ফলম্=নিষ্ফলম্ দুঃ+করম্=দুষ্করম্
আবিঃ+কারঃ=আবিষ্কারঃ চতুঃ+কোণম্=চতুষ্কোণম্
প্রাদুঃ+কৃতম্=প্রাদুষ্কৃতম্ চতুঃ+পাঠী=চতুষ্পাঠী

৬৪. কৃ-ধাতু নিষ্পন্ন পদ পরে থাকিলে এবং গতি সমাস হইলে, নমঃ, পুরঃ, তিরঃ এই তিনের বিসর্গ স্থলে দন্ত্য স্ হয়।

নমঃ+কারঃ=নমস্কারঃ পুরঃ+কারঃ=পুরস্কারঃ
নমঃ+কৃত্য=নমস্কৃত্য পুরঃ+কৃত্য=পুরস্কৃত্য
তিরঃ+কারঃ=তিরস্কারঃ তিরঃ+কৃতঃ=তিরস্কৃতঃ

[সমাস না হইলেও নমস্করোতি ও তিরস্করোতি পদ সিদ্ধ]

৬৫. কর, কান্ত, কাম ইত্যাদি শব্দ পরে থাকিলে এবং সমাস হইলে অব্যয় ভিন্ন শব্দের অ-কারের পরস্থিত বিসর্গ স্থানে দন্ত্য স্ হয়।"

শ্রেয়ঃ+করঃ=শ্রেয়স্করঃ মনঃ+কামঃ=মনস্কামঃ
যশঃ+করঃ=যশস্করঃ অয়ঃ+কান্তঃ=অয়স্কান্তঃ

বিসর্গ স্থলে 'ও'

৬৬. যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং অ-কার পরে থাকে, তাহা হইলে পূর্ব 'অ' ও বিসর্গ উভয় স্থানে 'ও' হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়। (প্রকৃতপক্ষে ':' স্থলে উ হয়, পূর্বস্বর অ এবং উ মিলিয়া 'ও' হয়।) পরের অ-কার লোপ হয় এবং লুপ্ত 'অ'-কারের চিহ্ন থাকে।

বালকঃ+অয়ম্=বালকোঽয়ম্
(বালকউ+অয়ম=বালকো অয়ম্>বালকোঽয়ম্)
গ্রন্থঃ+অধীতঃ=গ্রন্থোঽধীতঃ সঃ+অহম্=সোঽহম্
কালঃ+অতীতঃ=কালোঽতীতঃ

'যঃ সূর্যঃ **সোঽহমেব**' (সঃ+অহম্), **'কুতোঽয়মগ্নিঃ'** (কুতঃ+অয়ম্ অগ্নিঃ)।

৬৭. যদি বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ কিংবা য্, র্, ল্, ব্, হ্ পরে থাকে, তাহা হইলে 'অ'-কার ও অ-কারের পরস্থিত সজাত বিসর্গ উভয় স্থানে ও হয়। ও পূর্ববর্ণে যুক্ত হয়। [প্রকৃতপক্ষে ':' স্থলে উ এবং পূর্ববর্তী 'অ'-এর মিলনে 'ও'।]

বালকঃ+গচ্ছতি=বালকো গচ্ছতি (বালক উ+গচ্ছতি=বালকোগচ্ছতি)

সদ্যঃ+জাতঃ=সদ্যোজাতঃ
বাদিতঃ+ডমরুঃ=বাদিতো ডমরুঃ
উজ্জ্বলঃ+দীপঃ=উজ্জ্বলো দীপঃ
গাঢ়ঃ+বন্ধঃ=গাঢ়ো বন্ধঃ
নূতনঃ+ঘটঃ=নূতনো ঘটঃ
মধুরঃ+ঝঙ্কারঃ=মধুরো ঝঙ্কারঃ
গজঃ+ঢৌকতে=গজো ঢৌকতে
সেব্যঃ+হরিঃ=সেব্যো হরিঃ
হৃষ্টঃ+ভবতি=হৃষ্টো ভবতি
দরিদ্রঃ+নরঃ=দরিদ্রো নরঃ
নভঃ+মণ্ডলম্=নভোমণ্ডলম্
বিশালঃ+যজ্ঞঃ=বিশালো যজ্ঞঃ
উপভোগ্যঃ+রঙ্গঃ=উপভোগ্যো রঙ্গঃ
যশঃ+লাভঃ=যশোলাভঃ
শীতঃ+বায়ুঃ=শীতো বায়ুঃ
নির্বাণঃ+দীপঃ=নির্বাণো দীপঃ

শং **নো বাতঃ** (নঃ+বাতঃ) পবতু
ভদ্রকাল্যৈ **নমো নমঃ** (নমঃ+নমঃ)
নেমা **বিদ্যুতো ভান্তি** (বিদ্যুতঃ+ভান্তি)

বিসর্গ লোপ

৬৮. যদি অ-কার ভিন্ন স্বরবর্ণ পরে থাকে, তাহা হইলে অ-কারের পরস্থিত স-জাত বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না।

নরঃ+আগত=নর আগত
নরঃ+ঈহতে=নর ঈহতে
ইতঃ+ঊর্ধ্বম্=ইত ঊর্ধ্বম্
কুতঃ+ঐক্যম্=কুত ঐক্যম্
নরঃ+এষ=নর এষ
চন্দ্রঃ+ইব=চন্দ্র ইব
সূর্যঃ+উদেতি=সূর্য উদেতি
দেবঃ+ঋষি=দেব ঋষি
স্থূলঃ+ওষ্ঠঃ=স্থূল ওষ্ঠঃ
রাজ্ঞঃ+ঔদার্যম্=রাজ্ঞ ঔদার্যম্

'**তম আসীত্তমসা**গূঢ়ম্' (তমঃ+আসীৎ=তম আসীৎ)
'**য ইহ** (যঃ+ইহ) নানেব পশ্যতি।

৬৯. যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ, কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে আ-কারের পরস্থিত বিসর্গের লোপ হয়, লোপের পর আর সন্ধি হয় না।

নরাঃ+অমী=নরা অমী
বালকাঃ+ইমে=বালকা ইমে
বালিকাঃ+আগতাঃ=বালিকা আগতাঃ
মাননীয়াঃ+ঋষয়ঃ=মাননীয়া ঋষয়ঃ

নরাঃ+ঘটাঃ=নরা ঘটাঃ
পুত্রাঃ+জাতাঃ=পুত্রা জাতাঃ
মধুরাঃ+ঝঙ্কারাঃ=মধুরা ঝঙ্কারাঃ
অশ্বাঃ+ধাবন্তি=অশ্বা ধাবন্তি
নরাঃ+ভীতাঃ=নরা ভীতাঃ
পুণ্যাঃ+যাগাঃ=পুণ্যা যাগাঃ
অশ্বাঃ+লোহিতাঃ=অশ্বা লোহিতাঃ
শ্বেতাঃ+হয়াঃ=শ্বেতা হয়াঃ

'অরাইব (অরাঃ+ইব **) রথনাভৌ'**

৭০. যদি অ-কার ভিন্ন স্বর অথবা কোনও ব্যঞ্জন পরে থাকে তাহা হইলে তদ্ ও এতদ্ শব্দের 'সঃ' 'এষঃ' এই দুই পদের বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না।

সঃ+আয়াতি=স আয়াতি
সঃ+ইচ্ছতি=স ইচ্ছতি
সঃ+ঈহতে=স ঈহতে
সঃ+উক্তঃ=স উক্তঃ
সঃ+করোতি=স করোতি
সঃ+গচ্ছতি=স গচ্ছতি
সঃ+চলতি=স চলতি
সঃ+হসতি=স হসতি
এষঃ+আয়াতি=এষ আয়াতি
এষঃ+ইচ্ছতি=এষ ইচ্ছতি
এষঃ+ঈক্ষিতঃ=এষ ঈক্ষিতঃ
এষঃ+করোতি=এষ করোতি
এষঃ বদতি=এষ বদতি
এষঃ+জীর্ণঃ=এষ জীর্ণঃ

'স ব্রহ্মা (সঃ+ব্রহ্মা **) স শিবঃ' (** সঃ+শিবঃ **)**
'স এব (সঃ+এব **) বিষ্ণুঃ স প্রাণঃ' (** সঃ+প্রাণঃ **)**
'এষ ধর্মঃ (এষঃ+ধর্মঃ **) সনাতনঃ'**

বিসর্গ স্থানে র্

৭১. যদি অ, আ ভিন্ন স্বরবর্ণের পর বিসর্গ থাকে আর যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্, র্, ল্, ব্, হ্ পরে থাকে তাহা হইলে স-জাত ও র-জাত উভয় বিসর্গ স্থানে র্ হয়।

মুনিঃ+অয়ম্=মুনিরয়ম্
ভানুঃ+উদেতি=ভানুরুদেতি
সুধীঃ+ঈহতে=সুধীরীহতে
বধূঃ+এষা=বধূরেষা
মাতৃঃ+অর্চয়=মাতৃরর্চয়
কবেঃ+উক্তিঃ=কবেরুক্তিঃ
তৈঃ+উক্তম=তৈরুক্তম
কবিঃ+গচ্ছতি=কবির্গচ্ছতি

গুরুঃ + জয়তি = গুরুর্জয়তি ভূঃ + ইয়ম্ = ভূরিয়ম্

'মধু **দ্যৌরস্তু** (দ্যৌঃ + অস্তু) নঃ পিতা'

'শং নো **বিষ্ণুরুরুক্রমাঃ'** (বিষ্ণুঃ + উরুক্রমাঃ)

'ন প্রভাতরলং **জ্যোতিরুদেতি** (জ্যোতিঃ + উদেতি) বসুধাতলাৎ।'

'দ্যৌঃ **শান্তিরন্তরীক্ষং** (শান্তিঃ + অন্তরীক্ষং) শান্তিঃ।'

৭২. যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তা হইলে অ-কারের পরস্থিত র্-জাত বিসর্গ স্থানে র্ হয়।

পুনঃ + অপি = পুনরপি প্রাতঃ + ভজামি = প্রাতর্ভজামি

পুনঃ + উক্তিঃ = পুনরুক্তিঃ স্বঃ + গতঃ = স্বর্গতঃ

অন্তঃ + দাহঃ = অন্তর্দাহঃ মাতঃ + নির্দিশতু = মাতর্নির্দিশতু

৭৩. যদি অ, আ ভিন্ন স্বরবর্ণের পর বিসর্গ থাকে, আর যদি বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে সজাত ও রজাত বিসর্গ স্থানে র্ হয়।

মধুরৈঃ + ঝঙ্কারৈঃ = মধুরৈর্ঝঙ্কারৈঃ দুঃ + নীতিঃ = দুর্নীতিঃ

গৌঃ + ঢৌকতে = গৌর্ঢৌকতে মুহুঃ + মুহুঃ = মুহুর্মুহুঃ

রবেঃ + দর্শনম্ = রবের্দর্শনম্ বহিঃ + যাত্রা = বহির্যাত্রা

নিঃ + দয়ঃ = নির্দয়ঃ বিধুঃ + লীনঃ = বিধুর্লীনঃ

নিঃ + ধনঃ = নির্ধনঃ বায়ুঃ + বাতি = বায়ুর্বাতি

'**হরের্নামৈব** (হরেঃ + নাম + এব) কেবলম্'

'ন তত্র **চক্ষুর্গচ্ছতি'** (চক্ষুঃ + গচ্ছতি)

'**আয়ুর্যাতি** (আয়ুঃ + যাতি) দিনে দিনে'

'**মৃত্যোর্মা** (মৃত্যোঃ + মা) অমৃতং গময়'

'**ভর্তুর্বহুমতা** (ভর্তুঃ + বহুমতা) ভব'

ঃ > র-লোপ ও পূর্ববর্তী স্বরের দীর্ঘত্ব

৭৪. র্ পরে থাকিলে বিসর্গস্থানে যে র্ হয় তাহার লোপ হয় এবং পূর্ব স্বর দীর্ঘ হয়।

প্রাতঃ+রম্যম্=প্রাতারম্যম্ (প্রাতর্ রম্যম্, 'র'-লোপ পূর্ববর্তী অ>আ)

ভ্রাতঃ+রক্ষ=ভ্রাতারক্ষ নিঃ+রন্ধ্রঃ=নীরন্ধ্রঃ

পুনঃ+রমতে=পুনারমতে চক্ষুঃ+রোগঃ=চক্ষূরোগঃ

নিঃ+রোগঃ=নীরোগঃ শম্ভুঃ+রাজতে=শম্ভূরাজতে

নিঃ+রবঃ=নীরবঃ বিধুঃ+রম্যঃ=বিধূরম্যঃ

'নীরুজস্য (নিঃ+রুজস্য) কিমৌষধৈঃ'

অনুশীলনী

১. র্-জাত ও স্-জাত বিসর্গ কি উদাহরণ দ্বারা বুঝাও।

২. সন্ধি কর :

জ্যোতিঃ+ইন্দ্রঃ, সঃ+গচ্ছতি, স্বঃ+রাজ্যম্, এষঃ+আয়াতি, নরঃ+অয়ম্, মেঘঃ+চলতি, মেঘঃ+গর্জতি, পুনঃ+আস্বাদনম্, পুনঃ+রমতে, হরিঃ+রক্ষতি, দ্বিঃ+উক্তিঃ, দুঃ+পাচ্যম্, চতুঃ+অঙ্গম্, নিঃ+মূলঃ।

৩. সন্ধি কি হইবে লিখ :

মনঃ+ বলম্ / তত্ত্বম্ / ময়ম্ / ছবিঃ / চিত্রম্ / কামনা / ভাবঃ

৪. সন্ধি বিযুক্ত করিয়া লিখ :

(ক) জ্ঞাতমেতদ্ভবদ্ভির্যন্মমৈতে পুত্রাঃ
শাস্ত্রবিমুখা বিবেকরহিতাশ্চ

(খ) তন্ত্রৈঃ পঞ্চভিরেতচ্চকার সুমনোহরং কাব্যম্

(গ) যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ
আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্যং ন বিদ্যতে।

(ঘ) যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।
ধার্মিকো ধর্মরাজো জীবিতাদ্ ব্যবরোপিতাস্তদা
সর্বদেয়ধর্মাঃ সমুচ্ছিন্নাঃ।

(ঙ) শ্লাঘ্যঃ স একো ভুবি মানবানাং
স উত্তমঃ সৎপুরুষঃ স ধন্যঃ।
যস্যার্থিনো বা শরণাগতা বা
নাশাবিভঙ্গা বিমুখাঃ প্রযান্তি ॥

(চ) শাস্ত্রাণ্যধীত্যাপি ভবন্তি মূর্খা
যস্তু ক্রিয়াবান্ পুরুষঃ স বিদ্বান্।
সুচিন্তিতঞ্চৌষধমাতুরাণাং
ন নামমাত্রেণ করোত্যরোগম্।

(ছ) চলত্যেকেন পাদেন তিষ্ঠত্যেকেন বুদ্ধিমান্
নাসমীক্ষ্য পরং স্থানং পূর্বমায়তনং ত্যজেৎ ॥

দ্বিতীয় পরিচ্ছেদ

সুবন্তপ্রকরণ

(DECLENSION)

৭৫. যাহা বস্তুবাচক বা বস্তুর বিশেষণবাচক তাহাকে প্রাতিপদিক (nominal stem) বলে। এই প্রাতিপদিকের সহিত সু (:) ঔ ইত্যাদি যে-সকল বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হইয়া পদ গঠিত হয় উহাদিগকে **বিভক্তি** (inflections) বলে। প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী এই সাতটি বিভক্তি। প্রতিটি বিভক্তির তিনটি করিয়া বচন : একবচন, দ্বিবচন ও বহুবচন। অতএব বিভক্তির মোট সংখ্যা একুশটি (৭×৩=২১)। এই একুশটি বিভক্তিকে 'সুপ্' বলে। আদি অক্ষর 'সু' এবং অন্ত্য অক্ষর প্ লইয়া এই 'সুপ্' শব্দটি গঠিত হইয়াছে। যাহা সুপ্‌যুক্ত তাহা 'সুবন্ত'। তাই শব্দরূপ প্রকরণকে সুবন্তপ্রকরণ বলা হইয়াছে।

সুপ্-বিভক্তির আকৃতি

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সু (:)	ঔ	জস্ (অঃ)
দ্বিতীয়া	অম্	ঔট্ (ঔ)	শস্ (অঃ)
তৃতীয়া	টা (আ)	ভ্যাম্	ভিস্ (ভিঃ)
চতুর্থী	ঙে (এ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
পঞ্চমী	ঙসি (অঃ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
ষষ্ঠী	ঙস্ (অঃ)	ওস্ (ওঃ)	আম্
সপ্তমী	ঙি (ই)	ওস্ (ওঃ)	সুপ্ (সু)

'নৌ' শব্দের সহিত যুক্ত সুপ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নৌ+:=নৌঃ	নৌ+ঔ=নাবৌ[১]	নৌ+অঃ=নাবঃ[১]
দ্বিতীয়া	নৌ+অম=নাবম[১]	নৌ+ঔ=নাবৌ[১]	নৌ+অঃ=নাবঃ[১]

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	নৌ+আ=নাবা[১]	নৌ+ভ্যাম্=নৌভ্যাম্	নৌ+ভিঃ=নৌভিঃ
চতুর্থী	নৌ+এ=নাবে[১]	নৌ+ভ্যাম্=নৌভ্যাম্	নৌ+ভ্যঃ=নৌভ্যঃ
পঞ্চমী	নৌ+অঃ=নাবঃ[১]	নৌ+ভ্যাম্=নৌভ্যাম্	নৌ+ভ্যঃ=নৌভ্যঃ
ষষ্ঠী	নৌ+অঃ=নাবঃ[১]	নৌ+ওঃ=নাবোঃ	নৌ+আম্=নাবাম্
সপ্তমী	নৌ+ই=নাবি[১]	নৌ+ওঃ=নাবোঃ[১]	নৌ+সু=নৌষু[২]

লক্ষ্য কর, এই উদাহরণ প্রাতিপদিকের সহিত সু, ঔ ইত্যাদি বিভক্তি যোগে যে-পদ ঈপ্সিত প্রতিটি ক্ষেত্রে তাহাই হইয়াছে। এইরূপ সর্বত্র হইলে সংস্কৃত শব্দরূপের ন্যায় সরল আর কিছুই হইত না। কিন্তু এই বিভক্তিগুলি যোগ হইলে বহু ক্ষেত্রেই প্রাতিপদিকের কোন কোন অংশের রূপান্তর ঘটে এবং কোন কোন বিভক্তিও রূপান্তরিত হয় অথবা লুপ্ত হয়। যেমন,

নর+আ (টা)=নরেণ, লতা+আ (টা)=লতয়া, সাধু+আ (টা) =সাধুনা, লতা+ঃ (সু)=লতা, বারি+অম্=বারি।

এইরূপ রূপবৈচিত্র্য লক্ষ্য করিয়া শব্দান্তিক স্বর ও ব্যঞ্জন ভেদে শব্দগুলিকে বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে।

স্বরান্ত পুংলিঙ্গ শব্দ

অ-কারান্ত—নর (Man)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নরঃ	নরৌ	নরাঃ
দ্বিতীয়া	নরম্	নরৌ	নরান্[৩]
তৃতীয়া	নরেণ[৪]	নরাভ্যাম্	নরৈঃ
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ

১. ১৯নং সন্ধি সূত্র-অনুসারে

২. ষত্ববিধি অনুসারে (প্রথম নিয়ম দেখ)

৩. ণত্ববিধির তৃতীয় নিয়ম দেখ।

৪. ণত্ববিধিব দ্বিতীয নিয়ম দেখ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্[৫]
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু[৬]
সম্বোধন	নর	নরৌ	নরাঃ

৭৬. বৃষ, অশ্ব, গজ, ধূপ, দীপ, সূর্য, বৃক্ষ, গন্ধ, হস্ত, কেশ, শিষ্য, পুত্র, ভৃত্য, নৃপ, সচিব, সাগর, পর্বত, স্বভাব, স্নেহ, হ্রদ ইত্যাদি প্রায় সমুদয় পুংলিঙ্গ অ-কারান্ত শব্দের রূপ নর শব্দের ন্যায়। সমুদয় পুংলিঙ্গ অ-কারান্ত বিশেষণ শব্দও নর শব্দের ন্যায়।

অনুবাদ

দুইজন মানুষ আসিয়াছে=দ্বৌ নরৌ আগতৌ। সাগর গভীর—সাগরঃ গভীরঃ। রাজার দুই সচিব গেলেন—নৃপস্য সচিবৌ গতৌ। স্বভাব দুরতিক্রম্য—স্বভাবঃ দুরতিক্রমঃ। সূর্যের কিরণ প্রখর—সূর্যস্য কিরণঃ প্রখরঃ। দুইটি নিষ্পত্র বৃক্ষ—নিষ্পত্রৌ বৃক্ষৌ। বৃক্ষ মানুষের পরম বন্ধু—বৃক্ষঃ নরাণাং পরমঃ বান্ধবঃ।

ই-কারান্ত—মুনি (Sage)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মুনিঃ	মুনী	মুনয়ঃ
দ্বিতীয়া	মুনিম্	মুনী	মুনীন্
তৃতীয়া	মুনিনা	মুনিভ্যাম্	মুনিভিঃ
চতুর্থী	মুনয়ে	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
পঞ্চমী	মুনেঃ	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
ষষ্ঠী	মুনেঃ	মুন্যোঃ	মুনীনাম্
সপ্তমী	মুনৌ	মুন্যোঃ	মুনিষু[৬]
সম্বোধন	মুনে	মুনী	মুনয়ঃ

৫. ণত্ববিধির দ্বিতীয় নিয়ম দেখ।
৬. ষত্ববিধির প্রথম নিয়ম দেখ।

৭৭. **পতি ও সখি ভিন্ন** অত্রি, অগ্নি, অসি, অহি, ঋষি, কবি, গিরি, পাণি, ধ্বনি, বিধি, সারথি, হরি ইত্যাদি সমুদয় পুংলিঙ্গ ই-কারান্ত শব্দের রূপ 'মুনি' শব্দের ন্যায়।

অনুবাদ

মুনিরা ধ্যানে মগ্ন—মুনয়ঃ ধ্যানমগ্নাঃ। মুনিদের শিষ্যগণ—মুনীনাং শিষ্যাঃ। মধুর ধ্বনি—মধুরঃ ধ্বনিঃ। হরিকে নমস্কার—হরয়ে নমঃ। সাপ ও নকুল শত্রু—অহয়ঃ নকুলাশ্চ অরয়ঃ। কবিরা কল্পনাপ্রিয়ঃ—কবয়ঃ কল্পনাপ্রিয়াঃ। পর্বতে তুষারপাত—অদ্রৌ তুষারপাতঃ।

পতি (Husband, master)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পতিঃ	পতী	পতয়ঃ
দ্বিতীয়া	পতিম্	পতী	পতীন্
তৃতীয়া	পত্যা	পতিভ্যাম্	পতিভিঃ
চতুর্থী	পত্যে	পতিভ্যাম্	পতিভ্যঃ
পঞ্চমী	পত্যুঃ	পতিভ্যাম্	পতিভ্যঃ
ষষ্ঠী	পত্যুঃ	পত্যোঃ	পতীনাম্
সপ্তমী	পত্যৌ	পত্যোঃ	পতিষু
সম্বোধন	পতে	পতী	পতয়ঃ

৭৮. পতি শব্দ সমাসের উত্তরপদ হইলে উহা মুনি শব্দেব ন্যায় হইবে। শ্রীপতি, ভূপতি. নৃপতি, মহীপতি ইত্যাদি শব্দ মুনি শব্দের ন্যায়।

অনুবাদ

নৃপতির আদেশ পালনীয়—নৃপতেঃ আদেশঃ পালনীয়ঃ। সে পতির সহিত যাইতেছে—সা পত্যা গচ্ছতি। সে পতির মঙ্গল কামনা করিতেছে—সা পত্যুঃ মঙ্গলং কাঙ্ক্ষতি।

সখি (Male friend, companion)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সখা	সখায়ৌ	সখায়ঃ
দ্বিতীয়া	সখায়ম্	সখায়ৌ	সখীন্
তৃতীয়া	সখ্যা	সখিভ্যাম্	সখিভিঃ
চতুর্থী	সখ্যে	সখিভ্যাম্	সখিভ্যঃ
পঞ্চমী	সখ্যুঃ	সখিভ্যাম্	সখিভ্যঃ
ষষ্ঠী	সখ্যুঃ	সখ্যোঃ	সখীনাম্
সপ্তমী	সখ্যৌ	সখ্যোঃ	সখিষু
সম্বোধনে	সখে	সখায়ৌ	সখায়ঃ

অনুবাদ

প্রিয় দুই বন্ধু—প্রিয়ৌ সখায়ৌ। সখার সহিত যাও—সখ্যা গচ্ছ। সে সখার দুঃখে দুঃখিত—স সখ্যুঃ দুঃখেন দুঃখিতঃ। সখা, আমি আসিয়াছি—সখে, অহম্ আগতঃ।

ঈ-কারান্ত—সুধী (Wise)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ
দ্বিতীয়া	সুধিয়ম্	সুধিয়ৌ	সুধিয়ঃ
তৃতীয়া	সুধিয়া	সুধীভ্যাম্	সুধীভিঃ
চতুর্থী	সুধিয়ে	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
পঞ্চমী	সুধিয়ঃ	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
ষষ্ঠী	সুধিয়ঃ	সুধিয়োঃ	সুধিয়াম্
সপ্তমী	সুধিয়ি	সুধিয়োঃ	সুধীষু
সম্বোধন	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ

সেনানী, অগ্রণী, গ্রামণী প্রভৃতি শব্দ ভিন্ন প্রধী, শুদ্ধধী, সুশ্রী ইত্যাদি প্রায় সমুদয় ঈ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ সুধী শব্দের ন্যায়।

প্রধী শব্দের ৭মীর একবচনে প্রধিয়ি না হইয়া 'প্রধ্যি' হইবে। বানান লক্ষ্য কর: 'য়'-এর পূর্বে 'ধি' য়-ছাড়া আর সর্বত্র ধী।

অনুবাদ

সুধীগণ সমবেত হইয়াছেন—সুধিয়ঃ সমবেতাঃ। সুধীগণের সম্মান করা উচিত—সুধিয়াং সম্মানঃ বিধেয়ঃ। সুধীজনের সহিত থাকা উচিত—সুধীভিঃ স্থাতব্যম্। হে সুধী, স্বাগত!—সুধীঃ স্বাগতম্।[৭]

সেনানী (Leader of an army)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সেনানীঃ	সেনান্যৌ	সেনান্যঃ
দ্বিতীয়া	সেনান্যম্	সেনান্যৌ	সেনান্যঃ
তৃতীয়া	সেনান্যা	সেনানীভ্যাম্	সেনানীভি
চতুর্থী	সেনান্যে	সেনানীভ্যাম্	সেনানীভ্য
পঞ্চমী	সেনান্যঃ	সেনানীভ্যাম্	সেনানীভ্য
ষষ্ঠী	সেনান্যঃ	সেনান্যোঃ	সেনান্যাম্
সপ্তমী	সেনান্যাম	সেনান্যোঃ	সেনানীষু
সম্বোধন	সেনানীঃ	সেনান্যৌ	সেনান্যঃ

অগ্রণী ও গ্রামণী প্রভৃতি শব্দ 'সেনানী' শব্দের ন্যায়।

অনুবাদ

রাজা সেনাপতির সহিত আসিতেছেন—রাজা সেনান্যা আগচ্ছতি। সেনাপতির বিজয় অভিনন্দনযোগ্য—সেনান্যঃ বিজয়ঃ অভিনন্দনীয়ঃ। দেশের কল্যাণকার্যে অগ্রণী হও—দেশস্য কল্যাণকার্যেষু অগ্রণীঃ ভব।

৭. বাংলায় আমন্ত্রণ পত্রে সম্বোধনে প্রায়ই 'সুধি' এইরূপ লিখিত হয়। হ্রস্ব ই হইবার কোন কারণ নাই।

উ-কারান্ত—সাধু (Good, pious man)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সাধুঃ	সাধূ	সাধবঃ
দ্বিতীয়া	সাধুম্	সাধূ	সাধূন্
তৃতীয়া	সাধুনা	সাধুভ্যাম্	সাধুভিঃ
চতুর্থী	সাধবে	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
পঞ্চমী	সাধোঃ	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
ষষ্ঠী	সাধোঃ	সাধ্বোঃ	সাধূনাম্
সপ্তমী	সাধৌ	সাধ্বোঃ	সাধুষু
সম্বোধন	সাধো	সাধূ	সাধবঃ

৭৯. শিশু, জন্তু, পশু, বন্ধু, রিপু, মৃত্যু, বাহু, অণু, ঋতু, তরু, ভানু, সেতু, হেতু ইত্যাদি প্রায় সমুদয় উকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ সাধু শব্দের ন্যায়।

অনুবাদ

সাধুরা মানুষের হিত চায়—সাধবঃ নরাণাং হিতম্ ইচ্ছন্তি। সাধুদের সঙ্গ পবিত্র—সাধূনাং সঙ্গঃ পবিত্রঃ। অনেক বন্ধু আসিয়াছেন—বহবঃ বন্ধবঃ আগতাঃ। দুই বাহু দ্বারা ধৃত প্রস্তরখণ্ডটি গুরুভার—বাহুভ্যাং ধৃতঃ প্রস্তর-খণ্ডঃ গুরুভারঃ। ঋতুসকল বিচিত্র—বিচিত্রাঃ ঋতবঃ। তরুর ন্যায় সহিষ্ণু হও—তরোরিব সহিষ্ণুঃ ভব।

ঊ-কারান্ত—প্রতিভূ (Surety, guarantee)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	প্রতিভূঃ	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
দ্বিতীয়া	প্রতিভুবম্	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
তৃতীয়া	প্রতিভুবা	প্রতিভূভ্যাম্	প্রতিভূভিঃ
চতুর্থী	প্রতিভুবে	প্রতিভূভ্যাম্	প্রতিভূভ্যঃ
পঞ্চমী	প্রতিভুবঃ	প্রতিভূভ্যাম্	প্রতিভূভ্যঃ
ষষ্ঠী	প্রতিভুবঃ	প্রতিভুবোঃ	প্রতিভুবাম্
সপ্তমী	প্রতিভুবি	প্রতিভুবোঃ	প্রতিভূষু
সম্বোধন	প্রতিভূঃ	প্রতিভুবৌ	প্রতিভুবঃ

৮০. ভূ-ধাতু হইতে জাত পুনর্ভূ প্রভৃতি শব্দ ভিন্ন প্রায় সমুদয় উকারান্ত ভূ-ধাতুজ পুংলিঙ্গ শব্দের রূপ 'প্রতিভূ' শব্দের ন্যায়।

অনুবাদ

তুমি প্রতিভূ, আমার ভয় কি?—ত্বং হি প্রতিভূঃ, অনাতঙ্কঃ অহম্। রাজারাই জনগণের প্রতিভূ—নৃপাঃ খলু জনানাং প্রতিভুবঃ।

ঋ-কারান্ত—দাতৃ (Giver)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দাতা	দাতারৌ	দাতারঃ
দ্বিতীয়া	দাতারম্	দাতারৌ	দাতৄন্
তৃতীয়া	দাত্রা	দাতৃভ্যাম্	দাতৃভিঃ
চতুর্থী	দাত্রে	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
পঞ্চমী	দাতুঃ	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
ষষ্ঠী	দাতুঃ	দাত্রোঃ	দাতৄণাম্
সপ্তমী	দাতরি	দাত্রোঃ	দাতৃষু
সম্বোধন	দাতঃ	দাতারৌ	দাতারঃ

৮১. ভ্রাতৃ, পিতৃ, জামাতৃ, দেবৃ ও সব্যেষ্টৃ (রথচালক) ভিন্ন কর্তৃ, জেতৃ, শ্রোতৃ, দ্রষ্টৃ, নপ্তৃ (নাতি) বপ্তৃ, সবিতৃ ইত্যাদি সমুদয় পুংলিঙ্গ ঋ-কারান্ত শব্দের রূপ দাতৃ শব্দের ন্যায়।

অনুবাদ

উদার দাতাকে নমস্কার করি—উদারায় দাত্রে নমঃ। ঈশ্বর যখন দাতা, দীনের তখন ভয় নাই—দীনানাং তু ভয়ং নাস্তি ঈশ্বরে দাতরি স্থিতে। সবিতা (সূর্য) তাম্রবর্ণ হইয়া উদিত হয়, তাম্র হইয়াই অস্ত যায়—উদেতি সবিতা তাম্রস্তাম্র এবাস্তমেতি চ। [তাম্রঃ এব অস্তম্ এতি চ]। বীজ বুনিতে পারে এইরূপ একজনকে দিন—বপ্তা কশ্চিদ্দীয়তাম।

ভ্রাতৃ (Brother)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভ্রাতা	ভ্রাতরৌ	ভ্রাতরঃ
দ্বিতীয়া	ভ্রাতরম্	ভ্রাতরৌ	ভ্রাতৄন্
তৃতীয়া	ভ্রাত্রা	ভ্রাতৃভ্যাম্	ভ্রাতৃভিঃ
চতুর্থী	ভ্রাত্রে	ভ্রাতৃভ্যাম্	ভ্রাতৃভ্যঃ
পঞ্চমী	ভ্রাতুঃ	ভ্রাতৃভ্যাম	ভ্রাতৃভ্যঃ
ষষ্ঠী	ভ্রাতুঃ	ভ্রাত্রোঃ	ভ্রাতৄণাম্
সপ্তমী	ভ্রাতরি	ভ্রাত্রোঃ	ভ্রাতৃষু
সম্বোধন	ভ্রাতঃ	ভ্রাতরৌ	ভ্রাতরঃ

৮২. জামাতৃ, দেবৃ, নৃ (মানুষ), পিতৃ ও সব্যেষ্টৃ (রথচালক) শব্দের রূপ ভ্রাতৃ শব্দের ন্যায়। কেবল নৃ শব্দের ষষ্ঠীর বহুবচনে দুইটি পদ হয় **নৃণাম্, নৄণাম্**।

[ভ্রাতৃ শব্দের 'ভ্রা' বাদ দিয়া ত্ এর স্থলে ন্ বসাইলেই নৃ শব্দের রূপ পাওয়া যাইবে]

অনুবাদ

প্রীতিবদ্ধ দুই ভাই—প্রীতিবদ্ধৌ ভ্রাতরৌ। ভাই, শান্ত হও—ভ্রাতঃ, শান্তো ভব। তুমি আমাদের পিতা—'পিতা নোঽসি'। পিতার আদেশবর্তী হও—পিতুরাদেশে ভব। পিতা প্রসন্ন হইলে সকল দেবতা প্রসন্ন হন—'পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্বদেবতাঃ।' পরোপদেশে পাণ্ডিত্য মানুষের পক্ষে প্রায়ই সহজসাধ্য—পরোপদেশপাণ্ডিত্যং প্রায়শঃ সুকরং নৄণাম্।

ঐকারান্ত—রৈ (Wealth)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	রাঃ	রায়ৌ	রায়ঃ
দ্বিতীয়া	রায়ম্	রায়ৌ	রায়ঃ
তৃতীয়া	রায়া	রাভ্যাম্	রাভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	রায়ে	রাভ্যাম্	রাভ্যঃ
পঞ্চমী	রায়ঃ	রাভ্যাম্	রাভ্যঃ
ষষ্ঠী	রায়ঃ	রায়োঃ	রায়াম্
সপ্তমী	রায়ি	রায়োঃ	রাসু
সম্বোধন	রাঃ	রায়ৌ	রায়ঃ

অনুবাদ

ধন অর্জন রক্ষা করা উচিত—রাঃ অর্জনীয়ঃ। ধন হইতে মঙ্গল হউক রায়ঃ মঙ্গলং ভবতু। ধনসমূহের রক্ষা বিধেয—রায়াম্ রক্ষণং বিধেয়ম্।

ও-কারান্ত—গো (Ox, bull)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	গাম	গাবৌ	গাঃ
তৃতীয়া	গবা	গোভ্যাম	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ
পঞ্চমী	গোঃ	গোভ্যাম	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম
সপ্তমী	গবি	গবোঃ	গোষু
সম্বোধন	গৌঃ	গাবৌ	গাবঃ

৮৩. সমুদয় পুংলিঙ্গ ও-কারান্ত শব্দের এই রূপ। গো-শব্দ ধেনু অর্থে স্ত্রীলিঙ্গ। কিন্তু রূপ একই প্রকার।

অনুবাদ

দুইটি বলদ শকটে যুক্ত—গাবৌ শকটে যুক্তৌ। গোরু হইতে দেশের অনেক মঙ্গল হয়—গোভ্যঃ দেশস্য বহুমঙ্গলম।

ঔ-কারান্ত—গ্লৌ (Moon)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গ্লৌঃ	গ্লাবৌ	গ্লাবঃ
দ্বিতীয়া	গ্লাবম্	গ্লাবৌ	গ্লাবঃ
তৃতীয়া	গ্লাবা	গ্লৌভ্যাম্	গ্লৌভিঃ
চতুর্থী	গ্লাবে	গ্লৌভ্যাম্	গ্লৌভ্যঃ
পঞ্চমী	গ্লাবঃ	গ্লৌভ্যাম্	গ্লৌভ্যঃ
ষষ্ঠী	গ্লাবঃ	গ্লাবোঃ	গ্লাবাম্
সপ্তমী	গ্লাবি	গ্লাবোঃ	গ্লৌষু
সম্বোধন	গ্লৌঃ	গ্লাবৌ	গ্লাবঃ

৮৪. সমুদয় ঔ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ গ্লৌ শব্দের ন্যায়।

অনুবাদ

আকাশে চন্দ্র দেখিতেছি—পশ্যামি গগনে গ্লাবম্।

চন্দ্রে মানুষের জয়পতাকা উড়িতেছে—গ্লাবি মানবানাং জয়ধ্বজঃ উড্ডীনঃ।

অনুশীলনী

(স্বরান্ত পুংলিঙ্গ শব্দ)

১. যথানির্দেশ শব্দরূপ লিখ :

নব, মুনি, পতি—৩য়া ও ষষ্ঠী।

সখি—২য়া, ৭মী ও সম্বোধন।

সুধী—৭মী ও সম্বোধন।

সাধু—২য়া ও ৪র্থী।

মাতৃ—২য়া।

গো—৭মী।

গ্লৌ—১মা ও ৫মী।

সেনানী—৭মী একবচন।

ন—১মা একবচন, ষষ্ঠী বহুবচন।

২. সংস্কৃতে অনুবাদ কর :

মানুষের দুটি হস্ত, ইতিহাসের কলঙ্ক, নৃপ ও অমাত্যগণ, দুইটি প্রদীপ, আর্য ও দুই শিষ্য, বৃক্ষসকল হইতে, সাগর ও হ্রদগুলিতে, পিতায় স্নেহ, মাতাকে বন্দনা করি, মুনিকে নমস্কার।

৩. বঙ্গানুবাদ কর :

কুঞ্জরস্য, গন্ধেন, শৃগালম্, সূর্যাৎ, মুনীনাম্, সাধবঃ, অহয়ঃ, গিরেঃ, হরিণা, বন্ধো, মুনে, গবাম্, দাতারৌ, গ্লাবি

৪. অশুদ্ধি সংশোধন কর :

কুঞ্জরেন, সখিম্, মুনিস্য, সাধুস্য, পতিনা, সুধীয়ৌ, ভ্রাতারৌ।

স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

আ-কারান্ত—লতা (Creeper)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	লতা	লতে	লতাঃ
দ্বিতীয়া	লতাম্	লতে	লতাঃ
তৃতীয়া	লতয়া	লতাভ্যাম্	লতাভিঃ
চতুর্থী	লতায়ৈ	লতাভ্যাম্	লতাভ্যঃ
পঞ্চমী	লতায়াঃ	লতাভ্যাম্	লতাভ্যঃ
ষষ্ঠী	লতায়াঃ	লতয়োঃ	লতানাম্
সপ্তমী	লতায়াম্	লতয়োঃ	লতাসু
সম্বোধন	লতে	লতে	লতাঃ

৮৫. অম্বা, (সম্বোধনে অম্ব) জরা প্রভৃতি কয়েকটি শব্দ ভিন্ন কৃপা, করুণা, ক্ষুধা, গ্রীবা, চেষ্টা, জনতা, জিহ্বা, দ্রাক্ষা, প্রজ্ঞা, লজ্জা, ধবা, বসুধা, বসুন্ধরা, শয্যা, সভা ইত্যাদি সমুদয় স্ত্রীলিঙ্গ আকারান্ত শব্দের রূপ লতা শব্দের ন্যায়। **বর্ষা, সমা** (বৎসর) ও **সিকতা** (বালি) শব্দ কেবল বহুবচনে ব্যবহৃত হয়।

অনুবাদ

লতাগুলি বৃক্ষ হইতে চ্যুত—পাদপাৎ বিচ্যুতা লতাঃ। লোকটি ক্ষুধায় কাতর—ক্ষুধয়া কাতরো নরঃ। চেষ্টার অসাধ্য নাই—অসাধ্যং নাস্তি চেষ্টায়াঃ। তুষারের ন্যায় ধবল শয্যা—তুষারধবলা শয্যা। বসুন্ধরা বীরভোগ্যা—বীরভোগ্যা বসুন্ধরা। শিশু শয্যায় শুইয়া আছে—শয্যায়াং শয়িতঃ শিশুঃ। বর্ষায় নদী পূর্ণ হয়—বর্ষাসু তটিনী পূর্ণা।

জরা (Old age)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	জরা	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ
দ্বিতয়া	জরসম্ জরাম্	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ
তৃতীয়া	জরসা, জরয়া	জরাভ্যাম্	জরাভিঃ
চতুর্থী	জরসে, জরায়ৈ	জরাভ্যাম্	জরাভ্যঃ
পঞ্চমী	জরসঃ, জরায়াঃ	জরাভ্যাম	জরাভ্যঃ
ষষ্ঠী	জরসঃ, জরায়াঃ	জরসোঃ, জরয়োঃ	জরসাম্, জরাণাম
সপ্তমী	জরসি, জরায়াম্	জরসোঃ, জরয়োঃ	জরাসু
সম্বোধন	জরে	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ

অনুবাদ

জরায় জীবন শুষ্ক—জরসা জীবনং শুষ্কম্। জ্ঞান দ্বারা জরা জয় কর—জ্ঞানেন জরসং জয়। হে জরা, তুমি মন্দগতি হও—জরে, মন্দগতির্ভব।

ই-কারান্ত—মতি (Intellect)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মতিঃ	মতী	মতয়ঃ
দ্বিতীয়া	মতিম্	মতী	মতীঃ
তৃতীয়া	মত্যা	মতিভ্যাম্	মতিভিঃ
চতুর্থী	মত্যৈ, মতয়ে	মতিভ্যাম্	মতিভ্যঃ
পঞ্চমী	মত্যাঃ, মতেঃ	মতিভ্যাম	মতিভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	মত্যাঃ, মতেঃ	মত্যোঃ	মতীনাম্
সপ্তমী	মত্যাম্, মতৌ	মত্যোঃ	মতিষু
সম্বোধন	মতে	মতী	মতয়ঃ

৮৬. অঙ্গুলি, উন্নতি, কীর্তি, গতি, নিয়তি, প্রকৃতি, বুদ্ধি, শান্তি ইত্যাদি যাবতীয় ই-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ মতি শব্দের ন্যায়।

অনুবাদ

সুন্দর বুদ্ধির জয় হোক—জয়তু শোভনা মতিঃ। বুদ্ধি যার বল তার—বুদ্ধির্যস্য বলং তস্য। নিয়তিকে কে রোধ করিতে পারে?—নিয়তিঃ কেন বাধ্যতে; স্বভাবতই দুগ্ধ মধুর—প্রকৃত্যা মধুরং পয়ঃ। হাতে পাঁচটি আঙ্গুল—হস্তে হ্যঙ্গুলয়ঃ পঞ্চ।

ঈ-কারান্ত—নদী (River)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নদী	নদ্যৌ	নদ্যঃ
দ্বিতীয়া	নদীম্	নদ্যৌ	নদীঃ
তৃতীয়া	নদ্যা	নদীভ্যাম্	নদীভিঃ
চতুর্থী	নদ্যৈ	নদীভ্যাম্	নদীভ্যঃ
পঞ্চমী	নদ্যাঃ	নদীভ্যাম্	নদীভ্যঃ
ষষ্ঠী	নদ্যাঃ	নদ্যোঃ	নদীনাম্
সপ্তমী	নদ্যাম্	নদ্যোঃ	নদীষু
সম্বোধন	নদি	নদ্যৌ	নদ্যঃ

৮৭. শ্রী, হ্রী (লজ্জা), ধী, ভী ও স্ত্রী ব্যতীত, অটবী, নগরী, পৃথিবী, পুরী, মহী, লেখনী, বাপী, রজনী, শ্রেণী ইত্যাদি প্রায় সমুদয় ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ নদী শব্দের ন্যায়। দাত্রী, শ্রোত্রী ইত্যাদি ঋ-কারান্ত পুংলিঙ্গ শব্দের স্ত্রীলিঙ্গ শব্দরূপও নদী শব্দের ন্যায়।

'লক্ষ্মী' শব্দের প্রথমার একবচনে **'লক্ষ্মীঃ'**, আর সব 'নদী'র ন্যায়। তন্ত্রী ও তরী শব্দ 'লক্ষ্মী' শব্দের ন্যায়।

অনুবাদ

নদী বেগে বহিতেছে—নদী বহতি বেগেন। বধূরা নদীতে স্নান করিতেছে—নদ্যাং স্নান্তি বধূজনাঃ। নদি! সর্বদা তোমাকে মনে পড়ে—নদি! সততং স্মরামি ত্বাম্। রজনী প্রভাত হইলে সে গেল—রজন্যাং প্রভাতায়াং স গতঃ। বাণিজ্যে লক্ষ্মীর বাস—বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ।

শ্রী (Beauty, prosperity)

প্রথমা	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্রীঃ	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
দ্বিতীয়া	শ্রিয়ম্	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
তৃতীয়া	শ্রিয়া	শ্রীভ্যাম্	শ্রীভিঃ
চতুর্থী	শ্রিয়ৈ, শ্রিয়ে	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ
পঞ্চমী	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ
ষষ্ঠী	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রিয়োঃ	শ্রিয়াম্, শ্রীণাম্
সপ্তমী	শ্রিয়াম্, শ্রিয়ি	শ্রিয়োঃ	শ্রীষু
সম্বোধন	শ্রীঃ	শ্রিয়ৌ	শ্রিয়ঃ

৮৮. হ্রী, ধী, ভী শব্দ শ্রী শব্দের ন্যায়।

অনুবাদ

শ্রীকে বন্দনা করি—শ্রিয়ং বন্দে। লজ্জার সহিত দান করিবে, ভয়ের সহিত দান করিবে—'হ্রিয়া দেয়ম্, ভিয়া দেয়ম্।'

স্ত্রী (Woman)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্ত্রী	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ
দ্বিতীয়া	স্ত্রিয়ম্, স্ত্রীম্	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ, স্ত্রীঃ
তৃতীয়া	স্ত্রিয়া	স্ত্রীভ্যাম্	স্ত্রীভিঃ
চতুর্থী	স্ত্রিয়ৈ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
পঞ্চমী	স্ত্রিয়াঃ	স্ত্রীভ্যাম	স্ত্রীভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	স্ত্রিয়াঃ	স্ত্রিয়োঃ	স্ত্রীণাম্
সপ্তমী	স্ত্রিয়াম্	স্ত্রিয়োঃ	স্ত্রীষু
সম্বোধন	স্ত্রি	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ

অনুবাদ

দুইজন স্ত্রীলোক নদীতে স্নান করিতেছে—স্ত্রিয়ৌ নদ্যাং স্নাতঃ। সে স্ত্রীর সহিত তীর্থে যাইতেছে—স স্ত্রিয়া তীর্থং গচ্ছতি। স্ত্রীলোকের কর্মোদ্যম আজ সর্বত্র শ্রদ্ধার সহিত স্বীকৃত—স্ত্রিয়াঃ কর্মোদ্যমঃ অধুনা সর্বত্র শ্রদ্ধয়া স্বীকৃতঃ।

উ-কারান্ত—ধেনু (Cow)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধেনুঃ	ধেনূ	ধেনবঃ
দ্বিতীয়া	ধেনুম্	ধেনূ	ধেনূঃ
তৃতীয়া	ধেন্বা	ধেনুভ্যাম্	ধেনুভিঃ
চতুর্থী	ধেন্বৈ, ধেনবে	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
পঞ্চমী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
ষষ্ঠী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেন্বোঃ	ধেনূনাম্
সপ্তমী	ধেন্বাম্, ধেনৌ	ধেন্বোঃ	ধেনুষু
সম্বোধন	ধেনো	ধেনূ	ধেনবঃ

৮৯. চঞ্চু, তনু, রেণু, স্নায়ু ইত্যাদি যাবতীয় উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ ধেনু শব্দের ন্যায়।

অনুবাদ

ধেনুরা বিচরণ করিতেছে—ধেনবশ্চরন্তি। সেই ধেনু দিয়া কি হইবে, যে প্রসবও করে না দুগ্ধও দেয় না—কিং তয়া ক্রিয়তে ধেন্বা যা ন সূতে ন দুগ্ধদা। কাক চঞ্চু দ্বারা কাষ্ঠখণ্ডটি ধরিয়াছে—কাকেন চঞ্চ্বা কাষ্ঠখণ্ডঃ ধৃতঃ।

উ-কারান্ত—বধূ (Wife)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বধূঃ	বধ্বৌ	বধ্বঃ
দ্বিতীয়া	বধূম্	বধ্বৌ	বধূঃ
তৃতীয়া	বধ্বা	বধূভ্যাম্	বধূভিঃ
চতুর্থী	বধ্বৈ	বধূভ্যাম্	বধূভ্যঃ
পঞ্চমী	বধ্বাঃ	বধূভ্যাম্	বধূভ্যঃ
ষষ্ঠী	বধ্বাঃ	বধ্বোঃ	বধূনাম্
সপ্তমী	বধ্বাম্	বধ্বোঃ	বধূষু
সম্বোধন	বধু	বধ্বৌ	বধ্বঃ

৯০. ভূ, ভ্রূ, সুভ্রূ প্রভৃতি ব্যতীত চমূ, শ্বশ্রূ, পুত্রবধূ, সরযূ ইত্যাদি সমুদয় উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ 'বধূ' শব্দের ন্যায়।

অনুবাদ

বধূরা শাঁখ বাজাইতেছে—বধ্বঃ শঙ্খং বাদয়ন্তি। বধূ গৃহসজ্জা করিতেছে—বধূঃ গৃহসজ্জাং করোতি। শাশুড়ি পুত্রবধূকে স্নেহ করেন—শ্বশ্রূঃ পুত্রবধ্বাং স্নিহ্যতি।

ভূ (Earth)

	একজন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভূঃ	ভুবৌ	ভুবঃ
দ্বিতীয়া	ভুবম্	ভুবৌ	ভুবঃ
তৃতীয়া	ভুবা	ভূভ্যাম্	ভূভিঃ
চতুর্থী	ভুবৈ, ভুবে	ভূভ্যাম্	ভূভ্যঃ
পঞ্চমী	ভুবাঃ, ভুবঃ	ভূভ্যাম্	ভূভ্যঃ
ষষ্ঠী	ভুবাঃ, ভুবঃ	ভুবোঃ	ভুবাম্, ভূনাম্
সপ্তমী	ভুবাম্, ভুবি	ভুবোঃ	ভূষু
সম্বোধন	ভূঃ	ভুবৌ	ভুবঃ

৯১. ভ্রূ, সুভ্রূ শব্দের রূপ 'ভূ' শব্দের ন্যায়।

সম্বোধনে **সুভ্রু** পদেরও প্রয়োগ আছে।

অনুবাদ

বিচিত্র ভুবন—বিচিত্রা ভূঃ। পৃথিবীতে সর্বত্র ঈশ্বরের করুণা—ভুবি সর্বত্র ঈশ্বরস্য করুণা।

ঋ-কারান্ত—দুহিতৃ (Daughter)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দুহিতা	দুহিতরৌ	দুহিতরঃ
দ্বিতীয়া	দুহিতরম্	দুহিতরৌ	দুহিতৄঃ
তৃতীয়া	দুহিত্রা	দুহিতৃভ্যাং	দুহিতৃভিঃ
চতুর্থী	দুহিত্রে	দুহিতৃভ্যাম্	দুহিতৃভ্যঃ
পঞ্চমী	দুহিতুঃ	দুহিতৃভ্যাম	দুহিতৃভ্যঃ
ষষ্ঠী	দুহিতুঃ	দুহিত্রোঃ	দুহিতৄণাম্
সপ্তমী	দুহিতরি	দুহিত্রোঃ	দুহিতৃষু
সম্বোধন	দুহিতঃ	দুহিতরৌ	দুহিতরঃ

৯২. মাতৃ, ননান্দৃ (ননদ), শব্দ 'দুহিতৃ' শব্দের ন্যায়।

স্বসৃ শব্দ দাতৃ শব্দের ন্যায়, কেবল দ্বিতীয়ার বহুবচনে স্বসৄঃ।

৯৩. ও-কারান্ত ও ঔ-কারান্ত স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ শব্দের মধ্যে রূপগত কোন প্রভেদ নাই।

অনুবাদ

দুই কন্যা পিত্রালয়ে আসিয়াছে—দুহিতরৌ পিত্রালয়মাগতে। মাতাকে বন্দনা করি—বন্দে মাতরম্।

স্বসৃ (Sister)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্বসা	স্বসারৌ	স্বসারঃ
দ্বিতীয়া	স্বসারম্	স্বসারৌ	স্বসৄঃ
তৃতীয়া	স্বস্রা	স্বসৃভ্যাম্	স্বসৃভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	স্বস্রে	স্বসৃভ্যাম্	স্বসৃভ্যঃ
পঞ্চমী	স্বসুঃ	স্বসৃভ্যাম্	স্বসৃভ্যঃ
ষষ্ঠী	স্বসুঃ	স্বস্রোঃ	স্বসৃণাম্
সপ্তমী	স্বসরি	স্বস্রোঃ	স্বসৃষু
সম্বোধন	স্বসঃ	স্বসারৌ	স্বসারঃ

অনুবাদ

ভগিনীগণকে এখানে আনা হইল—স্বসারঃ অত্র আনীতাঃ। ভ্রাতা ভগিনীগণকে ডাকিতেছে—ভ্রাতা স্বসৄঃ আহ্বয়তি।

নৌ (Boat)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নৌঃ	নাবৌ	নাবঃ
দ্বিতীয়া	নাবম্	নাবৌ	নাবঃ ইত্যাদি

বিভক্তি-যোগ প্রসঙ্গে ৩৩নং পৃষ্ঠায় 'নৌ' শব্দের পূর্ণরূপ প্রদর্শিত হইয়াছে।

অনুবাদ

বেগবতী নৌকা—বেগবতী নৌঃ। নৌকা দ্বারা নদী পার হও—নাবা নদীং তর। নৌকায় অনেক লোক—নাবি বহবো জনাঃ সন্তি।

অনুশীলনী

(স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ)

১. লতা, মতি, নদী, ধেনু ও বধূ শব্দের পূর্ণরূপ লিখ। হুবহু এই সকল শব্দের মত রূপ হইবে যথাক্রমে এইরূপ কয়েকটি আ-কারান্ত, ই-কারান্ত, ঈ-কারান্ত, উ-কারান্ত ও ঊ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের নাম কর।

২. যথানির্দেশ শব্দরূপ লিখ :

জয়া—৩য়া একবচন, শ্রী—১মা ১বচন, শ্রী—৩য়া ১বচন, ভূ—৭মী ১বচন, অম্বা—সম্বোধনে একবচন।

৩. বিকল্পরূপ দাও :

জবায়াম্‌, শ্রিয়ৈ, শ্রিয়াম্‌, স্ত্রীঃ, ভুবাম্‌ ।

৪. বঙ্গানুবাদ কর :

ধেন্বা, নদ্যাম্‌, ভুবি, নগরীম্‌, অঙ্গুলয়ঃ ।

৫. সংস্কৃতে অনুবাদ কর :

প্রকৃতির শ্রী, গভীর নদী হইতে, ধবল ধেনুগণকে, স্নায়ুতে, বিপুল পৃথিবীতে, অযোধ্যা নগরীতে, লক্ষ্মীর করুণা, বধূর লজ্জার জন্য, দুইটি লতা হইতে ।

৬. অশুদ্ধি সংশোধন কর :

নদিভ্যাম্‌, মতিসু, লতাযু, স্ত্রীনাম্‌, ভূবা ।

স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ

অ-কারান্ত—ফল (Fruit)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ফলম্‌	ফলে	ফলানি
দ্বিতীয়া	ফলম্‌	ফলে	ফলানি
তৃতীয়া	ফলেন	ফলাভ্যাম্‌	ফলৈঃ
চতুর্থী	ফলায়	ফলাভ্যাম্‌	ফলেভ্যঃ
পঞ্চমী	ফলাৎ	ফলাভ্যাম্‌	ফলেভ্যঃ
ষষ্ঠী	ফলস্য	ফলয়োঃ	ফলানাম্‌
সপ্তমী	ফলে	ফলয়োঃ	ফলেষু
সম্বোধন	ফল	ফলে	ফলানি

৯৪. অন্ন, কমল, কানন, কাব্য, গীত, ছত্র, জ্ঞান, পাত্র, প্রভাত, পুষ্প, মিত্র (বন্ধু), শস্য, সোপান, সৌন্দর্য, স্বাস্থ্য, হাস্য ইত্যাদি প্রায় সমুদয় অ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ 'ফল' শব্দের ন্যায় ।

অনুবাদ

দুইটি মিষ্ট ফল—মিষ্টে ফলে । ফল দিয়াই পরিচয় পাওয়া যায়—ফলেন পরিচীয়তে । কখনো ফলাকাঙ্ক্ষা করিও না—মা ফলেষু কদাচন । জ্ঞান

হইতে শ্রেয় কিছু নাই—জ্ঞানাৎ পরতরং নাস্তি। বিপদেই বন্ধু চিনিবে—জানীয়াদ্ ব্যসনে মিত্রম্।

ই-কারান্ত—বারি (Water)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বারি	বারিণী	বারীণি
দ্বিতীয়া	বারি	বারিণী	বারীণি
তৃতীয়া	বারিণা	বারিভ্যাম্	বারিভিঃ
চতুর্থী	বারিণে	বারিভ্যাম্	বারিভ্যঃ
পঞ্চমী	বারিণঃ	বারিভ্যাম্	বারিভ্যঃ
ষষ্ঠী	বারিণঃ	বারিণোঃ	বারীণাম্
সপ্তমী	বারিণি	বারিণোঃ	বারিষু
সম্বোধন	বারে, বারি	বারিণী	বারীণি

৯৫. অক্ষি, অস্থি, সক্থি (ঊরু), দধি ভিন্ন যাবতীয় ক্লীবলিঙ্গ ই-কারান্ত শব্দের রূপ 'বারি' শব্দের ন্যায়।

ক্লীবলিঙ্গ সুধি শব্দ 'বারি' শব্দের ন্যায়। তৃতীয়ার একবচন হইতে বিকল্পে পুংবৎ। সুধিয়া সুধিনা বা কলত্রেণ।

ইন্ ও ণিন্ প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপও 'বারি' শব্দের ন্যায়।

ই-কারান্ত ক্লীবলিঙ্গ বিশেষণের রূপ 'বারি' শব্দের ন্যায় তবে, ৩য়া, ৪র্থী, ৫মী, ৬ষ্ঠী ও সপ্তমীর একবচনে বিকল্পে পুংলিঙ্গ ই-কারান্ত শব্দের ন্যায় অর্থাৎ 'মুনি' শব্দের ন্যায়।

অনুবাদ

শীতল জল—শীতলং বারি। বস্ত্র জলে ভেজা—বস্ত্রং বারিণা সিক্তম্। হিতকারী বন্ধু—হিতকারি মিত্রম্।

অক্ষি (Eye)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অক্ষি	অক্ষিণী	অক্ষীণি
দ্বিতীয়া	অক্ষি	অক্ষিণী	অক্ষীণি

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	অক্ষ্ণা	অক্ষিভ্যাম্	অক্ষিভিঃ
চতুর্থী	অক্ষ্ণে	অক্ষিভ্যাম্	অক্ষিভ্যঃ
পঞ্চমী	অক্ষ্ণঃ	অক্ষিভ্যাম্	অক্ষিভ্যঃ
ষষ্ঠী	অক্ষ্ণঃ	অক্ষ্ণোঃ	অক্ষ্ণাম্
সপ্তমী	অক্ষ্ণি, অক্ষণি	অক্ষ্ণোঃ	অক্ষিষু
সম্বোধন	অক্ষে, অক্ষি	অক্ষিণী	অক্ষীণি

৯৬. অস্থি, সক্থি ও দধি শব্দ 'অক্ষি' শব্দের ন্যায়।

অনুবাদ

অক্ষিই মানুষের শ্রেষ্ঠ ধন—অক্ষি এব নরাণাং শ্রেষ্ঠং ধনম্। তার এক চোখ কাণা—সঃ অক্ষ্ণা কাণঃ। দধিতে মিষ্টতা আছে—দধ্নি মিষ্টত্বম্ অস্তি। সে দই দিয়া ভাত খাইতেছে—স দধ্না অন্নং খাদতি। তাহার উরু ভগ্ন—তস্য সক্থি ভগ্নম্।

উ-কারান্ত—মধু (Honey)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মধু	মধুনী	মধূনি
দ্বিতীয়া	মধু	মধুনী	মধূনি
তৃতীয়া	মধুনা	মধুভ্যাম্	মধুভিঃ
চতুর্থী	মধুনে	মধুভ্যাম্	মধুভ্যঃ
পঞ্চমী	মধুনঃ	মধুভ্যাম্	মধুভ্যঃ
ষষ্ঠী	মধুনঃ	মধুনোঃ	মধূনাম্
সপ্তমী	মধুনি	মধুনোঃ	মধুষু
সম্বোধন	মধো, মধু	মধুনী	মধূনি

৯৭. (ক) অম্বু, অশ্রু, জতু, জানু, তালু, দারু, বস্তু, শ্মশ্রু, ইত্যাদি প্রায় সমুদায় উ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ 'মধু' শব্দের ন্যায়।

অনুবাদ

মধু খাও—মধু পিব। মধুদ্বারা মিশ্রিত ঔষধ—মধুনা মিশ্রিতম্ ঔষধম্। জলে শৈত্য আছে—অম্বুনি শৈত্যমস্তি। বস্তুসকল নশ্বর—বস্তূনি নশ্বরাণি। কাষ্ঠদ্বারা নির্মিত পাত্র—দারুণা নির্মিতং পাত্রম্।

৯৭. (খ) উ-কারান্ত ক্লীবলিঙ্গ বিশেষণ শব্দের রূপ 'মধু' শব্দের মতই, তবে ৪র্থী, ৫মী, ৬ষ্ঠী ও ৭মী একবচন এবং ষষ্ঠী, সপ্তমীর দ্বিবচন এই ছয়টি বিভক্তিতে পুংলিঙ্গ উ-কারান্ত শব্দ অর্থাৎ 'সাধু' শব্দের ন্যায়। একটি উদাহরণ—

স্বাদু (Sweet)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্বাদু	স্বাদুনী	স্বাদূনি
দ্বিতীয়া	স্বাদু	স্বাদুনী	স্বাদূনি
তৃতীয়া	স্বাদুনা	স্বাদুভ্যাম্	স্বাদুভিঃ
চতুর্থী	স্বাদুনে, স্বাদবে	স্বাদুভ্যাম	স্বাদুভ্যঃ
পঞ্চমী	স্বাদুনঃ, স্বাদোঃ	স্বাদুভ্যাম্	স্বাদুভ্যঃ
ষষ্ঠী	স্বাদুনঃ, স্বাদোঃ	স্বাদুনোঃ, স্বাদ্বোঃ	স্বাদূনাম্
সপ্তমী	স্বাদুনি, স্বাদৌ	স্বাদুনোঃ, স্বাদ্বোঃ	স্বাদুষু
সম্বোধন	স্বাদো, স্বাদু	স্বাদুনী	স্বাদূনি

অনুবাদ

স্বাদু অন্ন—স্বাদু অন্নম। স্বাদু অন্নে সকলের রুচি—স্বাদুনি (স্বাদৌ বা) অন্নে সর্বেষাং রুচিঃ।

ঋ-কারান্ত শব্দ—ধাতৃ (Creating, sustaining)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধাতৃ	ধাতৃণী	ধাতৄণি
দ্বিতীয়া	ধাতৃ	ধাতৃণী	ধাতৄণি
তৃতীয়া	ধাতৃণা, ধাত্রা	ধাতৃভ্যাম্	ধাতৃভিঃ
চতুর্থী	ধাতৃণে, ধাত্রে	ধাতৃভ্যাম্	ধাতৃভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	ধাতৃণঃ, ধাতুঃ	ধাতৃভ্যাম্	ধাতৃভ্যঃ
ষষ্ঠী	ধাতৃণঃ, ধাতুঃ	ধাতৃণোঃ, ধাত্রোঃ	ধাতৄণাম্
সপ্তমী	ধাতৃণি, ধাতরি	ধাতৃণোঃ, ধাত্রোঃ	ধাতৃষু
সম্বোধন	ধাতঃ, ধাতৃ	ধাতৃণী	ধাতৄণি

৯৮. যাবতীয় ঋ-কারান্ত ক্লীবলিঙ্গ বিশেষণ শব্দ 'ধাতৃ' শব্দের ন্যায়। ৩য়া, ৪র্থী, ৫মী, ষষ্ঠী ও সপ্তমীর একবচন এবং ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচনের রূপগুলি যে পুংলিঙ্গ ঋ-কারান্ত শব্দের ন্যায় ইহা লক্ষণীয়।

অনুবাদ

জগৎ জীব ধারণ করেন—জগৎ জীবধাতৃ। ধাতৃরূপ জগৎকে নমস্কার—ধাতৃণে ধাত্রে বা জগতঃ নমঃ।

অনুশীলনী

(স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ)

১. ফল, বারি ও মধু শব্দের পূর্ণরূপ লিখ। এই সকল শব্দের ন্যায় রূপ হইবে যথাক্রমে এইরূপ কয়েকটি অ-কারান্ত, ই-কারান্ত ও উ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের নাম কর।

২. যথানির্দেশ শব্দরূপ লিখ :

অক্ষি, স্বাদু, ধাতৃ—তৃতীয়া ও সপ্তমী বিভক্তি।

৩. সংস্কৃতে অনুবাদ কর :

শীতল জল, মধুর ফলগুলির, নীল গগন হইতে, বৃক্ষ হইতে পতিত পত্র, অব্যর্থ ঔষধ, শ্বেত পুষ্প হইতে, জীবন চঞ্চল, দুই নয়ন দ্বারা, উজ্জ্বল নক্ষত্র দেখ (পশ্য)। মধুর গান শোনো (শৃণু), নিবিড় বনের হিংস্র ব্যাঘ্রসমূহ।

৪. অশুদ্ধি সংশোধন কর :

বারিং পিব। সুন্দরৌ পুস্তকৌ। দধিনা মিশ্রিতঃ অন্নঃ। সুগন্ধিঃ পুষ্পম্।

ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দ

ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দে কোন রূপগত পার্থক্য নাই তাই উভয়প্রকার শব্দের রূপ একই প্রকরণে প্রদত্ত হইল।

(চ-কারান্ত) জলমুচ্ (Cloud)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	জলমুক্ (গ্)	জলমুচৌ	জলমুচঃ
দ্বিতীয়া	জলমুচম্	জলমুচৌ	জলমুচঃ
তৃতীয়া	জলমুচা	জলমুগ্ভ্যাম্	জলমুগ্ভিঃ
চতুর্থী	জলমুচে	জলমুগ্ভ্যাম্	জলমুগ্ভ্যঃ
পঞ্চমী	জলমুচঃ	জলমুগ্ভ্যাম্	জলমুগ্ভ্যঃ
ষষ্ঠী	জলমুচঃ	জলমুচোঃ	জলমুচাম্
সপ্তমী	জলমুচি	জলমুচোঃ	জলমুক্ষু
সম্বোধন	জলমুক্ (গ্)	জলমুচৌ	জলমুচঃ

অনুবাদ

আকাশে কালো মেঘ—আকাশে কৃষ্ণাঃ জলমুচঃ মেঘ থাকিলে সূর্য-কিরণ ম্লান হয়—জলমুচি স্থিতে সূর্যস্য কিরণঃ ম্লানো ভবতি।

৯৯. প্রাচ্, প্রত্যচ্, তির্যচ্, উদচ্ প্রভৃতি কয়েকটি ভিন্ন পুংলিঙ্গ পয়োমুচ্, বারিমুচ্ ইত্যাদি এবং স্ত্রীলিঙ্গ ঋচ্, ত্বচ্, বাচ্ ইত্যাদি সমুদয় চ-কারান্ত শব্দের এই রূপ। প্রাচ্ প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গে ঈপ্ যোগে প্রাচী, প্রতীচী ইত্যাদি রূপ গ্রহণ করিয়া 'নদী' শব্দের ন্যায় হইয়া থাকে। অতএব কেবল পুংলিঙ্গে রূপ দর্শিত হইতেছে।

প্রাচ্ (East, eastern)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	প্রাঙ্	প্রাঞ্চৌ	প্রাঞ্চঃ
দ্বিতীয়া	প্রাঞ্চম্	প্রাঞ্চৌ	প্রাচঃ
তৃতীয়া	প্রাচা	প্রাগ্ভ্যাম্	প্রাগ্ভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	প্রাচে	প্রাগ্‌ভ্যাম্	প্রাগ্‌ভ্যঃ
পঞ্চমী	প্রাচঃ	প্রাগ্‌ভ্যাম্	প্রাগ্‌ভ্যঃ
ষষ্ঠী	প্রাচঃ	প্রাচোঃ	প্রাচাম্
সপ্তমী	প্রাচি	প্রাচোঃ	প্রাক্ষু
সম্বোধন্	প্রাঙ্	প্রাঞ্চৌ	প্রাঞ্চঃ

অনুবাদ

প্রাচ্য দেশ (castern country)—প্রাঙ্ দেশঃ। সে প্রাচ্য দেশে গিয়াছে—স প্রাঞ্চং দেশং গতঃ।

উদচ্ (Northern)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	উদঙ্	উদঞ্চৌ	উদঞ্চঃ
দ্বিতীয়া	উদঞ্চম্	উদঞ্চৌ	উদীচঃ
তৃতীয়া	উদীচা	উদগ্‌ভ্যাম্	উদগ্‌ভিঃ
চতুর্থী	উদীচে	উদগ্‌ভ্যাম্	উদগ্‌ভ্যঃ
পঞ্চমী	উদীচঃ	উদগ্‌ভ্যাম্	উদগ্‌ভ্যঃ
ষষ্ঠী	উদীচঃ	উদীচোঃ	উদীচাম্
সপ্তমী	উদীচি	উদীচোঃ	উদক্ষু
সম্বোধন	উদঙ্	উদঞ্চৌ	উদঞ্চঃ

অনুবাদ

উত্তরের দেশ (northern country)—উদঙ্ দেশঃ। উত্তর দিক্ দেখিতেছি—উদঞ্চং দিগ্‌বিভাগং পশ্যামি।

জ-কারান্ত শব্দ—বণিজ্ (Merchant)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বণিক্ (গ্)	বণিজৌ	বণিজঃ
দ্বিতীয়া	বণিজম	বণিজৌ	বণিজঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	বণিজা	বণিগ্‌ভ্যাম্	বণিগ্‌ভিঃ
চতুর্থী	বণিজে	বণিগ্‌ভ্যাম	বণিগ্‌ভ্যঃ
পঞ্চমী	বণিজঃ	বণিগ্‌ভ্যাম্	বণিগ্‌ভ্যঃ
ষষ্ঠী	বণিজঃ	বণিজোঃ	বণিজাম্
সপ্তমী	বণিজি	বণিজোঃ	বণিক্ষু
সম্বোধন	বণিক্ (গ্)	বণিজৌ	বণিজঃ

সম্রাজ্, পরিব্রাজ্ প্রভৃতি ভিন্ন ঋত্বিজ্ (পুরোহিত), বলিভুজ (কাক), ভিষজ্ (চিকিৎসক), ভূভুজ্ (রাজা), হুতভুজ্ (অগ্নি) ইত্যাদি এবং স্ত্রীলিঙ্গ রুজ্ (রোগ), স্রজ্ (মালা) প্রভৃতি সমুদয় জ্-কারান্ত শব্দের এই রূপ।

অনুবাদ

দুইজন বণিক্ বাণিজ্যের জন্য প্রস্থান করিল—বণিজৌ বাণিজ্যায় প্রস্থিতৌ। চিকিৎসকেরা এ বিষয়ে নিপুণ—ভিষজঃ অত্র নিপুণাঃ। মালাটি মালতী পুষ্পে গাঁথা—স্রক্ মালতীপুষ্পেণ গ্রথিতা।

সম্রাজ্ (Emperor)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সম্রাট্ (ড্)	সম্রাজৌ	সম্রাজঃ
দ্বিতীয়া	সম্রাজম্	সম্রাজৌ	সম্রাজঃ
তৃতীয়া	সম্রাজা	সম্রাড্‌ভ্যাম্	সম্রাড্‌ভিঃ
চতুর্থী	সম্রাজে	সম্রাড্‌ভ্যাম	সম্রাড্‌ভ্যঃ
পঞ্চমী	সম্রাজঃ	সম্রাড্‌ভ্যাম্	সম্রাড্‌ভ্যঃ
ষষ্ঠী	সম্রাজঃ	সম্রাজোঃ	সম্রাজাম্
সপ্তমী	সম্রাজি	সম্রাজোঃ	সম্রাট্‌সু
সম্বোধন	সম্রাট্ (ড্)	সম্রাজৌ	সম্রাজঃ

অনুবাদ

সম্রাটকে সব নিবেদন কর—সর্বং সম্রাজে নিবেদয়। সে সম্রাটের করুণায়

বাঁচিয়া গেল—সম্রাজঃ করুণয়া রক্ষিতঃ। সম্রাটগণের শান্তি নাই—সম্রাজাং শান্তিঃ নাস্তি।

ত-কারান্ত শব্দ—ভূভৃৎ (King, mountain) পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভূভৃৎ (দ্)	ভূভৃতৌ	ভূভৃতঃ
দ্বিতীয়া	ভূভৃতম্	ভূভৃতৌ	ভূভৃতঃ
তৃতীয়া	ভূভৃতা	ভূভৃদ্ভ্যাম্	ভূভৃদ্ভিঃ
চতুর্থী	ভূভৃতে	ভূভৃদ্ভ্যাম্	ভূভৃদ্ভ্যঃ
পঞ্চমী	ভূভৃতঃ	ভূভৃদ্ভ্যাম্	ভূভৃদ্ভ্যঃ
ষষ্ঠী	ভূভৃতঃ	ভূভৃতোঃ	ভূভৃতাম্
সপ্তমী	ভূভৃতি	ভূভৃতোঃ	ভূভৃৎসু
সম্বোধন	ভূভৃৎ (দ্)	ভূভৃতৌ	ভূভৃতঃ

১০০. অৎ (শতৃ), স্যৎ (স্যতৃ), মৎ (বতুপ্) বৎ (বতুপ্) তবৎ (ক্তবতু) প্রত্যয়ান্ত ও মহৎ ভিন্ন তনূনপাৎ (অগ্নি), দিনকৃৎ (সূর্য), পরভৃৎ (কাক), বৃহৎ, মরুৎ ইত্যাদি এবং স্ত্রীলিঙ্গ তড়িৎ, যোষিৎ (নারী), বিদ্যুৎ, সরিৎ (নদী) ইত্যাদি সমুদয় ত-কারান্ত শব্দের রূপ 'ভূভৃৎ' শব্দের ন্যায়।

অনুবাদ

প্রজারা উত্তম রাজাদের পুত্রের ন্যায়—প্রজাঃ উত্তমানাং ভূভৃতাং পুত্রবৎ। আগুনের শিখা কখনও নিচে যায় না—নাধঃ শিখা যাতি তনূনপাতঃ। নির্মল নদী বহিতেছে—নির্মলাঃ সরিতো বহন্তি। বিদ্যুতের দীপ্তি ক্ষণিক—ক্ষণিকা বিদ্যুতো দীপ্তিঃ।

শতৃ-প্রত্যয়ান্ত শব্দ—ধাবৎ (Running)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধাবন্	ধাবন্তৌ	ধাবন্তঃ
দ্বিতীয়া	ধাবন্তম্	ধাবন্তৌ	ধাবতঃ
তৃতীয়া	ধাবতা	ধাবদ্ভ্যাম্	ধাবদ্ভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	ধাবতে	ধাবদ্ভ্যাম্	ধাবদ্ভ্যঃ
পঞ্চমী	ধাবতঃ	ধাবদ্ভ্যাম্	ধাবদ্ভ্যঃ
ষষ্ঠী	ধাবতঃ	ধাবতোঃ	ধাবতাম্
সপ্তমী	ধাবতি	ধাবতোঃ	ধাবৎসু
সম্বোধন	ধাবন্	ধাবন্তৌ	ধাবন্তঃ

১০১. ইচ্ছৎ, কুর্বৎ, গচ্ছৎ, গৃহ্ণৎ, জানৎ, তিষ্ঠৎ, পশ্যৎ, পিবৎ ইত্যাদি শতৃ প্রত্যয়ান্ত শব্দ 'ধাবৎ' শব্দের ন্যায়।

জাগ্রৎ, দদৎ, দধৎ, বিভ্যৎ, শাসৎ ইত্যাদি অভ্যস্ত ধাতুর শতৃ প্রত্যয়যোগে নিষ্পন্ন শব্দগুলি 'ভূভৃৎ' শব্দের ন্যায়।

অনুবাদ

সে ধাবমান অশ্ব হইতে পড়িল—সঃ ধাবতঃ অশ্বাৎ পতিতঃ। শীতল জল পান করিতেছে এইরূপ বালকটিকে দেখিতেছে—শীতলং জলং পিবন্তং বালকং পশ্যামি।

মতুপ্ প্রত্যয়ান্ত শব্দ—শ্রীমৎ (Beautiful)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্রীমান্	শ্রীমন্তৌ	শ্রীমন্তঃ
দ্বিতীয়া	শ্রীমন্তম্	শ্রীমন্তৌ	শ্রীমতঃ
তৃতীয়া	শ্রীমতা	শ্রীমদ্ভ্যাম	শ্রীমদ্ভিঃ
চতুর্থী	শ্রীমতে	শ্রীমদ্ভ্যাম্	শ্রীমদ্ভ্যঃ
পঞ্চমী	শ্রীমতঃ	শ্রীমদ্ভ্যাম্	শ্রীমদ্ভ্যঃ
ষষ্ঠী	শ্রীমতঃ	শ্রীমতোঃ	শ্রীমতাম্
সপ্তমী	শ্রীমতি	শ্রীমতোঃ	শ্রীমৎসু
সম্বোধন	শ্রীমন	শ্রীমন্তৌ	শ্রীমন্তঃ

১০২. বুদ্ধিমৎ, ধীমৎ ইত্যাদি যাবতীয় মতুপ্ প্রত্যয়ান্ত শব্দের এই রূপ। তবৎ প্রত্যয়ান্ত জ্ঞানবৎ, প্রভাবৎ হিমবৎ ইত্যাদি ক্তবতু প্রত্যয়ান্ত শব্দের এই রূপ।

অনুবাদ

শ্রীমণ্ডিত স্বদেশকে দেখিয়া সবলোকই আনন্দিত হয়—শ্রীমন্তং স্বদেশং দৃষ্ট্বা নন্দন্তি সর্বমানবাঃ। যাহারা ধীমান্ তাহাদের অজ্ঞাত কিছু নাই—'ন খলু ধীমতাং কশ্চিদবিষয়ো নাম।' গঙ্গা হিমালয় হইতে প্রবাহিত—হিমবতঃ গঙ্গা প্রবহতি।

মহৎ (Great, large)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মহান্	মহান্তৌ	মহান্তঃ
দ্বিতীয়া	মহান্তম্	মহান্তৌ	মহতঃ
তৃতীয়া	মহতা	মহদ্ভ্যাম্	মহদ্ভিঃ
চতুর্থী	মহতে	মহদ্ভ্যাম্	মহদ্ভ্যঃ
পঞ্চমী	মহতঃ	মহদ্ভ্যাম্	মহদ্ভ্যঃ
ষষ্ঠী	মহতঃ	মহতোঃ	মহতাম্
সপ্তমী	মহতি	মহতোঃ	মহৎসু
সম্বোধন	মহন্	মহান্তৌ	মহান্তঃ

অনুবাদ

অনেক চেষ্টায় সে সফল হইয়াছে—মহতা যত্নেন স সফলঃ জাতঃ। যে মহান্ সে মহতের প্রতি শ্রদ্ধাবান্—মহান্ মহৎসু শ্রদ্ধাবান্।

দ্-কারান্ত শব্দ—সুহৃদ্ (Friend)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুহৃৎ	সুহৃদৌ	সুহৃদঃ
দ্বিতীয়া	সুহৃদম্	সুহৃদৌ	সুহৃদঃ
তৃতীয়া	সুহৃদা	সুহৃদ্ভ্যাম্	সুহৃদ্ভিঃ
চতুর্থী	সুহৃদে	সুহৃদ্ভ্যাম্	সুহৃদ্ভ্যঃ
পঞ্চমী	সুহৃদঃ	সুহৃদ্ভ্যাম্	সুহৃদ্ভ্যঃ
ষষ্ঠী	সুহৃদঃ	সুহৃদোঃ	সুহৃদাম্

	একবচন	দ্বিবচন	বহুবচন
সপ্তমী	সুহৃদি	সুহৃদোঃ	সুহৃৎসু
সম্বোধনে	সুহৃৎ	সুহৃদৌ	সুহৃদঃ

১০৩. পুংলিঙ্গ উদ্ভিদ্, সভাসদ্ ইত্যাদি শব্দ এবং স্ত্রীলিঙ্গ আপদ্, বিপদ্, উপনিষদ্, পরিষদ্, মৃদ, শরদ্, সম্পদ্ ইত্যাদি সমুদয় দ-কারান্ত শব্দের এই রূপ।

অনুবাদ

বন্ধুর সহিত বন্ধু যাইতেছে—সুহৃদা গচ্ছতি সুহৃৎ। উদ্ভিদেরা মানুষকে বাঁচায়—উদ্ভিদঃ নরান্ রক্ষন্তি। বিপদে ঈশ্বর সহায়—বিপদি ঈশ্বরঃ সহায়ঃ। শরতে আকাশ হয় নির্মল—শরদি নির্মলং নভঃ।

ইন্-ভাগান্ত শব্দ—গুণিন্ (Qualified)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গুণী	গুণিনৌ	গুণিনঃ
দ্বিতীয়া	গুণিনম্	গুণিনৌ	গুণিনঃ
তৃতীয়া	গুণিনা	গুণিভ্যাম্	গুণিভিঃ
চতুর্থী	গুণিনে	গুণিভ্যাম্	গুণিভ্যঃ
পঞ্চমী	গুণিনঃ	গুণিভ্যাম্	গুণিভ্যঃ
ষষ্ঠী	গুণিনঃ	গুণিনোঃ	গুণিনাম্
সপ্তমী	গুণিনি	গুণিনোঃ	গুণিষু
সম্বোধন	গুণিন্	গুণিনৌ	গুণিনঃ

১০৪. পথিন্, মথিন্ ইত্যাদি ভিন্ন পুংলিঙ্গ অর্থিন্, একাকিন্, তপস্বিন্, ধনিন্, পক্ষিন্, বলিন্, রোগিন্ ইত্যাদি সমুদয় ইন্ ভাগান্ত শব্দের এই রূপ।

অনুবাদ

গুণী গুণ বোঝে—গুণী গুণং বেত্তি। তিনি গুণিজনের মধ্য আদৃত—সঃ গুণিষু সমাদৃতঃ। পক্ষীরা বাসায় যাইতেছে—পক্ষিণঃ কুলায়ম্ গচ্ছন্তি। রোগীদের আরোগ্য কাম্য—রোগিণামারোগ্যং কাম্যম।

পথিন্ (Path, way)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পন্থাঃ	পন্থানৌ	পন্থানঃ
দ্বিতীয়া	পন্থানম্	পন্থানৌ	পথঃ
তৃতীয়া	পথা	পথিভ্যাম্	পথিভিঃ
চতুর্থী	পথে	পথিভ্যাম্	পথিভ্যঃ
পঞ্চমী	পথঃ	পথিভ্যাম্	পথিভ্যঃ
ষষ্ঠী	পথঃ	পথোঃ	পথাম্
সপ্তমী	পথি	পথোঃ	পথিষু
সম্বোধন	পন্থাঃ	পন্থানৌ	পন্থানঃ

মথিন্ (মন্থন দণ্ড) শব্দের এই রূপ।

অনুবাদ

উপায় কি ?—কঃ পন্থাঃ। এই পথে যাও—অনেন পথা গচ্ছ। দুই পথের মিলন যেখানে সেখানে অবস্থান কর—পথোঃ মিলনং যত্র তত্র তিষ্ঠ। পথে গাড়ি চলে—পথি শকটং চলতি।

অন্-ভাগান্ত শব্দ—লঘিমন্ (Lightness)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	লঘিমা	লঘিমানৌ	লঘিমানঃ
দ্বিতীয়া	লঘিমানম্	লঘিমানৌ	লঘিম্নঃ
তৃতীয়া	লঘিম্না	লঘিমভ্যাম্	লঘিমভিঃ
চতুর্থী	লঘিম্নে	লঘিমভ্যাম্	লঘিমভ্যঃ
পঞ্চমী	লঘিম্নঃ	লঘিমভ্যাম্	লঘিমভ্যঃ
ষষ্ঠী	লঘিম্নঃ	লঘিম্নোঃ	লঘিম্নাম্
সপ্তমী	লঘিম্নি	লঘিম্নোঃ	লঘিমসু
সম্বোধন	লঘিমন	লঘিমানৌ	লঘিমানঃ

১০৫. আত্মন্, যুবন্, শ্বন্ প্রভৃতি ভিন্ন, পুংলিঙ্গ গরিমন্, মূর্ধন্ ইত্যাদি এবং স্ত্রীলিঙ্গ সীমন্, পামন্ (itches) ইত্যাদি সমুদয় অন্-ভাগান্ত শব্দের এই রূপ।

অনুবাদ

যে মহান তাহার লঘুতা কোথায়, আর যে হীন তাহার গৌরব কোথায়? —মহতঃ **লঘিমা** কুত্র, হীনস্য **গরিমা** কুতঃ।

রাজন্ (King)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	রাজা	রাজানৌ	রাজানঃ
দ্বিতীয়া	রাজানম্	রাজানৌ	রাজ্ঞঃ
তৃতীয়া	রাজ্ঞা	রাজভ্যাম্	রাজভিঃ
চতুর্থী	রাজ্ঞে	রাজভ্যাম্	রাজভ্যঃ
পঞ্চমী	রাজ্ঞঃ	রাজভ্যাম্	রাজভ্যঃ
ষষ্ঠী	রাজ্ঞঃ	রাজ্ঞোঃ	রাজ্ঞাম্
সপ্তমী	রাজ্ঞি, রাজনি	রাজ্ঞোঃ	রাজসু
সম্বোধন	রাজন্	রাজানৌ	রাজানঃ

অনুবাদ

রাজাদের মধ্যে কে শোভা পায়?—রাজসু কো নু শোভতে? যে প্রজাদের হিত করে সে সেই শোভা পায়—স এব শোভতে যস্তু প্রজানাং হিতকারকঃ।

আত্মন্ (Soul)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	আত্মা	আত্মানৌ	আত্মানঃ
দ্বিতীয়া	আত্মানম্	আত্মানৌ	আত্মনঃ
তৃতীয়া	আত্মনা	আত্মভ্যাম্	আত্মভিঃ
চতুর্থী	আত্মনে	আত্মভ্যাম্	আত্মভ্যঃ
পঞ্চমী	আত্মনঃ	আত্মভ্যাম	আত্মভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	আত্মনঃ	আত্মনোঃ	আত্মনাম্
সপ্তমী	আত্মনি	আত্মনোঃ	আত্মসু
সম্বোধন	আত্মন্	আত্মানৌ	আত্মানঃ

১০৬. অশ্মন্ (পাথর), কৃষ্ণবর্ত্মন্, দ্বিজন্মন্, ব্রহ্মন্ ইত্যাদি যে-সকল অন্-ভাগান্ত শব্দের অ-কার ম্-সংযুক্ত অথবা ব্-সংযুক্ত বর্ণে মিলিত থাকে উহারা 'আত্মন্' শব্দের ন্যায়।

অনুবাদ

নিজেকে সর্বদা রক্ষা করিবে—আত্মানং সততং রক্ষেৎ। নিজের মধ্যে নিজেকে দেখ—আত্মনি আত্মানং পশ্য। ব্রহ্মা-কর্তৃক জগৎ সৃষ্টি হইয়াছে—ব্রহ্মণা জগৎ সৃষ্টম্। আগুনের শিখা জ্বলিতেছে—জ্বলতি কৃষ্ণবর্ত্মনঃ শিখা।

যুবন্ (Youth)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যুবা	যুবানৌ	যুবানঃ
দ্বিতীয়া	যুবানম্	যুবানৌ	যূনঃ
তৃতীয়া	যূনা	যুবভ্যাম্	যুবভিঃ
চতুর্থী	যূনে	যুবভ্যাম্	যুবভ্যঃ
পঞ্চমী	যূনঃ	যুবভ্যাম্	যুবভ্যঃ
ষষ্ঠী	যূনঃ	যূনোঃ	যূনাম্
সপ্তমী	যূনি	যূনোঃ	যুবসু
সম্বোধন	যুবন্	যুবানৌ	যুবানঃ

অনুবাদ

যুবকেরা কর্মী—কর্মিণো হি যুবানঃ। বৃদ্ধ যুবকের সহিত থাকে না—বৃদ্ধো যূনা ন তিষ্ঠতি। যুবকের মধ্যেই দেশের ভবিষ্যৎ—দেশস্য ভবিতব্যং যূনি।

মঘবন্ (Indra)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মঘবা	মঘবানৌ	মঘবানঃ
দ্বিতীয়া	মঘবানম	মঘবানৌ	মঘোনঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	মঘোনা	মঘবভ্যাম্	মঘবভিঃ
চতুর্থী	মঘোনে	মঘবভ্যাম্	মঘবভ্যঃ
পঞ্চমী	মঘোনঃ	মঘবভ্যাম্	মঘবভ্যঃ
ষষ্ঠী	মঘোনঃ	মঘোনোঃ	মঘোনাম্
সপ্তমী	মঘোনি	মঘোনোঃ	মঘবসু
সম্বোধন	মঘবন্	মঘবানৌ	মঘবানঃ

অনুবাদ

ইন্দ্রকে বন্দনা করি—মঘবানং বন্দে। বজ্র ইন্দ্রের অস্ত্র—ইন্দ্রস্য আয়ুধং বজ্রম্।

শ্বন্ (Dog)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্বা	শ্বানৌ	শ্বানঃ
দ্বিতীয়া	শ্বানম্	শ্বানৌ	শুনঃ
তৃতীয়া	শুনা	শ্বভ্যাম্	শ্বভিঃ
চতুর্থী	শুনে	শ্বভ্যাম্	শ্বভ্যঃ
পঞ্চমী	শুনঃ	শ্বভ্যাম্	শ্বভ্যঃ
ষষ্ঠী	শুনঃ	শুনোঃ	শুনাম্
সপ্তমী	শুনি	শুনোঃ	শ্বসু
সম্বোধন	শ্বন	শ্বানৌ	শ্বানঃ

অনুবাদ

কুকুরেরা ডাকিতেছে—শ্বানঃ শব্দায়ন্তে। কুকুরের সহিত বিড়ালের কলহ—শুনা সহ মার্জারস্য কলহঃ।

হন্-ভাগান্ত শব্দ—বৃত্রহন্ (Indra)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বৃত্রহা	বৃত্রহণৌ	বৃত্রহণঃ
দ্বিতীয়া	বৃত্রহণম	বৃত্রহণৌ	বৃত্রঘ্নঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	বৃত্রঘ্না	বৃত্রহভ্যাম্	বৃত্রহভিঃ
চতুর্থী	বৃত্রঘ্নে	বৃত্রহভ্যাম্	বৃত্রহভ্যঃ
পঞ্চমী	বৃত্রঘ্নঃ	বৃত্রহভ্যাম্	বৃত্রহভ্যঃ
ষষ্ঠী	বৃত্রঘ্নঃ	বৃত্রঘ্নোঃ	বৃত্রঘ্নাম্
সপ্তমী	বৃত্রঘ্নি, বৃত্রহণি	বৃত্রঘ্নোঃ	বৃত্রহসু
সম্বোধন	বৃত্রহন	বৃত্রহণৌ	বৃত্রহণঃ

১০৭. সমুদয় হন্-ভাগান্ত শব্দের এই রূপ।

অনুবাদ

ইন্দ্রকে নমস্কার—বৃত্রঘ্নে নমঃ। তুষ্যন্ত ইন্দ্রের সখা—তুষ্যন্তো বৃত্রঘ্নঃ সখা! হে ইন্দ্র! বৃষ্টি দাও—বৃত্রহন্! বর্ষণং দেহি।

প্-কারান্ত শব্দ

অপ্ (Water)—স্ত্রীলিঙ্গ (নিত্যবহু বচনান্ত)

	বহুবচন
প্রথমা	আপঃ
দ্বিতীয়া	অপঃ
তৃতীয়া	অদ্ভিঃ
চতুর্থী	অদ্ভ্যঃ
পঞ্চমী	অদ্ভ্যঃ
ষষ্ঠী	অপাম্
সপ্তমী	অপ্সু
সম্বোধন	আপঃ

অনুবাদ

শীতল জল—শীতলাঃ আপঃ। জলে কোন স্বাদ নাই—অপ্সু স্বাদুতা নাস্তি।

র্-কারান্ত শব্দ

গির্ (Speech)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গীঃ	গিরৌ	গিরঃ
দ্বিতীয়া	গিরম্	গিরৌ	গিরঃ
তৃতীয়া	গিরা	গীর্ভ্যাম্	গীর্ভিঃ
চতুর্থী	গিরে	গীর্ভ্যাম্	গীর্ভ্যঃ
পঞ্চমী	গিরঃ	গীর্ভ্যাম্	গীর্ভ্যঃ
ষষ্ঠী	গিরঃ	গিরোঃ	গিরাম্
সপ্তমী	গিরি	গিরোঃ	গীর্ষু
সম্বোধন	গীঃ	গিরৌ	গিরঃ

অনুবাদ

ইহা দেবভাষায় অনূদিত—ইদং সুরগিরা অনূদিতম্।

পুর্ (City)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পূঃ	পুরৌ	পুরঃ
দ্বিতীয়া	পুরম্	পুরৌ	পুরঃ
তৃতীয়া	পুরা	পূর্ভ্যাম্	পূর্ভিঃ
চতুর্থী	পুরে	পূর্ভ্যাম্	পূর্ভ্যঃ
পঞ্চমী	পুরঃ	পূর্ভ্যাম্	পূর্ভ্যঃ
ষষ্ঠী	পুরঃ	পুরোঃ	পুরাম্
সপ্তমী	পুরি	পুরোঃ	পূর্ষু
সম্বোধন	পূঃ	পুরৌ	পুরঃ

১০৮. ধুর্ (yoke) শব্দ 'পুর্' শব্দের ন্যায়।

অনুবাদ

বারাণসী প্রাচীন নগরী—পূঃ প্রাচীনা বারাণসী। লোকে পল্লী হইতে

নগরীতে আসিতেছে—জনাঃ পল্লীতঃ পুরমায়ান্তি। বলদ জাঙাল বহন করে —গৌঃ ধুরং বহতি।

ব্-কারান্ত শব্দ—দিব্ (Heaven)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দ্যৌঃ	দিবৌ	দিবঃ
দ্বিতীয়া	দিবম্, দ্যাম্	দিবৌ	দিবঃ
তৃতীয়া	দিবা	দ্যুভ্যাম্	দ্যুভিঃ
চতুর্থী	দিবে	দ্যুভ্যাম্	দ্যুভ্যঃ
পঞ্চমী	দিবঃ	দ্যুভ্যাম্	দ্যুভ্যঃ
ষষ্ঠী	দিবঃ	দিবোঃ	দিবাম্
সপ্তমী	দিবি	দিবোঃ	দ্যুষু
সম্বোধন	দ্যৌঃ	দিবৌ	দিবঃ

অনুবাদ

মাতৃস্নেহ স্বর্গের স্নেহ—মাতৃস্নেহো দিবঃ স্নেহঃ। মর্তেই স্বর্গঃ—মর্তে এব দ্যৌঃ।

শ্-কারান্ত শব্দ
দিশ্ (Direction)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দিক্	দিশৌ	দিশঃ
দ্বিতীয়া	দিশম্	দিশৌ	দিশঃ
তৃতীয়া	দিশা	দিগ্ভ্যাম্	দিগ্ভিঃ
চতুর্থী	দিশে	দিগ্ভ্যাম্	দিগ্ভ্যঃ
পঞ্চমী	দিশঃ	দিগ্ভ্যাম্	দিগ্ভ্যঃ
ষষ্ঠী	দিশঃ	দিশোঃ	দিশাম্
সপ্তমী	দিশি	দিশোঃ	দিক্ষু
সম্বোধন	দিক্	দিশৌ	দিশঃ

১০৯. পুংলিঙ্গ ঈদৃশ্, এতাদৃশ্, কীদৃশ্, তাদৃশ্ ইত্যাদি এবং স্ত্রীলিঙ্গ মৃগদৃশ্, সুদৃশ্ ইত্যাদি শব্দ 'দিশ্' শব্দের ন্যায়।

অনুবাদ

দিক সকল প্রসন্ন—দিশঃ প্রসন্নাঃ। পূর্ব দিক দেখিতেছি—পূর্বাং দিশং পশ্যামি। দিকে দিকে জয়রব—দিশি দিশি জয়রবঃ। এইরূপ মানুষ দুর্লভ—ঈদৃক্ নরঃ দুর্লভঃ।

স্-কারান্ত শব্দ—বেধস্ (Creator)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বেধাঃ	বেধসৌ	বেধসঃ
দ্বিতীয়া	বেধসম্	বেধসৌ	বেধসঃ
তৃতীয়া	বেধসা	বেধোভ্যাম্	বেধোভিঃ
চতুর্থী	বেধসে	বেধোভ্যাম্	বেধোভ্যঃ
পঞ্চমী	বেধসঃ	বেধোভ্যাম্	বেধোভ্যঃ
ষষ্ঠী	বেধসঃ	বেধসোঃ	বেধসাম্
সপ্তমী	বেধসি	বেধসোঃ	বেধঃসু
সম্বোধন	বেধঃ	বেধসৌ	বেধসঃ

১১০. (ক) বিদ্বস্, লঘীয়স্, আশিস্, পুংস্ প্রভৃতি শব্দ ভিন্ন পুংলিঙ্গ বিহায়স্, প্রচেতস্, চন্দ্রমস্ এবং পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ বিশেষণ দুর্মেধস্, মহাতেজস্ ইত্যাদি শব্দ এবং স্ত্রীলিঙ্গে অপ্, সরস্, সুমনস্ ইত্যাদি প্রায় সমুদয় স্-কারান্ত শব্দের এই রূপ।

(খ) সাধারণত বহুব্রীহি সমাস নিষ্পন্ন যাবতীয় পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ অস্-ভাগান্ত বিশেষণ শব্দের রূপ 'বেধস্' শব্দের ন্যায়।

অনুবাদ

স্রষ্টাকে নমস্কার—বেধসে নমঃ। স্রষ্টার সৃষ্টি বিচিত্র—বিচিত্রা বেধসঃ সৃষ্টিঃ। চন্দ্র দেখিতেছি—চন্দ্রমসম্ পশ্যামি। বালকটি অত্যন্ত নির্বোধ—বালকঃ পরমদুর্মেধাঃ। মহাতেজা রাম-কর্তৃক রাবণ নিহত হইয়াছিল—মহাতেজসা রামেণ রাবণো হতঃ।

বিদ্বস্ (Learned man)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বিদ্বান্	বিদ্বাংসৌ	বিদ্বাংসঃ
দ্বিতীয়া	বিদ্বাংসম্	বিদ্বাংসৌ	বিদুষঃ
তৃতীয়া	বিদুষা	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভিঃ
চতুর্থী	বিদুষে	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
পঞ্চমী	বিদুষঃ	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
ষষ্ঠী	বিদুষঃ	বিদুষোঃ	বিদুষাম্
সপ্তমী	বিদুষি	বিদুষোঃ	বিদ্বৎসু
সম্বোধন	বিদ্বন্	বিদ্বাংসৌ	বিদ্বাংসঃ

অনুবাদ

বিদ্বান বিদ্বানের সহিত থাকে—বিদ্বান বিদুষা তিষ্ঠতি। বিদ্বানের কথা মানিতে হয়—বিদুষঃ বচনং মান্যম্। সে বিদ্বজ্জনের আদৃত—স বিদুষামাদৃতঃ।

লঘীয়স্ (Lighter)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	লঘীয়ান্	লঘীয়াংসৌ	লঘীয়াংসঃ
দ্বিতীয়া	লঘীয়াংসম্	লঘীয়াংসৌ	লঘীয়সঃ
তৃতীয়া	লঘীয়সা	লঘীয়োভ্যাম	লঘীয়োভিঃ
চতুর্থী	লঘীয়সে	লঘীয়োভ্যাম্	লঘীয়োভ্যঃ
পঞ্চমী	লঘীয়সঃ	লঘীয়োভ্যাম	লঘীয়োভ্যঃ
ষষ্ঠী	লঘীয়সঃ	লঘীয়সোঃ	লঘীয়সাম্
সপ্তমী	লঘীয়সি	লঘীয়সোঃ	লঘীয়ঃসু
সম্বোধন	লঘীয়ন্	লঘীয়াংসৌ	লঘীয়াংসঃ

১১১. গরীয়স্, বরীয়স্, জ্যায়স্, বর্ষীয়স্, শ্রেয়স্ ইত্যাদি যাবতীয় ঈয়স্ প্রত্যয়ান্ত শব্দের এই রূপ।

স্ত্রীলিঙ্গ ঈয়স্ প্রত্যয়ান্ত শব্দে স্ থাকে না, ঈপ্ প্রত্যয় হইয়া 'নদী' শব্দের ন্যায় রূপ হয়।

অনুবাদ

তৃণ অপেক্ষাও তূলা লঘু—তৃণাদপি লঘীয়াংস্তূলঃ। বিদ্যালাভ ধনলাভ অপেক্ষা শ্রেয়—বিদ্যালাভো ধনলাভাৎ শ্রেয়ান্। হরি হইতে মাধব বয়সে বড় —হরের্মাধবো বর্ষীয়ান্।

অশিস্ (Blessing)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	আশীঃ	আশিষৌ	আশিষঃ
দ্বিতীয়া	আশিষম্	আশিষৌ	আশিষঃ
তৃতীয়া	আশিষা	আশীর্ভ্যাম্	আশীর্ভিঃ
চতুর্থী	আশিষে	আশীর্ভ্যাম্	আশীর্ভ্যঃ
পঞ্চমী	আশিষঃ	আশীর্ভ্যাম্	আশীর্ভ্যঃ
ষষ্ঠী	আশিষঃ	আশিষোঃ	আশিষাম্
সপ্তমী	আশিষি	আশিষোঃ	আশীঃষু
সম্বোধন	আশীঃ	আশিষৌ	আশিষঃ

অনুবাদ

বিধাতার আশিস্ প্রার্থনা করি—বিধাতারমাশিসং যাচে। আর কি আশিস্ দিব, বিদ্যাদ্বারা অলংকৃত হও—আশীরন্যা ন দাতব্যা, বিদ্যয়ালংকৃতো ভব।

পুম্স্ (Male being)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পুমান্	পুমাংসৌ	পুমাংসঃ
দ্বিতীয়া	পুমাংসম	পুমাংসৌ	পুংসঃ
তৃতীয়া	পুংসা	পুম্ভ্যাম্	পুম্ভিঃ
চতুর্থী	পুংসে	পুম্ভ্যাম্	পুম্ভ্যঃ
পঞ্চমী	পুংসঃ	পুম্ভ্যাম্	পুম্ভ্যঃ
ষষ্ঠী	পুংসঃ	পুংসোঃ	পুংসাম্

	একবচন	দ্বিবচন	বহুবচন
সপ্তমী	পুংসি	পুংসোঃ	
সম্বোধন	পুমন্	পুমাংসৌ	পুমাংসঃ

অনুবাদ

যে বিপদে কাঁপে না জগতে সেই পুরুষ—পুমান্ স এব লোকে যঃ বিপদি ন প্রকম্পতে। সাধুতা পুরুষের সদ্‌গুণ—সাধুতা সদ্‌গুণঃ পুংসাম্। হে পুরুষ, অগ্রসর হও—পুমন্! অগ্রসরো ভব।

হ্-কারান্ত শব্দ—মধুলিহ্ (Bee)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মধুলিট্	মধুলিহৌ	মধুলিহঃ
দ্বিতীয়া	মধুলিহম্	মধুলিহৌ	মধুলিহঃ
তৃতীয়া	মধুলিহা	মধুলিড্ভ্যাম্	মধুলিড্ভিঃ
চতুর্থী	মধুলিহে	মধুলিড্ভ্যাম্	মধুলিড্ভ্যঃ
পঞ্চমী	মধুলিহঃ	মধুলিড্ভ্যাম	মধুলিড্ভ্য
ষষ্ঠী	মধুলিহঃ	মধুলিহোঃ	মধুলিহাম
সপ্তমী	মধুলিহি	মধুলিহোঃ	মধুলিট্সু
সম্বোধন	মধুলিট	মধুলিহৌ	মধুলিহঃ

১১২. উপানহ্, অনডুহ্ প্রভৃতি কতগুলি শব্দভিন্ন সমুদয় পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হ-কারান্ত শব্দের রূপ 'মধুলিহ্' শব্দের ন্যায়।

অনুবাদ

মৌমাছি পুষ্পে পুষ্পে ভ্রমণ করে—মধুলিহঃ পুষ্পেষু ভ্রমন্তি।

উপানহ্ (Shoe)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	উপানৎ	উপানহৌ	উপানহঃ
দ্বিতীয়া	উপানহম্	উপানহৌ	উপানহঃ
তৃতীয়া	উপানহা	উপানদ্ভ্যাম্	উপানদ্ভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	উপানহে	উপানদ্ভ্যাম্	উপানদ্ভ্যঃ
পঞ্চমী	উপানহঃ	উপানদ্ভ্যাম্	উপানদ্ভ্যঃ
ষষ্ঠী	উপানহঃ	উপানহোঃ	উপানহাম্
সপ্তমী	উপানহি	উপানহোঃ	উপানৎসু
সম্বোধন	উপানৎ	উপানহৌ	উপানহঃ

অনুবাদ

জুতাজোড়া হারাইয়া গেল—নষ্টে উপানহৌ। পাদুকা দুইটিতে পা ঢাকা, তাই পৃথিবী চামড়ায় ঢাকা—উপানদ্ভ্যাং পদে গুঢ়ে, গুঢ়া ভূশ্চর্মণা ততঃ।

অনুশীলনী

(ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দ)

১. যথানির্দেশ শব্দরূপ লিখ :

জলমুচ্—১মা ও ৭মী, উদচ্—৩য়া ও ৫মী. বণিজ্—২য়া ও ৬ষ্ঠী, সম্রাজ্—১মা ও ৭মী, ভূভৃত্—৪র্থী ও ৭মী, (তৎপ্রত্যয়ান্ত) ধাবৎ—১মা ২য়া ও ৬ষ্ঠী, মহৎ—১মা ও ৭মী, সুহৃদ—৩য়া ও ৫মী. গুণিন্—২য়া ও ৬ষ্ঠী, পথিন্—১মা ও ৭মী. লঘিমন্—১মা ও ৭মী, রাজন্—৪র্থী ও ৭মী, যুবন্—২য়া ও ৭মী, শ্বন্—৩য়া ও ৭মী. অপ্—সম্পূর্ণ, গির্—৩য়া ও ৬ষ্ঠী, দিব্—১মা ও ৭মী, দিশ্—৩য়া ও ৭মী, বেধস্—১মা ও সম্বোধন, বিদ্বস্—৬ষ্ঠী ও ৭মী, জগিবস্—১মা, ৫মী ও ৭মী, লঘীয়স্—১মা ও ৭মী, অশিস্—২য়া ও ৭মী, পুমস্—১মা ও ৭মী, উপানহ্—১মা ও ৭মী, অনডুহ্—১মা ও ৬ষ্ঠী।

২. অশুদ্ধি সংশোধন কর :

বণিকস্য পুত্রঃ, সম্রাটস্য আদেশঃ, দিকে দিকে তস্য খ্যাতিঃ, বীরাঃ পুংসঃ, সাবিত্রী সত্যবানস্য পত্নী আসীৎ।

৩. সংস্কৃতে অনুবাদ কর :

এক বণিকের পুত্র বিদেশে গিয়াছিল। সম্রাটের আদেশ পালনীয়।

মহান মহানের সম্মান দেয়। যুবকেরা দেশের সম্পদ। দিকে দিকে তাহার খ্যাতি বিস্তৃত। বিদ্বানের সমাদর সর্বত্র। ঈশ্বরের আশিস্ প্রার্থনীয়। শীতল জল (অপ্ শব্দ ব্যবহার কর)। পণ্ডিত সভাসদগণ উপস্থিত। গুণীরা গুণীদের প্রিয়। রোগীকে ঔষধ দাও (দেহি)।

ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ

চ্-কারান্ত শব্দ—প্রাচ্ (East, eastern)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	প্রাক্	প্রাচী	প্রাঞ্চি
দ্বিতীয়া	প্রাক্	প্রাচী	প্রাঞ্চি
তৃতীয়া	প্রাচা	প্রাগ্ভ্যাম্	প্রাগ্ভিঃ
চতুর্থী	প্রাচে	প্রাগ্ভ্যাম্	প্রাগ্ভ্যঃ
পঞ্চমী	প্রাচঃ	প্রাগ্ভ্যাম্	প্রাগ্ভ্যঃ
ষষ্ঠী	প্রাচঃ	প্রাচোঃ	প্রাচাম্
সপ্তমী	প্রাচি	প্রাচোঃ	প্রাক্ষু
সম্বোধন	প্রাক্	প্রাচী	প্রাঞ্চি

১১৩. প্রত্যচ্, তির্যচ্ ও উদচ্ ভিন্ন সমুদয় চ্-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ 'প্রাচ্' শব্দের ন্যায়।

অনুবাদ

গ্রামের পূর্বদিকে নদী=প্রাচি গ্রামস্য নদী। পূর্বগগন হইতে আলোক আসিতেছে=প্রাচঃ গগনাৎ আলোক আয়াতি।

প্রত্যচ্ (West, western)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	প্রত্যক্	প্রতীচী	প্রত্যঞ্চি
দ্বিতীয়া	প্রত্যক্	প্রতীচী	প্রত্যঞ্চি
তৃতীয়া	প্রতীচা	প্রত্যগ্ভ্যাম্	প্রত্যগ্ভিঃ
চতুর্থী	প্রতীচে	প্রত্যগ্ভ্যাম্	প্রত্যগ্ভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	প্রতীচঃ	প্রত্যগ্ভ্যাম	প্রত্যগ্ভ্যঃ
ষষ্ঠী	প্রতীচঃ	প্রতীচোঃ	প্রতীচাম্
সপ্তমী	প্রতীচি	প্রতীচোঃ	প্রত্যক্ষু
সম্বোধন	প্রত্যক্	প্রতীচী	প্রত্যঞ্চি

অনুবাদ

পশ্চিম গগন ম্লান সূর্যালোকে রঞ্জিত=প্রত্যক্ গগনম্ ম্লানসূর্যালোকেন রঞ্জিতম্।

তির্যচ্ (Moving, tortuous)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	তির্যক্	তিরশ্চী	তির্যঞ্চি
দ্বিতীয়া	তির্যক্	তিরশ্চী	তির্যঞ্চি
তৃতীয়া	তিরশ্চা	তির্যগ্ভ্যাম	তির্যগ্ভিঃ
চতুর্থী	তিরশ্চে	তির্যগ্ভ্যাম্	তির্যগ্ভ্যঃ
পঞ্চমী	তিরশ্চঃ	তির্যগ্ভ্যাম্	তির্যগ্ভ্যঃ
ষষ্ঠী	তিরশ্চঃ	তিরশ্চোঃ	তিরশ্চাম্
সপ্তমী	তিরশ্চি	তিরশ্চোঃ	তির্যক্ষু
সম্বোধন	তির্যক্	তিরশ্চী	তির্যঞ্চি

অনুবাদ

বাঁকা দৃষ্টি=তির্যক্ দর্শনম্। তার বাঁকা কথায় বিদ্ধ হইয়াছি=তস্য তিরশ্চা বচনেন বিদ্ধঃ অহম্।

উদচ্ (North, northern)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	উদক্	উদীচী	উদঞ্চি
দ্বিতীয়া	উদক্	উদীচী	উদঞ্চি
তৃতীয়া	উদীচা	উদগ্ভ্যাম্	উদগ্ভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	উদীচে	উদগ্‌ভ্যাম্	উদগ্‌ভ্যঃ
পঞ্চমী	উদীচঃ	উদগ্‌ভ্যাম্	উদগ্‌ভ্যঃ
ষষ্ঠী	উদীচঃ	উদীচোঃ	উদীচাম্
সপ্তমী	উদীচি	উদীচোঃ	উদক্ষু
সম্বোধন	উদক্	উদীচী	উদঞ্চি

অনুবাদ

উত্তরদিকের জায়গাটি শীতল—উদক্ স্থানং শীতলম্।

জ্‌-কারান্ত শব্দ—অসৃজ্ (Blood)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৃক্	অসৃজী	অসৃঞ্জি
দ্বিতীয়া	অসৃক্	অসৃজী	অসৃঞ্জি
তৃতীয়া	অসৃজা	অসৃগ্‌ভ্যাম্	অসৃগ্‌ভিঃ
চতুর্থী	অসৃজে	অসৃগ্‌ভ্যাম	অসৃগ্‌ভ্যঃ
পঞ্চমী	অসৃজঃ	অসৃগ্‌ভ্যাম	অসৃগ্‌ভ্যঃ
ষষ্ঠী	অসৃজঃ	অসৃজোঃ	অসৃজাম্
সপ্তমী	অসৃজি	অসৃজোঃ	অসৃক্ষু
সম্বোধন	অসৃক্	অসৃজী	অসৃঞ্জি

১১৪. প্রায় সমুদয় জ্‌-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

অনুবাদ

রক্তের রং লাল—অসৃজো লোহিতো বর্ণঃ। দেহে রক্ত নির্গত হইয়াছে—দেহাদ্ অসৃক্ নির্গতম্।

ত্‌-কারান্ত শব্দ—ভবিষ্যৎ (Future)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভবিষ্যৎ	ভবিষ্যতী	ভবিষ্যন্তি
দ্বিতীয়া	ভবিষ্যৎ	ভবিষ্যতী	ভবিষ্যন্তি

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	ভবিষ্যতা	ভবিষ্যদ্ভ্যাম্	ভবিষ্যদ্ভিঃ
চতুর্থী	ভবিষ্যতে	ভবিষ্যদ্ভ্যাম্	ভবিষ্যদ্ভ্যঃ
পঞ্চমী	ভবিষ্যতঃ	ভবিষ্যদ্ভ্যাম্	ভবিষ্যদ্ভ্যঃ
ষষ্ঠী	ভবিষ্যতঃ	ভবিষ্যতোঃ	ভবিষ্যতাম্
সপ্তমী	ভবিষ্যতি	ভবিষ্যতোঃ	ভবিষ্যৎসু
সম্বোধন	ভবিষ্যৎ	ভবিষ্যতী	ভবিষ্যন্তি

১১৫. সমুদয় 'স্যৎ' প্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

কতকগুলি অৎ (শতৃ) প্রত্যয়ান্ত শব্দ ও মহৎ শব্দ ভিন্ন প্রায় যাবতায় ত্-কারান্ত শব্দের এই রূপ।

অনুবাদ

বালকটির ভবিষ্যৎ উজ্জ্বল—বালকস্য ভবিষ্যৎ উজ্জ্বলম্। ভবিষ্যৎ কালে দৈন্য ঘুচিবে—ভবিষ্যতি কালে দৈন্যং অপযাস্যতি।

অৎ-প্রত্যয়ান্ত চতুর্বিধ ক্লীবলিঙ্গ শব্দ

গচ্ছৎ (Going)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গচ্ছৎ	গচ্ছন্তী	গচ্ছন্তি
দ্বিতীয়া	গচ্ছৎ	গচ্ছন্তী	গচ্ছন্তি
তৃতীয়া	গচ্ছতা	গচ্ছদ্ভ্যাম্	গচ্ছদ্ভিঃ
চতুর্থী	গচ্ছতে	গচ্ছদ্ভ্যাম্	গচ্ছদ্ভ্যঃ
পঞ্চমী	গচ্ছতঃ	গচ্ছদ্ভ্যাম্	গচ্ছদ্ভ্যঃ
ষষ্ঠী	গচ্ছতঃ	গচ্ছতোঃ	গচ্ছতাম্
সপ্তমী	গচ্ছতি	গচ্ছতোঃ	গচ্ছৎসু
সম্বোধন	গচ্ছৎ	গচ্ছন্তী	গচ্ছন্তি

১১৬. ভ্বাদিগণীয়-চুরাদিগণীয় ও দিবাদিগণীয় ধাতুর উত্তর অৎ প্রত্যয়-যোগে নিষ্পন্ন শব্দের এই রূপ।

অনুবাদ

গমনরত মিত্রকে দেখিতেছি—গচ্ছৎ মিত্রং পশ্যামি। ক্রীড়ারত মিত্রদ্বয় হাসিতেছে—দীব্যন্তী মিত্রে হসতঃ।

ইচ্ছৎ (Wishing)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ইচ্ছৎ	ইচ্ছতী, ইচ্ছন্তী	ইচ্ছন্তি
দ্বিতীয়া	ইচ্ছৎ	ইচ্ছতী, ইচ্ছন্তী	ইচ্ছন্তি
তৃতীয়া	ইচ্ছতা	ইচ্ছদ্ভ্যাম্	ইচ্ছদ্ভিঃ
চতুর্থী	ইচ্ছতে	ইচ্ছদ্ভ্যাম্	ইচ্ছদ্ভ্যঃ
পঞ্চমী	ইচ্ছতঃ	ইচ্ছদ্ভ্যাম্	ইচ্ছদ্ভ্যঃ
ষষ্ঠী	ইচ্ছতঃ	ইচ্ছতোঃ	ইচ্ছতাম্
সপ্তমী	ইচ্ছতি	ইচ্ছতোঃ	ইচ্ছৎসু
সম্বোধন	ইচ্ছৎ	ইচ্ছতী, ইচ্ছন্তী	ইচ্ছন্তি

১১৭. তুদাদিগণীয় ধাতুর ও অদাদিগণীয় আ-কারান্ত (দরিদ্রা ভিন্ন) ধাতুর উত্তর অৎ-প্রত্যয়যোগে নিষ্পন্ন শব্দের এই রূপ।

অনুবাদ

আমার শুভ ইচ্ছা করিতেছে এইরূপ দুই মিত্র আমার নিকট আসিতেছে—মম শুভমিচ্ছতী (শুভমিচ্ছন্তী বা) মিত্রে মৎসমীপমাগচ্ছতঃ।

দদৎ (Giving)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দদৎ	দদতী	দদন্তি, দদতি
দ্বিতীয়া	দদৎ	দদতী	দদন্তি, দদতি
তৃতীয়া	দদতা	দদদ্ভ্যাম্	দদদ্ভিঃ
চতুর্থী	দদতে	দদদ্ভ্যাম্	দদদ্ভ্যঃ
পঞ্চমী	দদতঃ	দদদ্ভ্যাম্	দদদ্ভ্যঃ
ষষ্ঠী	দদতঃ	দদতোঃ	দদতাম

	একবচন	দ্বিবচন	বহুবচন
সপ্তমী	দদতি	দদতোঃ	দদৎসু
সম্বোধন	দদৎ	দদতী	দদন্তি, দদতি

১১৮. অভ্যস্ত ধাতুর উত্তর অৎপ্রত্যয় যোগে নিষ্পন্ন শব্দের এই রূপ।[১]

অনুবাদ

ভিক্ষুককে ভিক্ষা দিতেছেন এরূপ মিত্রকে দেখিতেছি—ভিক্ষুকায় ভিক্ষাং দদৎ মিত্রম্ পশ্যামি।

অন্যান্য অৎ-প্রত্যয়ান্ত শব্দের রূপ 'কুর্বৎ' শব্দের ন্যায়।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কুর্বৎ	কুর্বতী	কুর্বন্তি
দ্বিতীয়া	কুর্বৎ	কুর্বতী	কুর্বন্তি

মহৎ (Large, great)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মহৎ	মহতী	মহান্তি
দ্বিতীয়া	মহৎ	মহতী	মহান্তি
তৃতীয়া	মহতা	মহাদ্ভ্যাম্	মহদ্ভিঃ
চতুর্থী	মহতে	মহদ্ভ্যাম্	মহদ্ভ্যঃ
পঞ্চমী	মহতঃ	মহদ্ভ্যাম্	মহদ্ভ্যঃ
ষষ্ঠী	মহতঃ	মহতোঃ	মহতাম্
সপ্তমী	মহতি	মহতোঃ	মহৎসু
সম্বোধন	মহৎ	মহতী	মহান্তি

অনুবাদ

মহৎ মন মহৎ বস্তু সৃষ্টি করে—মহৎ মনঃ মহৎ বস্তু সৃজতি।

অন্-ভাগান্ত শব্দ—নামন্ (Name)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নাম	নাম্নী, নামনী	নামানি
দ্বিতীয়া	নাম	নাম্নী, নামনী	নামানি

১ যে-ধাতু দ্বিত্বপ্রাপ্ত হয়। হ্বাদিগণীয় ধাতু দ্রষ্টব্য।

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	নাম্না	নামভ্যাম্	নামভিঃ
চতুর্থী	নাম্নে	নামভ্যাম্	নামভ্যঃ
পঞ্চমী	নাম্নঃ	নামভ্যাম্	নামভ্যঃ
ষষ্ঠী	নাম্নঃ	নাম্নোঃ	নাম্নাম্
সপ্তমী	নাম্নি, নামনি	নাম্নোঃ	নামসু
সম্বোধন	নাম, নামন	নাম্নী, নামনী	নামানি

১১৯. কর্মন্, অহন্ ইত্যাদি ভিন্ন—প্রেমন্, ধামন্, বেসন্ (loon), ব্যোমন্, সামন্ ইত্যাদি যাবতীয় অন্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

অনুবাদ

বালকটির দুইটি নাম—বালকস্য দ্বে নাম্নী, নামনী বা। তাহার নামের কোন মানে নাই=তস্য নাম্নঃ কোঽপ্যর্থঃ নাস্তি। প্রেমে কর বিশ্ব জয়—প্রেম্না বিশ্বং জয়।

কর্মন্ (Action, Work)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কর্ম	কর্মণী	কর্মাণি
দ্বিতীয়া	কর্ম	কর্মণী	কর্মাণি
তৃতীয়া	কর্মণা	কর্মভ্যাম্	কর্মভিঃ
চতুর্থী	কর্মণে	কর্মভ্যাম্	কর্মভ্যঃ
পঞ্চমী	কর্মণঃ	কর্মভ্যাম্	কর্মভ্যঃ
ষষ্ঠী	কর্মণঃ	কর্মণোঃ	কর্মণাম্
সপ্তমী	কর্মণি	কর্মণোঃ	কর্মসু
সম্বোধন	কর্ম, কর্মন্	কর্মণী	কর্মাণি

অনুবাদ

সৎকর্ম কর—সৎকর্ম কুরু কর্মের দ্বারা সে বদ্ধ হয় না—'কর্মভির্ন স বধ্যতে' (গীতা)। কর্মেই কর্মের পুরস্কার—কর্মণি এব কর্মণঃ পুরস্কারঃ।

অহন্ (Day)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহঃ	অহ্নী, অহনী	অহানি
দ্বিতীয়া	অহঃ	অহ্নী, অহনী	অহানি
তৃতীয়া	অহ্না	অহোভ্যাম্	অহোভিঃ
চতুর্থী	অহ্নে	অহোভ্যাম্	অহোভ্যঃ
পঞ্চমী	অহ্নঃ	অহোভ্যাম্	অহোভ্যঃ
ষষ্ঠী	অহ্নঃ	অহ্নোঃ	অহ্নাম্
সপ্তমী	অহ্নি, অহনি	অহ্নোঃ	অহঃসু
সম্বোধন	অহঃ	অহ্নী, অহনী	অহানি

অনুবাদ

দুই দিন এখানে থাকো—অহ্নী অত্র তিষ্ঠ। আমাদের দিন হোক—'অহানি শং ভবন্তু নঃ' (উ)।

ইন্-ভাগান্ত শব্দ—স্থায়িন্ (Permanent)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্থায়ি	স্থায়িনী	স্থায়ীনি
দ্বিতীয়া	স্থায়ি	স্থায়িনী	স্থায়ীনি
তৃতীয়া	স্থায়িনা	স্থায়িভ্যাম্	স্থায়িভিঃ
চতুর্থী	স্থায়িনে	স্থায়িভ্যাম্	স্থায়িভ্যঃ
পঞ্চমী	স্থায়িনঃ	স্থায়িভ্যাম্	স্থায়িভ্যঃ
ষষ্ঠী	স্থায়িনঃ	স্থায়িনোঃ	স্থায়িনাম্
সপ্তমী	স্থায়িনি	স্থায়িনোঃ	স্থায়িষু
সম্বোধন	স্থায়ি, স্থায়িন্	স্থায়িনী	স্থায়ীনি

১২০. যাবতীয় ইন-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

অনুবাদ

স্থায়ী যশ—স্থায়ি যশঃ। দ্রুতগামী শকট—দ্রুতগামি শকটম্। আকাশ-পথে বিচরণশীল যান—নভশ্চারি যানম্।

অস্-ভাগান্ত শব্দ—পয়স্ (Milk, water)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পয়ঃ	পয়সী	পয়াংসি
দ্বিতীয়া	পয়ঃ	পয়সী	পয়াংসি
তৃতীয়া	পয়সা	পয়োভ্যাম্	পয়োভিঃ
চতুর্থী	পয়সে	পয়োভ্যাম্	পয়োভ্যঃ
পঞ্চমী	পয়সঃ	পয়োভ্যাম্	পয়োভ্যঃ
ষষ্ঠী	পয়সঃ	পয়সোঃ	পয়সাম্
সপ্তমী	পয়সি	পয়সোঃ	পয়ঃসু
সম্বোধন	পয়ঃ	পয়সী	পয়াংসি

১২১. উরস্, বক্ষস্, সরস্, নভস্, বয়স্, চেতস্, স্রোতস্ ইত্যাদি যাবতীয় অস্-ভাগান্ত শব্দের এই রূপ।

যাবতীয় অস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ 'পয়স্' শব্দের ন্যায়।

ক্লীং 'বিদ্বস্' শব্দের প্রথমা ও দ্বিতীয়ায় ও সম্বোধনে বিদ্বৎ, বিদুষী, বিদ্বাংসি, অন্যান্য বিভক্তিতে পুং 'বিদ্বস্'-এর ন্যায়।

অনুবাদ

দুগ্ধে মাধুর্য আছে—পয়সি মাধুর্যমস্তি। শরতে জল নির্মল হয়—শরদি নির্মলং পয়ঃ। মৃগটি স্রোতে ভাসিয়া যাইতেছে—মৃগঃ স্রোতসা নীয়তে। সরোবরে পদ্ম জন্মে—সরসি পদ্মং জায়তে।

ইস্-ভাগান্ত শব্দ—হবিস্ (Ghee)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	হবিঃ	হবিষী	হবীংষি
দ্বিতীয়া	হবিঃ	হবিষী	হবীংষি
তৃতীয়া	হবিষা	হবির্ভ্যাম্	হবির্ভিঃ
চতুর্থী	হবিষে	হবির্ভ্যাম্	হবির্ভ্যঃ
পঞ্চমী	হবিষঃ	হবির্ভ্যাম্	হবির্ভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	হবিষঃ	হবিষোঃ	হবিষাম্
সপ্তমী	হবিষি	হবিষোঃ	হবিঃষু
সম্বোধন	হবিঃ	হবিষী	হবীংষি

১২২. জ্যোতিস্, সর্পিস্, অর্চিস্ ইত্যাদি যাবতীয় ইস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

অনুবাদ

কোন্ দেবতাকে হবিঃ দ্বারা তর্পণ করিব?—'কস্মৈ দেবায় হবিষা বিধেম'। ঘৃত আয়ুর পক্ষে হিতকর—হবিঃ আয়ুষ্যম্। অন্ধকার হইতে আমাকে জ্যোতিতে লইয়া যাও—'তমসো মা জ্যোতির্গময়'।

উস্-ভাগান্ত শব্দ—ধনুস্ (Bow)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধনুঃ	ধনুষী	ধনূংষি
দ্বিতীয়া	ধনুঃ	ধনুষী	ধনূংষি
তৃতীয়া	ধনুষা	ধনুর্ভ্যাম্	ধনুর্ভিঃ
চতুর্থী	ধনুষে	ধনুর্ভ্যাম্	ধনুর্ভ্যঃ
পঞ্চমী	ধনুষঃ	ধনুর্ভ্যাম্	ধনুর্ভ্যঃ
ষষ্ঠী	ধনুষঃ	ধনুষোঃ	ধনুষাম্
সপ্তমী	ধনুষি	ধনুষোঃ	ধনুঃষু
সম্বোধন	ধনুঃ	ধনুষী	ধনূংষি

১২৩. আয়ুস্, চক্ষুস্, যজুস্, বপুস্ ইত্যাদি যাবতীয় উস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

অনুবাদ

ধনুকটি ভাঙা—ভগ্নং ধনুঃ। বিদ্যার মত চোখ নাই—'নাস্তি বিদ্যাসমং চক্ষুঃ'। দেহে চতুর্ভুজ—বপুষা চতুর্ভুজঃ।

অনুশীলনী

(ক্লীবলিঙ্গ শব্দ)

১. ক্লীবলিঙ্গ উদচ্ শব্দের সম্পূর্ণ রূপ লিখ।

২. নামন্, কর্মন্, অহন্ শব্দের ১মা, ৩য়া ও ৭মী বিভক্তির রূপ লিখ এবং হবিস্ ও ধনুস্ শব্দের ৪র্থী, ৬ষ্ঠী ও ৭মী বিভক্তির রূপ লিখ।

৩. অশুদ্ধি সংশোধন কর :

স কর্মং করোতি। হবিং পিব। ধনুনা শরং ক্ষিপতি। কিং তস্য নামম্ ? অহস্য পূর্বভাগে আগচ্ছ।

৪. সংস্কৃতে অনুবাদ কর :

চলন্ত চক্র। তাহার নাম স্মরণ কর (স্মরণ কর — স্মর)। তাহার ধনুকটি বড়। পাত্রটি দুগ্ধের দ্বারা পূর্ণ ('পয়স্' শব্দ ব্যবহার কর)। ঘৃত দিয়া অন্ন ভক্ষণ করিতেছে ('হবিস্' শব্দ ব্যবহার কর)। সে দিনে দধি খায় না। পূর্ব দিকের আকাশে সূর্যোদয় হয়।

সর্বনাম পদ[১]

১২৪. রূপের বিভিন্নতা অনুসারে 'সর্বনাম' শব্দ পঞ্চবিধ ?

সর্বাদি ॥ সর্ব, বিশ্ব, উভ, উভয়, এক, সম, ইতর ইত্যাদি।

অন্যাদি ॥ অন্য, অন্যতর, ইতর ইত্যাদি।

পূর্বাদি ॥ পূর্ব, অপর, উত্তর, দক্ষিণ।

যদাদি ॥ যদ্, তদ্, কিম্ ইত্যাদি।

ইদমাদি ॥ ইদম্, অদস্, যুষ্মদ্, অস্মদ্ ইত্যাদি।

সর্ব (All)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্বঃ	সর্বৌ	সর্বে
দ্বিতীয়া	সর্বম্	সর্বৌ	সর্বান্
তৃতীয়া	সর্বেণ	সর্বাভ্যাম্	সর্বৈঃ

[১] সর্বনাম শব্দের সম্বোধন পদের প্রয়োগ বিরল বলিয়া তাহার রূপ দেওয়া হইল না।

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	সর্বস্মৈ	সর্বাভ্যাম্	সর্বেভ্যঃ
পঞ্চমী	সর্বস্মাৎ	সর্বাভ্যাম্	সর্বেভ্যঃ
ষষ্ঠী	সর্বস্য	সর্বয়োঃ	সর্বেষাম্
সপ্তমী	সর্বস্মিন্	সর্বয়োঃ	সর্বেষু

অনুবাদ

সকলেই স্বার্থ মানিয়া চলে—সর্বঃ স্বার্থং সমীহতে। সকল বৃক্ষই ফল দেয় না—সর্বে পাদপা ন ফলদাঃ।

সর্ব (All)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্বম্	সর্বে	সর্বাণি
দ্বিতীয়া	সর্বম্	সর্বে	সর্বাণি
তৃতীয়া	সর্বেণ	সর্বাভ্যাম	সর্বৈঃ
চতুর্থী	সর্বস্মৈ	সর্বাভ্যাম্	সর্বেভ্যঃ
পঞ্চমী	সর্বস্মাৎ	সর্বাভ্যাম্	সর্বেভ্যঃ
ষষ্ঠী	সর্বস্য	সর্বয়োঃ	সর্বেষাম্
সপ্তমী	সর্বস্মিন্	সর্বয়োঃ	সর্বেষু

অনুবাদ

তাহার সকল বস্তু অপহৃত হইয়াছে—তস্য সর্বানি বস্তূনি হৃতানি। সূর্যোদয়ে সকল জগৎ আলোকিত হইয়াছে—সূর্যোদয়ে সর্বং জগৎ আলোকিতম্।

সর্ব (All)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্বা	সর্বে	সর্বাঃ
দ্বিতীয়া	সর্বাম্	সর্বে	সর্বা.
তৃতীয়া	সর্বয়া	সর্বাভ্যাম	সর্বাভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	সর্বস্যৈ	সর্বাভ্যাম্	সর্বাভ্যঃ
পঞ্চমী	সর্বস্যাঃ	সর্বাভ্যাম্	সর্বাভ্যঃ
ষষ্ঠী	সর্বস্যাঃ	সর্বয়োঃ	সর্বাসাম্
সপ্তমী	সর্বস্যাম্	সর্বয়োঃ	সর্বাসু

অনুবাদ

তাহাব সকল কথাই অলীক—তস্য সর্বা বাচঃ অলীকাঃ। সকল বালিকাকেই পুরস্কার দেওয়া হইয়াছিল—সর্বাভ্যঃ বালিকাভ্যঃ পুরস্কারাঃ দত্তাঃ।

পূর্ব (East)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পূর্বঃ	পূর্বৌ	পূর্বে, পূর্বাঃ
দ্বিতীয়া	পূর্বম্	পূর্বৌ	পূর্বান্
তৃতীয়া	পূর্বেণ	পূর্বাভ্যাম	পূর্বৈঃ
চতুর্থী	পূর্বস্মৈ	পূর্বাভ্যাম্	পূর্বেভ্যঃ
পঞ্চমী	পূর্বস্মাৎ	পূর্বাভ্যাম্	পূর্বেভ্যঃ
ষষ্ঠী	পূর্বস্য	পূর্বয়োঃ	পূর্বেষাম্
সপ্তমী	পূর্বস্মিন্, পূর্বে	পূর্বয়োঃ	পূর্বেষু

অনুবাদ

পূর্বদিক সকল মেঘে ঢাকা পড়িয়াছে—পূর্বে (পূর্বাঃ) দিগ্‌বিভাগাঃ মেঘৈঃ আবৃতাঃ। পূর্বদিনে আপনি কোথায় গিয়াছিলেন—পূর্বস্মিন্ দিবসে কুত্র গতো ভবান্?

পূর্ব (East)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পূর্বম্	পূর্বে	পূর্বাণি
দ্বিতীয়া	পূর্বম্	পূর্বে	পূর্বাণি
তৃতীয়া	পূর্বেণ	পূর্বাভ্যাম্	পূর্বৈঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	পূর্বস্মৈ	পূর্বাভ্যাম্	পূর্বেভ্যঃ
পঞ্চমী	পূর্বস্মাৎ	পূর্বাভ্যাম্	পূর্বেভ্যঃ
ষষ্ঠী	পূর্বস্য	পূর্বয়োঃ	পূর্বেষাম্
সপ্তমী	পূর্বস্মিন্, পূর্বে	পূর্বয়োঃ	পূর্বেষু

অনুবাদ

পূর্বগগন যেন রক্তরঞ্জিত—পূর্বং গগনং রক্তরঞ্জিতমিব। অথবা, পূর্বাণি নভাংসি রক্তরঞ্জিতানীব।

পূর্ব (East)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পূর্বা	পূর্বে	পূর্বাঃ
দ্বিতীয়া	পূর্বাম্	পূর্বে	পূর্বাঃ
তৃতীয়া	পূর্বয়া	পূর্বাভ্যাম্	পূর্বাভিঃ
চতুর্থী	পূর্বস্যৈ	পূর্বাভ্যাম্	পূর্বাভ্যঃ
পঞ্চমী	পূর্বস্যাঃ	পূর্বাভ্যাম	পূর্বাভ্যঃ
ষষ্ঠী	পূর্বস্যাঃ	পূর্বয়োঃ	পূর্বাসাম্
সপ্তমী	পূর্বস্যাম্	পূর্বয়োঃ	পূর্বাসু

অনুবাদ

সূর্য পূর্বদিকে উঠে—সূর্যঃ পূর্বস্যাং দিশি উদেতি। সে পূর্বদিক হইতে আসিয়াছে—স পূর্বস্যাঃ দিশঃ আগতঃ।

যদ্ (Who)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যঃ	যৌ	যে
দ্বিতীয়া	যম্	যৌ	যান্
তৃতীয়া	যেন	যাভ্যাম্	যৈঃ
চতুর্থী	যস্মৈ	যাভ্যাম্	যেভ্যঃ
পঞ্চমী	যস্মাৎ	যাভ্যাম	যেভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	যস্য	যয়োঃ	যেষাম্
সপ্তমী	যস্মিন্	যয়োঃ	যেষু

অনুবাদ

যাহাকে কিছু দেওয়া হয় তাহা 'সম্প্রদান'—'যস্মৈ দানং সম্প্রদানম্' : যে দেশে যে আচার—যস্মিন্ দেশে যদাচারঃ। সেই জীবিত যাহার মন মনন দ্বারা জীবিত—'স জীবতি মনো যস্য মননেন হি জীবতি'।

যদ্ (Who)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যা	যে	যাঃ
দ্বিতীয়া	যাম্	যে	যাঃ
তৃতীয়া	যয়া	যাভ্যাম্	যাভিঃ
চতুর্থী	যস্যৈ	যাভ্যাম্	যাভ্যঃ
পঞ্চমী	যস্যাঃ	যাভ্যাম্	যাভ্যঃ
ষষ্ঠী	যস্যাঃ	যয়োঃ	যাসাম্
সপ্তমী	যস্যাম	যয়োঃ	যাসু

অনুবাদ

যে বিদ্যা পুঁথিগত তাহা বিদ্যা নহে—পুস্তকস্থা তু যা বিদ্যা ন সা বিদ্যা। যাহার করুণায় বিদ্যা, সেই দেবীকে শত শত নমস্কার করো—যস্যাঃ করুণয়া বিদ্যা তাং দেবীং শতশো নমেৎ।

যদ্ (Which) —ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যৎ	যে	যানি
দ্বিতীয়া	যৎ	যে	যানি
তৃতীয়া	যেন	যাভ্যাম্	যৈঃ
চতুর্থী	যস্মৈ	যাভ্যাম্	যেভ্যঃ
পঞ্চমী	যস্মাৎ	যাভ্যাম	যেভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	যস্য	যয়োঃ	যেষাম্
সপ্তমী	যস্মিন্	যয়োঃ	[illegible]

অনুবাদ

যাহা না দেওয়া হয় তাহা নষ্ট—'তন্নষ্টং যন্ন দীয়তে'। শ্রেষ্ঠ ব্যক্তি যাহা যাহা আচরণ করে অপরে তাহা তাহাই আচরণ করে—'যদ্ যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরে জনা।'

তদ্ (He)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সঃ	তৌ	তে
দ্বিতীয়া	তম্	তৌ	তান্
তৃতীয়া	তেন	তাভ্যাম্	তৈঃ
চতুর্থী	তস্মৈ	তাভ্যাম	তেভ্যঃ
পঞ্চমী	তস্মাৎ	তাভ্যাম	তেভ্যঃ
ষষ্ঠী	তস্য	তয়োঃ	তেষাম
সপ্তমী	তস্মিন্	তয়োঃ	তেষু

অনুবাদ

যিনি চক্ষু উন্মীলিত করিয়াছেন সেই গুরুকে নমস্কার—চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ। যাহার নিজের প্রজ্ঞা নাই শাস্ত্র তাহার কি করিবে?—যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা শাস্ত্রং তস্য করোতি কিম্?

তদ্ (She)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সা	তে	তাঃ
দ্বিতীয়া	তাম্	তে	তাঃ
তৃতীয়া	তয়া	তাভ্যাম্	তাভিঃ
চতুর্থী	তস্যৈ	তাভ্যাম্	তাভ্যঃ
পঞ্চমী	তস্যাঃ	তাভ্যাম	তাভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	তস্যাঃ	তয়োঃ	তাসাম্
সপ্তমী	তস্যাম্	তয়োঃ	তাসু

অনুবাদ

যে ভূমি আমাকে পালন করিয়া থাকেন তিনি আমার মাতা—যা ভূমির্মাম্-পালয়তি সা ভূমির্জননী মম। যে দেবী সর্বভূতে বিদ্যারূপে সংস্থিত বারংবার তাহাকে নমস্কার—'যা দেবী সর্বভূতেষু বিদ্যারূপেণ সংস্থিতা নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমোনমঃ'।

তদ্ (That)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	তৎ	তে	তানি
দ্বিতীয়া	তৎ	তে	তানি
তৃতীয়া	তেন	তাভ্যাম্	তৈঃ
চতুর্থী	তস্মৈ	তাভ্যাম্	তেভ্যঃ
পঞ্চমী	তস্মাৎ	তাভ্যাম্	তেভ্যঃ
ষষ্ঠী	তস্য	তয়োঃ	তেষাম্
সপ্তমী	তস্মিন্	তয়োঃ	তেষু

অনুবাদ

যাহা সৎকর্ম তাহাই করিবে—যানি সৎকর্মাণি তানি কুরু। যাহার চক্ষু নাই তাহার দর্পণে কি প্রয়োজন ?—যস্য চক্ষুর্নাস্তি তস্য দর্পণেন কিম্ ?

এতদ্ (This)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	এষঃ	এতৌ	এতে
দ্বিতীয়া	এতম্, এনম্	এতৌ, এনৌ	এতান্, এনান্
তৃতীয়া	এতেন, এনেন	এতাভ্যাম্	এতৈঃ
চতুর্থী	এতস্মৈ	এতাভ্যাম্	এতেভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	এতস্মাৎ	এতাভ্যাম্	এতেভ্যঃ
ষষ্ঠী	এতস্য	এতয়োঃ, এনয়োঃ	এতেষাম্
সপ্তমী	এতস্মিন্	এতয়োঃ, এনয়োঃ	এতেষু

অনুবাদ

এই আদেশ, এই উপদেশ—'এষ আদেশঃ, এষঃ উপদেশঃ'। ইনি বিদ্বান, ইহাকে সভায় লইয়া যাও—এষ বিদ্বান্ এনং[৩] সভাং নয়।

এতদ্ (This)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	এষা	এতে	এতাঃ
দ্বিতীয়া	এতাম্, এনাম্,	এতে, এনে	এতাঃ, এনাঃ
তৃতীয়া	এতয়া, এনয়া	এতাভ্যাম্	এতাভিঃ
চতুর্থী	এতস্যৈ	এতাভ্যাম্	এতাভ্যঃ
পঞ্চমী	এতস্যাঃ	এতাভ্যাম্	এতাভ্যঃ
ষষ্ঠী	এতস্যাঃ	এতয়োঃ, এনয়োঃ	এতাসাম্
সপ্তমী	এতস্যাম্	এতয়োঃ, এনয়োঃ	এতাসু

অনুবাদ

এই সেই বনস্থলী—সৈষা বনস্থলী। এই কন্যা সুলক্ষণা, মহারাজ ইহাকে রক্ষা করুণ—এষা কন্যা সুলক্ষণা, মহারাজঃ এনাং রক্ষতু।

এতদ্ (This)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	এতৎ	এতে	এতানি
দ্বিতীয়া	এতৎ, এনৎ	এতে, এনে	এতানি, এনানি

৩ দ্বিতীয়া টৌস্স্বেনঃ (দ্বিতীয়া টা-ওস্স্-এনঃ)—কেবল পুনরুক্তি বুঝাইলে দ্বিতীয়ার তিনবচন, তৃতীয়ার একবচন এবং ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচনে ইদম্ ও এতদ্ শব্দের স্থানে 'এন' আদেশ হয়।

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	এতেন, এনেন	এতাভ্যাম্	এতৈঃ
চতুর্থী	এতস্মৈ	এতাভ্যাম্	এতেভ্যঃ
পঞ্চমী	এতস্মাৎ	এতাভ্যাম্	এতেভ্যঃ
ষষ্ঠী	এতস্য	এতয়োঃ, এনয়োঃ	এতেষাম্
সপ্তমী	এতস্মিন্	এতয়োঃ, এনয়োঃ	এতেষু

অনুবাদ

ইহা কি ?—কিমেতৎ ? ইহা দ্বারা কি সাধিত হইবে—এতেন কিং সাধ্যতে।

কিম্ (Who)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কঃ	কৌ	কে
দ্বিতীয়া	কম্	কৌ	কান্
তৃতীয়া	কেন	কাভ্যাম্	কৈঃ
চতুর্থী	কস্মৈ	কাভ্যাম্	কেভ্যঃ
পঞ্চমী	কস্মাৎ	কাভ্যাম্	কেভ্যঃ
ষষ্ঠী	কস্য	কয়োঃ	কেষাম্
সপ্তমী	কস্মিন্	কয়োঃ	কেষু

অনুবাদ

ইহা কাহাকে দিব ?—ইদং কস্মৈ দাস্যামি ? ইহা কাহার বই ?—কস্যেদং পুস্তকম্ ? আপনি কে ? কোন্ দেশ হইতে আসিয়াছেন ?—কো ভবান্ ; কস্মাদ্দেশাদাগতা ?

কিম্ (Who)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কা	কে	কাঃ
দ্বিতীয়া	কাম্	কে	কাঃ
তৃতীয়া	কয়া	কাভ্যাম	কাভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	কস্যৈ	কাভ্যাম্	কাভ্যঃ
পঞ্চমী	কস্যাঃ	কাভ্যাম্	কাভ্যঃ
ষষ্ঠী	কস্যাঃ	কয়োঃ	কাসাম্
সপ্তমী	কস্যাম্	কয়োঃ	কাসু

অনুবাদ

তুমি কে মা—'কা ত্বমস্ব !' কোন্ দিকে গেল ছেলেটি ?—কস্যাং দিশি গতো বালকঃ ?

কিম্ (Which, what)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কিম্	কে	কানি
দ্বিতীয়া	কিম্	কে	কানি
তৃতীয়া	কেন	কাভ্যাম	কৈঃ
চতুর্থী	কস্মৈ	কাভ্যাম	কেভ্যঃ
পঞ্চমী	কস্মাৎ	কাভ্যাম্	কেভ্যঃ
ষষ্ঠী	কস্য	কয়োঃ	কেষাম্
সপ্তমী	কস্মিন্	কয়োঃ	কেষু

অনুবাদ

কোন্ দুইটি পুস্তক চাও ?—কে পুস্তকে যাচসে ? কোন্ কোন্ জিনিস এখানে আছে ?—কানি কানি বস্তূনি অত্র সন্তি ?

ইদম্ (It, this)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অয়ম্	ইমৌ	ইমে
দ্বিতীয়া	ইমম্, এনম্	ইমৌ, এনৌ	ইমান্, এনান্
তৃতীয়া	অনেন, এনেন	আভ্যাম্	এভিঃ
চতুর্থী	অস্মৈ	আভ্যাম্	এভ্যঃ
পঞ্চমী	অস্মাৎ	আভ্যাম	এভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	অস্য	অনয়োঃ, এনয়োঃ	এষাম্
সপ্তমী	অস্মিন্	অনয়োঃ, এনয়োঃ	এষু

অনুবাদ

এ আমার আপন, এ পর লঘুচিত্ত লোকেই এইরূপ বিচার করিয়া থাকে—'অয়ং নিজো পরো বেতি গণনা লঘুচেতসাম্' (হিতোপদেশ)। এ বালক, একে পালন কর—বালোঽয়ম্, এনং পালয়।

ইদম্ (It, this)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ইয়ম্	ইমে	ইমাঃ
দ্বিতীয়া	ইমাম্, এনাম্	ইমে, এনে	ইমাঃ, এনাঃ
তৃতীয়া	অনয়া, এনয়া	আভ্যাম্	আভিঃ
চতুর্থী	অস্যৈ	আভ্যাম্	আভ্যঃ
পঞ্চমী	অস্যাঃ	আভ্যাম	আভ্যঃ
ষষ্ঠী	অস্যাঃ	অনয়োঃ, এনয়োঃ	আসাম্
সপ্তমী	অস্যাম্	অনয়োঃ, এনয়োঃ	আসু

অনুবাদ

এই স্ত্রীলোকদ্বয় গঙ্গায় স্নান করিয়াছেন—ইমে স্ত্রিয়ৌ গঙ্গায়াং স্নাতে এই বালিকাটিকে পুস্তক দাও—অস্যৈ বালিকায়ৈ পুস্তকং দেহি।

ইদম্ (It, this)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ইদম্	ইমে	ইমানি
দ্বিতীয়া	ইদম্	ইমে	ইমানি
তৃতীয়া	অনেন, এনেন	আভ্যাম্	এভিঃ
চতুর্থী	অস্মৈ	আভ্যাম্	এভ্যঃ
পঞ্চমী	অস্মাৎ	আভ্যাম্	এভ্যঃ
ষষ্ঠী	অস্য	অনয়োঃ, এনয়োঃ	এষাম্
সপ্তমী	অস্মিন	অনয়োঃ, এনয়োঃ	এষু

অনুবাদ

এই জগৎ আনন্দময়—আনন্দময়মিদং জগৎ। আনন্দ হইতেই এই সকল বস্তু জন্মগ্রহণ করিয়াছে—'আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে' (উ)।

[আনন্দাৎ+হি+এব খলু+ইমানি]।

অদস্ (He, she, that)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৌ	অমূ	অমী
দ্বিতীয়া	অমূম্	অমূ	অমূন্
তৃতীয়া	অমুনা	অমূভ্যাম্	অমীভিঃ
চতুর্থী	অমুষ্মৈ	অমূভ্যাম্	অমীভ্যঃ
পঞ্চমী	অমুষ্মাৎ	অমূভ্যাম্	অমীভ্যঃ
ষষ্ঠী	অমুষ্য	অমুয়োঃ	অমীষাম্
সপ্তমী	অমুষ্মিন্	অমুয়োঃ	অমীষু

অনুবাদ

ঐ বালকগুলি সত্যবাদী—অমী বালকাঃ সত্যবাদিনঃ ঐ বালকটির বাড়ি কোথায়—কুত্র অমুষ্য বালকস্য গৃহম্।

অদস্ (He, she, that)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অদঃ	অমূ	অমূনি
দ্বিতীয়া	অদঃ	অমূ	অমূনি
তৃতীয়া	অমুনা	অমূভ্যাম্	অমীভিঃ
চতুর্থী	অমুষ্মৈ	অমূভ্যাম্	অমীভ্যঃ
পঞ্চমী	অমুষ্মাৎ	অমূভ্যাম্	অমীভ্যঃ
ষষ্ঠী	অমুষ্য	অমুয়োঃ	অমীষাম্
সপ্তমী	অমুষ্মিন্	অমুয়োঃ	

অনুবাদ

ঐ পুস্তকগুলি কোথায়?—কুত্র অমূনি পুস্তকানি? ঐ বালকটির কলম নাই—অমুষ্য বালকস্য লেখনী নাস্তি।

অদস্ (He, she, that)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৌ	অমূ	অমূঃ
দ্বিতীয়া	অমূম্	অমূ	অমূঃ
তৃতীয়া	অমুয়া	অমূভ্যাম্	অমূভিঃ
চতুর্থী	অমুষ্যৈ	অমূভ্যাম্	অমূভ্যঃ
পঞ্চমী	অমুষ্যাঃ	অমূভ্যাম্	অমূভ্যঃ
ষষ্ঠী	অমুষ্যাঃ	অমুয়োঃ	অমূষাম্
সপ্তমী	অমুষ্যাম্	অমুয়োঃ	অমূষু

অনুবাদ

ঐ বালিকারা বুদ্ধিমতী—অমূঃ বালিকাঃ বুদ্ধিমত্যঃ। ঐ বালিকাকে জল দাও—অমুষ্যৈ বালিকায়ৈ জলং দেহি।

যুষ্মদ্ (You, thou, তুমি)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ত্বম্	যুবাম্	যূয়ম্
দ্বিতীয়া	ত্বাম্, ত্বা	যুবাম্, বাম্	যুষ্মান্, বঃ
তৃতীয়া	ত্বয়া	যুবাভ্যাম্	যুষ্মাভিঃ
চতুর্থী	তুভ্যম্, তে	যুবাভ্যাম্, বাম্	যুষ্মভ্যম্, বঃ
পঞ্চমী	ত্বৎ	যুবাভ্যাম্	যুষ্মৎ
ষষ্ঠী	তব, তে	যুবয়োঃ, বাম্	যুষ্মাকম্, বঃ
সপ্তমী	ত্বয়ি	যুবয়োঃ	যুষ্মাসু

অনুবাদ

তুমি কে?—কস্ত্বম্? তোমার সহিত কে যাইতেছে?—ত্বয়া কো গচ্ছতি;

তোমাকে কি দিব—তুভ্যং কিম্ দাস্যামি? অথবা কিং তে দাস্যামি। তোমার পিতা কোথায় থাকেন? —কুত্র তব (তে) পিতা তিষ্ঠতি?

[ত্বা, তে, বঃ ইত্যাদি বিকল্প এবং সংক্ষিপ্ত পদগুলি বাক্যের আদিতে প্রযুক্ত হয় না।]

অস্মদ্ (I, আমি)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহম্	আবাম্	বয়ম্
দ্বিতীয়া	মাম্, মা	আবাম্, নৌ	অস্মান্, নঃ
তৃতীয়া	ময়া	আবাভ্যাম্	অস্মাভিঃ
চতুর্থী	মহ্যম্, মে	আবাভ্যাম্, নৌ	অস্মভ্যম্, নঃ
পঞ্চমী	মৎ	আবাভ্যাম্	অস্মৎ
ষষ্ঠী	মম, মে	আবয়োঃ, নৌ	অস্মাকম্, নঃ
সপ্তমী	ময়ি	আবয়োঃ	অস্মাসু

অনুবাদ

আমরা দুইজন প্রীত হইয়াছি—আবাম্ প্রীতৌ। এমনি করে আমার শীত কাটল—'ইত্থং শীতং ময়া নীতম্'। আমাকে অন্ন দাও—মহ্যম্ অন্নং দেহি, অথবা অন্নং মে দেহি। আমার বন্ধু আসিয়াছে—মম বন্ধুঃ সমাগতঃ, বন্ধুঃ মে সমাগতঃ।

[মা, মে, নঃ ইত্যাদি বিকল্প ও সংক্ষিপ্ত পদগুলি বাক্যের আদিতে ব্যবহৃত হয় না।]

অনুশীলনী

১. যথানির্দেশ শব্দরূপ লিখ:

পূর্ব্ব (পুং), সর্ব্ব (স্ত্রীং) ও অন্য (ক্লীব) শব্দের ১মা ও ৬ষ্ঠী বিভক্তি; যদ্ (পুং) তদ্ (স্ত্রী), এতদ্ (ক্লীব) শব্দের ২য়া ৬ষ্ঠী ও ৭মী; কিম্ (পুং, স্ত্রী ও ক্লীবলিঙ্গ) ১মা ও ৭মী; ইদম্ (পুং, স্ত্রী, ক্লীব) ও অদস্ (পুং, স্ত্রী ও ক্লীব) ১মা, ২য়া ও ৬ষ্ঠী; অস্মদ্ ও যুস্মদ্ শব্দের ৩য়া, ৪র্থী ও ৫মী।

২. সংস্কৃতে অনুবাদ কর :

পূর্ব্বদিকে সূর্য ওঠে (=উদেতি)। সে দক্ষিণ দিক হইতে আসিতেছে। এই ফুলগুলি সুগন্ধি। সকল বালক ক্রীড়াপ্রিয়। এগুলি কাহার বই ? ঐ বৃক্ষগুলি উচ্চ। আমাদের দেশ ভারতবর্ষ। তোমাদের বাড়ি কোনটি ? আমার সহিত কে যাইবে ? ঐ দিকে যাও। এইদিকে এস।

৩. যথাযথভাবে সারিবদ্ধ কর :

অস্য	বৃক্ষান্
অমুষ্মিন্	বালকৈঃ
তস্যাঃ	বালকস্য
ইমান্	দেশে
অমীভিঃ	বালিকায়াঃ
অমূভিঃ	নরস্য

৪. অশুদ্ধি সংশোধন কর :

এষাঃ বৃক্ষাঃ। যাঃ বালকাঃ অলসাঃ তাঃ অধমাঃ। কস্মিন্ দিশি স গতঃ ? অয়ম্ বালিকা বুদ্ধিমতী।

৫. বিকল্প পদ দাও :

পূর্ব্বস্মিন্, এতম্, ইমম্, অনয়া, আবাভ্যাম, যুষ্মান্।

৬. পার্থক্য কি লিখ : সর্বায়—সর্বস্মৈ, স্বানাং—স্বেষাম্।

সংখ্যাবাচক শব্দ

(Numbers)

১২৪। এক শব্দ সর্বনাম। ইহা তিন লিঙ্গেই সর্ব শব্দের তুল্য।

এক (One) এক বচনান্ত—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	একঃ	একৌ	একে
দ্বিতীয়া	একম্	একৌ	একান্
তৃতীয়া	একেন	একাভ্যাম্	একৈঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	একস্মৈ	একাভ্যাম্	একেভ্যঃ
পঞ্চমী	একস্মাৎ	একাভ্যাম্	একেভ্যঃ
ষষ্ঠী	একস্য	একয়োঃ	একেষাম্
সপ্তমী	একস্মিন্	একয়োঃ	একেষু

অনুবাদ

একা কোথাও যাইও না—নৈকঃ কুত্রচিৎ গচ্ছেৎ। কেহ কেহ একথা বলেন—একে এবং বদন্তি।

[বহুবচনে এক শব্দের অর্থ 'কেহ কেহ'।]

এক (One) এক বচনান্ত—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	একম্	একে	একানি
দ্বিতীয়া	একম্	একে	একানি
তৃতীয়া	একেন	একাভ্যাম্	একৈঃ
চতুর্থী	একস্মৈ	একাভ্যাম	একেভ্যঃ
পঞ্চমী	একস্মাৎ	একাভ্যাম্	একেভ্যঃ
ষষ্ঠী	একস্য	একয়োঃ	একেষাম্
সপ্তমী	একস্মিন্	একয়োঃ	একেষু

অনুবাদ

এক চাকায়[1] গাড়ি[2] চলে না—নৈকেন চক্রেণ শকটং চলতি। আমা: একটিই বন্ধু—মম একমেব মিত্রম্।

এক (One) এক বচনান্ত—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	একা	একে	একাঃ
দ্বিতীয়া	একাম্	একে	একাঃ
তৃতীয়া	একয়া	একাভ্যাম্	একাভিঃ
চর্থীতু	একস্যৈ	একাভ্যাম্	একাভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	একস্যাঃ	একাভ্যাম্	একাভ্যঃ
ষষ্ঠী	একস্যাঃ	একয়োঃ	একাসাম্
সপ্তমী	একস্যাম্	একয়োঃ	একাসু

অনুবাদ

সেই বনে এক তাপসীকে আমি দেখিয়াছিলাম—তস্মিন বনে একাং তাপসীম্ অহম্ অপশ্যম্।

দ্বি (Two)—দ্বিবচনান্ত

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	দ্বৌ	দ্বে	দ্বে
দ্বিতীয়া	দ্বৌ	দ্বে	দ্বে
তৃতীয়া	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
চতুর্থী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
পঞ্চমী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
ষষ্ঠী	দ্বয়োঃ	দ্বয়োঃ	দ্বয়োঃ
সপ্তমী	দ্বয়োঃ	দ্বয়োঃ	দ্বয়োঃ

অনুবাদ

দুইটি বালক বিদ্যালয়ে যাইতেছে—দ্বৌ বালকৌ বিদ্যালয়ং গচ্ছতঃ। দুই হাত দ্বারা ধর—দ্বাভ্যাং হস্তাভ্যাম্ ধারয়। আমার দুইটি বই ও দুইটি লেখনী আছে—মম দ্বে পুস্তকে, দ্বে লেখন্যৌ চ সন্তি।

ত্রি (Three)—বহুবচনান্ত

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	ত্রয়ঃ	ত্রীণি	তিস্রঃ
দ্বিতীয়া	ত্রীন্	ত্রীণি	তিস্রঃ
তৃতীয়া	ত্রিভিঃ	ত্রিভিঃ	তিসৃভিঃ
চতুর্থী	ত্রিভ্যঃ	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ
পঞ্চমী	ত্রিভ্যঃ	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
ষষ্ঠী	ত্রয়াণাম্	ত্রয়াণাম্	তিসৃণাম্
সপ্তমী	ত্রিষু	ত্রিষু	তিসৃষু

অনুবাদ

তিনজন লোক মিলিয়াছে—ত্রয়ঃ লোকাঃ মিলিতাঃ। তিনজন বালককে দেখিতেছি—ত্রীন্ বালকান্ পশ্যামি। তাহার তিনটি পুস্তক ও তিনটি লেখনী আছে—তস্য ত্রীণি পুস্তকানি, তিস্রঃ লেখন্যশ্চ অস্তি।

চতুর্ (Four)—বহুবচনান্ত

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
	বহুবচন	বহুবচন	বহুবচন
প্রথমা	চত্বারঃ	চত্বারি	চতস্রঃ
দ্বিতীয়া	চতুরঃ	চত্বারি	চতস্রঃ
তৃতীয়া	চতুর্ভিঃ	চতুর্ভিঃ	চতসৃভিঃ
চতুর্থী	চতুর্ভ্যঃ	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ
পঞ্চমী	চতুর্ভ্যঃ	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ
ষষ্ঠী	চতুর্ণাম্	চতুর্ণাম্	চতসৃণাম্
সপ্তমী	চতুর্ষু	চতুর্ষু	চতসৃষু

অনুবাদ

চারিটি বেদ—চত্বারো বেদাঃ। চারিটি ফল—চত্বারি ফলানি। চারিটি পুস্তিকা—চতস্রঃ পুস্তিকাঃ। চার মাস যাবৎ সে এখানে আছে—চতুরো মাসান্ স অত্র তিষ্ঠতি।

পঞ্চন্ (Five)—বহুবচনান্ত

	বহুবচন
প্রথমা	পঞ্চ
দ্বিতীয়া	পঞ্চ
তৃতীয়া	পঞ্চভিঃ
চতুর্থী	পঞ্চভ্যঃ

	বহুবচন
পঞ্চমী	পঞ্চভ্যঃ
ষষ্ঠী	পঞ্চানাম্
সপ্তমী	পঞ্চসু

তিন লিঙ্গেই সমান।

ন্-কারান্ত সংখ্যাবাচক সপ্তন্, নবন্, দশন্, একাদশন্, দ্বাদশন্, ত্রয়োদশন্, চতুর্দিশন্, পঞ্চদশন্, ষোড়ষন্, সপ্তদশন্ এবং অষ্টাদশন্ শব্দ 'পঞ্চন্' শব্দের ন্যায়।

অনুবাদ

পাঁচটি বাণ—পঞ্চ বাণাঃ। পঞ্চ কন্যা—পঞ্চ কন্যাঃ। পাঁচটি ফল—পঞ্চ ফলানি। পাঁচজনের সহিত দুঃখ নাই—ন দুঃখং পঞ্চভিঃ সহ।

ষষ্ (Six)—বহুবচনান্ত

	পুংলিঙ্গ
প্রথমা	ষট্
দ্বিতীয়া	ষট্
তৃতীয়া	ষড্ভিঃ
চতুর্থী	ষড্ভ্যঃ
পঞ্চমী	ষড্ভ্যঃ
ষষ্ঠী	ষণ্ণাম্
সপ্তমী	ষট্সু

তিন লিঙ্গেই সমান।

অনুবাদ

ছয় ঋতু—ষট্ ঋতবঃ। ছয়জন মিত্র—ষট্ মিত্রাণি। ছয় বালিকা—ষট্ বালিকাঃ।

অষ্টন্ (Eight) বহুবচনান্ত

	পুংলিঙ্গ
প্রথমা	অষ্টৌ, অষ্ট
দ্বিতীয়া	আষ্টৌ, অষ্ট

পুংলিঙ্গ

তৃতীয়া	অষ্টভিঃ, অষ্টাভিঃ
চতুর্থী	অষ্টভ্য, অষ্টাভ্যঃ
পঞ্চমী	অষ্টভ্যঃ, অষ্টাভ্যঃ
ষষ্ঠী	অষ্টানাম্
সপ্তমী	অষ্টসু, অষ্টাসু

তিন লিঙ্গেই সমান।

অনুবাদ

আটজন বালক—অষ্টৌ (অষ্ট) বালকাঃ। আটটি ফুল—অষ্টৌ (অষ্ট) পুষ্পাণি। আটটি বালিকা—অষ্টৌ (অষ্ট) বালিকাঃ।

কতি (How many)—বহুবচনান্ত

প্রথমা	কতি
দ্বিতীয়া	কতি
তৃতীয়া	কতিভিঃ
চতুর্থী	কতিভ্যঃ
পঞ্চমী	কতিভ্যঃ
ষষ্ঠী	কতীনাং
সপ্তমী	কতিষু

'যতি' (as many) এবং 'তভি' (so many) শব্দের রূপও 'কতি' শব্দের তুল্য।

অনুবাদ

কয়টি ফল দাও—কতি ফলানি দেহি। এখানে কয়জন বালক আছে?—কতি বালকাঃ অত্র তিষ্ঠন্তি? কয়জন স্ত্রীলোক স্নান করিতে যাইতেছে?—কতি নার্যঃ স্নাতুং গছন্তি?

ইহা ব্যতীত অন্যান্য সংখ্যাবাচক শব্দের রূপ অন্ত্যবর্ণ ও লিঙ্গানুসারে হইয়া থাকে।

বিংশতি, ষষ্ঠি, সপ্ততি, অশীতি, নবতি প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গ। ইহাদের রূপ 'যতি' শব্দের ন্যায়।

ত্রিংশৎ, চত্বারিংশৎ ইত্যাদি ত্-কারান্ত ও স্ত্রীলিঙ্গ। ইহাদের রূপ 'ভূভৃৎ' শব্দের ন্যায়।

শত, সহস্র প্রভৃতি শব্দ অকারান্ত ও ক্লীবলিঙ্গ। ইহাদের রূপ 'ফল' শব্দের ন্যায়।

বিংশতি এবং তাহার পরবর্তী সংখ্যাবাচক শব্দগুলি সর্বদা একবচনে প্রযুক্ত হয়।

পূরণবাচক শব্দ

১২৬. যে-শব্দ সংখ্যার ক্রম বুঝায় তাহাকে পূরণবাচক শব্দ বলে। যথা—প্রথম, দ্বিতীয় ইত্যাদি।

ইহারা বিশেষণের ন্যায় ব্যবহৃত হয়। পুংলিঙ্গে অ-কারান্ত বলিয়া ইহাদের রূপ 'নর' শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে 'ফল' শব্দের ন্যায়।

স্ত্রীলিঙ্গে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শব্দে আ-যোগে 'লতা' শব্দের ন্যায় এবং চতুর্থ, পঞ্চম ইত্যাদি এবং বিংশ বিংশতিতম ইত্যাদি শব্দে ঈ-কার যোগে 'নদী' শব্দের ন্যায় রূপ করিতে হয়।

অনুশীলনী

১. 'দ্বি', 'ত্রি', 'চতুর' শব্দের তিন লিঙ্গেই পূর্ণরূপ লিখ এবং 'পঞ্চ', 'ষট্', 'সপ্তন্' ও 'অষ্টন্' শব্দের ১মা ও ৭মী বিভক্তির রূপ লিখ।

২. সংখ্যাবাচক শব্দদ্বারা শূন্যস্থান পূরণ কর :

— ফলানি। — পুত্রাঃ, — কন্যাশ্চ। — বালকান্ পশ্যামি। — বালকেষু কশ্চতুরতমঃ ? — বালিকাসু কা মালতী ?

৩. সংস্কৃতে অনুবাদ কর :

তাহার তিন পুত্র ও দুই কন্যা আছে। সাতদিনের সমাহারের নাম সপ্তাহ। এই চিত্রে আটটি বর্ণ আছে। কারক ছয় প্রকার। মাসে ত্রিশ দিন। এই মাসের দ্বাদশ দিনে আসিও। দশ বৎসর অতীত হইয়াছে।

এক শত বালক প্রতিযোগী। এক সহস্র লোক সভায় উপস্থিত। কয়জন বালক সেখানে ছিল?

৪. অশুদ্ধি সংশোধন কর :

ত্রয়ঃ পুস্তকানি অত্র সন্তি। কতয়ঃ নরাঃ আগচ্ছন্? পঞ্চাঃ নরাঃ আগতাঃ। চত্বারঃ বালকান্ পশ্যামি। অত্র শতানি ফলানি সন্তি। সহস্রাঃ নরাঃ অত্র তিষ্ঠন্তি।

৫. পাঁচটি পূরণবাচক বিশেষণ দ্বারা পাঁচটি বাক্য রচনা কর।

তৃতীয় পরিচ্ছেদ

অব্যয়

[INDECLINABLES]

'ব্যয়' কথাটির অর্থ পরিবর্তন বা রূপান্তর।

যাহার 'ব্যয়' বা পরিবর্তন নাই তাহাই অব্যয়।

কাতন্ত্র বা কলাপ ব্যাকরণে প্রদত্ত অব্যয়ের সংজ্ঞাটিই সমধিক প্রচলিত :

সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্বেষু যন্ন ব্যেতি তদ্ অব্যয়ম্॥

১২৭. তিন লিঙ্গ, সকল বিভক্তি এবং সকল বচনে যাহার কোন রূপান্তর হয় না তাহাই অব্যয়।

অব্যয়ের উত্তর সমুদয় বিভক্তির লোপ হয়। সুতরাং সকল বিভক্তিতেই অব্যয়ের একই রূপ।[১]

১২৮. প্র, পরা, অপ, সম্, অনু, অব্, নির্, দুর্, অভি, বি, অধি, সু, উৎ, অতি, নি, প্রতি, পরি, অপি, উপ, আ—এই কুড়িটি উপসর্গও অব্যয়। উপসর্গগুলি ধাতুর পূর্বে ব্যবহৃত হইয়া ধাত্বর্থের পরিবর্তন সাধন করে।

যেমন, আহারঃ, বিহারঃ, সংহারঃ, উদ্ধারঃ ইত্যাদি শব্দ 'হৃ' ধাতু হইতে জাত হইলেও বিভিন্ন উপসর্গ পূর্বে যুক্ত হওয়ায় শব্দগুলি বিভিন্ন অর্থ বহন করিতেছে। প্র, পরা প্রভৃতি কুড়িটি প্রকৃত পক্ষে অব্যয়—ক্রিয়ার সঙ্গে যুক্ত হইলেই ইহাদের নাম হয় উপসর্গ—'উপসর্গাঃ ক্রিয়াযোগে'। সা গৃহং প্রবিশতি ; গৃহম্ আগচ্ছতু ভবান্—এই দুইটি বাক্যে 'প্র' এবং 'আ' উপসর্গ।

অব্যয় শব্দ অজস্র। বহু ব্যবহৃত কতকগুলি অব্যয় শব্দের অর্থ ও বাক্যে প্রয়োগ প্রদত্ত হইল।

১. কেবল প্রয়োগের সময় অব্যয়ের র্ ও স্ স্থানে ':' (বিসর্গ) হয়। যেমন, 'প্রাতর্' স্থলে 'প্রাতঃ', 'নমস্' স্থলে 'নমঃ'।

অব্যয়ের প্রয়োগ

অচিরম্

(শীঘ্রই—soon, in no time)

অচিরম্ তত্র গমিষ্যামি (শীঘ্রই সেখানে যাইব)।

অতঃ

(এইজন্য—so, therefore)

ক্লান্তোঽহম্, অতঃ বিশ্রামং করিষ্যে (আমি ক্লান্ত, এইজন্য বিশ্রাম করিব)।

অতীব

(অত্যন্ত, অতিশয়, খুব—very, very much)

অতীব প্রীতোঽহম্ (আমি অত্যন্ত প্রীত)।

অত্র

(এখানে—here, here in)

ক্ষণমত্র তিষ্ঠ (ক্ষণকাল এখানে থাকো)।

অথ

(তাহার পর, then), (যদি—if, per chance)

অথ সর্বে গৃহং গতাঃ (তারপর সকলে গৃহে গেল)।

অথ কিম্

(হাঁ)

কিম্ বৈদেশিকোঽয়ম্? অথ কিম্। —ইনি কি বিদেশী? হাঁ।

অদ্য

(আজ)

অদ্য দিবসো বর্ষণমুখরঃ (আজ দিনটি বর্ষণমুখর।)

'অদ্য ভক্ষ্যো ধনুর্গুণঃ' (আজ ধনুকের ছিলাটিই খাওয়া যাক)।

অধঃ, অধস্তাৎ

(নিম্নে—under, below)

বৃক্ষস্য অধঃ (অধস্তাৎ) বর্তকস্তিষ্ঠতি (গাছের নিচে একটি বর্তক পক্ষী আছে)।

অধুনা

(এখন—now, at present)

অধুনা গৃহং গমিষ্যামি (এখন বাড়ি যাইব)।

অধুনা ময়া তবানুচরেণ সর্বথা ভবিতব্যম্ (এখন আমি সর্বতোভাবে তোমার অনুচর হইয়া থাকিব)।

অন্তরা

(মধ্যে, মাঝখানে—between, in between)

হরিং রামঞ্চ অন্তরা কলহঃ (হরি ও রামের মধ্যে কলহ)।

তম্ মাম্ চ অন্তরা উপবিশ (তাহার ও আমার মাঝখানে আসন গ্রহণ কর)।

অন্তরেণ

(ছাড়া, ব্যতীত—without, except)

জ্ঞানমন্তরেণ কুতঃ সুখম্? (জ্ঞান ব্যতীত সুখ কোথায়?)

রামম্ অন্তরেণ সর্বে আগতাঃ (রাম ব্যতীত আর সবাই আসিয়াছে)।

['অন্তরা' ও 'অন্তরেণ' শব্দ যোগে দ্বিতীয়া বিভক্তি হয়]।

অপি

(১. ও—also ২. প্রশ্নসূচক ৩. সংশয়বাচক)

১. অহমপি গমিষ্যামি (আমিও যাইব)।

২. অপি কুশলী ভবান্? (ভাল আছেন তো)?

অপি তপো বর্ধতে? (তপস্যার কুশল তো)?

৩. অপি চৌরো ভবেৎ (যদি চোর হয় বা চোর নয়তো?)।

অপি চ

(তাহা ছাড়াও, অধিকন্তু—moreover)

সঃ মেধাবী ছাত্রস্তথা সুলেখকঃ, অপি চ ক্রীড়াকুশলঃ (সে মেধাবী ছাত্র এবং সুলেখক, আবার ক্রীড়াকুশলও)।

অলম্

[১. নিষেধার্থক ২. সমর্থার্থক]

১. অলম্ গমনেন বা অলং গত্বা (যাইও না)।

২. অলমসৌ পর্বতারোহণায় (সে পর্বতারোহণে সমর্থ)

নিষেধার্থে অলং যোগে ৩য়া, সমর্থার্থে ৪র্থী

অহ্নায়

(তন্মুহূর্তে, তৎক্ষণাৎ—instantly, at once)

অহ্নায় নৃপঃ যুদ্ধযাত্রামকরোৎ (সেই মুহূর্তেই রাজা যুদ্ধযাত্রা করিলেন)।

আরাৎ

(১. নিকটে—near ২. দূরে—far off)

গ্রামাদারাৎ বসামি (গ্রামের নিকটেই বাস করি)।

প্লাবনভয়াৎ সরিতঃ আরাৎ বসতিং করোতি (বন্যার ভয়ে নদী হইতে দূরে বসতি স্থাপন করে)।

ইতি

১. এই বলিয়া বা এই নামে—named, ২. এইরূপে—so, in this manner, ৩. তাই, এইজন্য—so, therefore), ৪. এই—this।

১. উজ্জয়িনীতি নগরী আসীৎ (উজ্জয়িনী নামে নগরী ছিল)।

দশরথ ইতি রাজাসীৎ (দশরথ নামে রাজা ছিলেন)।

২. ইত্যেবমাগতোঽস্মি (এইরূপে আসিয়াছি)।

৩. ন জানে ইত্যহং পৃচ্ছামি (জানি না, তাই জিজ্ঞাসা করিতেছি)।

বৈদেশিকোঽহমিতি পৃচ্ছামি

(আমি বিদেশী, তাই জিজ্ঞাসা করিতেছি।)

৪. ইত্যর্থঃ (এই অর্থ)

ইত্যুক্ত্বা গতঃ (এই বলিয়া চলিয়া গেল)।

ইত্থম্

(এইরূপে—thus)

স ইত্থম ইদম কৃতবান (সে এইরূপে ইহা করিয়াছিল)।

ইদানীং

(এখন—now, at present)

ইদানীং দ্রব্যম্ মহার্ঘম্ (এখন জিনিসের দাম বেশি)।

ক ইদানীং মহারাজঃ ?

(মহারাজ এখন কোথায় ?)

ইব

(১. যেমন—as, ২. যেন—as if, as it were)

১. কমলমিব সুন্দরং মুখম্ (পদ্মের ন্যায় সুন্দর মুখ)।

চন্দ্রঃ গগনস্য দীপ ইব প্রতিভাতি (চন্দ্র আকাশের দীপের ন্যায় শোভা পায়)।

২. 'গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্মমাচরেৎ'

(মৃত্যু যেন কেশ আকর্ষণ করিয়াছে এইরূপ মনে করিয়া ধর্ম আচরণ করিবে।)

ইহ

(১. এখানে—here, ২. এই পৃথিবীতে)

১. ইহাগচ্ছ (এখানে এসো)।

২. সর্বমিহ নশ্বরম্ (পৃথিবীতে সবই নশ্বর)।

উচ্চৈঃ

(উচ্চকৈঃ) (উচ্চকণ্ঠে—aloud)

স উচ্চৈঃ (উচ্চকৈঃ) হসতি (সে উচ্চকণ্ঠে হাসিতেছে)।

উপরি

(উপরে—over, above, upon)

জলস্যোপরি নৌকা (জলের উপরে নৌকা)।

ঋতে

(ব্যতীত—without)

জ্ঞানাদ্ (জ্ঞানম্) ঋতে সুখং নাস্তি (জ্ঞান ব্যতীত সুখ নাই)।

ঋতে সমুদ্রাদন্যঃ কো বিভর্তি বাড়বানলম্? (সমুদ্র ব্যতীত বাড়বাগ্নি আর অপর কে ধারণ করিবে?)

['ঋতে' শব্দের যোগে দ্বিতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়।]

এব

(১. -ই—alone, only, ২. অবশ্যই—surely)

ত্বমেব মে বন্ধুর্নান্যঃ কশ্চিৎ (তুমিই আমার বন্ধু, অপর কেহ নহে।)

'ত্বমেব জানাসি যথাহমস্য গৃহরক্ষাং করোমি' (তুমিই জানো কিরূপে আমি ইহার গৃহরক্ষা করি।)

কিং ত্বমধুনা গৃহং গমিষ্যসি?—গমিষ্যামি এব। (তুমি কি এখন গৃহে যাইবে?—অবশ্যই যাইব।)

এবম্

(এইরূপে—thus)

ক্ষণশঃ বিদ্যামাহর, এবম্ জ্ঞানং বর্ধতে (প্রতিক্ষণে বিদ্যা আহরণ কর, এইরূপে জ্ঞান বৃদ্ধি পায়)।

'এবং বিশ্বাস্য স মার্জারঃ তরুকোটরে স্থিতঃ' (এইরূপে বিশ্বাস উৎপাদন করিয়া বিড়াল বৃক্ষের কোটরে রহিল)।

কচ্চিৎ

(প্রশ্ন জিজ্ঞাসায়—in asking questions)

কচ্চিৎ কুশলী ভবান্? (ভাল আছেন তো?)

কথম্

(১. কেন—why, ২. কিরূপে—how, in what way)

১. কথং ক্রন্দসি? (কাঁদিতেছ কেন?)

'কথং মারাত্মকে ত্বয়ি বিশ্বাসঃ?' (তুমি মারাত্মক, কিরূপে তোমাকে বিশ্বাস করি?)

২. কথম্ সূচিভেদ্যেঽস্মিন্নন্ধকারে সমাগতোঽসি? (কিরূপে সূচিভেদ্য এই অন্ধকারে আসিলে?)

কদা

(কখন—when)

কদা গমিষ্যসি ? (কখন যাইবে ?)

কিম্

(১. কি—what, ২. প্রশ্ন করিতে—in asking questions)

১. কিম্ করোষি ? (কি করিতেছ ?)

'লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি ?' (যাহার চক্ষু নাই, দর্পণ তাহার কি করিবে ?)

২. কিম্ তত্র গমিষ্যসি ? (সেখানে কি যাইবে ?)।

'মণিনা ভূষিতঃ সর্পঃ কিমসৌ ন ভয়ংকরঃ ?' (সর্প মণি দ্বারা ভূষিত হইলেও সে কি ভয়ঙ্কর নহে ?)

কিমু (প্রশ্নে বা অবধারণে)

'নির্বাণদীপে কিমু তৈলদানম্ ?' (যে প্রদীপ নিভিয়া গিয়াছে উহাতে তেল দিয়া আর কি হইবে ?)

'একৈকমপ্যনর্থায় কিমু যত্র চতুষ্টয়ম্ ?' (এক-একটিই যেখানে অনর্থ ঘটায় সেখানে চারিটিই বিদ্যমান থাকিলে কি বা না হইবে ?)৷

কিল

(নিশ্চয়ই—verily, indeed, এইরূপ জনশ্রুতি যে—
to denote tradition).

'অনন্তপারং কিল শব্দশাস্ত্রম্' (শব্দশাস্ত্র অসীম এইরূপ জনশ্রুতি)।

কুতঃ

(১. কোথা হইতে—whence, ২. কোথায়—where)

১. 'কুতস্ত্বং বিলম্বাদাগতোঽসি ?' (কোথা হইতে এত দেরি করিয়া আসিলে ?)

২. 'আয়ুর্যাতি দিনে দিনে, নরাণাং কুশলং কুতঃ ?' (দিন দিন আয়ু কমিতেছে, মানুষের আর কুশল কোথায় ?)

কুত্র

(কোথায়—where)

কুত্র বসসি ? (কোথায় থাকো ?)

কুত্রাপি

(কোথাও—somewhere, anywhere)

ঈদৃং কুত্রাপি ন দৃশ্যতে (ইহা কোথাও দেখা যায় না)।

কৃতম্ (নিষেধার্থক অব্যয়)

কৃতম্ বিবাদেন (বিবাদ করিও না)।

কৃতে

(কোন কিছুর স্বার্থে বা কোন কিছুর জন্য—for the sake of)

দেশস্য কৃতে সর্বং ত্যজ (দেশের জন্য সব ত্যাগ কর)।

অল্পস্য কৃতে বহু মা ত্যজ (অল্পের জন্য বহুকে ত্যাগ কর না)।

কেবলম্

(কেবল, শুধু—only, merely)

নাহারং গৃহ্লাতি, কেবলং ক্রন্দতি (আহার গ্রহণ করে না, কেবল কাঁদে)।

হরের্নামৈব কেবলম্ (শুধু হরিনামই সার করা উচিত)।

ক্ব

(কোথায়—where)

ক্ব গচ্ছসি ? (কোথায় যাইতেছ ?)

দুইবার প্রযুক্ত হইলে প্রবল পার্থক্য বুঝায়।

'ক্ব সূর্যপ্রভবঃ বংশঃ ক্ব চাল্পবিষয়া মতিঃ' (কোথায় সূর্যবংশ আর কোথায় অল্পবুদ্ধি আমি)!

ক্বচিৎ

(কোথাও—in some place, somewhere)

ক্বচিৎ কৃষ্ণঃ, ক্বচিৎ ধবলঃ (কোথাও কালো, কোথায় বা সাদা)।

খলু

(১. নিশ্চয়—indeed, certainly, ২. নিষেধার্থে)

১. ত্বং খলু কৃতী (তুমিই কৃতী)।

২. খলু গত্বা (যাইও না)।

চ

(ও, এবং—and, also)

রামঃ শ্যামশ্চ হসতঃ (রাম ও শ্যাম হাসিতেছে)।

চিরম্

(১. অনেকক্ষণ, দীর্ঘকাল—long, for a long time, ২. চিরকালের জন্য—for ever.)

১. চিরম্ বৃষ্টির্ভবতি (অনেকক্ষণ ধরিয়া বৃষ্টি পড়িতেছে)।

চিরং জীব (দীর্ঘকাল জীবিত থাক)।

২. ন চিরম্ তিষ্ঠতি কিঞ্চিৎ (চিরকাল কিছু থাকে না)।

[চিরম্ স্থলে চিরেণ, চিরায, চিরাৎ, চিরস্য ইত্যাদি অব্যয়ও একই অর্থে ব্যবহৃত হইতে পারে।]

চেৎ

(যদি—if)

ময়া সহ গচ্ছসি চেৎ, ক্ষণমপেক্ষস্ব (আমার সহিত যদি যাইতে চাও, ক্ষণকাল অপেক্ষা কর)।

['চেৎ' বাক্যের প্রথমে ব্যবহৃত হয় না।]

জাতু

(কখনও—ever)

(ন জাতু—কখনও না, never)

ন জাতু নিম্বঃ মধুরায়তে (নিম্বফল কখন মধুর হয় না)।

জোষম্

(নিঃশব্দে, নীরবে—silently)

সর্বে জোষম তিষ্ঠন্তি (সবাই নীরবে আছে)।

ঝটিতি

(এখনই, তৎক্ষণাৎ—immediately, at once)

ঝটিতি গৃহং প্রবিশ।

তৎ

(তাই, সেইজন্য—so, therefore)

অসুস্থোঽহম্, অদ্য বিদ্যালয়ং ন গমিষ্যামি (আমি অসুস্থ, তাই আজ বিদ্যালয়ে যাইব না)।

ততঃ

(১. তাহার পর—then ; ২. সেইদিকে, সেখানে বা সেখান হইতে)

১. ততোঽসৌ গৃহং গতঃ (তাহার পর সে বাড়ি গেল)। সাগ্রহ প্রশ্নে : (দ্বিরুক্তি) : ততস্ততঃ ? (তারপর ? তারপর ?)

২. যতো ধর্মস্ততঃ সুখম্ (যেখানে ধর্ম সেখানেই সুখ)।

তত্র

(সেখানে—there)

তত্র গচ্ছ (সেখানে যাও)

'দর্দুরা যত্র বক্তারস্তত্র মৌনং হি শোভনম্' (ভেকেরা যেখানে বক্তা সেখানে মৌনই শোভন)।

তথা

(সেইরূপে বা সেইভাবে—so, likewise)

'যথা নিযুক্তোঽস্মি তথা করোমি' (যেরূপে নিযুক্ত আছি সেইরূপই করিব)।

তথাপি

(তবুও—Yet, still, however)

বর্ষণং প্রবলমাসীৎ, তথাপি কার্যবশাৎ গৃহাদ্ বহিরগচ্ছম্ (প্রবল বৃষ্টি ছিল, তবুও কার্যবশত গৃহের বাহিরে গিয়াছিলাম)।

ন, নো

(না, নয়—Not)

তদ্গতং কিঞ্চিদপি ন জানামি (তাহার বিষয়ে কিছুই জানি না)।

'ন মানুষাৎ শ্রেষ্ঠতরং হি কিঞ্চিৎ' (মানুষ হইতে শ্রেষ্ঠ কিছুই নাই)।

গানাৎ পরতরং নো হি (গানের চেয়ে বড় আর কিছুই নাই)।

'অস্মাকং যানি সুচরিতানি তানি ত্বয়োপাস্যানি, নো ইতরাণি' (আমাদের যেগুলি সুচরিত তুমি শুধু সেগুলির উপাসনা করিবে, অপর কিছুর নহে)।

নক্তম্

(রাত্রিতে—at night)

নক্তং দীপ্যন্তি তারকাঃ (রাত্রে তারকারা দীপ্যমান হয়)।

ননু

(প্রশ্ন, অবধারণ, অনুজ্ঞা, অনুনয়, ইত্যাদি বুঝাইতে বাক্যের আদিতে প্রযুক্ত)

প্রশ্নে : ননু অদ্যৈব যামি ? (আজই যাইতেছি ?)

অবধারণে : ননু, ত্বমেব ইদমবদঃ (তুমিই তো একথা বলিয়াছ)।

অনুজ্ঞায় : ননু, অদ্যৈব গচ্ছ (আজই যাও)।

অনুনয়ে : ননু, ক্ষুদ্রমুপহারমিমং গৃহ্ণাতু ভবান্ (দয়া করিয়া ক্ষুদ্র উপহারটুকু গ্রহণ করুন)।

নমঃ

(নমস্কার—salutation)

নমঃ শিবায় (শিবকে নমস্কার)।

নানা

(বিনা—without)

নানা জ্ঞানং বৃথা জীবনম্ (জ্ঞান বিনা জীবন বৃথা)।

নাম

(১. নামে—by name, ২. অবধারণে)

১. আসীৎ কাঞ্চী নাম নগরী (কাঞ্চীনামে নগরী ছিল)।

২. 'ন খলু ধীমতাং কশ্চিদবিষয়ো নাম' (যাহারা ধীমান তাঁহাদের বুদ্ধির অগোচর কিছু নাই, ইহা নিশ্চিত)।

'বিনীতবেশেন প্রবেষ্টব্যানি তপোবনানি নাম' (বিনীত বেশে তপোবনে প্রবেশ করিতে হয়, ইহা তো সকলেরই জানা কথা)।

নিকষা

(নিকটে—Near)

গৃহং নিকষা উদ্যানম্ (বাড়ির নিকটেই উদ্যান)—'নিকষা' শব্দযোগে দ্বিতীয়া বিভক্তি হয়।

নীচৈঃ

(নীচে, নীচের দিকে—downwards)

নীচৈঃ পশ্য (নীচের দিকে তাকাও)।

'নীচৈ র্গচ্ছত্যুপরিচ দশা চক্রনেমিক্রমেণ' (চক্রনেমির ন্যায় মানুষের ভাগ্য একবার নীচে যায় একবার উপরে যায়)।

নু

(সংশয় বা সন্দেহ বা সন্দিগ্ধ প্রশ্ন বুঝাইতে)

কিং নু রামস্তম্ ? (তুমি কি রাম ?)

'স্বপ্নো নু মায়া নু মতিভ্রমো নু' ! (এ কি স্বপ্ন, না মায়া, না মতিভ্রম।)

নূনম্

(অবশ্যই—certainly)

নূনং ত্বম্ ইদং জানাসি (তুমি নিশ্চয় ইহা জানো)।

'খলঃ করোতি দুর্বৃত্তম্ নূনং ফলতি সাধুষু' (খল ব্যক্তি কুকর্ম করেতাহার ফল কিন্তু অবশ্যই আসিয়া পড়ে সাধুদের উপর)।

নোচেৎ

(নতুবা, বা—otherwise, if not)

'দূরমপসর নোচেৎ হন্তব্যোঽসি' (দূর হও নতুবা বধ করিব)।

পরম্

(১. অতিশয়—greatly, seriously ; ২. কিন্তু—but)

১. সঃ পরং হৃষ্টঃ (সে অতিশয় আনন্দিত)।

২. স দরিদ্রঃ, পরং সজ্জনঃ (সে দরিদ্র কিন্তু সজ্জন)।

পরিতঃ

(চতুর্দিকে—around)

গৃহং পরিতো বৃক্ষাঃ (বাড়ির চতুর্দিকে গাছ)।

পুনঃ

(১. পুনরায়—again ; ২. কিন্তু—however)

১. পুনর্মূষিকো ভব (আবার মূষিক হও)।

২. স ক্রোশং চলিতঃ, ন পুনঃ ক্লান্তঃ (সে একক্রোশ পথ চলিয়াছে, তবে ক্লান্ত হয় নাই)।

কিং পুনঃ (সেকথা আর বলিতে—not to speak of)

ঋষিপ্রভাবাৎ ন যমোঽপি মাং প্রহর্ত্তুং শক্নোতি কিং পুনঃ অন্যহিংস্রাঃ (ঋষিপ্রভাবে যমও আমাকে প্রহার করিতে সমর্থ নহেন, অন্য হিংস্র প্রাণীর তো কথাই নাই)।

পুরা

(পুরাকালে, প্রাচীনকালে—in ancient times)

আসীৎ পুরা মিথিলায়াং জনকো নাম নৃপতিঃ (পুরাকালে মিথিলায় জনক নামে রাজা ছিল)।

পৃথক্

(পৃথক্—different, পৃথকরূপে—differently)

ইদম্ তস্মাৎ পৃথক্ (ইহা উহা হইতে পৃথক)।

মিশ্রিতমপি জলে তৈলং পৃথক্ তিষ্ঠতি (জলে তৈল মিশ্রিত করিলেও ইহা পৃথকরূপে থাকে)।

প্রভৃতি

(হইতে—since, from)

বাল্যাৎ প্রভৃতি এষ ভৃত্যঃ মদ্গৃহে তিষ্ঠতি (বাল্য হইতেই এই ভৃত্যটি আমার গৃহে আছে)।

প্রসহ্য

(বলপূর্বক—forcibly)

'প্রসহ্য সিংহঃ কিল তাং চকর্ষ' (সিংহ বলপূর্বক তাহাকে আকর্ষণ করিল)।

প্রাক্

(পূর্বে—before, previously)

স সূর্যোদয়াৎ প্রাক্ গঙ্গায়াং স্নাতি (সে সূর্যোদয়ের পূর্বে গঙ্গায় স্নান করে)।

'প্রাগেব যৌবনদশায়ামহমতিদুর্বৃত্ত আসম্'—(পূর্বে যৌবনকালে আমি অতিশয় দুর্বৃত্ত ছিলাম)।

প্রাতঃ

(প্রভাতে—in the morning)

স প্রাতরুত্থায় নদীতটে ভ্রমতি (সে প্রভাতে উঠিয়া নদীতটে ভ্রমণ করে)।

প্রায়ঃ (প্রায়েণ)

(প্রায়ই—often, প্রধানতঃ—mostly)

১. 'প্রায়ঃ প্রত্যয়মাধত্তে স্বগুণেষূত্তমাদরঃ' (প্রায়শই উত্তম ব্যক্তিদের আদর নিজগুণের প্রতি প্রত্যয় জন্মাইয়া দেয়)।

'প্রায়ঃ ক্ষোভাৎ স্বমহিমানং প্রতিপদ্যতে হি জন্তুঃ' (প্রায়শই মানুষ কোন ক্ষোভ হইতে স্বমহিমা উপলব্ধি করে)।

২. ভারতবাসিনঃ প্রায়েণ কৃষিজীবিনঃ (ভারতবাসীরা প্রধানতঃ কৃষিজীবী)।

ভৃশম্

(অত্যন্ত—very, very much)

সা বালিকা ভৃশং রোদিতি (বালিকাটি খুব কাঁদিতেছে)।

ভোঃ

(ওহে, হে—hallo—সম্বোধনে)

ভোঃ, কস্ত্বং ভোঃ (ওহে তুমি কে)।

ভোঃ ভোঃ পান্থাঃ শৃণুত (ওহে পথিকগণ, শোনো)।

মা

(নিষেধার্থক অব্যয়—do not)

'মা কুরু ধনজনযৌবনগর্বম্' (ধন জন ও যৌবনের গর্ব করিও না)।

'মা ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্' (অপ্রিয় সত্য বলিবে না)।

মিথঃ

(১. পরস্পর—each other, together ; ২. গোপনে—secretly)

১. তে মিথো জল্পন্তৌ মার্গে প্রচলিতৌ (তাহারা পরস্পর গল্প করিতে করিতে পথ চলিতেছে)।

২. অথ তে সমেত্য মিথঃ মন্ত্রয়াঞ্চক্রুঃ (তাহার পর তাহারা মিলিত হইয়া গোপনে পরামর্শ করিল)

মিথ্যা (মৃষা)

(মিথ্যা—a lie)

ন খলু মিথ্যা ব্রবীমি (আমি মিথ্যা কথা বলিতেছি না)।

'ন হি প্রিয়ং প্রবক্তুমিচ্ছন্তি মৃষা হিতৈষিণঃ'—(হিতৈষীরা প্রিয়জনকে মিথ্যা বলিতে চান না)।

মুধা

(বৃথা—vain, to no purpose)

মুধা চেষ্টিতোঽসি, এতন্ন প্রাপ্যম্ (বৃথা চেষ্টা করিতেছ, ইহা পাইবার নহে)।

যত্র

(যেখানে—where)

যত্র সাধনং তত্রৈব ধনম্ (যেখানে সাধনা, সেখানেই সম্পদ)।

যথা

(যেমন—as)

যথা কর্ম তথা ফলম্ (যেমন কর্ম, তেমনি ফল)।

যথা বদসি তথা করোমি (তুমি যেমন বলিবে, আমি সেইরূপই করিব)।

যদা

(যখন—when)

যদা ধনং তদা মিত্রম্ (যখন সম্পৎ, তখনই বন্ধু)।

'যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত
অভ্যুত্থানমধর্মস্য তদাত্মানং সৃজাম্যহম্।'

(যখনই ধর্মের গ্লানি হয়, এবং অধর্মের অভ্যুত্থান হয়, তখনই আমি নিজেকে সৃষ্টি করি)।

যদি

(যদি—if)

যদি সাফল্যমিচ্ছসি শ্রমং কুরু (যদি সাফল্য চাও পরিশ্রম করো)।

'যত্নে কৃতে যদি ন সিধ্যতি কোঽত্র দোষঃ'? (যত্ন করিয়াও যদি সাফল্য না আসে, তাহাতে দোষ কি?)।

যদ্যপি

(যদিও—although)

যদ্যপ্যহং দরিদ্রঃ তথাপি অধমং ন যাচে (যদিও আমি দরিদ্র তবু অধমের নিকট কিছু চাহি না)।

যাবৎ

(১. যতক্ষণ—as long as ; ২. পর্যন্ত—up to)

১. 'তাবদ্ধি শোভতে মূর্খঃ যাবৎ কিঞ্চিন্ন ভাষতে' (মূর্খের ততক্ষণই শোভা যতক্ষণ নির্বাক)। ২. নদীং যাবৎ গচ্ছ (নদী পর্যন্ত যাও)।

বরম্

(বরং—better)

ধনাৎ বিদ্যা বরম্ (ধন হইতে বিদ্যা শ্রেয়)।

বরম্ অনশনম্, ন পুনঃ যাচনম্ (বরং অনশন ভাল, তবু যাচ্ঞা নয়)।

বিনা

(ব্যতীত—without)

'বিনা বিধুরদর্শনং স্বামিনোঽনুজীবিষু মন্দাদরা ভবন্তি' (বিপদ্দর্শন বিনা প্রভুরা ভৃত্যদিগের প্রতি মন্দাদর হন)।

শনৈঃ

(ধীরে ধীরে—slowly, gradually)

সর্পঃ শনৈরাগচ্ছতি (সর্পটি ধীরে ধীরে আসিতেছে)।

'শনৈঃ পন্থাঃ শনৈঃ কন্থা শনৈঃ পর্বতলঙ্ঘনম্' (পথ পরিক্রমা, কাঁথা সেলাই, এবং পর্বত লঙ্ঘন দ্রুত সাধিত হয় না, হয় ক্রমে ক্রমে বা ধীবে ধীরে)।

শ্বঃ

(আগামী কাল—tomorrow)

'বরমদ্য কপোতঃ ন শ্বো ময়ূরঃ' (অদ্য কপোতটি বরং ভাল, কালকে ময়ূরটিও নয়)।

সকৃৎ

(একবার—once)

স দিনে সকৃৎ খাদতি (সে দিনে একবার খায়)।

সদ্যঃ

(সদ্য, এখনই—just now)

সদ্যঃ স আগতঃ (সে এইমাত্র আসিয়াছে)।

'সদ্যঃ এব সুকৃতাং হি পচ্যতে
কল্পবৃক্ষফলধর্মি কাঙ্ক্ষিতম্।'

(যাহাদের সুকৃতি আছে তাহাদের অভীষ্ট কল্পবৃক্ষফলের ন্যায় পবিণতি লাভ করে)।

সপদি

(সদ্য, তৎক্ষণাৎ, এখনই—just now, at once)

সপদি গৃহং গচ্ছ (এখনই বাড়ি যাও)।

বাণাহতঃ ক্রৌঞ্চঃ সপদি ভূমৌ পপাত (বাণাহত হইয়া ক্রৌঞ্চ তৎক্ষণাৎ ভূমিতে পড়িয়া গেল)।

সহ

(সার্ধং, সমং, সাকম্, সহিত—with)

ত্বয়া সহ কো গমিষ্যতি ? (তোমার সহিত কে যাইবে) ?

স্থানে

(ইহা ঠিকই হইয়াছে যে—it is quite proper that)

স্থানে ত্বং যথাশক্তি চেষ্টিতবান্ (যথাশক্তি চেষ্টা করিয়া তুমি ঠিকই করিয়াছ)।

স্ম

(লট্-এর সহিত 'স্ম' যোগ করিলে অতীত কাল বুঝায়)

স গৃহং গচ্ছতি স্ম (সে গৃহে যাইতেছিল)।

হি

(১. অবধারণে ; ২. কারণ—because)

১. ভিন্নরুচির্হি লোকঃ (মানুষের রুচি যে বিভিন্ন সে বিষয়ে সন্দেহ নাই)।

২. ত্বামেব যাচে, ত্বং হি মে শরণম্ (তোমার নিকটেই চাহিতেছি, কারণ তুমিই আমার একমাত্র আশ্রয়)।

('হি' বাক্যের প্রথমে প্রযুক্ত হয় না।)

হ্যঃ

(গতকল্য—yesterdey)

হ্যস্ত্বং কুত্র গতবান্ ? (গতকল্য তুমি কোথায় গিয়াছিলে ?)

অনুবাদ

মাধব বা যাদব আসুক—মাধবো যাদবো **বা** আগচ্ছতু। সফল প্রয়াস বরং ভাল, তবু নিষ্ক্রিয়তা নয়—**বরং** নিষ্ফলঃ প্রয়াসঃ **ন পুনঃ** নিষ্ক্রিয়তা। সকাল হইতে তুমি কাহার জন্য অপেক্ষা করিতেছ ?—**প্রাতঃ প্রভৃতি** কস্মৈ প্রতীক্ষসে ? বন্ধু ছাড়া জীবন যেন শূন্য—**বিনা** মিত্রং শূন্যং **হি** জীবনম্। একবার চেষ্টা কর—**সকৃৎ** চেষ্টস্ব। সজ্জনের গুণকীর্তন করিয়াছি, ভালই করিয়াছি—**স্থানে** সজ্জনস্য গুণকীর্তনং কৃতং ময়া। বিষণ্ণ হইও না, সকলের জীবনেই দুঃখ আছে—**মা** বিষাদং গচ্ছ। সর্বেষাং জীবনে**ষ্বেব** দুঃখমস্তি। এখন দ্রব্যমূল্য অতিশয় বৃদ্ধি পাইয়াছে—**ইদানীং** দ্রব্যমূল্যং অতিবৃদ্ধিং গতম। কাহার জন্য সর্বস্ব ত্যাগ করিতেছ—কস্য **কৃতে** সর্বস্বং ত্যজসি ?

এইরূপে বেলা অতিক্রান্ত হইল—**এবমতিক্রান্তা বেলা**। অবিলম্বে সকল কথা তাহাকে জানাও—**অঞ্জসায়** সর্বং তস্মৈ জ্ঞাপয়। আমাকে ভুলিয়া গেলে কিরূপে? **কথং** বিস্মৃতোঽসি মাম্। কৃষ্ণ কংসবধ করিয়াছিলেন বলিয়া শোনা যায়—জঘান কংসং **কিল** বাসুদেবঃ। সম্ভবতঃ অরুণই পারিবে, বরুণ পারিবে না—অরুণঃ **কিল** শক্ষ্যতি, ন বরুণঃ। আপনি নীরব হইয়া আছেন কেন?—**কথং জোষমাস্তে** ভবান্? সৌভাগ্যক্রমে আমরা জয়ী হইয়াছি—**দিষ্ট্যা** বিজয়িনো বয়ম্। হরি, যদু ও মাধব ভ্রমণের জন্য দূরদেশে যাইতেছে—হরিঃ যদুঃ মাধব**শ্চ** ভ্রমণায় দূরদেশং গচ্ছন্তি।

অনুশীলনী

১. অব্যয় কাহাকে বলে? নিম্নলিখিত অব্যয় দ্বারা বাক্য রচনা কর :

অন্তরা, ইহ, এবম্, জাতু, জোষম্, নূনম্, ভৃশম্, প্রসহ্য, মুধা, স্থানে, শ্বঃ, হ্যঃ।

২. শূন্যস্থানে উপযুক্ত অব্যয় বসাও :

—ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্। —গচ্ছসি? স সূর্যোদয়াৎ—উত্তিষ্ঠতি। —অত্র কপোতঃ, ন—ময়ূরঃ। তং সজ্জনঃ—জানামি।

৩. প্রথম সারিতে অব্যয় এবং দ্বিতীয় সারিতে উহাদের অর্থ বিপর্যস্ত ভাবে আছে। উহাদিগকে যথাযথভাবে সন্নিবেশিত কর :

নক্তম্	এইরূপে
সকৃৎ	নিকটে
অধুনা	রাত্রিতে
নিকষা	এখন
ইত্থম	একবার

৪. অশুদ্ধি সংশোধন কর :

স বনস্য আরাৎ বসতি। কুত্রং তিষ্ঠতি ভবান্? পিতুঃ সহ গচ্ছতি পুত্রঃ। পুরায়াং দশরথনামা রাজা আসীৎ। রামশ্চ শ্যামস্তত্র গচ্ছতঃ। গৃহস্য পরিতঃ বৃক্ষাঃ। প্রাতে ভগবন্তং স্মর।

৫. সংস্কৃতে অনুবাদ কর :

অনর্থক কথা বলিও না। আগামী কল্য সে কলিকাতায় আসিবে। সেখানে যাইও না, এখানে থাকো। কেন কাঁদিতেছ? সে অত্যন্ত ক্ষুধার্ত। জীবনে সাফল্য চাহিলে পরিশ্রম কর। সুধা গতকাল বিদ্যালয়ে যায় নাই। সত্য কথা বল, না হইলে শাস্তি দিব। যদিও সে পীড়িত, তবু পরীক্ষা দিবে। একবার চেষ্টা কর, চেষ্টা করিয়াও সফল না হইলে দোষ নাই। নীরোগকে ঔষধ দিয়া কি হইবে? রাম পরীক্ষায় পাশ করিতে পারে নাই, কিন্তু তাহার ভাই পাশ করিয়াছে। অনেক সদস্য অনুপস্থিত, তাই সভা হইবে না।

৬. অব্যয়গুলির প্রয়োগ লক্ষ্য কর এবং উদ্ধৃতিগুলিকে বাংলায় অনুবাদ কর :

'ভাগ্যানি পূর্বতপসা খলু সঞ্চিতানি
কালে ফলন্তি পুরুষস্য যথৈব বৃক্ষাঃ।'
'বীরপুরুষঃ কশ্চিদয়ং নূনম্।'
হিরণ্যকো ব্রূতে, 'মিত্র ক্ব গন্তব্যম্?'
'স এব জ্যোতিষাং জ্যোতিঃ স এব পরমেশ্বরঃ।'
'নমঃ কমলনেত্রায় নমঃ কমলমালিনে।'
'বৃক্ষ ইব স্তব্ধো দিবি তিষ্ঠত্যেকঃ।'
'ন তত্র চক্ষুর্গচ্ছতি ন বাগ্ গচ্ছতি ন মনঃ।'
'ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে।'
'ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।'
'ততঃ স প্রযতো বৃদ্ধো বসিষ্ঠো ব্রাহ্মণৈঃ সহ
রামং রত্নময়ে পীঠে সহসীতং ন্যবেশয়ৎ।'

চতুর্থ পরিচ্ছেদ

ণত্ব ও ষত্ববিধান

(দন্ত্য ন-এর মূর্ধন্য ণ-এ রূপান্তর)

ণত্ববিধান

সংস্কৃতের বিশেষ উচ্চারণের ফলে দন্ত্য ন্ কখনও কখনও মূর্ধন্য ণ্-এ পরিণত হয়। যেমন—

নৃ+ন্+আম্=নৃণাম্। 'নৃণাম্' স্থলে এখানে পূর্ববর্তী 'ঋ'-কারের প্রভাবে 'ন্' ণ-এ পরিণত হইয়াছে।

১২৯. দন্ত্য ন কোন্ কোন্ স্থলে মূর্ধন্য ণ-এ পরিণত হইবে যে-নিয়ম তাহা নির্দেশ করে তাহাকে **ণত্ববিধান** বলে।

১৩০. ঋ ৠ র্ ষ্ এই চারিবর্ণের পর একই পদে দন্ত্য ন্ থাকিলে, উহা মূর্ধন্য ণ্ হয়।[1]

ঋকারের পর : তিসৃণাম্।

ৠকারের পর : পিতৄণাম্।

র্ এর পর : চতুর্ণাম্ [চতুর্ ন্ আম্, ন্>ণ্]

ষ্ এর পর : তৃষ্ণা [তৃ ষ্ ন্ আ ; ন্>ণ্]

নরাণাং মাতুলক্রমঃ।

ভ্রাতৄণাং মঙ্গলং কাম্যম্।

চৌরঃ ধনং মুষ্ণাতি।

শরৎ চন্দ্রশোভাং পুষ্ণাতি।

[ষ্ ণ = ষ্ণ]

১. রষাভ্যাং নো ণঃ সমান পদে। (৮।৪।১)
র্ ও ষ্-এর পর 'ন' ণ হইবে।
ঋবর্ণাচ্চেতি বক্তব্যম্ (বা)
=ঋ বর্ণের পরে ইহাও বক্তব্য।
অর্থাৎ ঋ (ৠ) র্ ও ষ্-এর পর ন্ ণ হয়।

১৩১. (ক) ঋ ৠ র্ ও ষ্-এর পর স্বরবর্ণ ক-বর্গ, প-বর্গ, য্ র্ ব্ হ্ এবং ং ব্যবধান থাকিলেও একপাদ দন্ত্য ন্ মূর্ধন্য ণ্ হয়।[২]

চরণম্ [চর্ অন>ণ ম্, এখানে 'র্'-এর পর 'অ' ব্যবধান আছে।

অর্কেণ (অর্ ক্ এ ন>ণ, এখানে র্-এর পর 'ক্' এবং 'এ'-এর ব্যবধান আছে।

সর্পেণ [সর্ প্ এ ন>ণ, এখানে র-এর পর প্ ও এ আছে।]

লক্ষ্মণঃ [লক্ ষ্ ম্ অ নঃ>ণঃ এখানে 'র্'-এর পর]

রুক্মিণী [র্ উ ক্ ম্ ই ন্>ণ ঈ, এখানে র্-এর পর উ, ক্ ম্ (প-বর্গীয়) এবং ই-স্বর ব্যবধান আছে।]

বৃংহণম্ [ব্ ঋ ং হ্ অ ন্>ণ্ অ ম্, এখানে 'ঋ' কারের পর ং, হ্ এবং অ ব্যবধান আছে।]

ব্রাহ্মণঃ পুত্রেণ আগচ্ছতি।

আর্তত্রাণায় বঃ শস্ত্রম্।

গ্রহাণাম্ স্বালোকো নাস্তি।

(খ) ঋ ৠ, র্ ষ্-এর পর স্বরবর্ণ, ক বর্গ, প বর্গ, ব হ এবং ং ছাড়া অন্য বর্ণ ব্যবধান থাকিলে দন্ত্য ন্ মূর্ধন্য হয় না।

অর্চনা [অ র্ চ্ অ ন্ আ] অর্জনম্ [অ র্ জ্ অ ন্ অ ম্], এ সকল স্থলে র্ এর পর চ বর্গ ব্যবধান আছে বলিয়া দন্ত্য ন্ মূর্ধন্য হইবে না।

(গ) একপদে না হইলে কারণ থাকা সত্ত্বেও মূর্ধন্য হইবে না।

রঘুনন্দনঃ [এখানে রঘু (র্ অ ঘ্ উ) শব্দে র্-এর পর স্বরবর্ণ ও ক-বর্গের ঘ ব্যবধান থাকা সত্ত্বেও, 'রঘুনন্দনঃ' হইবে না, কারণ, 'নন্দন' কথাটি পরপদে আছে।]

এইরূপ, ত্রিনেত্রঃ দুর্নাম প্রভৃতি।

২. অট্কুপ্বাঙ্নুম্ব্যবায়েঽপি (৮।৪।২)

অট্ (স্বরবর্ণ ও হ য্ ব্ র্) কু (ক-বর্গ) পু (প-বর্গ) আঙ্ (আ) নুম্ (ং) ব্যবধান থাকিলেও হয়।

১৩২. পদের অন্তস্থিত দন্ত্য ন্ মূর্ধন্য ণ হয় না।[৩]

নরান্, হরীন্, গুরূন্, ভ্রাতৄন্, বৃষান্।

১৩৩. ণত্বের কারণযুক্ত অ-কারান্ত (প্র, পূর্ব, অপর ইত্যাদি) শব্দের পরবর্তী অহ্ন শব্দের দন্ত্য ন্ মূর্ধন্য ণ্ হয়।[৪]

প্রাহ্ণঃ, পূর্বাহ্ণঃ, অপরাহ্ণঃ।

১৩৪. পর, পার, উত্তর, চান্দ্র, নার ইত্যাদি শব্দের পরবর্তী 'অয়ন' শব্দের দন্ত্য ন্ মূর্ধন্য ণ্ হয়।[৫]

পরায়ণম্, পারায়ণম্, উত্তরায়ণম্, চান্দ্রায়ণম্, নারায়ণঃ, রামায়ণম্।

১৩৫. অগ্র ও গ্রাম শব্দের পরবর্তী 'নী' শব্দের দন্ত্য ন্ মূর্ধন্য ণ্ হয়।

অগ্রণী (নেতা), গ্রামণী (গ্রামের নেতা)।

১৩৬. প্র, পরা, পরি, নির্—এই চারি উপসর্গের ও অন্তর শব্দের পর যদি নম্, নী ইত্যাদি কতকগুলি ধাতু থাকে তাহা হইলে ইহাদের দন্ত্য ন্ মূর্ধন্য ণ্ হয়।[৬]

নম—প্রণমতি, প্রণামঃ, পরিণামঃ, পরিণতিঃ।

নী—প্রণয়তি, প্রণয়ঃ, পরিণয়ঃ, নির্ণয়ঃ।

নু—প্রণবঃ।

অন্—প্রাণঃ।

১৩৭. কতকগুলি শব্দের মূর্ধন্য মৌলিক, অর্থাৎ ইহা 'ন্'-এর বিকারজাত নহে। এইরূপ মূর্ধন্যকে **স্বাভাবিক ণত্ব** বলে।

---

৩. (ন) পদান্তস্য। (৮।৪।৩৭)

৪. অহ্নোঽদন্তাৎ (৮।৪।৭)

৫. পূর্বপদাৎ সংজ্ঞায়ামগঃ (৮।৪।৩)

সংজ্ঞা বুঝাইলে পূর্বপদস্থিত নিমিত্তের পরবর্তী ন্ ণ্ হয়, কিন্তু ব্যবধান থাকিলে হয় না। উপসর্গাৎ বহুলম্।

৬. নদ্, নম্, নশ্, নহ্, নী, নু, নুদ্, অন্, হন্।

উপসর্গাদসমাসেঽপি ণোপদেশস্য।

মনে রাখিবার সুবিধার জন্য এইরূপ শব্দের একটি তালিকা ছন্দে গাঁথিয়া দেওয়া হইল :

মাণবকো বণিক্ স্থাণুঃ কংকণং নিপুণঃ ঘুণ.
কল্যাণং লবণং পুণ্যং তূণো বাণো বাণী গুণঃ।
বেণী বীণা গুণী কোণঃ শোণিতমাপণো মণিঃ
বিপণির্গণিতং পাণির্ঘোণাঽণুঃ নিক্বণঃ ফণী ॥

অনুশীলনী

১. ণত্ব-বিধির মূল নিয়মগুলি উদাহরণসহ আলোচনা কর।

২. স্থূলাক্ষর পদগুলিতে কেন মূর্ধন্য হইল লিখ :

নরাণাং মাতুলক্রমঃ।
ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ।
অরণ্যে বৃংহণং শ্রুতম্।
গুরূণাং পাণ্ডবানাং চ শমঃ স্যাৎ।

৩. 'ন' বা 'ণ' বসাও :

(ক) আপ—ময়ৎ প—্যং ব—িজন্ত—য়স্তদা।

(খ) শক্ত্যা নিপাতিতং দৃষ্ট্বা রাবে— — বলীয়সা।
লক্ষ্ম—ং সমরে শূরং শো—িতৌঘপরিপ্লুতম্ ॥

৪. কারণসহ অশুদ্ধি সংশোধন কর :

(ক) দরিদ্রাণ্ ভর কৌন্তেয়।

(খ) পুন্যাণামর্জণং কুরু।

(গ) অমানিণা মাণদেন কীর্তণীয়ঃ সদা হরিঃ।

৫. স্বাভাবিক ণত্বের কয়েকটি উদাহরণ দাও।

৬. 'ফাল্গুনে গগনে ফেনে ণত্বমিচ্ছন্তি বর্বরাঃ'—এই উক্তিটির তাৎপর্য বুঝাইয়া দাও।

ষত্ববিধান

১৩৮. যে-সমস্ত নিয়ম-অনুসারে দন্ত্য স্ মূর্ধন্য 'ষ' হয় তাহাকে **ষত্ববিধান** বলে।

১৩৯. অ-আ ভিন্ন স্বর, ক্ এবং র্-এর পরস্থিত বিভক্তি বা প্রত্যয়ের স্ মূর্ধন্য ষ হয়।

বিভক্তির স্

মুনিষু [মুনি+সু>ষু] পিতৃষু [পিতৃ+সু>ষু]
নদীষু [নদী+সু>ষু] নরেষু [নরে+সু>ষু]
সাধুষু [সাধু+সু>ষু] দিক্ষু [দিক্+সু>দিক্ষু=দিক্ষু]
বধূষু [বধূ+সু>ষু]

অ-কার ও আ-কারের পর সু>ষু হইবে না। যুবসু, লঘিমসু, লতাসু, কল্যাণীয়াসু।

প্রত্যয়ের স্

জিগীষা [জিগী স্>ষ্ আ] বুভুক্ষা [বুভুক্ স্>ষ্ আ]
মুমূর্ষু [মুমুর্ সু>ষ্ উ]

কিন্তু পিপাসা, জিজ্ঞাসা ইত্যাদি শব্দে স্ প্রত্যয় আ-কারের পর আছে বলিয়া ষ্ হইল না।

১৪০ অ-আ ভিন্ন স্বর, ক্ এবং র্-এব পর অনুস্বার ও বিসর্গের ব্যবধান থাকিলেও স্ ষ্ হয়। হবীংষি, ধনূংষি, হবিঃষু, আশীঃষু, আয়ুঃষু।

পয়ঃসু, অহঃসু ইত্যাদি স্থলে অ-কারের পর ':' (বিসর্গ) আছে বলিয়া 'ষ' হয় না।

১৪১. 'সাৎ' প্রত্যয়ের 'স্' 'ষ' হয় না। ধূলিসাৎ, ভূমিসাৎ।

১৪২. ই-কার ও উ-কারান্ত উপসর্গের পরস্থিত সিচ্, সিধ্, সদ্ প্রভৃতি এগারটি ধাতুর দন্ত্য স্ মূর্ধন্য ষ্ হয়।

সিচ্—নিষিঞ্চতি, নিষেকঃ।

সদ্—বিষীদতি, বিষাদঃ, বিষণ্ণঃ।

সিধ্—প্রতিষেধতি, নিষেধতি, প্রতিষিদ্ধঃ, নিষেধঃ, নিষিদ্ধঃ।

১৪৩. সু, বি, নির্ ও দুর্ উপসর্গের পরস্থিত সম ও সৃতি শব্দের স্ মূর্ধন্য ষ্ হয়।

সুষমঃ, বিষমঃ, নিঃসমঃ, দুঃষমঃ, সুষ্ তিঃ নিঃষ্ তি।

১৪৪. সমাস হইলে মাতৃ ও পিতৃ শব্দের পরবর্তী স্বসৃ শব্দেব প্রথম দন্ত্য স্ মূর্ধন্য ষ্ হয়।

মাতৃস্বসা, পিতৃস্বসা।

সমাস না হইলে হয় না।

মাতুঃ স্বসা, পিতুঃ স্বসা।

স্বাভাবিক ষত্ব

১৪৫. কতকগুলি শব্দে স্বভাবতঃই ষ্ হয়। একটি এইরূপ শব্দতালিকা ছন্দে গাঁথিয়া দেওয়া হইল—

মহিষো মূষিকঃ ষণ্ডস্তুষার ওষধির্বিষঃ।
পৌষো ভূষণং ভীষ্মো ভাষা ভূষা বিশেষণম্।
আষাঢ় ঔষধং পুষ্পং পাষাণ উষ্ম শোষণম্।
বিষাণো মহিষী দোষঃ—ষত্বমেষাং স্বভাবজম্।

অনুশীলনী

১. ষত্ববিধানের মূল নিয়মগুলি উদাহরণ সহ আলোচনা কর।

২. নিম্নলিখিত শব্দগুলিতে কেন মূর্ধন্য ষ্ হইয়াছে লিখ:
শ্রীচরণেষু, মুমূর্ষুঃ, জিগীষা, চিকীর্ষুঃ, বিভীষিকা।

৩. স্বাভাবিক ণত্বেব পাঁচটি উদাহরণ দাও।

৪. 'সু' বা 'ষু' বসাও:

(ক) নরে— , লতা— , লঘিম— , হিমালয়ে— , নদী-- , মুনি— , যুব—।

৫. কারণসহ অশুদ্ধি সংশোধন কর:

অগ্নিষাৎ, পিপঠিসতি, তিতীর্সুঃ, সুচরিতাষু।

পঞ্চম পরিচ্ছেদ

ধাতুরূপ

CONJUGATION

১৪৬. 'ভূবাদয়ো ধাতবঃ' অর্থাৎ 'ভূ' (হওয়া), 'বা' (প্রবাহিত হওয়া) ইত্যাদি ক্রিয়াবাচক প্রকৃতিকে **ধাতু** বলে।

এই ধাতুর সহিত তি (প্) তস্, অন্তি ইত্যাদি বিভক্তি যোগ করিয়া ক্রিয়াপদ গঠিত হয়। যেমন 'নম্' একটি ধাতু, ইহার সহিত 'তি' যোগে 'নমতি' (নমস্কার করে) একটি ক্রিয়াপদ। 'নমতি' ক্রিয়াপদটি লট্ বা বর্তমান কালের। এইরূপ বিভিন্নকাল, অনুজ্ঞা বা বিধি নির্দেশক দশটি বিভাগ আছে। ইহাদের নাম লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, আশীর্লিঙ্, লৃট্, লৃঙ্, লুট্, লিট্, লুঙ্। প্রত্যেকটি বিভাগে তিনটি পুরুষ ও তিনটি বচনে নয়টি করিয়া রূপ।

পরস্মৈপদ ও আত্মনেপদ ভেদে একটি বিভাগে ৯×২=১৮টি বিভক্তি। তাহা হইলে লট্, লোট্ ইত্যাদি ১০টি বিভাগে মোট বিভক্তির সংখ্যা ১০ × ১৮=১৮০। এই একশত আশিটি বিভক্তিকে এক কথায় 'তিঙ্' বলে। শব্দবিভক্তিগুলিব আদ্যক্ষব 'সু' ও অন্ত্যাক্ষর প্ যুক্ত করিয়া যেমন শব্দবিভক্তি-গুলিকে 'সুপ্' বলা হইয়াছে সেইরূপ ধাতুবিভক্তির আকৃতিগুলির আদ্যক্ষর 'তি' ও অন্ত্যাক্ষর ঙ্ একত্র করিয়া সমগ্র ধাতুবিভক্তিকে তিঙ্ বলা হইয়াছে। শব্দকে যেমন বলে সুবন্ত পদ ক্রিয়াপদকে তেমনি বলে তিঙন্ত পদ।

তিঙ্-বিভক্তির আকৃতি

পরস্মৈপদ

লট্—বর্তমান কাল

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তি	সি	মি
দ্বিবচন	তস্	থস্	বস্
বহুবচন	অন্তি	থ	মস্

লোট্—আদেশ ও অনুজ্ঞা অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তু	হি	আনি
দ্বিবচন	তাম্	তম্	আব
বহুবচন	অন্তু	ত	আম

লঙ্—অতীতকাল

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দ্	স	অম্
দ্বিবচন	তাম্	তম্	ব
বহুবচন	অন্	ত	ম

বিধিলিঙ্—উচিত অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	যাৎ	যাস্	যাম্
দ্বিবচন	যাতাম্	যাতম্	যাব
বহুবচন	যুস্	যাত	যাম

লৃট্—ভবিষ্যৎকাল

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্যতি	স্যসি	স্যামি
দ্বিবচন	স্যতস্	স্যথস্	স্যাবস্
বহুবচন	স্যন্তি	স্যথ	স্যামস্

তিঙ্-বিভক্তির আকৃতি

আত্মনেপদ

লট্—বর্তমান কাল

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তে	সে	এ
দ্বিবচন	আতে	আথে	বহে
বহুবচন	অন্তে	ধ্বে	মহে

লোট্—আদেশ ও অনুজ্ঞা অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তাম্	স্ব	ঐ
দ্বিবচন	আতাম্	আথাম্	আবহৈ
বহুবচন	অন্তাম্	ধ্বম্	আমহৈ

লঙ্—অতীতকাল

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ত	থাস্	ই
দ্বিবচন	আতাম্	আথাম্	বহি
বহুবচন	অন্ত	ধ্বম্	মহি

বিধিলিঙ্—উচিত অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ঈত	ঈথাস্	ঈয়
দ্বিবচন	ঈয়াতাম্	ঈয়াথাম্	ঈবহি
বহুবচন	ঈরন্	ঈধ্বম্	ঈমহি

লৃট্—ভবিষ্যৎ কাল

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্যতে	স্যসে	স্যে
দ্বিবচন	স্যেতে	স্যেথে	স্যাবহে
বহুবচন	স্যন্তে	স্যধ্বে	স্যামহে

গণ

১৪৭. তিঙ্ যোগে ধাতুরূপের বিভিন্নতা পর্যালোচনা করিয়া সাদৃশ্য অনুযায়ী ধাতুগুলিকে এক-একটি শ্রেণীতে ভাগ করা হইয়াছে, এই শ্রেণীগুলিকে 'গণ' বলে। এইরূপ দশটি গণের নাম—

ভ্বাদি, অদাদি, হ্বাদি বা জুহোত্যাদি, দিবাদি, স্বাদি, ক্র্যাদি, তুদাদি, রুধাদি, তনাদি ও চুরাদি। নিম্নলিখিত বহুলপ্রচলিত কারিকাটি মুখস্থ রাখিলে 'গণ'গুলি মনে রাখিবার সুবিধা হইবে—

ভ্বাদ্যদাদী জুহোত্যাদির্দিবাদিঃ স্বাদিরেব চ।
তুদাদিশ্চ রুধাদিশ্চ তন-ক্র্যাদি-চুরাদয়ঃ ॥

আমরা প্রথমে ভ্বাদি, তুদাদি, দিবাদি ও চুরাদিগণের অন্তর্ভুক্ত প্রধান ও প্রচলিত কয়েকটি ধাতুর এবং তাহার পর অন্যান্যগণের পাঠ্যনির্দেশিত বিশেষ বিশেষ ধাতুর রূপ প্রদর্শন করিব।

ভ্বাদি

(ভূ+আদি)

১৪৮. তি, তস্ ইত্যাদি বিভক্তি যোগ করিবার সময় ভ্বাদিগণীয় ধাতুর উত্তর 'অ' আসে। তৎপূর্বে অন্ত্যস্বরের ও উপধা[1] লঘুস্বরের গুণ হয়।

অন্ত্যস্বরের গুণ ॥ ভূ+তি=ভূ>ভো+অ+তি=ভবতি

উপধা লঘুস্বরের গুণ ॥ বৃষ্+তি=বৃষ্>বর্ষ্+অ+তি=বর্ষতি।

নিন্দ্, কূজ্ ও মূর্চ্ছ্ ধাতুতে গুণ হইবে না—নিন্দতি, কূজতি, মূর্চ্ছতি।

ম্-আদি ও ব্-আদি বিভক্তির পূর্ববর্তী 'অ' দীর্ঘ হইবে অর্থাৎ 'আ' হইবে।

ভূ+মি=ভূ>ভো+অ>আ+মি=ভবামি

এইরূপ ভবাবঃ (ভূ+বস্), ভবামঃ (ভূ+মস্)

এই নিয়মটি অবশ্য অন্যান্য গণেও প্রযোজ্য।

অ-কারের পরস্থিত বিধিলিঙের 'যা' স্থানে 'ই' হয়।

ভূ>ভো+অ+যাৎ>ইৎ=ভবেৎ। যুস্ স্থানে ইয়ুস্ এবং 'যাম্' স্থানে 'ইয়ম্ হয়। ভূ+যুস্=ভো+অ+ইয়ুস্=ভবেয়ুঃ, ভূ+যাম্=ভো+অ+ইয়ম্ =ভব+ইয়ম্=ভবেয়ম্। এইগুলিও অন্য গণে প্রযোজ্য।

[1] অন্ত্যবর্ণের পূর্ব বর্ণকে উপধা বলে।

ভূ (to be)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভবতি	ভবসি	ভবামি
দ্বিবচন	ভবতঃ	ভবথঃ	ভবাবঃ
বহুবচন	ভবন্তি	ভবথ	ভবামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভবতু	ভব[২]	ভবানি
দ্বিবচন	ভবতাম্	ভবতম্	ভবাব
বহুবচন	ভবন্তু	ভবত	ভবাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অভবৎ	অভবঃ	অভবম
দ্বিবচন	অভবতাম্	অভবতম্	অভবাব
বহুবচন	অভবন্	অভবত	অভবাম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভবেৎ	ভবেঃ	ভবেয়ম্
দ্বিবচন	ভবেতাম্	ভবেতম্	ভবেব
বহুবচন	ভবেয়ুঃ	ভবেত	ভবেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভবিষ্যতি	ভবিষ্যসি	ভবিষ্যামি
দ্বিবচন	ভবিষ্যতঃ	ভবিষ্যথঃ	ভবিষ্যাবঃ
বহুবচন	ভবিষ্যন্তি	ভবিষ্যথ	ভবিষ্যামঃ

২ অকারের পর 'হি' বিভক্তির লোপ হয়।

গম্ (to go)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	গচ্ছতি	গচ্ছসি	গচ্ছামি
দ্বিবচন	গচ্ছতঃ	গচ্ছথঃ	গচ্ছাবঃ
বহুবচন	গচ্ছন্তি	গচ্ছথ	গচ্ছামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	গচ্ছতু	গচ্ছ	গচ্ছানি
দ্বিবচন	গচ্ছতাম্	গচ্ছতম্	গচ্ছাব
বহুবচন	গচ্ছন্তু	গচ্ছত	গচ্ছাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অগচ্ছৎ	অগচ্ছঃ	অগচ্ছম্
দ্বিবচন	অগচ্ছতাম্	অগচ্ছতম্	অগচ্ছাব
বহুবচন	অগচ্ছন্	অগচ্ছত	অগচ্ছাম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	গচ্ছেৎ	গচ্ছেঃ	গচ্ছেয়ম্
দ্বিবচন	গচ্ছেতাম্	গচ্ছেতম্	গচ্ছেব
বহুবচন	গচ্ছেয়ুঃ	গচ্ছেত	গচ্ছেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	গমিষ্যতি	গমিষ্যসি	গমিষ্যামি
দ্বিবচন	গমিষ্যতঃ	গমিষ্যথঃ	গমিষ্যাবঃ
বহুবচন	গমিষ্যন্তি	গমিষ্যথ	গমিষ্যামঃ

দৃশ্ (to see)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পশ্যতি	পশ্যসি	পশ্যামি
দ্বিবচন	পশ্যতঃ	পশ্যথঃ	পশ্যাবঃ
বহুবচন	পশ্যন্তি	পশ্যথ	পশ্যামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পশ্যতু	পশ্য	পশ্যানি
দ্বিবচন	পশ্যতাম্	পশ্যতম্	পশ্যাব
বহুবচন	পশ্যন্তু	পশ্যত	পশ্যাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অপশ্যৎ	অপশ্যঃ	অপশ্যম্
দ্বিবচন	অপশ্যতাম্	অপশ্যতম্	অপশ্যাব
বহুবচন	অপশ্যন্	অপশ্যত	অপশ্যাম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পশ্যেৎ	পশ্যেঃ	পশ্যেয়ম্
দ্বিবচন	পশ্যেতাম্	পশ্যেতম্	পশ্যেব
বহুবচন	পশ্যেয়ুঃ	পশ্যেত	পশ্যেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দ্রক্ষ্যতি	দ্রক্ষ্যসি	দ্রক্ষ্যামি
দ্বিবচন	দ্রক্ষ্যতঃ	দ্রক্ষ্যথঃ	দ্রক্ষ্যাবঃ
বহুবচন	দ্রক্ষ্যন্তি	দ্রক্ষ্যথ	দ্রক্ষ্যামঃ

স্মৃ (to remember)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্মরতি	স্মরসি	স্মরামি
দ্বিবচন	স্মরতঃ	স্মরথঃ	স্মরাবঃ
বহুবচন	স্মরন্তি	স্মরথ	স্মরামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্মরতু	স্মর	স্মরাণি
দ্বিবচন	স্মরতাম্	স্মরতম্	স্মরাব
বহুবচন	স্মরন্তু	স্মরত	স্মরাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অস্মরৎ	অস্মরঃ	অস্মরম্
দ্বিবচন	অস্মরতাম্	অস্মরতম্	অস্মরাব
বহুবচন	অস্মরন্	অস্মরত	অস্মরাম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্মরেৎ	স্মরেঃ	স্মরেয়ম্
দ্বিবচন	স্মরেতাম্	স্মরেতম্	স্মরেব
বহুবচন	স্মরেয়ুঃ	স্মরেত	স্মরেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্মরিষ্যতি	স্মরিষ্যসি	স্মরিষ্যামি
দ্বিবচন	স্মরিষ্যতঃ	স্মরিষ্যথঃ	স্মরিষ্যাবঃ
বহুবচন	স্মরিষ্যন্তি	স্মরিষ্যথ	স্মরিষ্যামঃ

স্থা (to stay)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তিষ্ঠতি	তিষ্ঠসি	তিষ্ঠামি
দ্বিবচন	তিষ্ঠতঃ	তিষ্ঠথঃ	তিষ্ঠাবঃ
বহুবচন	তিষ্ঠন্তি	তিষ্ঠথ	তিষ্ঠামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তিষ্ঠতু	তিষ্ঠ	তিষ্ঠানি
দ্বিবচন	তিষ্ঠতাম্	তিষ্ঠতম্	তিষ্ঠাব
বহুবচন	তিষ্ঠন্তু	তিষ্ঠত	তিষ্ঠাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অতিষ্ঠৎ	অতিষ্ঠঃ	অতিষ্ঠম্
দ্বিবচন	অতিষ্ঠতাম্	অতিষ্ঠতম্	অতিষ্ঠাব
বহুবচন	অতিষ্ঠন্	অতিষ্ঠত	অতিষ্ঠাম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তিষ্ঠেৎ	তিষ্ঠেঃ	তিষ্ঠেয়ম্
দ্বিবচন	তিষ্ঠেতাম্	তিষ্ঠেতম্	তিষ্ঠেব
বহুবচন	তিষ্ঠেযুঃ	তিষ্ঠেত	তিষ্ঠেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্থাস্যতি	স্থাস্যসি	স্থাস্যামি
দ্বিবচন	স্থাস্যতঃ	স্থাস্যথঃ	স্থাস্যাবঃ
বহুবচন	স্থাস্যন্তি	স্থাস্যথ	স্থাস্যামঃ

সেব্ (to serve, to worship)—আত্মনেপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	সেবতে	সেবসে	সেবে
দ্বিবচন	সেবেতে	সেবেথে	সেবাবহে
বহুবচন	সেবন্তে	সেবধ্বে	সেবামহে

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	সেবতাম্	সেবস্ব	সেবৈ
দ্বিবচন	সেবেতাম্	সেবেথাম্	সেবাবহৈ
বহুবচন	সেবন্তাম্	সেবধ্বম্	সেবামহৈ

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অসেবত	অসেবথাঃ	অসেবে
দ্বিবচন	অসেবেতাম্	অসেবেথাম্	অসেবাবহি
বহুবচন	অসেবন্ত	অসেবধ্বম্	অসেবামহি

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	সেবেত	সেবেথাঃ	সেবেয়
দ্বিবচন	সেবেয়াতাম্	সেবেয়াথাম্	সেবেবহি
বহুবচন	সেবেরন্	সেবেধ্বম্	সেবেমহি

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	সেবিষ্যতে	সেবিষ্যসে	সেবিষ্যে
দ্বিবচন	সেবিষ্যেতে	সেবিষ্যেথে	সেবিষ্যাবহে
বহুবচন	সেবিষ্যন্তে	সেবিষ্যধ্বে	সেবিষ্যামহে

বৃত্ (to exist)—আত্মনেপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বর্ততে	বর্তসে	বর্তে
দ্বিবচন	বর্তেতে	বর্তেথে	বর্তাবহে
বহুবচন	বর্তন্তে	বর্তধ্বে	বর্তামহে

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বর্ততাম্	বর্তস্ব	বর্তৈ
দ্বিবচন	বর্তেতাম্	বর্তেথাম্	বর্তাবহৈ
বহুবচন	বর্তন্তাম্	বর্তধ্বম্	বর্তামহৈ

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অবর্তত	অবর্তথাঃ	অবর্তে
দ্বিবচন	অবর্তেতাম্	অবর্তেথাম্	অবর্তাবহি
বহুবচন	অবর্তন্ত	অবর্তধ্বম্	অবর্তামহি

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বর্তেত	বর্তেথাঃ	বর্তেয়
দ্বিবচন	বর্তেয়াতাম্	বর্তেযাথাম্	বর্তেবহি
বহুবচন	বর্তেরন্	বর্তেধ্বম্	বর্তেমহি

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বর্তিষ্যতে[৩]	বর্তিষ্যসে	বর্তিষ্যে
দ্বিবচন	বর্তিষ্যেতে	বর্তিষ্যেথে	বর্তিষ্যাবহে
বহুবচন	বর্তিষ্যন্তে	বর্তিষ্যধ্বে	বর্তিষ্যামহে

৩ লৃটে বৃৎ ধাতুর পরস্মৈপদী রূপও হইতে পারে—
বৎর্স্যতি, বৎর্স্যতঃ, বৎর্স্যন্তি ইত্যাদি।

প্রচলিত ভ্বাদিগণীয় কয়েকটি ধাতু

(পরপর লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও ল়্টের প্রথম পুরুষ একবচনের পদ প্রদর্শিত হইল।)

পরস্মৈপদী

অর্জ্ (অর্জন করা)—অর্জতি, অর্জতু, আর্জৎ, অর্জেৎ, অর্জিষ্যতি

কাঙ্ক্ষ্ (আকাঙ্ক্ষা করা)—কাঙ্ক্ষতি, কাঙ্ক্ষতু, অকাঙ্ক্ষৎ, কাঙ্ক্ষেৎ, কাঙ্ক্ষিষ্যতি

কূজ্ (কূজন করা)—কূজতি, কূজতু, অকূজৎ, কূজেৎ, কূজিষ্যতি

ক্রন্দ্ (কাঁদা)—ক্রন্দতি, ক্রন্দতু, অক্রন্দৎ, ক্রন্দেৎ, ক্রন্দিষ্যতি

ক্রীড্ (খেলা করা)—ক্রীডতি, ক্রীড়তু, অক্রীডৎ, ক্রীডেৎ, ক্রীডিষ্যতি

খাদ্ (খাওয়া)—খাদতি, খাদতু, অখাদৎ, খাদেৎ, খাদিষ্যতি

গৈ (গান করা)—গায়তি, গায়তু, অগায়ৎ, গায়েৎ, গাস্যতি

জীব্ (বাঁচা)—জীবতি, জীবতু, অজীবৎ, জীবেৎ, জীবিষ্যতি

তৃ (পার হওয়া)—তরতি, তরতু, অতবৎ, তরেৎ, তরিষ্যতি

ত্যজ্ (ত্যাগ করা)—ত্যজতি, ত্যজতু, অত্যজৎ, ত্যজেৎ, ত্যক্ষ্যতি

দহ্ (দগ্ধ করা)—দহতি, দহতু, অদহৎ, দহেৎ, ধক্ষ্যতি

পঠ্ (পড়া)—পঠতি, পঠতু, অপঠৎ, পঠেৎ, পঠিষ্যতি

পত্ (পতিত হওয়া)—পতথি, পততু, অপতৎ, পতেৎ পতিষ্যতি

ভ্রম্ (ভ্রমণ কবা)—ভ্রমতি, ভ্রমতু, অভ্রমৎ, ভ্রমেৎ, ভ্রমিষ্যতি

হস্ (হাসা)—হসতি, হসতু, অহসৎ, হসেৎ, হসিষ্যতি

আত্মনেপদী

ঈক্ষ্ (দেখা)—ঈক্ষতে, ঈক্ষতাম্, ঐক্ষত, ঈক্ষেত, ঈক্ষিষ্যতে

কম্প্ (কাঁপা)—কম্পতে, কম্পতাম্, অকম্পত, কম্পেত, কম্পিষ্যতে

গাহ্ (স্নান করা, প্রবেশ করা)—গাহতে, গাহতাম্, অগাহত, গাহেত, গাহিষ্যতে-ঘাক্ষ্যতে

চেষ্ট্ (চেষ্টা করা)—চেষ্টতে, চেষ্টতাম্, অচেষ্টত, চেষ্টেত, চেষ্টিষ্যতে

ত্রৈ (ত্রাণ করা)—ত্রায়তে, ত্রায়তাম্, অত্রায়ত, ত্রায়েত, ত্রাস্যতে

লস্জ্ (লজ্জা পাওয়া)—লজ্জতে, লজ্জতাম্, অলজ্জত, লজ্জেত, লজ্জিষ্যতে

শিক্ষ্ (শিক্ষা করা)—শিক্ষতে, শিক্ষতাম্, অশিক্ষত, শিক্ষেত শিক্ষিষ্যতে

শুভ্ (শোভা পাওয়া)—শোভতে, শোভতাম্, অশোভত, শোভেত, শোভিষ্যতে

সহ্ (সহ্য করা)—সহতে, সহতাম্, অসহত, সহেত, সহিষ্যতে

উভয়পদী কয়েকটি ভ্বাদিগণীয় ধাতু

ধাব্ (ধাবিত হওয়া, ধোয়া), নী (লওয়া), পচ্ (পাক করা)

যজ্ (যজ্ঞ করা), যাচ্ (চাওয়া), রাজ্ (শোভা পাওয়া)

বপ্ (বপন করা), হৃ (লওয়া, হরণ করা), হ্বে (আহ্বান করা)।

অনুবাদ

[কোন কোন ক্ষেত্রে ধাতুর পূর্বে উপসর্গ যোগ করা হইয়াছে। লক্ষ্য কর, ইহাতে ধাতুর অর্থের পরিবর্তন ঘটিয়াছে।]

সে বিদেশে যাইতেছে—স বিদেশং গচ্ছতি। সে বাড়ি আসিতেছে—স গৃহম্ আগচ্ছতি। [আ-গম্=আসা]। সে গৃহ হইতে বাহিরে যাইতেছে—স গৃহাৎ নির্গচ্ছতি। [নির্-গম্=বাহির হওয়া]। সে জল আনিবে—স জলম্ আনেষ্যতি। [আ-নী=আনা]। বালকগুলি উচ্চকণ্ঠে হাসিতেছে—বালকাঃ উচ্চৈঃ হসন্তি। তাহাকে উপহাস করিও না—তং মা উপহস। [উপ-হস্=উপহাস করা]। সাফল্যের জন্য চেষ্টা কর—সাফল্যায় চেষ্টস্ব। আমি নৌকা করিয়া নদী পার হইব—অহং নাবা নদীং তরিষ্যামি। সে গাড়ি হইতে নামিতেছে—স শকটাৎ অবতরতি [অব-তৃ=অবতরণ করা]। কিছুক্ষণ এখানে থাকো—ক্ষণম্ অত্র তিষ্ঠ। সে আসন হইতে উঠিতেছে—স আসনাৎ উত্তিষ্ঠতি। [উৎ-স্থা=ওঠা]। সরোবরে পদ্ম শোভা পাইতেছে—সরসি রাজতে পদ্মম্। শিশুটি খেলনা লুকাইতেছে—শিশুঃ ক্রীড়নকং গূহতি বা নিগূহতি।

তুদাদিগণীয় ধাতু
(তুদ্+আদি)

১৪৯. তুদাদিগণীয় ধাতুতে তি, তস্, ইত্যাদি বিভক্তি যুক্ত হইবার পূর্বে ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় 'অ' আসে, কিন্তু অন্ত্যস্বর বা উপধা লঘুস্বরের গুণ হয় না।

তুদ্+তি=তুদ্+অ+তি=তুদতি (উ-এর গুণ হইল না)

স্পৃশ্+তি=স্পৃশ্+অ+তি=স্পৃশতি (ঋ-এর গুণ হইল না)

লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, ল‍ৃট্-এ ইষ্, কৃৎ, প্রচ্ছ, মস্জ্, মুচ্ ও সিচ্ ধাতুর স্থানে যথাক্রমে ইচ্ছ্, পৃচ্ছ্, মজ্জ, মুঞ্চ্ ও সিঞ্চ্ আদেশ হয়, এবং ঋ স্থানে রিয়্ ও ৠ স্থানে ইর্ হয়। (ম্রৃ>ম্রিয়্ ; কৄ>কির্)

স্পৃশ্ (To touch)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্পৃশতি	স্পৃশসি	স্পৃশামি
দ্বিবচন	স্পৃশতঃ	স্পৃশথঃ	স্পৃশাবঃ
বহুবচন	স্পৃশন্তি	স্পৃশথ	স্পৃশামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্পৃশতু	স্পৃশ	স্পৃশানি
দ্বিবচন	স্পৃশতাম্	স্পৃশতম্	স্পৃশাব
বহুবচন	স্পৃশন্তু	স্পৃশত	স্পৃশাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অস্পৃশৎ	অস্পৃশঃ	অস্পৃশম্
দ্বিবচন	অস্পৃশতাম্	অস্পৃশতম্	অস্পৃশাব
বহুবচন	অস্পৃশন্	অস্পৃশত	অস্পৃশাম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্পৃশেৎ	স্পৃশেঃ	স্পৃশেয়ম্
দ্বিবচন	স্পৃশেতাম্	স্পৃশেতম্	স্পৃশেব
বহুবচন	স্পৃশেয়ুঃ	স্পৃশেত	স্পৃশেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্পর্ক্ষ্যতি	স্পর্ক্ষ্যসি	স্পর্ক্ষ্যামি
দ্বিবচন	স্পর্ক্ষ্যতঃ	স্পর্ক্ষ্যথঃ	স্পর্ক্ষ্যাবঃ
বহুবচন	স্পর্ক্ষ্যন্তি	স্পর্ক্ষ্যথ	স্পর্ক্ষ্যামঃ

ইষ্ (To wish)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ইচ্ছতি	ইচ্ছসি	ইচ্ছামি
দ্বিবচন	ইচ্ছতঃ	ইচ্ছথঃ	ইচ্ছাবঃ
বহুবচন	ইচ্ছন্তি	ইচ্ছথ	ইচ্ছামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ইচ্ছতু	ইচ্ছ	ইচ্ছানি
দ্বিবচন	ইচ্ছতাম্	ইচ্ছতম্	ইচ্ছাব
বহুবচন	ইচ্ছন্তু	ইচ্ছত	ইচ্ছাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ঐচ্ছৎ	ঐচ্ছঃ	ঐচ্ছম্
দ্বিবচন	ঐচ্ছতাম্	ঐচ্ছতম্	ঐচ্ছাব
বহুবচন	ঐচ্ছন্	ঐচ্ছত	ঐচ্ছাম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ইচ্ছেৎ	ইচ্ছেঃ	ইচ্ছেয়ম্
দ্বিবচন	ইচ্ছেতাম্	ইচ্ছেতম্	ইচ্ছেব
বহুবচন	ইচ্ছেয়ুঃ	ইচ্ছেত	ইচ্ছেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	এষিষ্যতি	এষিষ্যসি	এষিষ্যামি
দ্বিবচন	এষিষ্যতঃ	এষিষ্যথঃ	এষিষ্যাবঃ
বহুবচন	এষিষ্যন্তি	এষিষ্যথ	এষিষ্যামঃ

প্রচ্ছ্ (To ask)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পৃচ্ছতি	পৃচ্ছসি	পৃচ্ছামি
দ্বিবচন	পৃচ্ছতঃ	পৃচ্ছথঃ	পৃচ্ছাবঃ
বহুবচন	পৃচ্ছন্তি	পৃচ্ছথ	পৃচ্ছামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পৃচ্ছতু	পৃচ্ছ	পৃচ্ছানি
দ্বিবচন	পৃচ্ছতাম্	পৃচ্ছতম্	পৃচ্ছাব
বহুবচন	পৃচ্ছন্তু	পৃচ্ছত	পৃচ্ছাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অপৃচ্ছৎ	অপৃচ্ছঃ	অপৃচ্ছম্
দ্বিবচন	অপৃচ্ছতাম্	অপৃচ্ছতম্	অপৃচ্ছাব
বহুবচন	অপৃচ্ছন্	অপৃচ্ছত	অপৃচ্ছাম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	দ্বিতীয় পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পৃচ্ছেৎ	পৃচ্ছেঃ	পৃচ্ছেয়ম্
দ্বিবচন	পৃচ্ছেতাম্	পৃচ্ছেতম্	পৃচ্ছেব
বহুবচন	পৃচ্ছেয়ুঃ	পৃচ্ছেত	পৃচ্ছেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	প্রক্ষ্যতি	প্রক্ষ্যসি	প্রক্ষ্যামি
দ্বিবচন	প্রক্ষ্যতঃ	প্রক্ষ্যথঃ	প্রক্ষ্যাবঃ
বহুবচন	প্রক্ষ্যন্তি	প্রক্ষ্যথ	প্রক্ষ্যামঃ

মৃ (To die)—আত্মনেপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ম্রিয়তে	ম্রিয়সে	ম্রিয়ে
দ্বিবচন	ম্রিয়েতে	ম্রিয়েথে	ম্রিয়াবহে
বহুবচন	ম্রিয়ন্তে	ম্রিয়ধ্বে	ম্রিয়ামহে

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ম্রিয়তাম্	ম্রিয়স্ব	ম্রিয়ৈ
দ্বিবচন	ম্রিয়েতাম্	ম্রিয়েথাম্	ম্রিয়াবহৈ
বহুবচন	ম্রিয়ন্তাম্	ম্রিয়ধ্বম্	ম্রিয়ামহৈ

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অম্রিয়ত	অম্রিয়থাঃ	অম্রিয়ে
দ্বিবচন	অম্রিয়েতাম্	অম্রিয়েথাম্	অম্রিয়াবহি
বহুবচন	অম্রিয়ন্ত	অম্রিয়ধ্বম	অম্রিয়ামহি

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ম্রিয়েত	ম্রিয়েথাঃ	ম্রিয়েয়
দ্বিবচন	ম্রিয়েয়াতাম্	ম্রিয়েয়াথাম্	ম্রিয়েবহি
বহুবচন	ম্রিয়েরন্	ম্রিয়েধ্বম্	ম্রিয়েমহি

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	মরিষ্যতি	মরিষ্যসি	মরিষ্যামি
দ্বিবচন	মরিষ্যতঃ	মরিষ্যথঃ	মরিষ্যাবঃ
বহুবচন	মরিষ্যন্তি	মরিস্যথ	মরিষ্যামঃ

তুদাদিগণীয় কয়েকটি ধাতু

(পরপর লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও লৃটের প্রথম পুরুষ একবচনের পদ প্রদর্শিত হইল।)

পরস্মৈপদী

লিখ্ (লেখা)—লিখতি, লিখতু, অলিখৎ, লিখেৎ, লেখিষ্যতি

বিশ্ (প্রবেশ করা)—বিশতি, বিশতু, অবিশৎ, বিশেৎ, বেক্ষ্যতি

সৃজ্ (সৃষ্টি করা)—সৃজতি, সৃজতু, অসৃজৎ, সৃজেৎ, স্রক্ষ্যতি

স্ফুট্ (ফোটা, ফাটা)—স্ফুটতি, স্ফুটতু, অস্ফুটৎ, স্ফুটেৎ, স্ফুটিষ্যতি

আত্মনেপদী

আ-পূর্বক—দৃ (আদর বা সম্মান করা)—আদ্রিয়তে, আদ্রিয়তাম্, আদ্রিয়ত, আদ্রিয়েত, আদরিষ্যতে।

উভয়পদী তুদাদিগণীয় ধাতু

ক্ষিপ্ (ক্ষেপণ করা), দিশ্ (নির্দেশ দেওয়া), নুদ্ (নিক্ষেপ করা, চলা), মিল্ (মিলিত হওয়া।)

অনুবাদ

শিষ্য গুরুর চরণ স্পর্শ করিতেছে—শিষ্যঃ গুরোঃ চরণম্ স্পৃশতি। একটি বাণিজ্যতরী নদীতে ডুবিয়াছিল—কাচিৎ বাণিজ্যতরী নদ্যাম্ অমজ্জৎ। তরুণেরা নবযুগ সৃষ্টি করিবে—তরুণাঃ নবযুগং স্রক্ষ্যন্তি। রাজা দশরথ পুত্র-শোকে মরিয়াছিলেন—নৃপো দশরথঃ পুত্রশোকাৎ অম্রিয়ত। সে স্বদেশের জন্য সকল কিছু উৎসর্গ করিতেছে—স স্বদেশায় সর্বম উৎসৃজতি (উৎ—সৃজ্ =উৎসর্গ করা)। কৃষকেরা ভূমিতে জলসেক করুক—কর্ষকা ভূমৌ জলং সিঞ্চন্তু। তোমার এখন প্রশ্নগুলি জিজ্ঞাসা করা উচিত—ত্বম্ অধুনা প্রশ্নান্ পৃচ্ছেঃ।

দিবাদিগণীয় ধাতু

(দিব্+আদি=দিবাদি)

১৫০. দিবাদিগণীয় ধাতুতে ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় 'অ' হয়, তবে সেই 'অ'-এর পূর্বে য্ আসে। এই য্-কারই দিবাদিগণীয় ধাতুর বৈশিষ্ট্য।

নৃৎ+তি=নৃৎ+য্+অ+তি=নৃত্যতি।

দিব্, জন্ ও ব্যধ্ ধাতুর স্থানে যথাক্রমে দীব্, জায়্, বিধ্ হয়।

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙে ভ্রম, শ্রম্ ইত্যাদি ধাতু 'অ' স্থানে 'আ' হয়। ভ্রম্>ভ্রাম্ (ভ্রাম্যতি), শ্রম>শ্রাম্ (শ্রাম্যতি) ইত্যাদি।

লট্ প্রভৃতি চারি বিভক্তিতে দীর্ঘ ঋ-কারান্ত ধাতুর ঋ-স্থানে ঈর্ হয়। জৄ>জীর্ (জীর্যতি ইত্যাদি), দৄ>দীর্ (দীর্যতি ইত্যাদি)।

দিব্ (To play with dice)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দীব্যতি	দীব্যসি	দীব্যামি
দ্বিবচন	দীব্যতঃ	দীব্যথঃ	দীব্যাবঃ
বহুবচন	দীব্যন্তি	দীব্যথ	দীব্যামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দীব্যতু	দীব্য	দীব্যানি
দ্বিবচন	দীব্যতাম্	দীব্যতম্	দীব্যাব
বহুবচন	দীব্যন্তু	দীব্যত	দীব্যাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অদীব্যৎ	অদীব্যঃ	অদীব্যম্
দ্বিবচন	অদীব্যতাম্	অদীব্যতম্	অদীব্যাব
বহুবচন	অদীব্যন্	অদীব্যত	অদীব্যাম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দীব্যেৎ	দীব্যেঃ	দীব্যেয়ম্
দ্বিবচন	দীব্যেতাম্	দীব্যেতম্	দীব্যেব
বহুবচন	দীব্যেয়ুঃ	দীব্যেত	দীব্যেম

৯ট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দেবিষ্যতি	দেবিষ্যসি	দেবিষ্যামি
দ্বিবচন	দেবিষ্যতঃ	দেবিষ্যথঃ	দেবিষ্যাবঃ
বহুবচন	দেবিষ্যন্তি	দেবিষ্যথ	দেবিষ্যামঃ

বিদ্ (To exist)—আত্মনেপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিদ্যতে	বিদ্যসে	বিদ্যে
দ্বিবচন	বিদ্যেতে	বিদ্যেথে	বিদ্যাবহে
বহুবচন	বিদ্যন্তে	বিদ্যধ্বে	বিদ্যামহে

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিদ্যতাম্	বিদ্যস্ব	বিদ্যৈ
দ্বিবচন	বিদ্যেতাম্	বিদ্যেথাম্	বিদ্যাবহৈ
বহুবচন	বিদ্যন্তাম্	বিদ্যধ্বম্	বিদ্যামহৈ

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অবিদ্যত	অবিদ্যথাঃ	অবিদ্যে
দ্বিবচন	অবিদ্যেতাম্	অবিদ্যেথাম্	অবিদ্যাবহি
বহুবচন	অবিদ্যন্ত	অবিদ্যধ্বম্	অবিদ্যামহি

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিদ্যেত	বিদ্যেথাঃ	বিদ্যেয়
দ্বিবচন	বিদ্যেয়াতাম্	বিদ্যেয়াথাম্	বিদ্যেবহি
বহুবচন	বিদ্যেরন্	বিদ্যেধ্বম্	বিদ্যেমহি

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বেৎস্যতে	বেৎস্যসে	বেৎস্যে
দ্বিবচন	বেৎস্যেতে	বেৎস্যেথে	বেৎস্যাবহে
বহুবচন	বেৎস্যন্তে	বেৎস্যধ্বে	বেৎস্যামহে

জন্ (To be born)—আত্মনেপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	জায়তে	জায়সে	জায়ে
দ্বিবচন	জায়েতে	জায়েথে	জায়াবহে
বহুবচন	জায়ন্তে	জায়ধ্বে	জায়ামহে

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	জায়তাম্	জায়স্ব	জায়ৈ
দ্বিবচন	জায়েতাম্	জায়েথাম্	জায়াবহৈ
বহুবচন	জায়ন্তাম্	জায়ধ্বম্	জায়ামহৈ

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অজায়ত	অজায়থাঃ	অজায়ে
দ্বিবচন	অজায়েতাম্	অজায়েথাম্	অজায়াবহি
বহুবচন	অজায়ন্ত	অজায়ধ্বম্	অজায়ামহি

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	জায়েত	জায়েথাঃ	জায়েয়
দ্বিবচন	জায়েয়াতাম্	জায়েয়াথাম্	জায়েবহি
বহুবচন	জায়েরন্	জায়েধ্বম্	জায়েমহি

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	জনিষ্যতে	জনিষ্যসে	জনিষ্যে
দ্বিবচন	জনিষ্যেতে	জনিষ্যেথে	জনিষ্যাবহে
বহুবচন	জনিষ্যন্তে	জনিষ্যধ্বে	জনিষ্যামহে

দিবাদিগণীয় কয়েকটি প্রচলিত ধাতু

(লট্, লঙ্ ও লৃট্-এর প্রথম পুরুষ একবচনের রূপ)

পরস্মৈপদী

ক্রুধ্ (ক্রুদ্ধ হওয়া)—ক্রুধ্যতি, অক্রুধ্যৎ, ক্রোৎস্যতি

জৃ (জীর্ণ হওয়া)—জীর্যতি, অজীর্যৎ, জরিষ্যতি-জরীষ্যতি

তুষ্ (সন্তুষ্ট হওয়া)—তুষ্যতি, অতুষ্যৎ, তোস্যতি

তৃপ্ (তৃপ্ত হওয়া)—তৃপ্যতি, অতৃপ্যৎ, ত্রপিষ্যতি, ত্রপস্যতি-তর্পস্যতি

দ্রুহ্ (ক্ষমা করা)—দ্রুহ্যতি, অদ্রুহ্যৎ, ধ্রোক্ষ্যতি

দৄ (বিদীর্ণ হওয়া)—দীর্যতি, অদীর্যৎ, দরিষ্যতি-দরীষ্যতি

নশ্ (নাশ প্রাপ্ত হওয়া)—নশ্যতি, অনশ্যৎ, নঙ্ক্ষ্যতি

নৃৎ (নাচা)—নৃত্যতি, অনৃত্যৎ, নর্তিষ্যতি-নর্ৎস্যতি

শুষ্ (শুষ্ক হওয়া)—শুষ্যতি, অশুষ্যৎ, শোক্ষ্যতি

স্নিহ্ (স্নেহ করা, ভালভাসা)—স্নিহ্যতি, অস্নিহ্যৎ, স্নেহিষ্যতি-স্নেক্ষ্যতি

আত্মনেপদী

বুধ্ (জানা)—বুধ্যতে, অবুধ্যত, ভোৎস্যতে

মন্ (চিন্তা করা, ভাবা)—মন্যতে, অমন্যত, মংস্যতে

অনুবাদ

পুষ্করিণীতে জল নাই—পুষ্করিণ্যাং জলং ন বিদ্যতে। আমি ছিন্ন বস্ত্রটি সেলাই করিয়াছিলাম—অহং ছিন্নং বস্ত্রম্ অসীব্যম্। [সিব্—সেলাই করা]। সে বাণদ্বারা মৃগটি বিদ্ধ করিয়াছিল—স বাণেন মৃগম্ অবিধ্যৎ। উপদেশে মূর্খের ক্রোধ প্রশমিত হয় না—উপদেশেন মূর্খস্য ক্রোধঃ ন শাম্যতি। দুঃখে তাহার হৃদয় বিদীর্ণ হইতেছে—দুঃখেন তস্য হৃদয়ং বিদীর্যতি [বি-দৄ—বিদীর্ণ হওয়া]। তুমি শ্লোকটির অর্থ সম্যক্ বুঝিয়াছিলে—তম্ শ্লোকার্থম্ সম্যক্ অবুধ্যথাঃ। এই ক্ষেত্রে ধান্য জন্মাইবে না—ক্ষেত্রেঽস্মিন্ ধান্যং ন জনিষ্যতি। খেলা দেখিয়া সবাই আনন্দিত হইয়াছিল—ক্রীড়াদর্শনেন সর্বে অহৃষ্যন্। লবণ ও জল ছাড়া দধি একমাসে জীর্ণ হয়—বিনা লবণোদকং দধি মাসেন জীর্যতি।

চুরাদিগণীয় ধাতু

১৫১. চুরাদিগণীয় ধাতুর 'ণিচ্' হয় (ণিচের 'ই' থাকে)। তাহার পর ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় রূপ হয়।

চুর্+ই (<ণিচ্)=চোরি+অ=চোরি>চোরে+অ+তি=চোরয়তি।

কথ্+ই=কথি+অ+তি=কথে+অ+তি=কথয়তি।

চুর্ (To steal)—পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	চোরয়তি	চোরয়সি	চোরয়ামি
দ্বিবচন	চোরয়তঃ	চোরয়থঃ	চোরয়াবঃ
বহুবচন	চোবয়ন্তি	চোরয়থ	চোরয়ামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	চোরয়তু	চোরয়	চোরয়াণি
দ্বিবচন	চোরয়তাম্	চোরয়তম্	চোরয়াব
বহুবচন	চোরয়ন্তু	চোরয়ত	চোরয়াম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অচোরয়ৎ	অচোরয়ঃ	অচোরয়ম্
দ্বিবচন	অচোরয়তাম্	অচোবয়তম্	অচোরয়াব
বহুবচন	অচোরয়ন্	অচোরয়ত	অচোরয়াম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	চোরয়েৎ	চোরযেঃ	চোরয়েয়ম্
দ্বিবচন	চোরয়েতাম্	চোবয়েতম্	চোরয়েব
বহুবচন	চোরয়েয়ু	চোরয়েত	চোরয়েম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	চোরয়িষ্যতি	চোরয়িষ্যসি	চোরয়িষ্যামি
দ্বিবচন	চোরষিষ্যতঃ	চোরয়িষ্যথঃ	চোরয়িষ্যাবঃ
বহুবচন	চোরয়িষ্যন্তি	চোরয়িষ্যথ	চোরয়িস্যামঃ

ভক্ষ্ (To eat) পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভক্ষয়তি	ভক্ষয়সি	ভক্ষয়ামি
দ্বিবচন	ভক্ষয়তঃ	ভক্ষয়থঃ	ভক্ষয়াবঃ
বহুবচন	ভক্ষয়ন্তি	ভক্ষয়থ	ভক্ষয়ামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভক্ষয়তু	ভক্ষয়	ভক্ষয়াণি
দ্বিবচন	ভক্ষয়তান	ভক্ষয়তম্	ভক্ষযাব
বহুবচন	ভক্ষয়ন্তু	ভক্ষয়ত	ভক্ষয়াম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অভক্ষয়ৎ	অভক্ষয়ঃ	অভক্ষয়ম্
দ্বিবচন	অভক্ষয়তাম্	অভক্ষয়তম্	অভক্ষয়াব
বহুবচন	অভক্ষয়ন্	অভক্ষয়ত	অভক্ষয়াম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভক্ষয়েৎ	ভক্ষয়েঃ	ভক্ষয়েয়ম্
দ্বিবচন	ভক্ষয়েতাম্	ভক্ষয়েতম্	ভক্ষয়েব
বহুবচন	ভক্ষয়েয়ুঃ	ভক্ষয়েত	ভক্ষয়েম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভক্ষয়িষ্যতি	ভক্ষয়িষ্যসি	ভক্ষয়িষ্যামি
দ্বিবচন	ভক্ষয়িষ্যতঃ	ভক্ষয়িষ্যথঃ	ভক্ষয়িষ্যাবঃ
বহুবচন	ভক্ষয়িষ্যন্তি	ভক্ষয়িষ্যথ	ভক্ষয়িষ্যামঃ

চুরাদিগণীয় প্রচলিত কয়েকটি ধাতু

[লট্ ও ল্‌ৃটের প্রথম পুরুষ একবচনের রূপ]

চিন্ত্ (চিন্তা করা)—চিন্তয়তি, চিন্তয়িষ্যতি

চূর্ণ্ (চূর্ণ করা)—চূর্ণয়তি, চূর্ণয়িষ্যতি

পূর্ (পূর্ণ করা)—পূরয়তি, পূরয়িষ্যতি

অর্থ্ (প্রার্থনা করা, চাওয়া)—অর্থয়তে, অর্থয়িষ্যতে

১৭৩. মত্যর্থক ও বুদ্ধ্যর্থক ধাতুর উত্তর বর্তমান কালে কর্মবাচ্যে ক্ত-প্রত্যয় হয়; তখন কর্তায় ষষ্ঠী হয়।

ইদং মম মতম্ (ইহা আমা-কর্তৃক অনুমোদিত)। বিদ্বান্ সর্বেষাং পূজিতঃ (বিদ্বান সকলের দ্বারা পূজিত হয়)।

অনুশীলনী

(ক্ত, ক্তবতু)

১. নিম্নলিখিত ধাতুগুলির ক্ত-প্রত্যযান্ত রূপ (পুং ১মা একবচন) লিখ :

ক্ষি, খিদ্, জন্, জৃ, নশ্, ভ্রন্শ, এম্, মস্‌জ্, লী, স্থা, স্বপ্, অদ্, গৈ, পচ্, ভন্‌জ্, বহ্, বাধ্, শাস্, শুষ্, হ্বে।

২. সংস্কৃতে অনুবাদ কর (ক্রিয়াপদে ক্ত বা ক্তবতু-প্রত্যয় ব্যবহার কর) :

রাম আমাকে একখানি বই দিয়াছিল। আমি তাহার বাড়ি গিয়াছিলাম। তুমি কি একথা শুনিয়াছিলে? তোমাকে এই কলমটি কে দিয়াছিল? শিকারী বাঘ মারিয়াছিল। তাহারা গঙ্গায় স্নান করিয়াছিল। আমি তোমাকে ডাকিয়াছিলাম।

৩. শূন্যস্থানে 'ক্ত' বা 'ক্তবতু'-প্রত্যয়ান্ত পদ বসাও :

প্রহরী চৌরং —। কেন ইদম্ —? রামেণ রাবণঃ —। বয়ম্ পুস্তকানি —। ছাত্রঃ শিক্ষকং প্রশ্নং —। বিধাত্রা জগৎ —।

ক্ত্বাচ্

(Indeclinable Past Participle)

১৭৪. উভয় ক্রিয়ার এক কর্তা হইলে পূর্বকালিক ক্রিয়াবোধক ধাতুর উত্তর ক্ত্বাচ্ হয়। ক্ ও চ্ ইৎ যায় শুধু ত্বা থাকে। যেমন, শ্রু+ত্বা=শ্রুত্বা।

করিয়া, খাইয়া ইত্যাদি বাক্যাংশ (ইং doing or having done, eating or having eaten) ক্ত্বাচ্-প্রত্যয়ান্ত শব্দযোগে অনুবাদ করিতে হয়। যেমন, তোমার কথা শুনিয়া আমি নিশ্চিত হইলাম—তব বাক্যং শ্রুত্বা অহং নিশ্চিন্তোঽভবম্। বারাণসী যাইয়া সে শাস্ত্র অধ্যয়ন করিতে লাগিল—বারাণসীং গত্বা স শাস্ত্রম্ অধ্যেতুম্ আরভত।

১৭৫. নিষেধার্থক 'অলম্' ও 'খলু' শব্দযোগে ধাতুর উত্তর ক্ত্বাচ্-প্রত্যয় হয়। যেমন, অলং ভুক্ত্বা—খাইও না। অলং গত্বা—যাইও না। খলু ইদং কৃত্বা—ইহা করিও না।

কয়েকটি ক্ত্বাচ্ প্রত্যয়ান্ত শব্দ

অদ্+ক্ত্বাচ্=জগ্ধ্বা, অস্+ক্ত্বাচ্=ভূত্বা, আপ্+ক্ত্বাচ্+আপ্ত্বা, ইষ্+ক্ত্বাচ্=ইষিত্বা, ইষ্ট্বা, কৃ+ক্ত্বাচ্=কৃত্বা, ক্রী+ক্ত্বাচ্=ক্রিত্বা, ক্রীড্+ক্ত্বাচ্=ক্রীড়িত্বা, ক্রুধ্+ক্ত্বাচ্=ক্রুদ্ধ্বা, ক্ষিপ্+ক্ত্বাচ্=ক্ষীপ্ত্বা, গণ্+ক্ত্বাচ্=গণয়িত্বা, গম্+ক্ত্বাচ্=গত্বা, গ্রন্থ্+ক্ত্বাচ্=গ্রথিত্বা, গ্রন্থিতা, ঘ্রা+ক্ত্বাচ্=ঘ্রাত্বা, চি+ক্ত্বাচ্=চিত্বা, চিন্ত্+ক্ত্বাচ্=চিন্তয়িত্বা, ছিদ্+ক্ত্বাচ্=ছিত্ত্বা, জি+ক্ত্বাচ্=জিত্বা, জ্ঞা+ক্ত্বাচ্=জ্ঞাত্বা, ত্যজ্+ক্ত্বাচ্=ত্যক্ত্বা, দন্শ্+ক্ত্বাচ্=দষ্ট্বা, দহ্+ক্ত্বাচ্=দগ্ধ্বা, দা+ক্ত্বাচ্=দত্ত্বা, দৃশ্+ক্ত্বাচ্=দৃষ্ট্বা, ধা+ক্ত্বাচ্=হিত্বা, ধাব্+ক্ত্বাচ্=ধাবিত্বা, ধ্যৈ+ক্ত্বাচ্=ধ্যাত্বা, নম্+ক্ত্বাচ্=নত্বা, নৃৎ+ক্ত্বাচ্=নর্তিত্বা, পচ্+ক্ত্বাচ্=পক্ত্বা, পঠ্+ক্ত্বাচ্=পঠিত্বা, পত্+ক্ত্বাচ্=পতিত্বা, পা+ক্ত্বাচ্=পীত্বা, পূজ্+ক্ত্বাচ্=পূজয়িত্বা, পূর্+ক্ত্বাচ্=পূরয়িত্বা, প্রচ্ছ্+ক্ত্বাচ্=পৃষ্ট্বা, বন্ধ্+ক্ত্বাচ্=বদ্ধ্বা, ব্রূ+ক্ত্বাচ্=উক্ত্বা, ভুজ্+ক্ত্বাচ্=ভুক্ত্বা, ভূ+ক্ত্বাচ্=ভূত্বা, মন্+ক্ত্বাচ্=মত্বা, মুচ্+ক্ত্বাচ্=মুক্ত্বা, যজ্+ক্ত্বাচ্=ইষ্ট্বা, রক্ষ্+ক্ত্বাচ্=রক্ষিত্বা, বচ্+ক্ত্বাচ্=উক্ত্বা, রুদ্+ক্ত্বাচ্=রুদিত্বা, লভ্+ক্ত্বাচ্=লব্ধ্বা, লিখ্+ক্ত্বাচ্=লিখিত্বা, লেখিত্বা, বদ্+ক্ত্বাচ্=উদিত্বা, বস্+ক্ত্বাচ্=উষিত্বা, বচ্+ক্ত্বাচ্=উক্ত্বা, বহ্+ক্ত্বাচ্=ঊঢ়্বা, বিদ্+ক্ত্বাচ্=বিদিত্বা, ব্যধ্+ক্ত্বাচ্=বিদ্ধ্বা, শাস্+ক্ত্বাচ্=শাসিত্বা, শিষ্ট্বা, শী+ক্ত্বাচ্=শয়িত্বা, শ্রু+ক্ত্বাচ্=শ্রুত্বা, সহ্+ক্ত্বাচ্=সোঢ়্বা, সিচ্+ক্ত্বাচ্=সিক্ত্বা, সৃজ্+ক্ত্বাচ্=সৃষ্ট্বা, সেব্+ক্ত্বাচ্=সেবিত্বা, স্থা+ক্ত্বাচ্=স্থিত্বা, স্পৃশ্+ক্ত্বাচ্=স্পৃষ্ট্বা, স্বপ্+ক্ত্বাচ্=সুপ্ত্বা, হন্+ক্ত্বাচ্=হত্বা, হৃ+ক্ত্বাচ্=হৃত্বা, হৃষ্+ক্ত্বাচ্=হৃষ্ট্বা, হ্বে+ক্ত্বাচ্=হূত্বা।

প্রয়োগ

'অনসূয়ে, অলং রুদিত্বা'—অনসূয়া, কাঁদিও না। 'অলং স্থিত্বা শ্মশানেঽস্মিন্'—এই শ্মশানে থাকিও না।

ল্যপ্

১৭৬. ধাতুর পূর্বে উপসর্গ থাকিলে ক্ত্বাচ্ না হইয়া ল্যপ্ প্রত্যয় হয়। ল্যপ্-এর 'য' থাকে, ল্ ও প্ ইৎ হয়।

প্র-আপ্ + ল্যপ্ = প্রাপ্য (পাইয়া) [আপ্ ধাতুর পূর্বে 'প্র' উপসর্গ আছে বলিয়া 'ক্তাচ্' হইবে না। 'প্রাপ্ত্বা' লিখিলে ভুল হইবে।]

আমি তোমার পত্র পাইয়া আনন্দিত হইয়াছি- এহং তব পত্রং প্রাপ্য আনন্দিতোঽস্মি।

কয়েকটি ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দ

প্র-নম্ + ল্যপ্ = প্রণম্য, প্রণত্য, প্র-বচ্ + ল্যপ্ = প্রোচ্য, প্র-বিশ্ + ল্যপ্ = প্রবিশ্য, প্র-স্থা + ল্যপ্ = প্রস্থায়, প্র-হৃ + ল্যপ্ = প্রহৃত্য, পরা-জি + ল্যপ্ = পরাজিত্য, পরা-ভূ + ল্যপ্ = পরাভূয়, সম্-অর্পি + ল্যপ্ = সমর্প্য, সম্-গ্রহ্ + ল্যপ্ = সংগৃহ্য, সম্-চি + ল্যপ্ = সঞ্চিত্য, সম্-স্থাপি + ল্যপ্ = সংস্থাপ্য, অনু-কৃ + ল্যপ্ = অনুকৃত্য, অনু-বদ্ + ল্যপ্ = অনূদ্য, অব-ঈক্ষ্ + ল্যপ্ = অবেক্ষ্য, অব-গম্ + ল্যপ্ = অবগম্য, অব-গাহ্ + ল্যপ্ = অবগাহ্য, বগাহ্য, অব-ধারি + ল্যপ্ = অবধার্য, অব-রুহ্ + ল্যপ্ = অবরুহ্য, নির্-ঈক্ষ্ + ল্যপ্ = নিরীক্ষ্য, নির্-গম্ + ল্যপ্ = নির্গম্য, নির্-চি + ল্যপ্ = নিশ্চিত্য, নির্-মা + ল্যপ্ = নির্মায়, অভি-ধা + ল্যপ্ = অভিধায়, অভি-বাদি + ল্যপ্ = অভিবাদ্য, বি-ক্রী + ল্যপ্ = বিক্রীয়, বি-চিন্ত্ + ল্যপ্ = বিচিন্ত্য বি-জি + ল্যপ্ = বিজিত্য, বি-জ্ঞা + ল্যপ্ = বিজ্ঞায়, বি-জ্ঞাপি + ল্যপ্ = বিজ্ঞাপ্য, বি-দৃ + ল্যপ্ = বিদীর্য, বি-শ্রম্ + ল্যপ্ = বিশ্রম্য, বি-হা + ল্যপ্ = বিহায়, অধি-ই + ল্যপ্ = অধীত্য, অধি-কৃ + ল্যপ্ = অধিকৃত্য, অধি-বস্ + ল্যপ্ = অধ্যুষ্য, অধি-শী + ল্যপ্ = অধিশয্য, উৎ-স্থা + ল্যপ্ = উত্থায়, উৎ-স্থাপি + ল্যপ্ = উত্থাপ্য, নি-শম্ + ল্যপ্ = নিশম্য, নি-হন্ + ল্যপ্ = নিহত্য, পরি-ঈক্ষ্ + ল্যপ্ = পরীক্ষ্য, পরি-ত্যজ + ল্যপ্ = পরিত্যজ্য, উপ-সৃ + ল্যপ্ = উপসৃত্য, আ-কৃষ্ + ল্যপ্ = আকৃষ্য, আ-ঘ্রা + ল্যপ্ = আঘ্রায়, আ-দা + ল্যপ্ = আদায়, আ-পৃচ্ছ্ + ল্যপ্ = আপৃচ্ছ্য, আ-রভ্ + ল্যপ্ = আরভ্য, আ-রুহ্ + ল্যপ্ = আরুহ্য, আ-শ্রি + ল্যপ্ = আশ্রিত্য, আ-হন্ + ল্যপ্ = আহত্য, আ-হৃ + ল্যপ্ = আহৃত্য, আ-হ্বে + ল্যপ = আহূয়।

অনুশীলনী

(ক্তাচ্, ল্যপ্)

১. নিম্নলিখিত ধাতুগুলির সহিত ক্তাচ্ প্রত্যয়যোগে কৃদন্ত অব্যয় গঠন করিয়া বাক্যে প্রয়োগ কর :

প্রচ্ছ্, দৃশ্ ভক্ষ্, গৈ, ধা, দন্‌শ্, ত্যজ্ ।

২. পদ গঠন কর :

প্র-আপ্ + ল্যপ্, প্র-বচ্ + ল্যপ্, প্র-হৃ + ল্যপ্, সম্-চি + ল্যপ্, নির্-চি + ল্যপ্, বি-চিন্ত্ + ল্যপ্, অধি-ই + ল্যপ্, আ-ই + ল্যপ্, উৎ-স্থা + ল্যপ্, উপ-বস্ + ল্যপ্, প্র-বচ্ + ল্যপ্, আ-হ্বে + ল্যপ্, অধি-শী + ল্যপ্ ।

৩. সংস্কৃতে অনুবাদ কর :

(ক) তোমার কথা শুনিয়া বিস্মিত হইলাম। ঘরে আসিয়া বিশ্রাম কর। তাহাকে জিজ্ঞাসা করিয়া সব জানিলাম। দীর্ঘকাল গ্রামে বাস করিয়া সে শহরে আসিয়াছে। ইহা চিন্তা করিয়া সে বিষণ্ণ হইল। পাঠ শেষ করিয়া সে খেলিতেছে। সকালে উঠিয়া সে নদীতীরে বেড়ায়। মিথ্যা কথা বলিয়া সে অন্যায় করিয়াছে।

(খ) Seeing me from a distance he came running. Having done the work he went home. We are glad to hear this. Returning home he told his mother everything.

৪. অশুদ্ধি সংশোধন কর :

মাতরং নমিত্বা স বিদেশং গতঃ। গৃহমাগত্বা স স্নাতি। ধনং সংগৃহীত্বা স দরিদ্রায় দদাতি। আলস্যং ত্যজিত্বা স কর্ম করোতি। তব পত্রং প্রাপ্ত্বা আনন্দিতোঽহম্। পুস্তকং গৃহ্য বিদ্যালয়ং গচ্ছ।

তুমুন্ (Infinitive)

১৭৭. নিমিত্ত বুঝাইলে সমাপিকা ও অসমাপিকা উভয় ক্রিয়ার কর্তা একজন হইলে ধাতুর উত্তর তুমুন্ হয়।

রামঃ জলং পাতুমিচ্ছতি (রাম জল পান করিতে চায়।)

এই বাক্যে 'পা' এবং 'ইষ্' উভয় ধাতুর কর্তাই 'রাম'। অতএব নিমিত্তার্থে পা ধাতুর উত্তর তুমুন্ প্রত্যয় হইয়াছে।

কর্তা বিভিন্ন হইলে তুমুন্ হইবে না। 'আমি তাহাকে যাইতে দেখিতেছি।'

এস্থলে ‘অহং তম্ গন্তুম্ পশ্যামি’ লিখিলে ভুল হইবে। কারণ, গম্ এবং দৃশ্ ধাতুর কর্তা এক নহে। যাইতেছে সে, দেখিতেছি আমি। তাই যাইতে পদের অনুবাদ করিতে ‘তুমুন্’ স্থলে ‘শতৃ’ ব্যবহার করিতে হইবে। অহং রামং গচ্ছন্তম্ পশ্যামি।

সংস্কৃতে শক্, জ্ঞা, রভ্, অর্হ্, ক্রম্ ইত্যাদি ধাতু এবং ইহাদের সমার্থক অন্যান্য ধাতুর প্রয়োগে নিমিত্ত না বুঝাইলেও তুমুন্ হয়।

উদাহরণ : বালকঃ পঠিতুম্ শক্নোতি। মাং ক্ষন্তুম্ অর্হতি ভবান্।

অনুশীলনী

(তুমুন্)

১. নিম্নলিখিত ধাতুগুলির সহিত ‘তুমুন্’ যোগ করিয়া কৃদন্ত অব্যয় গঠন কর : গম্, গৈ, ক্রীড়্, ত্রৈ, ধ্যৈ, প্রচ্ছ্, লভ্, হৃ, হ্রে, রক্ষ্।

২. বাক্যে ব্যবহার কর :

ভংক্তুম্ (ভাঙিতে), শাসিতুম্, বোদ্ধুম্, লেখিতুম্।

৩. সংস্কৃতে অনুবাদ কর :

(ক) সে সব জানিতে চায়। আমরা তাহার গান শুনিতে চাই। আমি মিথ্যা কথা বলিতে পারিব না। শিশুটি মায়ের কোলে শুইতে চায়। আমরা সকালে ভ্রমণ করিতে যাই। চোর দ্রব্য হরণ করিতে ঘরে ঢুকিল।

(খ) They will not be able to do it ? Will you be able to carry the weight. Everybody wants to be happy. They are going to buy books ? They come here to play. The hunter entered into the forest to kill tigers. The child suddenly began to cry. It is time to go there.

৪. সংশোধন কর :

সৃজিতুম্, লভিতুম্, হন্তুম্, গৃহীতুম্, ইতুম্।

কৃত্য প্রত্যয়

১৭৮. তব্য, অনীয়, ণ্যৎ, যৎ, ও ক্যপ্ এই পাঁচটি প্রত্যয়কে কৃত্য প্রত্যয় বলে। ঔচিত্য, আদেশ, অনুজ্ঞা, যোগ্যতা ও ভবিষ্যৎকাল বুঝাইতে কর্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতুর উত্তর কৃত্য প্রত্যয় হয়। কৃত্যপ্রত্যয় নিষ্পন্ন শব্দ

কর্মবাচ্যে কর্মের বিশেষণ এবং ভাববাচ্যে ক্লীবলিঙ্গ প্রথমার একবচনান্ত হয়। ইহাদের রূপ পুংলিঙ্গে 'নর', স্ত্রীলিঙ্গে 'লতা' এবং ক্লীবলিঙ্গে 'ফল' শব্দের ন্যায়। ইহাদের কর্তায় তৃতীয়া বা ষষ্ঠী বিভক্তি হয়।

তব্য ও অনীয়

১৭৯. (ক) কর্মবাচ্যে ও ভাববাচ্যে সকল ধাতুর উত্তরই তব্য ও অনীয় প্রত্যয় হইতে পারে।

কর্মবাচ্যে—ত্বয়া (বা তব) বেদঃ পঠিতব্যঃ বা পঠনীয়ঃ—তোমার বেদ পড়া উচিত। ময়া (বা মম) এতানি পুস্তকানি ক্রেতব্যানি—আমার এই গ্রন্থগুলি কেনা উচিত।

ভাববাচ্যে—ময়া (বা মম) গন্তব্যম্—আমার যাওয়া উচিত। ন স্থাতব্যং ন গন্তব্যং দুর্জনেন সমং ক্বচিৎ—কোথাও দুর্জনের সহিত যাওয়া বা থাকা উচিত নয়। ত্বয়া (বা তব) নাধুনা শয়নীয়ম্—তোমার এখন শোয়া উচিত নয়।

কয়েকটি তব্য প্রত্যয়ান্ত শব্দ

আপ্ + তব্য = আপ্তব্য, প্র-আপ্ + তব্য = প্রাপ্তব্য, ত্যজ্ + তব্য = ত্যক্তব্য, দৃশ্ + তব্য = দ্রষ্টব্য, ই + তব্য = এতব্য, অধি—ই + তব্য = অধ্যেতব্য, প্রচ্ছ্ + তব্য = প্রষ্টব্য, ব্রূ + তব্য = বক্তব্য, গম্ + তব্য = গন্তব্য, গ্রহ্ + তব্য = গ্রহীতব্য, লভ্ + তব্য = লব্ধব্য, জি + তব্য = জেতব্য, শ্রু + তব্য = শ্রোতব্য, সহ্ + তব্য = সোঢ়ব্য, সৃজ্ + তব্য = স্রষ্টব্য, স্পৃশ + তব্য = স্প্রষ্টব্য. স্মৃ + তব্য = স্মর্তব্য।

কয়েকটি অনীয় প্রত্যয়ান্ত শব্দ

অর্চ্ + অনীয় = অর্চনীয়, বাঞ্ছ্ + অনীয় = বাঞ্ছনীয়, কৃ + অনীয় = করণীয়, শিক্ষ্ + অনীয় = শিক্ষণীয়, গ্রহ্ + অনীয় = গ্রহণীয়, সহ্ + অনীয় = সহনীয়, চিন্ত্ + অনীয় = চিন্তনীয়, স্পৃহ্ + অনীয় = স্পৃহণীয়, দৃশ্ + অনীয় = দর্শনীয়, স্মৃ + অনীয় = স্মরণীয়, পঠ্ + অনীয় = পঠনীয়, হস্ + অনীয় = হসনীয়, ব্রূ + অনীয় = বচনীয়, হু + অনীয় = হবনীয়, রক্ষ্ + অনীয় = রক্ষণীয়, হৃ + অনীয় = হরণীয়, বহ্ + অনীয় = বহনীয়।

ণ্যৎ

(কর্মবাচ্য ও ভাববাচ্যে)

(খ) ঋ-কারান্ত ও ব্যঞ্জনান্ত ধাতুর উত্তর ণ্যৎ হয়। 'ণ্যৎ'-এর ণ্ ও ত্ লোপ হয়, 'য' থাকে।

কর্মবাচ্যে : কুসঙ্গঃ সর্বৈঃ (সর্বেষাং বা) ত্যাজ্যঃ—কুসঙ্গ সকলের পরিত্যাগ করা উচিত। ত্বয়া এতদ্ ন বাচ্যম্—তোমার একথা বলা উচিত নয়।

ভাববাচ্যে : ন খলু সর্বত্র হাস্যম্—সর্বত্র হাসা উচিত নয়।

ণ্যৎ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ

কৃ + ণ্যৎ = কার্যম্, বুধ্ + ণ্যৎ = বোধ্যম্, ধৃ + ণ্যৎ = ধার্যম্, ছিদ্ + ণ্যৎ = ছেদ্যম্, বচ্ + ণ্যৎ = বাচ্যম্, বিদ্ + ণ্যৎ = বেদ্যম্, সিচ্ + ণ্যৎ = সেচ্যম্, ভিদ্ + ণ্যৎ = ভেদ্যম্, ত্যজ্ + ণ্যৎ = ত্যাজ্যম্, মন্ + ণ্যৎ = মান্যম্, যজ্ + ণ্যৎ = যাজ্যম্, গ্রহ্ + ণ্যৎ = গ্রাহ্যম্, যুজ্ + ণ্যৎ = যোজ্যম্, বহ্ + যৎ = বাহ্যম্, ভুজ্ + ণ্যৎ = ভোগ্যম্, ভোজ্যম্।

অর্থগত পার্থক্য

ভোজ্যম্—যাহা ভোজন করা উচিত। ভোগ্যম্—যাহা ভোগ করা উচিত। বাচ্যম্—যাহা বলা উচিত। বাক্যম্—Sentence. প্রযোজ্যঃ—যাহা প্রয়োগ করিতে পারা যায়। প্রয়োগ্যঃ—যাহা প্রয়োগের যোগ্য। নিযোজ্যঃ—ভৃত্য। নিযোগ্যঃ—প্রভু।

যৎ

(গ) কর্মবাচ্য ও ভাববাচ্যে স্বরান্ত ধাতু, পবর্গান্ত ধাতু, এবং শক্, সহ্ প্রভৃতি ধাতুর উত্তর যৎ হয়। 'যৎ'-এর 'ত্' লোপ হয়, 'য' থাকে।

কর্মবাচ্যে : সর্বৈঃ (সর্বেষাং বা) বিশুদ্ধং জলং পেয়ম্—সকলের বিশুদ্ধ জল পান করা উচিত।

ভাববাচ্যে : অধুনা ত্বয়া (তব) গেয়ম্—এখন তোমার গান করা উচিত।

যৎ প্রত্যয়ান্ত শব্দ

দা + যৎ = দেয়, চি + যৎ = চেয়, গৈ + যৎ = গেয়, নী + যৎ = নেয়, পা + যৎ = পেয়, জি + যৎ = জেয়, স্থা + যৎ = স্থেয়, শ্রু + যৎ = শ্রব্য, মা + যৎ =

মেয়, ভূ+যৎ=ভব্য, অনু-মা+যৎ=অনুমেয়, হা+যৎ=হেয়, শপ্+যৎ=শপ্য, ধা+যৎ=ধেয়, লভ্+যৎ=লভ্য, বি-ধা+যৎ=বিধেয়, গম্+যৎ=গম্য, নম্+যৎ=নম্য, প্র-নম্+যৎ=প্রণম্য, শক্+যৎ=শক্য, সহ্+যৎ=সহ্য, হন্+যৎ=বধ্য।

অর্থগত পার্থক্য

জেয়—জয়ের যোগ্য। জয্য—যাহাকে জয় করিতে পারা যায়। ক্ষেয়—ক্ষয় করার যোগ্য। ক্ষয্য—যাহা ক্ষয় করিতে পারা যায়। ক্রেয়—যাহা ক্রয়ের যোগ্য। ক্রয্য—যাহা ক্রয়ের জন্যে দোকানে রাখা হইয়াছে।

ক্যপ্

(ঘ) ই, স্তু, শাস্, জুষ্, দৃ, দৃশ্ ইত্যাদি ধাতুর উত্তর কর্মবাচ্যে ও ভাববাচ্যে ক্যপ্ প্রত্যয় হয়।

কর্মবাচ্য: সর্বৈঃ (সর্বেষাং) হরিঃ স্তুত্যঃ—সকলের হরিকে উপাসনা করা উচিত।

ভাববাচ্য: দুর্জনৈঃ সহ ন ইত্যম্—দুর্জনের সহিত যাওয়া উচিত নয়।

ক্যপ্ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ

ই+ক্যপ্=ইত্য, দৃ+ক্যপ্=দৃত্য, বৃ+ক্যপ্=বৃত্য, কৃ+ক্যপ্=কৃত্য, জুষ্+ক্যপ্=জুষ্য, শাস্+ক্যপ্=শিষ্য, স্তু+ক্যপ্=স্তুত্য, দৃশ্+ক্যপ্=দৃশ্য।

অনুশীলনী

(কৃত্য-প্রত্যয়)

১. শব্দ গঠন কর (বিভক্তি যোগ করিতে হইবে না):

দৃশ্+তব্য, গ্রহ্+তব্য, লভ্+তব্য, প্রচ্ছ্+তব্য, চিন্ত্+অনীয়, পঠ্+অনীয়, পা+অনীয়, হু+অনীয়, কৃ+ণ্যৎ, ছিদ্+ণ্যৎ, হস্+ণ্যৎ, দা+যৎ, লভ্+যৎ, হা+যৎ, কৃ+ক্যপ্, ভৃ+ক্যপ্।

২. (ক) কৃত্য প্রত্যয়ান্ত পদ ব্যবহার করিয়া সংস্কৃতে অনুবাদ কর:

তোমার ইহা করা উচিত। দুর্জনের সহিত থাকা উচিত নহে। মিথ্যা

কথা বলা উচিত নহে। এখন কি করা উচিত বল। অকারণে ভয় পাওয়া উচিত নয়। রোজ স্নান করা উচিত। বিশুদ্ধ জল পান করা উচিত। বিদ্যা অর্জনের জন্য চেষ্টা করা উচিত। গুরুর আজ্ঞা পালন করা উচিত।

(খ) He is to stay here for a week. Malati should read it. You should think over the matter. The books will now be given to you all. Boys will do their duties. Parents should be respected.

৩. অশুদ্ধি সংশোধন কর :

অধুনা ময়া গন্তব্যঃ। ত্বয়া গ্রন্থঃ পঠনীয়ম্। চেষ্টা সর্বথা কার্যম্। ইমা অপি প্রদেয়ঃ। অত্যুষ্ণং খাদ্যং ন গ্রহণীয়ঃ।

৪. পার্থক্য নির্ণয় কর :

ভোজ্যম্—ভোগ্যম্, নিযোজ্যঃ—নিযোগ্যঃ, জেয়ম্—জয্যম্, ক্ষেয়ম্—ক্ষয্যম্।

অনট্ (ল্যুট্)

১৮০. ভাববাচ্যে ধাতুর উত্তর অনট্ হয়। ট্ ইৎ, অন থাকে। এই অনট্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হয়।

কিং তে ভোজনম্ (ভুজ্ + অনট্) সম্পন্নম্ ? (তোমার খাওয়া হয়েছে কি ?) ছাত্রাণামধ্যয়নম্ তপঃ (অধ্যয়নই ছাত্রদের তপস্যা)। অধ্যয়নম = অধি-ই + অনট্।

অনট্ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ

গম্ + অনট্ = গমনম্, ঘ্রা + অনট্ = ঘ্রাণম্, শী + অনট্ = শয়নম্, শ্রু + অনট্ = শ্রবণম্, ঈক্ষ্ + অনট্ = ঈক্ষণম্, কৃ + অনট্ = করণম্, ভক্ষ্ + অনট্ = ভক্ষণম্, সৃ + অনট্ = সরণম্, তৃপ্ + অনট্ = তর্পণম্, বৃ + অনট্ = বরণম্, পা + অনট্ = পানম্, স্মৃ + অনট্ = স্মরণম্, দা + অনট্ = দানম্, দৃশ্ + অনট্ = দর্শনম্, জ্ঞা + অনট্ = জ্ঞানম্, নৃৎ + অনট্ = নর্তনম্, স্না + অনট্ = স্নানম্।

ঘঞ্

১৮১. ভাববাচ্যে ও কর্তৃভিন্ন কারকবাচ্যে ধাতুর উত্তর ঘঞ্ হয়। ঘ্ ও ঞ্ ইৎ, অ থাকে।

ঘঞ্-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ।

সন্নিমিত্তে বরং ত্যাগো (ত্যজ্ + ঘঞ্) বিনাশে নিয়তে সতি। (বিনাশ যখন নিয়ত তখন সৎকাজে ত্যাগই ভাল)।

ঘঞ্ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ

পচ্ + ঘঞ্ = পাক, পঠ্ + ঘঞ্ = পাঠ, ত্যজ্ + ঘঞ্ = ত্যাগ, যজ্ + ঘঞ্ = যাগ, নশ্ + ঘঞ্ = নাশ, ভজ্ + ঘঞ্ = ভাগ, শুচ্ + ঘঞ্ = শোক, রঞ্জ্ + ঘঞ্ = রঙ্গ, ভুজ্ + ঘঞ্ = ভোগ, ভন্‌জ্ + ঘঞ্ = ভঙ্গ, রুজ্ + ঘঞ্ = রোগ, সন্‌জ্ + ঘঞ্ = সঙ্গ, বস্ + ঘঞ্ = বাস, অদ্ + ঘঞ্ = ঘাস, শপ্ + ঘঞ্ = শাপ, তপ্ + ঘঞ্ = তাপ, দহ্ + ঘঞ্ = দাহ, লভ্ + ঘঞ্ = লাভ।

ক্তিন্

১৮২. ভাববাচ্যে ধাতুর উত্তর ক্তিন্ হয়। ক্ ও ন্ ইৎ, তি থাকে। ক্তিন্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়।

সংহতৌ হি শক্তিঃ (শক্ + ক্তিন্) = সংহতিতেই শক্তি।

ক্তিন্ প্রত্যয়ান্ত শব্দ

খ্যা + ক্তিন্ = খ্যাতিঃ, প্রী + ক্তিন্ = প্রীতিঃ, গৈ + ক্তিন্ = গীতিঃ, ভী + ক্তিন্ = ভীতিঃ, স্থা + ক্তিন্ = স্থিতিঃ, শ্রু + ক্তিন্ = শ্রুতিঃ, নী + ক্তিন্ = নীতিঃ, স্মৃ + ক্তিন্ = স্মৃতিঃ, প্রী + ক্তিন্ = প্রীতিঃ, মুচ্ + ক্তিন্ = মুক্তিঃ, বচ্ + ক্তিন্ = উক্তিঃ, যজ্ + ক্তিন্ = ইষ্টিঃ, সৃজ + ক্তিন্ = সৃষ্টিঃ, ভ্রম্ + ক্তিন্ = ভ্রান্তিঃ, ভিদ্ + ক্তিন্ = ভিত্তিঃ, শম্ + ক্তিন্ = শান্তিঃ, ক্ষণ্ + ক্তিন্ = ক্ষতিঃ, শ্রম্ + ক্তিন্ = শ্রান্তিঃ, মন্ + ক্তিন্ = মতিঃ, দৃশ্ + ক্তিন্ = দৃষ্টিঃ, স্বপ্ + ক্তিন্ = সুপ্তিঃ, কৃষ্ + ক্তিন্ = কৃষ্টিঃ, ক্রম্ + ক্তিন্ = ক্রান্তিঃ, রুহ্ + ক্তি = রূঢিঃ, ক্লম্ + ক্তিন্ = ক্লান্তিঃ, কৃৎ + ক্তিন্ = কীর্তিঃ, গম্ + ক্তিন্ = গতিঃ, হা + ক্তিন্ = হানিঃ, নম্ + ক্তিন্ = নতিঃ, গ্লা + ক্তি = গ্লানিঃ।

ণিন্ (ণিনি)

১৮৩. (ক) ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ণিন্ হয়। ণ্ ইৎ, ইন্ থাকে। ণিন্-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ গুণিন্ শব্দের ন্যায়। যথা, মন্ত্র্ + ইন্ = মন্ত্রী, বদ্ + ইন্ = বাদী, বস্ + ইন্ = বাসী, প্র-বস্ + ইন্ = প্রবাসী, অপ-রাধ্ + ইন্ = অপরাধী, দ্রুহ্ + ইন্ = দ্রোহী।

(খ) উপসর্গের ও সুবন্ত পদের পরবর্তী ধাতুর উত্তর ব্রত, শীল ও পৌনঃপুন্য অর্থে ণিন্ হয়।

ব্রত অর্থে॥ স্থণ্ডিলে শেতে স্থণ্ডিল—শী+ইন্=স্থণ্ডিলশায়ী

শীল অর্থে॥ সত্যং বদতি ইতি সত্য-বদ্+ইন্=সত্যবাদী

মনো হরতি ইতি মনস্—হৃ+ইন্=মনোহারী

অনুযাতুং শীলমস্য ইতি অনু—যা+ইন্=অনুযায়ী

পৌনঃপুন্য অর্থে॥ পুনঃ পুনঃ কলহং করোতি ইতি কলহ—কৃ+ইন্ কলহকারী।

(গ) ভবিষ্যৎ কাল বুঝাইলে ভূ, যা, স্থা ইত্যাদি ধাতুর উত্তর কর্তৃবাচ্য ণিন্ হয়।

ভূ+ইন্=ভাবী (যাহা হইবে)। যা+ইন্=যায়ী (যে যাইবে)। স্থা+ইন্=স্থায়ী (যাহা থাকিবে)।

অনুশীলনী

(ঘঞ্, ক্তিন্, ল্যুট (অনট্), ণিনি)

১. প্রথমা একবচনান্ত পদ গঠন কর:

অদ্+ঘঞ্, পঠ্+ঘঞ্, চি+ঘঞ্, হন্+ঘঞ্, জ্ঞা+ক্তিন্, যজ্+ক্তিন্, নম্+ক্তিন্, গ্লা+ক্তিন্, বচ্+ক্তিন্, দৃশ্+অনট্, পা+অনট্, শ্রু+অনট্, সৃজ্+অনট্, মন্ত্র্+ণিন্, অপ—রাধ্+ইন্, পাপ—কৃ+ণিন্।

২. সংস্কৃতে অনুবাদ কর:

(ক) ইহাতে কোন ক্ষতি হইবে না। কর্মে তাঁহার ক্লান্তি নাই। বিচিত্র এই বিশ্বসৃষ্টি। গুণীজনের দর্শন সকলেরই কাম্য। দুগ্ধপান স্বাস্থ্যকর। অপরাধীরা দণ্ড পাইবে। সত্যবাদী সকলের শ্রদ্ধাভাজন। গুণী ধন্য, গুণগ্রাহীও ধন্য।

(খ) Sing a song. Plucking flowers is a pleasure. Travelling is a part of education. A liar is hated by all. The ministers are all here. Reading is a good habit. Drinking impure water is dangerous. A good saying is a good wealth.

সপ্তম পরিচ্ছেদ

তদ্ধিত প্রত্যয়

SECONDARY SUFFIX

১৮৪. শব্দের উত্তর যে-সকল প্রত্যয় যুক্ত হয় উহাদিগকে তদ্ধিত প্রত্যয় বলে। 'তদ্ধিত' এইরূপ নামকরণের বিশেষ একটি তাৎপর্য আছে। তদ্+হিত=তদ্ধিত। তেভ্যঃ প্রসিদ্ধেভ্যঃ প্রয়োগেষু হিতাঃ 'তদ্ধিতাঃ'। বিশিষ্ট প্রয়োগ অতিক্রম করিয়া ইহারা প্রযুক্ত হয় না—নামকরণটিতে এরূপ ইঙ্গিত করিয়াছে। 'অত ইঞ্' এই সূত্রের অর্থ—অপত্য অর্থে 'অ'-কারান্ত শব্দের উত্তর ইঞ্ প্রত্যয় হইবে। কিন্তু যে-কোন অ-কারান্ত শব্দের উত্তরই ইহা যুক্ত হইবে না। যে-সব ক্ষেত্রে ইহা শিষ্ট প্রয়োগসম্মত, শুধু সেই-সব ক্ষেত্রেই ইহা বিহিত।

তদ্ধিত প্রত্যয় যোগে শব্দের অর্থান্তর ঘটাইয়া নূতন শব্দ গঠিত হয়। ভাষাব্যবহারে ইহার অত্যন্ত গুরুত্ব। নানা অর্থে শব্দের সহিত তদ্ধিত প্রত্যয় যুক্ত হয়। নবম ও দশম শ্রেণীর পাঠ-নির্দেশ অনুযায়ী কয়েকটি তদ্ধিত প্রত্যয় আলোচিত হইতেছে।

তরপ্-তমপ্

(তর-তম)

১৮৫. বিশেষণের তারতম্য বুঝাইতে তরপ্ (তর) ও তমপ্ (তম) এই দুইটি প্রত্যয় ব্যবহৃত হয়। তারতম্য শব্দটি এই 'তর' ও 'তম' প্রত্যয় দুইটিকে একত্র করিয়া এবং তাহার সহিত 'য' এই তদ্ধিত প্রত্যয় যোগ করিয়া গঠিত হইয়াছে—তরতম+য=তারতম্য।

১৮৬. দুইয়ের মধ্যে উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে 'তরপ্' এবং বহুর মধ্যে উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে 'তমপ্' প্রত্যয় হয়।

পটু+তর=পটুতর, পটু+তম=পটুতম।

১৮৭. 'তরপ্' ও 'তমপ্' প্রত্যয়ান্ত শব্দ বিশেষণ, প্রয়োগের সময় পুংলিঙ্গে ইহা 'নর' শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে 'ফল' শব্দের ন্যায় এবং স্ত্রীলিঙ্গে 'লতা' শব্দের ন্যায় হইবে। যেমন,

রামাৎ পটুতরঃ শ্যামঃ (রাম হইতে শ্যাম অধিক পটু)। লীলায়াঃ পটুতরা

মাধবী (লীলা হইতে মাধবী পটু)। ফলয়োঃ ইদং মিষ্টতরম্ (দুইটি ফলের মধ্যে ইহা অধিক মিষ্ট)। পর্বতানাং হিমালয়ঃ বৃহত্তমঃ (পর্বতের মধ্যে হিমালয়ই বৃহত্তম)। ভারতে গঙ্গা নদীনাং দীর্ঘতমা (ভারতে গঙ্গা নদীগুলির মধ্যে সর্বাপেক্ষা দীর্ঘ)। ত্রয়াণাং ফলানাম্ ইদমেব মিষ্টতমম্ (তিনটি ফলের মধ্যে এইটিই মিষ্টতম)।

তরপ্ ও তমপ্ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ

	তরপ্	তমপ্
পটু	পটুতর	পটুতম
গুরু	গুরুতর	গুরুতম
লঘু	লঘুতর	লঘুতম
দীর্ঘ	দীর্ঘতর	দীর্ঘতম
হ্রস্ব	হ্রস্বতর	হ্রস্বতম
ক্ষিপ্র	ক্ষিপ্রতর	ক্ষিপ্রতম
দৃঢ়	দৃঢ়তর	দৃঢ়তম
মৃদু	মৃদুতর	মৃদুতম
কৃশ	কৃশতর	কৃশতম
স্থির	স্থিরতর	স্থিরতম
প্রিয়	প্রিয়তর	প্রিয়তম

ঈয়সুন্-ইষ্ঠন্

১৮৮. বিশেষণের অতিশায়নে দুয়ের মধ্যে তুলনা বুঝাইতে যেমন 'তরপ্' হয়, তেমনি হয় 'ঈয়স্', আবার দুইয়ের অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা বুঝাইতে যেমন 'তমপ্' হয় তেমনি হয় 'ইষ্ঠন্'।[১]

'ঈয়স্' প্রত্যয়ান্ত শব্দ :

১. পুংলিঙ্গে 'লঘীয়স্' শব্দের ন্যায়।

২. ক্লীবলিঙ্গে 'পয়স্' শব্দের ন্যায়।

৩. স্ত্রীলিঙ্গে (ঈপ্ প্রত্যয় যোগ করিয়া) 'নদী' শব্দের ন্যায়।

---

১. দ্বিবচন বিভজ্যোপপদে তরবীয়সুনৌ (৫।৩।৫৭)
অতিশায়নে তমবিষ্ঠনৌ (৫।৩।৫৫)

প্রয়োগ : রামঃ শ্যামাৎ বলীয়ান্।
মম মিত্রম্ রামাৎ বলীয়ঃ।
ধনাৎ বিদ্যা বলীয়সী।

'ইষ্ঠন্' প্রত্যয়ান্ত শব্দ :

১. পুংলিঙ্গে 'নর' শব্দের ন্যায়।
২. ক্লীবলিঙ্গে 'ফল' শব্দের ন্যায়।
৩. স্ত্রীলিঙ্গে 'লতা' শব্দের ন্যায়।

প্রয়োগ

কবিষু কালিদাসঃ শ্রেষ্ঠঃ। এতাসু কন্যাসু মালতী জ্যেষ্ঠা। যশো বিত্তং জ্ঞানম্ ইত্যেতেষু জ্ঞানং হি শ্রেষ্ঠম্।

কতিপয় ঈয়সুন্ ও ইষ্ঠন্ প্রত্যয়ান্ত শব্দ

মূল শব্দ (Primitive)	পরিবর্তিত রূপ (Substitute)	ঈয়সুন্ (Comparative)	ইষ্ঠন্ (Superlative)
অল্প little, young	কণ	কণীয়স্	কণিষ্ঠ
	কন	কনীয়স্	কনিষ্ঠ
উরু large	বর	বরীয়স্	বরিষ্ঠ
কৃশ thin	ক্রশ	ক্রশীয়স্	ক্রশিষ্ঠ
ক্ষিপ্র quick	ক্ষেপ	ক্ষেপীয়স্	ক্ষেপিষ্ঠ
ক্ষুদ্র small, mean	ক্ষোদ	ক্ষোদীয়স্	ক্ষেদিষ্ঠ
গুরু heavy	গর	গরীয়স্	গরিষ্ঠ
তৃপ্ content	ত্রপ	ত্রপীয়স্	ত্রপিষ্ঠ
দীর্ঘ long	দ্রাঘ	দ্রাঘীয়স্	দ্রাঘিষ্ঠ
দূর distant	দব	দবীয়স্	দবিষ্ঠ
দৃঢ় firm	দ্রঢ	দ্রঢীয়স্	দ্রঢিষ্ঠ
পৃথু large	প্রথ	প্রথীয়স্	প্রথিষ্ঠ
প্রশস্য excellent	শ্র	শ্রেয়স্	শ্রেষ্ঠ
প্রিয় dear	প্র	প্রেয়স্	প্রেষ্ঠ

মূল শব্দ (Primitive)	পরিবর্তিত রূপ (Substitute)	ঈয়সুন্ (Comparative)	ইষ্ঠন্ (Superlatlve)
বলবৎ strong	বল	বলীয়স্	বলিষ্ঠ
বহু many, much	ভূ	ভূয়স্	ভূয়িষ্ঠ
মৃদু soft	ম্রদ	ম্রদীয়স্	ম্রদিষ্ঠ
যুবন্ young	কন	কনীয়স্	কনিষ্ঠ
	যব	যবীয়স্	যবিষ্ঠ
বৃদ্ধ old	বর্ষ	বর্ষীয়স্	বর্ষিষ্ঠ
	জ্য	জ্যায়স্	জ্যেষ্ঠ
সাধু good	সাধ	সাধীয়স্	সাধিষ্ঠ
স্থির firm	স্থ	স্থেয়স্	স্থেষ্ঠ
স্থূল gross, bulky	স্থব	স্থবীয়স্	স্থবিষ্ঠ
হ্রস্ব short	হ্রস	হ্রসীয়স্	হ্রসিষ্ঠ

অণ্

১৮৯. বিভিন্ন অর্থে অণ্ প্রত্যয় হয়। অণ্ এর 'অ' থাকে, অণ্ প্রত্যয় হইলে পূর্বস্বরের বৃদ্ধি হয়। অর্থাৎ, অ > আ, ই, ঈ > ঐ, উ, ঊ > ঔ, ঋ > আর্ স্বরের এইরূপ পরিবর্তন হয়।

১। অপত্য অর্থে॥

শিবস্য অপত্যং পুমান্ ইতি শৈবঃ (শিব + অণ্) এইরূপ, ককুৎস্থ + অণ্ = কাকুৎস্থঃ, ইলা + অণ্ = ঐলঃ, সুমিত্রা + অণ্ = সৌমিত্রঃ, পৃথা + অণ্ = পার্থঃ।

২। তাহার দ্বারা উক্ত (তেন প্রোক্তম্) এই অর্থে॥

মনুনা প্রোক্তম্ = মানবম্ (মনু + অণ্) এইরূপ, পতঞ্জলি + অণ্ = পাতঞ্জলম্

৩। তস্য সমূহঃ অর্থাৎ তাহার সমূহ এই অর্থে॥

ভিক্ষাণাং সমূহঃ = ভৈক্ষম্ (ভিক্ষা + অণ্) এইরূপ, অঙ্গার + অণ্ আঙ্গারম্।

৪। 'তত্রভবঃ' অর্থাৎ তথায় জাত অর্থে॥

মথুরায়াং ভবঃ ইতি মাথুরঃ (মথুরা+অণ্) এইরূপ, কলিঙ্গ+অণ্= কালিঙ্গঃ, নগর+অণ্=নাগরঃ।

৫। তস্য ইদম্ অর্থাৎ তৎসম্বন্ধীয় অর্থে॥

বিষ্ণোরিদম্ ইতি বৈষ্ণবম্ (বিষ্ণু+অণ্) এইরূপ, শিব+অণ্=শৈবম্, দেব+অণ্=দৈবম্, শরীর+অণ্=শারীরম্।

৬। 'তস্য বিকারঃ' অর্থাৎ তাহার বিকার এই অর্থে॥

সুবর্ণস্য বিকারঃ ইতি সৌবর্ণঃ (সুবর্ণ+অণ্) এইরূপ, দারু+অণ্= দারবঃ, পয়ঃ+অণ্=পায়সঃ, তিল+অণ্=তৈলম্।

৭। স্বার্থে অর্থাৎ অর্থের পরিবর্তন না ঘটাইয়া॥

বন্ধুরেব ইতি বান্ধবঃ (বন্ধু+অণ্) এইরূপ, চোর+অণ্=চৌরঃ, রক্ষঃ+ অণ্=রাক্ষসঃ।

৮। 'তস্য ভাবঃ' অর্থাৎ তাহার ভাব এই অর্থে॥

শুচের্ভাবঃ ইতি শৌচম্ (শুচি+অণ্) এইরূপ, মুনি+অণ্=মৌনম্, নিপুণ+অণ্=নৈপুণম্, কুশল+অণ্=কৌশলম্।

ছ (ঈয়)

১৯০. বিভিন্ন অর্থে প্রাতিপদিকের উত্তর ছ-প্রত্যয় হয়।

১। তেন প্রোক্তম্॥

মনুনা প্রোক্তম্=মানবীয়ম্ (মানব+ঈয়) এইরূপ, জৈমিনি+অণ্= জৈমিনীয়ম্।

২। তত্রভব॥

জিহ্বামূলে ভবম্=জিহ্বামূলীয়ম্ (জিহ্বামূল+ছ)

৩। তস্যেদম্ অর্থে॥

জলস্যেদম্ ইতি জলীয়ম্ (জল+ছ) এইরূপ, বায়ু+ছ=বায়বীয়ম্, অস্মদ্ +ছ=অস্মদীয়ম্।

৪। তস্মৈ হিতম্ঃ যজ্ঞায় হিতম্=যজ্ঞীয়ম্

৫। অধিকৃত্য কৃতম্ঃ বাক্যং পদঞ্চ অধিকৃত্য কৃতম্=বাক্যপদীয়ম্ (বাক্যপদ+ছ) এইরূপ, কিরাতার্জুন+ছ=কিরাতার্জুনীয়ম্।

তল্ (তা)

১৯১.

১. তস্য ভাবঃ অর্থাৎ তাহার ভাব এই অর্থে।

ভীরোর্ভাবঃ=ভীরুতা (ভীরু+তল্)

এইরূপ, চপল+তল্=চপলতা। মধুর+তল্=মধুরতা। নাস্তিক+তল্=নাস্তিকতা। অলস+তল্=অলসতা।

২. স্বার্থে॥ দেব এব=দেবতা (দেব+তল্)

তল্ প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ এবং 'লতা' শব্দের ন্যায়।

ইমনিচ্

১৯২. তস্য ভাবঃ অর্থাৎ তাহার ভাব, এই অর্থে নীল প্রভৃতি প্রাতিপদিকের উত্তর 'ইমনিচ্' হয়। ইমনিচ্-এর 'ইমন্' থাকে। ইমনিচ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। নীলস্য ভাবঃ ইতি নীলিমন্>নীলিমা (১মা, এক বচনে)।

ইমনিচ্ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ (প্রথমান্ত পদ)

জড+ইমনিচ্=জড়িমা, রক্ত+ইমনিচ্=রক্তিমা, মৃদু+ইমনিচ্=ম্রদিমা (মৃদুতা), দৃঢ়+ইমনিচ্=দ্রঢ়িমা, গুরু+ইমনিচ্=গরিমা, দীর্ঘ+ইমনিচ্=দ্রাঘিমা, বহু+ইমনিচ্=ভূমা, মহৎ+ইমনিচ্=মহিমা, অণু+ইমনিচ্=অণিমা, লঘু+ইমনিচ্=লঘিমা, গুরু+ইমনিচ্=গরিমা, প্রিয়+ইমনিচ্=প্রেমা, প্রেম (ক্লীব)।

প্রভাতসূর্যস্য **রক্তিমা** রমণীয়ঃ। মহাপুরুষচরিত্রে **ম্রদিমা দ্রঢ়িমা** চ যুগপত্তিষ্ঠতঃ। নাল্পে সুখমস্তি **ভূমৈব** সুখম্। অধোঽধঃ পশ্যতঃ কস্য **মহিমা** নোপচীয়তে ?

মতুপ্

১৯৩. 'তৎ অস্য অস্তি' ও 'তৎ অস্মিন্ অস্তি' অর্থাৎ 'তাহা ইহার আছে' এবং 'তাহা ইহাতে আছে' এই অর্থে প্রাতিপদিকের উত্তর 'মতুপ্' প্রত্যয় হয়। মতুপের 'মৎ' থাকে। পুংলিঙ্গে 'শ্রীমৎ' শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে 'মহৎ' শব্দের ন্যায়। স্ত্রীলিঙ্গে (ঈপ্ প্রত্যয় যোগ করিয়া) 'নদী' শব্দের ন্যায়।

বুদ্ধিরস্য অস্তি=বুদ্ধিমান্ (পুং) বন্ধুঃ। পিতা অস্য অস্তি=পিতৃমৎ (ক্লী) মে মিত্রম্। বুদ্ধিরস্যাঃ অস্তি=বুদ্ধিমতী (স্ত্রীলিঙ্গ) বালিকা।

এইরূপ, অংশু + মতুপ্ = অংশুমান্ (সূর্যঃ)। ধী + মতুপ্ = ধীমান্ (বালকঃ)। শ্রী + মতুপ্ = শ্রীমান্ (নরঃ)।

অ (-আ) বর্ণান্ত প্রাতিপদিকের উত্তর মতুপের 'ম্' 'ব্' হয়।

জ্ঞান + মতুপ্ = জ্ঞানবান্ (নরঃ)। বল + মতুপ্ = বলবান্ (মল্লঃ)। বিদ্যা + মতুপ্ = বিদ্যাবান্ (ব্রাহ্মণঃ)। প্রজ্ঞা + মতুপ্ = প্রজ্ঞাবান্ (সন্ন্যাসী)। উদক + মতুপ্ = উদকবান্ (ঘটঃ)[১]।

যে-সকল প্রাতিপদিকের অন্তে স্পর্শবর্ণ থাকে তাহাদের উত্তর প্রযুক্ত মতুপের 'ম্' স্থানে 'ব' হয়।

তডিৎ + মতুপ্ = তডিত্বান্ (গর্জতি)। সম্পদ্ + মতুপ্ = সম্পদ্বান্ (নরঃ)। রাজন্ + মতুপ্ = রাজবান্ (দেশঃ)[২]।

যে-সকল প্রাতিপদিকের অন্ত্য বর্ণের পূর্ব বর্ণে অ-আ কিংবা ম্ থাকে উহাদের উত্তর প্রযুক্ত মতুপ্-এর 'ম্' 'ব্' হয়।

ভাস্ + মতুপ্ = ভাস্বান্ (সূর্যঃ)। লক্ষ্মী + মতুপ্ = লক্ষ্মীবান্ (নরঃ)। শমী + মতুপ্ = শমীবৎ (অরণ্যম্)।

যবাদি প্রাতিপদিকের উত্তর বিহিত 'ম'-স্থানে 'ব' হয় না, যবমান্, গরুত্মান্, ভূমিমান্, কৃমিমান্ ইত্যাদি।

ময়ট্

১৭৪. ১। তস্য বিকারঃ অর্থাৎ তাহার বিকার—এই অর্থে প্রাতি-পদিকের উত্তর ময়ট্ হয়। ময়ট্-এর 'ময়' থাকে ট্ ইৎ হয়।

স্বর্ণস্য বিকারঃ = স্বর্ণময়ঃ, স্বর্ণ + ময়ট্। এইরূপ—মৃৎ + ময়ট্ = মৃন্ময়ঃ (ঘটঃ) হিরণ্য (স্বর্ণ) + ময়ট্ = হিরণ্ময়ম্ (পাত্রম্)—নিপাতনে

২। ব্যাপ্তি-অর্থে॥ জলেন ব্যাপ্তম্ ইতি জলময়ম্ (জল + ময়ট্) জগৎ। ধূম + ময়ট্ = ধূমময়ম্ (গৃহম্)

৩। সংসর্গ-অর্থে॥ তিলেন সংসৃষ্টম্ = তিলময়ম্ (তিল + ময়ট্) তর্পণম্। এইরূপ—ঘৃত + ময়ট্ = ঘৃতময়ম্ ব্যঞ্জনম্

৪। অপৃথক্ ভাব-অর্থে॥ বিষ্ণোঃ অপৃথগ্ভূতম্ = বিষ্ণুময়ম্ (জগৎ) এইরূপ বাক্ + ময়ট্ = বাঙ্ময়ম্ (শাস্ত্রম্); চিৎ + ময়ট্ = চিন্ময়ঃ পুরুষঃ, চিন্ময়ী জননী।

---

১. সমুদ্র অর্থে 'উদন্বান্' শব্দ নিপাতনে সিদ্ধ।

২. উত্তম রাজা যেখানে এই অর্থে 'রাজন্বান্' পদ নিপাতনে সিদ্ধ।

৫। পুরীষ অর্থে॥ পুরীষ অর্থে 'গো'-এর সহিত ময়ট্ হয়। গোঃ পুরীষম্ ইতি গোময়ম্ (গো + ময়ট্)=গোবর।

অনুশীলনী

১. ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয় যোগ করিয়া প্রাতিপদিক গঠন কর :

অন্তিক, যুবন্, প্রশস্য, বৃদ্ধ, দৃঢ, স্থির, স্থূল, দূর ও প্রিয়।

২. তরপ্ ও তমপ্ প্রত্যয়যোগে প্রাতিপদিক গঠন কর :

মহৎ, প্রিয়, উচ্চ, গুণিন্, খর।

৩. নিম্নলিখিত প্রকৃতি-প্রত্যয়যোগে গঠিত প্রাতিপদিকগুলি কি ?

দীর্ঘ+ইষ্ঠ, সুমিত্রা+ইঞ্, ঋজু+অন্, তদ্+ছ, সৎ+তা, গুরু+ইমনিচ, প্রজ্ঞা+মতুপ্, ধী+মতুপ্, বিদ্যুৎ+মতুপ্, জল+ময়ট্।

৪. এক কথায় পরিণত কর :

অয়ম্ অনয়োঃ অতিশয়েন পটুঃ, ইয়মেষাম্ অতিশয়েন প্রশস্যা, অয়ম্ অনয়োঃ অতিশয়েন লঘুঃ, মহতো ভাবঃ, শ্রীরস্তি যস্য সঃ, অন্ধকারেণ ব্যাপ্তম্, কুশলস্য ভাবঃ, বহোর্ভাবঃ।

৫. অশুদ্ধি সংশোধন কর :

হিরণ্যময়মিদং পাত্রম্, লক্ষ্মীমন্তঃ এতে বালকাঃ, শ্রেণ্যাঃ ক্ষুদ্রিষ্ঠঃ বালকঃ রোদিতি, অপরা দেবস্য মহিমা, পর্বতস্য মহৎ উচ্চতা, ধীমান্ মম মিত্রম্।

৬. স্থূলাক্ষর শব্দাংশে তদ্ধিতান্তপদ ব্যবহার করিয়া সংস্কৃতে অনুবাদ কর :

রামের প্রচুর অর্থ আছে, শ্যামের **আরও-প্রচুর** অর্থ আছে। সে আমার তুলনায় বেশি বলবান্। **দশরথের পুত্র** রামচন্দ্র রাবণ বধ করিয়াছিলেন। **যাহার বুদ্ধি আছে** তাহার বলও আছে। রজনী **তমসা দ্বারা ব্যাপ্ত,** তাহার **দল-গত** বল অধিক।

অষ্টম পরিচ্ছেদ

ণিজন্ত ধাতু

CAUSATIVE VERBS

১৯৫. কাহাকেও কোন কার্যে নিযুক্ত বা প্রবর্তিত করাকে 'প্রেরণ' বলে। প্রেরণার্থে ধাতুর উত্তর ণিচ্ হয়। ণিচের ণ্ ও চ্ ইৎ, 'ই' থাকে।

ণিজন্ত ধাতু স্বতন্ত্র ধাতু বলিয়া গণ্য হয় এবং লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্-এ ইহার ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় রূপ হয়।

ণিজন্ত ধাতু উভয়পদী।

ণিচ্ হইলে (১) অন্ত্যস্বরের বৃদ্ধি হয়।

কৃ + ই = √কারি (কৃ > কার্), শ্রু + ই = √শ্রাবি (শ্রু > শ্রৌ)

(২) উপধা অ-কারের বৃদ্ধি হয়।

বহ্ + ই = √বাহি (ব > বা), পচ্ + ই = √পাচি (প > পা)

(৩) উপধা লঘু স্বরের গুণ হয়।

সিচ্ + ই = √সেচি (সি > সে), দুহ্ + ই = √দোহি (দু > দো)

(৪) নম্, গম্, রম্ ইত্যাদি অমন্ত ধাতুতে ও ঘট্, ব্যথ্ ইত্যাদি ধাতুতে অন্ত্যস্বরের ও উপধা অকারের বৃদ্ধি হয় না।

গম্ + ই = √গমি, নম্ + ই = √নমি, রম্ + ই = √রমি, ঘট্ + ই = √ঘটি, ব্যথ্ + ই = √ব্যথি, জন্ + ই = √জনি।

১৯৬. ণিজন্ত ধাতুজ ক্রিয়ার কর্তাকে প্রযোজক কর্তা বা হেতুকর্তা বলে এবং এই প্রযোজক কর্তা যাহাকে প্রবর্তিত করে তাহাকে প্রযোজ্য কর্তা বলে এবং ইহাতে সাধারণত তৃতীয়া বিভক্তি হয়।

অণিজন্ত—ভৃত্যঃ অন্নং পচতি। ণিজন্ত—প্রভুঃ ভৃত্যেন অন্নং পাচয়তি।

অণিজন্ত—রামঃ অযোধ্যাং ত্যজতি। ণিজন্ত—কৈকেয়ী রামেণ অযোধ্যাং ত্যাজয়তি।

১৯৭. গমনার্থক, বোধার্থক, ভোজনার্থক, শব্দকর্মক (শব্দাত্মক বেদাদি গ্রন্থ যাহার কর্ম) ও অকর্মক ধাতুর প্রযোজ্য কর্তায় কর্মকারক হয় এবং উহাতে দ্বিতীয়া বিভক্তি যুক্ত হয়।

গমনার্থক

অণিজন্ত—ভৃত্যঃ গৃহং গচ্ছতি। ণিজন্ত—প্রভুঃ ভৃত্যং গৃহং গময়তি।

ব্যতিক্রম: গমনার্থে প্রযুক্ত হইলেও 'নী' ও 'বহ্‌' ধাতুর প্রযোজ্য কর্তার কর্মত্ব হইবে না। ছাত্রেণ পুস্তকং নায়য়তি, ভৃত্যেন ভারং বাহয়তি।

বোধার্থক

অণিজন্ত—শিষ্যো ধর্মং বুধ্যতে। ণিজন্ত—গুরুঃ শিষ্যং ধর্মং বোধয়তি।

ভোজনার্থক

অণিজন্ত—পুত্রঃ অন্নম্‌ অশ্নাতি। ণিজন্ত—মাতা পুত্রম্‌ অন্নম্‌ আশয়তি।

অণিজন্ত—পুত্রঃ অন্নং ভুঙ্‌ক্তে। ণিজন্ত—মাতা পুত্রম্‌ অন্নং ভোজয়তি।

অদ্‌ ও খাদ্‌ ধাতুর প্রযোজ্য কর্তার কর্মত্ব হইবে না।

মাতা বালকেন অন্নম্‌ আদয়তি খাদয়তি বা। হিংসা বুঝাইলেই ভক্ষ্‌ ধাতুর প্রযোজ্য কর্তায় দ্বিতীয়া হইবে। অহিংসার্থে নহে। বলীবর্দান শস্যং ভক্ষয়তি (হিংসায় গরু দিয়া অন্যের শস্য খাওয়াইতেছে)। কিন্তু মাতা পুত্রেণ অন্নং ভক্ষয়তি।

শব্দকর্মক

অণিজন্ত—শিষ্যো বেদম্‌ অধীতে। ণিজন্ত—গুরুঃ শিষ্যং বেদম্‌ অধ্যাপয়তি।

অণিজন্ত—ছাত্রঃ পুস্তকং পঠতি। ণিজন্ত—শিক্ষকঃ ছাত্রং পুস্তকং পাঠয়তি।

অকর্মক

অণিজন্ত—শিশুঃ শেতে। ণিজন্ত—মাতা শিশুং শায়য়তি।

অণিজন্ত—শিশুঃ হসতি। ণিজন্ত—মাতা শিশুং হাসয়তি।

শব্দায্‌, হ্বে ও ক্রন্দ্‌ ধাতু অকর্মক হইলেও ইহাদের প্রযোজ্য কর্তায় দ্বিতীয়া হইবে না।

মারুতঃ কীচকৈঃ শব্দায়তি। রামঃ শ্যামেন হ্বায়য়তি। হরিঃ ভক্তেন ক্রন্দয়তি।

হৃ ও কৃ ধাতুর অণিজন্ত অবস্থার কর্তা ণিজন্ত অবস্থায় বিকল্পে কর্মকারক হয়।

অণিজন্ত—ভৃত্যঃ কটং হরতি। ণিজন্ত—স ভৃত্যেন ভৃত্যং বা কটং হারয়তি।

অণিজন্ত—ভৃত্যঃ কার্যং করোতি। ণিজন্ত—প্রভুঃ ভৃত্যেন ভৃত্যং বা কার্যং কারয়তি।

কতিপয় ণিজন্ত ধাতুর লট্ প্রথম পুরুষের একবচন

মূল ধাতু	ণিজন্ত ধাতু	লট্ প্রথম পুরুষ একবচন
অদ্	আদি	আদয়তি
অশ্	আশি	আশয়তি
অস্ বা ভূ	ভাবি	ভাবয়তি
আপ্	আপি	আপয়তি
প্র-আপ্	প্রাপি	প্রাপয়তি
ই	আপি	আপয়তি
অধি-ই	অধ্যাপি	অধ্যাপয়তি
ঋ	অর্পি	অর্পয়তি
কৃ	কারি	কারয়তি
গম্	গমি	গময়তি
গৈ	গাপি	গাপয়তি
গ্রহ্	গ্রাহি	গ্রাহয়তি
জন্	জনি	জনয়তি
জ্বল্	জ্বলি, জ্বালি	জ্বলয়তি, জ্বালয়তি
জাগৃ	জাগরি	জাগরয়তি
জি	জাপি	জাপয়তি
	জীবি	জীবয়তি
জ্ঞা	জ্ঞাপি	জ্ঞাপয়তি, জ্ঞপয়তি
দম্	দমি	দময়তি
দহ্	দাহি	দাহয়তি
দা	দাপি	দাপয়তি
দৃশ্	দর্শি	দর্শয়তি
ধৃ	ধারি	ধারয়তি
নম্	নমি	নময়তি
নশ্	নাশি	নাশয়তি

মূল ধাতু	ণিজন্ত ধাতু	লট্ প্রথম পুরুষ একবচন
নী	নায়ি	নায়য়তি
নৃৎ	নর্তি	নর্তয়তি
পচ্	পাচি	পাচয়তি
পঠ্	পাঠি	পাঠয়তি
পত্	পাতি	পাতয়তি
পা (রক্ষা করা)	পালি	পালয়তি
পা (পান করা)	পায়ি	পায়য়তি
বুধ্	বোধি	বোধয়তি
বচ্	বাচি	বাচয়তি
ভী	ভীষি, ভাপি	ভীপয়তে, ভাষয়তে,
	ভায়ি	ভায়য়তি
ভুজ্	ভোজি	ভোজয়তি
মৃ	মারি	মারয়তি
যুজ্	যোজি	যোজয়তি
রুহ্	রোহি, রোপি	রোহযতি, রোপয়তি
শী	শায়ি	শায়য়তি
শুষ্	শোষি	শোষয়তি
শ্রু	শ্রাবি	শ্রাবয়তি
স্থা	স্থাপি	স্থাপয়তি
হন্	ঘাতি	ঘাতয়তি
হৃ	হারি	হারয়তি
হ্বে	হ্বায়ি	হ্বায়য়তি

প্রয়োগ

বিধিই সব কিছু ঘটান—বিধিরেব সর্বং ঘটয়তি। সে ব্রাহ্মণ দ্বারা অন্ন পাক করিতেছে—স ব্রাহ্মণেন অন্নং পাচয়তি। কৈকেয়ী রামকে অযোধ্যা ত্যাগ করাইয়াছিলেন—কৈকেয়ী রামেণ অযোধ্যাম্ অত্যাজয়ৎ। মাতার নিজহস্তে পুত্রকে খাওয়ানো উচিত—মাতা স্বহস্তেন পুত্রং ভোজয়েৎ। সে মজার গল্প বলিয়া আমাদিগকে হাসাইতেছে—স কৌতুককথাখ্যানেন অস্মান্

হাসয়তি। শিক্ষক ছাত্রকে দিয়া বই লওয়াইতেছেন—শিক্ষকঃ ছাত্রেণ পুস্তকং নায়য়তি। চালক ঘোড়াকে দিয়া গাড়ি টানাইতেছে—চালকঃ অশ্বম্ শকটং বাহয়তি। মাতা শিশুকে চাঁদ দেখাইতেছেন—মাতা শিশুং চন্দ্রং দর্শয়তি। প্রভু ভৃত্যকে দিয়া কুম্ভ বহন করাইতেছেন—প্রভুঃ ভৃত্যেন ভৃত্যং বা কুম্ভং বাহয়তি।

অনুশীলনী

১. নিম্নলিখিত ধাতুগুলির উত্তর ণিচ্ যোগ করিয়া লট্ প্রথম পুরুষ একবচনের রূপ লিখ :

পচ্, কৃ, গম্, ভূ, শ্রু, দৃশ্, গৈ, গ্রহ্, নী।

২. বাক্য প্রয়োগে অর্থগত পার্থক্য দেখাও :

পায়য়তি—পালয়তি, ভায়য়তি—ভীষয়তে, রজয়তি—রঞ্জয়তি।

৩. এককথায় প্রকাশ কর :

পশ্যন্তং প্রেরয়তি, কুর্বন্তং প্রেরয়ামি, জায়মানং প্রেরয়ন্তি, ভবন্তং প্রেরযামি, পিবন্তং প্রেরয়, গচ্ছন্ত প্রেরয়, [ইঙ্গিত : গচ্ছন্তং প্রেরয়তি—গময়তি।]

৪. অশুদ্ধি সংশোধন কর :

স যষ্ট্যা ফলং পতয়তি। প্রভুঃ ভৃত্যেন কার্যং কারয়তি। শিশুনা পশ্যয়তি চন্দ্রম্। স ময়া গৃহং গময়তি। প্রভুঃ ভৃত্যং ভারং বাহয়তি।

৫. সংস্কৃতে অনুবাদ কর :

(ক) আমি রামকে পড়াই। গৃহিণী দাসীকে দিযা গৃহকর্ম করান। তিনি ভৃত্যকে দিয়া পুকুর হইতে জল আনাইলেন। তিনি মুমূর্ষু রোগীকে বাঁচাইলেন। তিনি গাছটি কাটাইতেছেন। মাতা শিশুকে শয্যায় শোয়াইতেছেন। আমাকে ছবি দেখাও। 'যখন তুমি গাওয়াও গান, তখন আমি গাই।'

(খ) I will make him do this. He caused his servant to carry the load. I made him take his meal. The boy informed the Headmaster of the news. The mother is feeding her baby. He caused him to write a letter.

নবম পরিচ্ছেদ

বাচ্য ও বাচ্যান্তর

VOICE AND CHANGE OF VOICE

১৯৮. ব্যুৎপত্তিগতভাবে বাচ্য ও বক্তব্য সমার্থক। বাক্যের যে অবস্থায় ক্রিয়ার প্রধান বক্তব্য বা অভিধেয় বিষয় কর্তা তাহাকে কর্তৃবাচ্য বলে।

কর্তৃবাচ্যে কর্তৃকারকে প্রথমা বিভক্তি, কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি এবং ক্রিয়াপদ কর্তার পুরুষ ও বচন অনুযায়ী হয়।

বালকঃ গ্রন্থং পঠতি
বালকাঃ গ্রন্থং পঠন্তি
অহম্ গ্রন্থং পঠামি
ত্বং গ্রন্থং পঠসি।

১৯৯. বাক্যেব যে-অবস্থায় ক্রিয়ার প্রধান বক্তব্য বা অভিধেয় বিষয় কর্ম তাহাকে কর্মবাচ্য বলে।

কর্মবাচ্যে কর্তৃকারকে তৃতীয়া বিভক্তি, কর্মকারকে প্রথমা বিভক্তি এবং ক্রিয়া কর্মের (পুরুষ ও বচন) অনুযায়ী হয়।

বালকেন গ্রন্থঃ পঠ্যতে
বালকেন গ্রন্থাঃ পঠ্যন্তে
ময়া ত্বং দৃশ্যসে

২০০. বাক্যের যে-অবস্থায় ক্রিয়া নিজেই প্রধান বক্তব্য বা অভিধেয় হইয়া উঠে তাহাকে ভাববাচ্য বলে। (ভাব=ক্রিয়া) ভাববাচ্যে কর্ম থাকে না। কর্তৃকাবকে তৃতীয়া বিভক্তি হয় এবং সর্বদা ক্রিয়ায় প্রথম পুরুষের একবচন হয়।

ময়া গম্যতে। ত্বয়া স্থীয়তে। বালকৈঃ রুদ্যতে।

২০১. বাক্যের যে-অবস্থায় কর্মই কর্তার ন্যায় প্রতীয়মান হয় তাহাকে কর্মকর্তৃবাচ্য বলে। যে-আরব্ধ কর্ম এত অনায়াসে সিদ্ধ হয় যে, তাহা যেন কর্তার অপেক্ষা না করিয়া স্বয়ংসম্পন্ন হইল বলিয়া মনে হয় তাহাকে কর্মকর্তা (কর্ম কর্তার ন্যায়, উপমিত কর্মধারয়) বলে।

এই বাচ্যে কর্মকর্তায় প্রথমা এবং ক্রিয়া কর্মবাচ্যের ন্যায় গঠিত হইয়া কর্মকর্তাকে অনুসরণ করে।

ওদনঃ স্বয়মেব পচ্যতে (ভাত রান্না হচ্ছে)। হীয়তে হি মতিস্তাত হীনৈঃ সহ সমাগমাৎ (হীনের সহিত থাকিলে মতিহীন হইয়া যায়)। তৃণানি ভূমিরুদং বাক্ চতুর্থী চ সুনৃতা, এতান্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন (তৃণ, ভূমি, উদক এবং মধুর বাক্য সজ্জনের গৃহে এই চারিটি জিনিসের কখনও অভাব হয় না)।

বাচ্যান্তর

২০২. বাচ্যান্তর বলিতে এক বাচ্য হইতে বাক্যের অপর বাচ্যে রূপান্তর বুঝায়। কর্তৃবাচ্যকে কর্মবাচ্যে অথবা কর্মবাচ্যকে কর্তৃবাচ্যে রূপান্তর করা যায়। কর্মহীন কর্তৃবাচ্যকে ভাববাচ্যে এবং ভাববাচ্যকে কর্তৃবাচ্যে রূপান্তর করা যায়। কর্মকর্তৃবাচ্যকে ভাববাচ্যে রূপান্তর করা চলে।

কর্তৃবাচ্য হইতে কর্মবাচ্য

কোন বাক্যকে কর্তৃবাচ্য হইতে কর্মবাচ্যে রূপান্তর করিতে হইলে—

১. কর্তৃপদে ও তাহার বিশেষণ থাকিলে ঐ বিশেষণে তৃতীয়া বিভক্তি হয়।

২. কর্মপদে ও তাহার বিশেষণ থাকিলে ঐ বিশেষণে প্রথমা বিভক্তি হয়।

৩. কর্মবাচ্যে ধাতু সর্বদা আত্মনেপদ হয়। লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এই চারিটি কালেব ধাতুব উত্তর যক্ (=য)-এর আগম হয়। ক্রিয়াপদটি কর্মের পুরুষ ও বচন অনুসবণ করে।

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
স চন্দ্রং পশ্যতি	তেন চন্দ্রঃ দৃশ্যতে
বহবঃ নরাঃ পূর্ণং চন্দ্রং পশ্যন্তি	বহুভিঃ নবৈঃ পূর্ণঃ চন্দ্রঃ দৃশ্যতে
অহং ত্বাং পশ্যামি	ময়া ত্বং দৃশ্যসে
ত্বং মাং পশ্যসি	ত্বয়া অহং দৃশ্যে
বালকঃ গ্রন্থম্ অপঠৎ	বালকেন গ্রন্থঃ অপঠ্যত
(ত্বম্) ইদং গৃহাণ	(ত্বয়া) ইদং গৃহ্যতাম্
সর্বে সদ্‌গ্রন্থম্ পঠেয়ুঃ	সর্বৈঃ সদ্‌গ্রন্থঃ পঠ্যেত
পিতা মাম্ আহ্বয়ৎ	পিত্রা অহম আহূয়ে

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
মম বন্ধুঃ ইদং কার্যম্ অকরোৎ	মম বন্ধুনা ইদং কার্যম্ অক্রিয়ত
শিশুঃ দুগ্ধং পিবতি	শিশুনা দুগ্ধং পীয়তে।

লৃট্ ও লিট্-এর ক্রিয়া থাকিলে কেবল আত্মনেপদ হয়, ধাতুর উত্তর য-আগম হয় না।[১]

স গ্রন্থং পঠিষ্যতি	তেন গ্রন্থঃ পঠিষ্যতে
অহং ভিক্ষুকায় বস্ত্রং দাস্যামি	ময়া ভিক্ষুকায় বস্ত্রং দাস্যতে
স ইদং চকার	তেন ইদং চক্রে
রামঃ রাবণং জঘান	রামেণ রাবণঃ জঘ্নে।

২০৩. কর্মবাচ্যে কর্মে প্রথমা বিভক্তি হইবে কিন্তু দুইটি কর্ম থাকিলে কোন্‌টিতে প্রথমা হইবে তাহা এইবারে আলোচ্য। এ বিষয়ে নিয়মটি এই কারিকায় নিবদ্ধ আছে :

গৌণে কর্মণি দুহ্যাদেঃ প্রধানে নীহৃকৃষ্‌বহাম্।
বিভক্তিঃ প্রথমা জ্ঞেয়া দ্বিতীয়া স্যাত্তদন্যতঃ॥

বাচ্যান্তরে দুহাদি (দুহ্, যাচ্, পচ্, দণ্ড্, রুধ্, প্রচ্ছ্, চি, ব্রূ, শাস্, জি, মন্থ্, মুষ্) ধাতুর গৌণকর্মে প্রথমা বিভক্তি হয় এবং মুখ্যকর্মটি অপরিবর্তিত থাকে। ন্যাদি (নী-আদি) অর্থাৎ নী হৃ কৃষ্ ও বহ্ ধাতুর মুখ্যকর্মে প্রথমা বিভক্তি হয় এবং গৌণ কর্মটি অপরিবর্তিত থাকে।

দুহাদি

কর্তৃবাচ্য : গোপঃ গাং (গৌণকর্ম) দুগ্ধং (মুখ্যকর্ম) দোগ্ধি।
কর্মবাচ্য : গোপেন গৌঃ দুগ্ধং দুহ্যতে।
কর্তৃবাচ্য : দরিদ্রঃ ধনিনং (গৌণকর্ম) ধনং (মুখ্যকর্ম) যাচতে।
কর্মবাচ্য : দরিদ্রেণ ধনী ধনং যাচ্যতে।
কর্তৃবাচ্য : গুরুঃ শিষ্যং (গৌণকর্ম) প্রশ্নং (মুখ্যকর্ম) পৃচ্ছতি।
কর্মবাচ্য : গুরুণা শিষ্যঃ প্রশ্নং পৃচ্ছ্যতে।
কর্তৃবাচ্য : বালিকা বৃক্ষং (গৌণকর্ম) পুষ্পং (মুখ্যকর্ম) চিনোতি।
কর্মবাচ্য : বালিকয়া বৃক্ষঃ পুষ্পং চীয়তে।

১. গম্ ধাতুর লৃটে কিছু প্রভেদ আছে।
সঃ বিদ্যালয়ং গমিষ্যতি
তেন বিদ্যালয়ঃ গংস্যতে।

কর্তৃবাচ্য : গুরুঃ শিষ্যং (গৌণকর্ম) ধর্মং (মুখ্যকর্ম) শাস্তি।
কর্মবাচ্য : গুরুণা শিষ্যঃ ধর্মং শিষ্যতে।

ন্যাদি

কর্তৃবাচ্য : বিপ্রঃ ছাগং (মুখ্যকর্ম) গ্রামং (গৌণকর্ম) নয়তি।
কর্মবাচ্য : বিপ্রেণ ছাগঃ গ্রামং নীয়তে।
কর্তৃবাচ্য : বিপ্রঃ ছাগং গ্রামং কর্ষতি।
কর্মবাচ্য : বিপ্রেণ ছাগঃ গ্রামং কৃষ্যতে।
কর্তৃবাচ্য : ভৃত্যঃ ভারং গ্রামং বহতি।
কর্মবাচ্য : ভৃত্যেন ভারঃ গ্রামম্ উহ্যতে।

ণিজন্ত বোধার্থ, ভক্ষণার্থ ও শব্দকর্মক ধাতু দ্বিকর্মক হয়। এই দ্বিকর্মক ধাতুর বাচ্যান্তরে যে-কোন একটিতে প্রথমা বিভক্তি হইতে পারে। অপরটি অপরিবর্তিত থাকে।

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
গুরুঃ শিষ্যং ধর্মং বোধয়তি	গুরুণা শিষ্যঃ ধর্মং বোধ্যতে অথবা গুরুণা শিষ্যং ধর্মঃ বোধ্যতে
স বিপ্রম্ অন্নং ভোজয়তি	তেন বিপ্রঃ অন্নং ভোজ্যতে অথবা তেন বিপ্রম্ অন্নং ভোজ্যতে
শিক্ষকঃ ছাত্রান্ ব্যাকরণম্ অধ্যাপয়তি	শিক্ষকেণ ছাত্রাঃ ব্যাকরণম্ অধ্যাপ্যন্তে অথবা শিক্ষকেণ ছাত্রান্ ব্যাকরণম্ অধ্যাপ্যতে।

২০৪. কর্তৃবাচ্যে 'ক্ত' বা ক্তবতুনিষ্পন্ন পদকে কর্মবাচ্যে পরিবর্তিত করিতে হইলে যে-ধাতুর উত্তর ক্ত বা ক্তবতু প্রত্যয় হয় তাহাতে ক্ত প্রত্যয় করিয়া উৎপন্ন পদটিকে উক্ত কর্মের বিশেষণের ন্যায় প্রয়োগ করিতে হয়, ক্ত-প্রত্যয়ান্ত পদটি উক্ত কর্মের লিঙ্গ বচন প্রাপ্ত হয়।

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
অহং তব পত্রং প্রাপ্তঃ বা প্রাপ্তবান্	ময়া তব পত্রং প্রাপ্তম্
স গ্রন্থান্ অধীতবান্	তেন গ্রন্থাঃ অধীতাঃ
মম পিতা মথুরাং গতঃ	মম পিত্রা মথুরা গতা

কর্তৃবাচ্য	**কর্মবাচ্য**
ব্যাধঃ ব্যাঘ্রৌ হতবান্	ব্যাধেন ব্যাঘ্রৌ হতৌ
শিশবঃ চন্দ্রং দৃষ্টবন্তঃ	শিশুভিঃ চন্দ্রঃ দৃষ্টঃ
সা মিথ্যা উক্তবান্	তেন মিথ্যা উক্তম্
	[অব্যয়ের বিশেষণ ক্লীবলিঙ্গ।]

কর্তৃবাচ্য হইতে ভাববাচ্যে পরিবর্তন

২০৫. কর্তৃবাচ্য হইতে ভাববাচ্যে পবিবর্তন করিবার সময় কর্তৃপদে তৃতীয় বিভক্তি যুক্ত হইবে, এবং ক্রিয়াপদটিতে লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এই চারিটি কালে ধাতুর উত্তর 'য' আগম হইবে, এবং ক্রিয়াপদটি আত্মনেপদে সর্বদা একবচনে প্রযুক্ত হইবে।

কর্তৃবাচ্য	**কর্মবাচ্য**
অহং গচ্ছামি	ময়া গম্যতে
বয়ম্ গচ্ছামঃ	অস্মাভিঃ গম্যতে
তে শেরতে	তৈঃ শয্যতে
বয়মঃ প্রীতাঃ ভবামঃ	অস্মাভিঃ প্রীতৈঃ ভূয়তে।

২০৬. ক্ত ও ক্তবতু প্রত্যয় নিষ্পন্ন পদকে ভাববাচ্যে আনিতে হইলে ক্ত প্রত্যয়ান্ত করিয়া সর্বদাই ক্লীবলিঙ্গের একবচনান্ত করিতে হয়।

কর্তৃবাচ্য	**ভাববাচ্য**
তে উক্তবন্তঃ	তৈরুক্তম্
সর্বে তত্র গতাঃ	সর্বৈঃ তত্র গতম্
শিশুঃ শয়িতবান্	শিশুনা শয়িতম্
তৌ হসিতবন্তৌ	তাভ্যাম্ হসিতম্।

কর্ম-কর্তৃবাচ্য হইতে ভাববাচ্য

২০৭. কর্ম-কর্তৃবাচ্যকে পরিবর্তিত করিতে হইলে ভাববাচ্যে পরিবর্তিত করিতে হয়।

কর্ম-কর্তৃবাচ্য	**ভাববাচ্য**
বৃক্ষঃ ছিদ্যতে	বৃক্ষেণ ছিদ্যতে
ওদনং পচ্যতে	ওদনেন পচ্যতে
গ্রন্থিঃ ভিদ্যতে	গ্রন্থিনা ভিদ্যতে।

২০৮. কৃত্যপ্রত্যয় (তব্য অনীয় ইত্যাদি) দ্বারা গঠিত পদকে কর্তৃবাচ্যে পরিণত করিতে হইলে যে-ধাতুর উত্তর এই প্রত্যয় সেই ধাতুর লৃট্ বা বিধিলিঙ্ প্রয়োগ করিতে হয়।

কর্মবাচ্য	কর্তৃবাচ্য
তেন সর্বং শ্রোতব্যম্	সঃ সর্বং শ্রোষ্যতি অথবা শৃণুয়াঃ
ত্বয়া গ্রন্থঃ পাঠ্যঃ	ত্বং গ্রন্থং পঠিষ্যসি অথবা পঠেঃ
ময়া ইদং করণীয়ম্	অহম্ ইদম্ করিষ্যামি অথবা কুর্যাম্

কয়েকটি ধাতুর কর্মবাচ্য ও ভাববাচ্যের রূপ

(লট্ প্রথম পুরুষ একবচন)

অস্, ভূ	ভূয়তে	নী	নীয়তে
আপ্	আপ্যতে	পচ্	পচ্যতে
আস্	আস্যতে	পঠ্	পঠ্যতে
ই	ঈয়তে	পত্	পত্যতে
অধি-ই	অধীয়তে	পা (পান করা)	পীয়তে
ইষ্	ইষ্যতে	পা (পালন করা)	পায়তে
ঈক্ষ্	ঈক্ষ্যতে	পাল্	পাল্যতে
কৃ	ক্রিয়তে	প্রচ্ছ্	পৃচ্ছ্যতে
খন্	খন্যতে	বচ্	উচ্যতে
গম্	গম্যতে	বদ্	উদ্যতে
গৈ	গীয়তে	বপ্	উপ্যতে
গ্রহ্	গৃহ্যতে	বস্ (বাস করা)	উষ্যতে
ঘ্রা	ঘ্রায়তে	বস্ (পরিধান করা)	বস্যতে
চি	চীয়তে	ভী	ভীয়তে
জন্	জন্যতে	মন্	মন্যতে
জি	জীয়তে	মুচ্	মুচ্যতে
জ্ঞা	জ্ঞায়তে	মৃ	ম্রিয়তে
দন্শ্	দশ্যতে	যজ্	ইজ্যতে
দা	দীয়তে	যা	যায়তে
দৃশ্	দৃশ্যতে	যাচ্	যাচ্যতে
নম	নম্যতে	রম	রম্যতে

রঞ্জ্	রঞ্জ্যতে	সিচ্	সিচ্যতে
রুদ্	রুদ্যতে	সৃজ্	সৃজ্যতে
রুহ্	রুহ্যতে	সেব্	সেব্যতে
লভ্	লভ্যতে	স্তু	স্তূয়তে
লিখ্	লিখ্যতে	স্পৃশ্	স্পৃশ্যতে
শক্	শক্যতে	স্বপ্	সুপ্যতে
শাস্	শিষ্যতে	স্মৃ	স্মর্য্যতে
শিক্ষ্	শিক্ষ্যতে	হন্	হন্যতে
শী	শয্যতে	হ্রী	হ্রীয়তে
শ্রু	শ্রূয়তে	হৃ	হ্রিয়তে

প্রয়োগ

বিড়াল-কর্তৃক পক্ষিশাবকগুলি ভক্ষিত হইল—বিড়ালেন পক্ষিশাবকাঃ ভক্ষিতাঃ। আমাকে একথা পূর্বে বলা হয় নাই—নাহং প্রাক্ ইদম্ উক্তঃ। কাজটি এখনই করা হউক—কার্যমধুনৈব ক্রিয়তাম্। তাহাকে একটি পুরস্কার দেওয়া হইবে—তস্মৈ পুরস্কারঃ দাস্যতে। আমি অনেকের দ্বারা অনুরুদ্ধ হইয়াছি—বহুভিরহম্ অনুরুদ্ধঃ। ছাত্রের উচিত শিক্ষককে প্রশ্নটি জিজ্ঞাসা করা—ছাত্রেণ শিক্ষকঃ প্রশ্নং পৃচ্ছ্যেত। আমাকে দিয়া এই কার্য সাধিত হইবে না—ময়া এতৎ কার্যং ন সাধনীয়ম্। যদি অবশ্যই যাইতে হয় তাহাকে জানানো হউক—যদি অবশ্যমেব গন্তব্যম্, স বিজ্ঞাপ্যতাম্। তোমাদের ছাই খাইতে হইবে—যুষ্মাভিঃ ভস্ম ভক্ষিতব্যম্। ভিক্ষুকদের কাপড় দেওয়া হউক—ভিক্ষুকেভ্যঃ বস্ত্রং দীয়তাম্। আমি বন্ধুদ্বারা আহূত হইয়াছি—অহং বন্ধুনা আহূতঃ।

অনুশীলনী

(বাচ্য পরিবর্তন)

১. বাচ্য কাহাকে বলে? বিভিন্ন বাচ্যের দুইটি করিয়া উদাহরণ দাও।

২. কর্তৃবাচ্যকে কর্মবাচ্য বা ভাববাচ্যে পরিবর্তন করিবার নিয়ম উদাহরণসহ আলোচনা কর।

৩. কর্মকর্তৃবাচ্যের দুইটি বাক্য লও, এবং উহাদিগকে ভাববাচ্যে রূপান্তরিত কর।

৪. কর্মবাচ্য বা ভাববাচ্যে পরিবর্তন কর :

ত্বং বিহঙ্গান্ পশ্যসি। তে নদীং তরন্তি। যূয়ং কুত্র গচ্ছথ? ছাত্রাঃ গ্রন্থান্ অপঠন্। মম গীতম্ শ্রোষ্যতি মম বান্ধবঃ। বলিং যাচতে বসুধাম্। চৌরং রুণদ্ধি কারাগারম্। কুতস্ত্বং বিলম্বাদগচ্ছসি? দেব! নাহমপরাদ্ধঃ। কালে বর্ষন্তু পর্জন্যাঃ। খলঃ করোতি দুর্বৃত্তম্। কীর্তির্যস্য স জীবতি। সর্বঃ সর্বত্র নন্দতু। শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানম্। অহং তম্ আহূতবান্। সা গ্রন্থং পঠিতবতী। মম বান্ধবঃ দুরাত্মাম্ দৃষ্টবান্। ব্যাধাঃ মৃগান্ হতবন্তঃ। তে হি নো দিবসা গতাঃ।

৫. কর্তৃবাচ্যে রূপান্তরিত কর :

নিয়তিঃ কেন বাধ্যতে? 'কর্মভির্ন স বধ্যতে'। 'চাতুর্বর্ণ্যং ময়া সৃষ্টম্'। জ্ঞাতমেতদ্ ভবদ্ভিঃ। নর্দিতং বলীবর্দেন। গীতৈ হ্রিয়ন্তে মৃগাঃ। তাভিঃ সা নাপিতকর্ম শিক্ষাপিতা। বিপ্রেণ গৌঃ দুগ্ধং দুহ্যতে।

৬. অশুদ্ধি সংশোধন কর :

সর্বৈঃ সর্বং ন জানন্তি। তেন আলয়ঃ গতম্। তয়া পঠিতা গ্রন্থঃ। নদং দৃষ্টং ময়া। এতদুক্তা জনন্যা মে। ভবানত্রৈব স্থীয়তাম্। ঋষয়ে দীয়তাং কন্যাম্। ক্রোধং মা ক্রিয়তাম্ প্রভো।

৭. সংস্কৃতে অনুবাদ কর :

সে রহস্য জানা যায় না। দূর হইতে তাহাকে দেখা গেল না। তাহাকে একথা বলা হয় নাই। রাজার হস্তে তাহাকে সমর্পণ করা হইল। গ্রন্থটি সকলেরই অবশ্য পাঠ্য।

৮. নিম্নলিখিত ধাতুগুলির কর্মবাচ্য বা ভাববাচ্যে লট্ প্রথম পুরুষ একবচনের রূপ লিখ :

গৈ, পা, নী, শী, শাস্, গ্রহ্, হন্, প্রচ্ছ্, হ্বে, হস্, উপ-বস্, প্র-বচ্।

দশম পরিচ্ছেদ

কারক বিভক্তি

(CASES AND CASE-ENDINGS)

২০৯. ক্রিয়ান্বয়ি কারকম্ অর্থাৎ ক্রিয়ার সহিত যাহার অন্বয় থাকে তাহাকে **কারক** বলে।

নৃপঃ তীর্থক্ষেত্রে কোষাৎ স্বহস্তেন দরিদ্রায় ধনং দদাতি। এই উদাহরণে 'দদাতি' (দেয়) ক্রিয়াকে আশ্রয় করিয়া কে দেয়, কি দেয় কি দিয়া দেয়, কাহাকে দেয়, কোথা হইতে দেয়, কোথায় দেয় ইত্যাদি প্রশ্নের উত্তর যথাক্রমে 'নৃপঃ', 'ধনং', 'স্বহস্তেন', 'দরিদ্রায', 'কোষাৎ' এবং তীর্থক্ষেত্রে'। অতএব ইহারা সকলেই কারক। কারক ছয় প্রকার—কর্তা, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকবণ। পূর্বের উদাহরণে 'নৃপঃ' ইত্যাদি ছয়টি পদ যথাক্রমে কর্তা, কর্ম, করণ, সম্প্রদান অপাদান ও অধিকরণ কারক।

২১০. সম্বন্ধ ও সম্বোধন পদ কারক নহে, কারণ ক্রিয়ার সহিত ইহাদের অন্বয় হয় না। রাম, কুত্র তব ভ্রাতা তিষ্ঠতি ? (রাম, তোমার ভাই কোথায় থাকে ?) এই বাক্যে 'তিষ্ঠতি' (থাকে) ক্রিয়াপদের সহিত সম্বোধনপদ 'রাম' ও সম্বন্ধ পদ 'তব'—ইহাদের কোন অন্বয় নাই বলিয়া এই পদ দুইটি কারক নহে।

সংখ্যাকারকবোধয়িত্রী বিভক্তি

২১১. যাহা দ্বারা প্রাতিপদিকের সংখ্যা, কারক ও সম্বন্ধ প্রভৃতি বিশেষ অর্থ প্রতিপাদিত হয়, তাহাকে বিভক্তি বলে।

ফলম্ পদের দ্বারা একটি ফল, 'ফলে' পদের দ্বারা দুইটি ফল এবং 'ফলানি' পদের দ্বারা দুইয়ের অধিক ফলের প্রতীতি হয়। সেইরূপ 'ফলেন' এবং 'ফলাৎ' পদ দ্বারা বিভিন্ন কারকের প্রতীতি হয়।

বিভক্তির ব্যবহার ত্রিবিধ :

কারকে—**বিহগঃ** কূজতি, স **গ্রন্থং** পঠতি, **চক্ষুষা** পশ্যতি।

বিশেষ বিশেষ শব্দযোগে—**জ্ঞানং** বিনা, **পুত্রেণ** সহ, **শিবায়** নমঃ।

বিশেষ বিশেষ শব্দযোগে যে বিভক্তি হয় তাহাকে উপপদ বিভক্তি বলে।

বিশেষ বিশেষ অর্থে—**আনন্দেন** নৃত্যতি (হেতু অর্থে), **জলায়** গচ্ছতি (নিমিত্তে)।

উপপদবিভক্তেঃ কারকবিভক্তির্বলীয়সী

২১২. উপপদ বিভক্তি অপেক্ষা কারকবিভক্তির বলই বেশি। অর্থাৎ একই স্থলে উপপদ বিভক্তি ও কারকবিভক্তির প্রয়োগ হইলে কারকবিভক্তিই প্রযুক্ত হইবে, উপপদ বিভক্তি নহে। যথা—নারায়ণং নমস্করোতি। এস্থলে নমঃ শব্দযোগে চতুর্থী না হইয়া কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে।

অনুশীলনী

১. কারক কাহাকে বলে? কারক কয় প্রকার? প্রত্যেকটির উদাহরণ দাও।

২. সম্বন্ধ ও সম্বোধন পদ কারক নহে কেন?

৩. 'উপপদবিভক্তেঃ কারকবিভক্তির্বলীয়সী'? এ উক্তিটি উদাহরণসহ ব্যাখ্যা কর।

প্রথমা বিভক্তি

স্বতন্ত্রঃ কর্তা (১।৪।৫৪)

২১৩. যে নিজে ক্রিয়া সম্পাদন করে সে কর্তৃকারক। কর্তৃকারকে প্রথমা বিভক্তি হয়। বালকঃ চন্দ্রং পশ্যতি। তে গ্রন্থং পঠন্তি।

তৎপ্রযোজকো হেতুশ্চ (১।৪।৫৫)

২১৪. যে ব্যক্তি কর্তা নয় প্রযোজক অর্থাৎ কর্তাকে কোন কার্য করিতে প্রবর্তিত করে তাহা হেতুকর্তা বা প্রযোজক কর্তা। তাহাতেও প্রথমা বিভক্তি হয়। প্রভুঃ পাচকেন অন্নং পাচয়তি (প্রভু পাচকদ্বারা অন্ন প্রস্তুত করাইতেছেন)।

প্রাতিপদিকার্থ-লিঙ্গপরিমাণবচনমাত্রে প্রথমা (২।৩।৪৬)

২১৫. প্রাতিপদিক বলিতে বিভক্তিশূন্য পদ বুঝায়। বিভক্তিশূন্য হইলেও কোন শব্দ উচ্চারণ করিলেই একটি অর্থবোধক হইয়া থাকে। এই অর্থবোধই প্রাতিপদিকার্থ। প্রথমা বিভক্তিতে সেই অর্থটিই পরিস্ফুট হয়। 'মাত্র' শব্দটি প্রাতিপদিকার্থ প্রভৃতি প্রত্যেকটির সহিত যুক্ত হইবে। অর্থাৎ প্রাতিপদিকার্থমাত্রে প্রথমা, লিঙ্গমাত্রে প্রথমা, পরিমাণমাত্রে প্রথমা ও বচন মাত্রে প্রথমা বিভক্তি।

প্রাতিপদিকার্থমাত্রে প্রথমা—উচ্চৈঃ, নীচৈঃ, কৃষ্ণঃ, শ্রীঃ।

লিঙ্গমাত্রে প্রথমা—তটঃ, তটী, তটম্।

পরিমাণমাত্রে প্রথমা—দ্রোণো ব্রীহিঃ [একদ্রোণ ধান্য]

বচনমাত্রে প্রথমা—একঃ, দ্বৌ, বহবঃ।

২১৬. উক্ত (অভিহিত) কর্তায় এবং উক্তকর্মে অর্থাৎ কর্তৃবাচ্যের কর্তায় এবং কর্মবাচ্যের কর্মে এই সূত্রদ্বারাই প্রথমা বিভক্তি হইয়া থাকে। ইহাদের কর্তৃত্ব ও কর্মত্ব অন্যের দ্বারা অভিহিত হয় বলিয়া তখন কেবলমাত্র প্রাতিপদিকার্থই থাকে।

বালকঃ গ্রন্থং পঠতি এই বাক্যে তিপ্ বিভক্তিদ্বারাই কর্তৃপদ উক্ত হইতেছে এইজন্য বালকঃ এই উক্ত কর্তায় প্রাতিপদিকার্থে প্রথমা হইতেছে। এইরূপ বালকেন গ্রন্থঃ পঠ্যতে। এই বাক্যে দৃশ্যতে ক্রিয়ার যক্ (য) ও আত্মনেপদ দ্বারা কর্ম উক্ত বা অভিহিত হইতেছে, এইজন্য গ্রন্থঃ এই উক্তকর্মে প্রাতি-পদিকার্থে প্রথমা বিভক্তি হইতেছে।

কচিন্নিপাতেন অভিধানম্

২১৭. কখনও কখনও ইতি, সাম্প্রতম্ ও অসাম্প্রতম্ ইত্যাদি অব্যয়-যোগে কর্তৃপদ বা কর্মপদ অভিহিত বা উক্ত হয়। তাহাতে প্রথমা বিভক্তি হয়।

দশরথ ইতি খ্যাতঃ নৃপতিবাসীৎ। তমহং রাম ইতি জানামি (তাহাকে আমি রাম বলিয়া জানি)। বদন্ত্যপর্ণেতি চ তাং পুরাবিদঃ (পুরাবিদগণ তাহাকে অপর্ণা বলিয়া অভিহিত করেন)। বিষবৃক্ষোঽপি সংবর্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ (বিষবৃক্ষও নিজে সংবর্ধিত বলিয়া নিজে ছেদন করা উচিত নহে)।

'নাম' অব্যয়যোগে কর্ম অভিহিত হয় না।

কন্যাং দশরথো রাজা শান্তাং নাম ব্যজীজনৎ (রাজা দশরথ শান্তা নামে কন্যার জন্ম দিয়াছিলেন।

সম্বোধনে চ (২।৩।৪৭)

২১৮. অভিমুখীকৃত্য জ্ঞাপনং সম্বোধনম্ অর্থাৎ কাহাকে সম্মুখে রাখিয়া বা উদ্দেশ্য করিয়া কিছু জানানোর নাম সম্বোধন। সম্বোধনে প্রথমা বিভক্তি হয়।

রাম! কুত্র গচ্ছসি? (ওহে রাম, কোথায় যাইতেছ?) **হে ঈশ!** দরিদ্রং রক্ষ (হে ঈশ্বর দরিদ্রকে রক্ষা কর)।

প্রয়োগ

দশরথ নামে এক রাজা ছিলেন—**দশরথো** নাম রাজা আসীৎ। প্রজারা রাজাকে পিতা বলিয়া মনে করে—প্রজাঃ রাজানং **পিতেতি** মন্যতে। ইন্দ্র দেবরাজ নামে খ্যাত—ইন্দ্রঃ **দেবরাজ** ইতি খ্যাতঃ। কাহাদের দ্বারা পথ অবরুদ্ধ হইল—কৈঃ পন্থানঃ অবরুদ্ধাঃ। বইটি আমার আগেই পড়া—**পুস্তকং** পূর্বমেব পঠিতম্ ময়া। ওঠো বন্ধু, আমি আসিয়াছি—উত্তিষ্ঠ, **বন্ধো,** আগতোঽহম্। ওগো মা তোমায় দেখে দেখে আঁখি না ভরে—অয়ি **মাত** স্তব দর্শনেন **নয়নং** ন তৃপ্যতি।

অনুশীলনী

১. উদাহরণসহ ব্যাখ্যা কর :

'কচিন্নিপাতেনাভিধানম্'।

২. স্থূলাক্ষর পদগুলিতে কেন প্রথমা বিভক্তি হইয়াছে লিখ :

(ক) ক্রমদমুং **নারদ** ইত্যবোধি সঃ। (খ) ঋষয়ে দীয়তাং **কন্যা**; (গ) **সখে** ত্রায়স্ব মাম্। (ঘ) জাতস্য হি ধ্রুবো **মৃত্যুঃ**। (ঙ) **সা** পরিচারিকয়া পাচয়তি ওদনম্।

৩. সংস্কৃতে অনুবাদ কর :

আমি তাহাকে রাম বলিয়া জানি। গোবিন্দ, কোথায় যাইতেছ? শিশুরা হাসিতেছে। প্রভু ভৃত্যের দ্বারা কাজ করাইতেছেন। মানুষ মরণশীল। রাবণ রামচন্দ্র-কর্তৃক নিহত হইয়াছিল।

দ্বিতীয়া বিভক্তি

কর্তুরীপ্সিততমং কর্ম (১।৪।৫০)

২১৯. কর্তার যাহা ঈপ্সিততম তাহার নাম কর্ম। অর্থাৎ কর্তা ক্রিয়া দ্বারা যাহাকে সর্বাপেক্ষা মুখ্যভাবে পাইতে ইচ্ছা করে তাহাই কর্মকারক।[১]

কর্মণি দ্বিতীয়া (২।৩।২)

২২০. অনভিহিত বা অনুক্ত কর্মে দ্বিতীয়া বিভক্তি হয়।

---

১. তথাযুক্তং চানীপ্সিতম্ ১।৪।৫০

ক্রিয়াদ্বারা ব্যাপ্য হইলে ঈপ্সিততমের ন্যায় অনীপ্সিতও কর্ম হয়। যথা, অন্নং বুভুক্ষুঃ কংকরমত্তি (ভাত খাইতে ইচ্ছুক হইয়া কাঁকর খাইতেছে) গ্রামং গচ্ছন্ তৃণং স্পৃশতি।

এখানে কাঁকর বা তৃণ কর্তার ঈপ্সিততম না হইলেও ক্রিয়াব্যাপ্য বলিয়া কর্ম হইয়াছে।

বালকঃ **চন্দ্রং** পশ্যতি। শিষ্যঃ **গুরুং** সেবতে।

অভিহিত বা উক্ত কর্মে দ্বিতীয়া হয় না, প্রাতিপদিকার্থে প্রথমা হয়। বালকেন **চন্দ্রঃ** দৃশ্যতে। শিষ্যেণ **গুরুঃ** সেব্যতে।

পাণিনি বিভিন্নস্থলে কর্মত্বের নির্দেশ দিয়াছেন; তাহা আলোচিত হইতেছে।

অকথিতঞ্চ (১।৪।৫১)

২২১. 'অকথিত' শব্দের অর্থ এখানে অবিবক্ষিত বা যাহা বলা অভিপ্রেত নহে। অপাদান প্রভৃতি কোন বিশেষ কারকের বিবক্ষা না থাকিলে **দুহ্ প্রভৃতি দ্বাদশটি** এবং **নী প্রভৃতি চারিটি** ধাতুর কর্মের সহিত ঘনিষ্ঠভাবে যুক্ত অন্য কারক কর্মত্ব প্রাপ্ত হয়। এইরূপ কর্মকে অকথিত বা গৌণ কর্ম বলে।

দুহাদি ধাতু—দুহ্, যাচ্, পচ্, দণ্ড্, রুধ্—প্রচ্ছ্, চি, ব্রূ, শাস্, জি, মন্থ্, মুষ্।

ন্যাদি ধাতু—নী, হৃ, কৃষ্, বহ্।[২]

প্রয়োগ

গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি—(গোয়ালা গোরু হইতে দুধ দোহন করিতেছে)। বামনঃ বলিং বসুধাং যাচতে (বামন বলির নিকট বসুধা যাচ্ঞা করিতেছে)। পাচকঃ তণ্ডুলান্ ওদনং পচতি (পাচক চাউল হইতে ভাত রাঁধিতেছে)। রাজা চৌরং শতং দণ্ডয়তি (রাজা চোরকে একশত টাকা দণ্ড দিতেছেন)। বিচারকঃ চৌরং কারাগারং রুণদ্ধি (বিচারক চোরকে কারাগারে আটক করিতেছেন)। গুরুঃ ছাত্রং প্রশ্নং পৃচ্ছতি (গুরু ছাত্রকে প্রশ্ন জিজ্ঞাসা করিতেছেন)। বালিকা বৃক্ষং পুষ্পং চিনোতি (বালিকা বৃক্ষ হইতে পুষ্প-চয়ন করিতেছে)। গুরুঃ শিষ্যং ধর্মং ব্রবীতি (গুরু শিষ্যকে ধর্মকথা বলিতেছেন)। আচার্যঃ শিষ্যং ধর্মং শাস্তি (আচার্য শিষ্যকে ধর্মোপদেশ দিতেছেন)। দেবদত্তঃ যজ্ঞদত্তং শতং জয়তি (দেবদত্ত যজ্ঞদত্তের নিকট হইতে একশত টাকা জিতিতেছেন)। দেবগণঃ সমুদ্রম্ অমৃতং মথ্নাতি (দেবতারা

২. দ্বিকর্মক ধাতুগুলি দুইভাগে পঠিত হইয়াছে।
কর্মবাচ্যে দুহাদি ধাতুর গৌণকর্ম উক্ত হয়। আর ন্যাদি ধাতুর মুখ্য কর্ম উক্ত হয়। বাচ্য ও বাচ্যান্তর দ্রষ্টব্য।

সমুদ্র হইতে অমৃত মন্থন করিতেছেন)। চৌরঃ তং শতং মুষ্ণাতি (চোর তাহার একশত টাকা চুরি করিতেছে)।

বিপ্রঃ ছাগং গ্রামং নয়তি (বিপ্র ছাগকে গ্রামে লইয়া যাইতেছে)। বিপ্রঃ ছাগং গ্রামং হরতি (বিপ্র ছাগকে গ্রামে লইয়া যাইতেছে)। কর্ষকঃ ভূমিং শস্যং কর্ষতি (কৃষক ভূমিতে শস্য কর্ষণ করিতেছে)। ভৃত্যঃ গ্রামং ভারং বহতি (ভৃত্য গ্রামে ভার বহিতেছে)।

দিবঃ কর্ম চ (১।৪।৪৩)

২২২. দিব্ ধাতুর করণকারক বিকল্পে কর্মসংজ্ঞাপ্রাপ্ত হয়।

স অক্ষান্ দীব্যতি (পক্ষে স অক্ষৈঃ দীব্যতি)—সে পাশা খেলিতেছে।

অধিশীঙ্স্থাসাং কর্ম (১।৪।৪৬)।

২২৩. অধিপূর্বক শী, স্থা, ও আস্ ধাতু আধার কর্মসংজ্ঞা প্রাপ্ত হয়।

শিশুঃ শয্যাম্ অধিশেতে। মুনিঃ তপোবনমধিতিষ্ঠতি। সিংহঃ গিরিগুহামধ্যাস্তে।

অভিনিবিশশ্চ (১।৪।৪৭)

২২৪. অভি-নিপূর্বক বিশ্ ধাতুর আধার কর্মসংজ্ঞা প্রাপ্ত হয়।

সাধুঃ সন্মার্গম্ অভিনিবিশতে।

উপান্বধ্যাঙ্ বসঃ (১।৪।৪৮)

২২৫. উপ, অনু, অধি ও আ-পূর্বক বস্ ধাতুর আধার কর্মসংজ্ঞা প্রাপ্ত হয়।

স নগরম্ উপবসতি, অনুবসতি, অধিবসতি বা।

অনাহার অর্থে উপ-পূর্বক বস ধাতুর অধিকরণ কর্মসংজ্ঞা প্রাপ্ত হয় না। স তীর্থে উপবসতি (সে তীর্থে উপবাস করিতেছে)।

ক্রিয়াবিশেষণানাং কর্মত্বমেকত্বং নপুংসকত্বং চ

২২৬. ক্রিয়াবিশেষণের কর্মত্ব হয় এবং দ্বিতীয়া বিভক্ত্যন্ত পদটি ক্লীবলিঙ্গের একবচন হয়।

অশ্বঃ দ্রুতং ধাবতি। বায়ুঃ ধীরং বহতি।

কর্মভিন্নস্থলে

কালাধ্বনোরত্যন্তসংযোগে

২২৭. অত্যন্তসংযোগ অর্থাৎ ব্যাপ্তি বুঝাইলে কালপরিমাণবাচক

(মাসাদি) ও অধ্বপরিমাণবাচক (ক্রোশাদি) শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়।

স মাসম্ অত্র তিষ্ঠতি। **ক্রোশং** গিরিস্তিষ্ঠতি।

অন্তরান্তরেণ যুক্তে (২।৩।৪)

২২৮. অন্তরা ও অন্তরেণ শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়।

রামং শ্যামং চ অন্তরা নাস্তি বিরোধঃ কশ্চিৎ (রাম ও শ্যামের মধ্যে কোন বিরোধ নাই)। **জ্ঞানম্** অন্তরেণ সুখম্ নাস্তি (জ্ঞান ব্যতীত সুখ নাই)।

অভিতঃ-পরিতঃ-সময়া-নিকষা-হা-প্রতিযোগেঽপি

২২৯. অভিতঃ (সম্মুখে), পরিতঃ (চারিদিকে) সময়া (নিকটে), নিকষা (নিকটে) হা (হায়, ধিক্) ও প্রতি শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়।

গৃহমভিতঃ বৃক্ষঃ (বাড়ির সম্মুখেই বৃক্ষ)। **পৃথিবীং** পরিতঃ সমুদ্রাঃ (পৃথিবীর চতুর্দিকে সমুদ্র)। **গৃহং** সময়া বনম্ (গৃহের নিকটেই বন)। **বনং** নিকষা নদী (বনের নিকটেই নদী)। **হা** পাপিনম্ (পাপীকে ধিক)। **দরিদ্রং** প্রতি সদয়ো ভব (দরিদ্রের প্রতি সদয় হও)।

উভসর্বতসোঃ কার্যা ধিগুপর্যাদিষু ত্রিষু
দ্বিতীয়াম্রেডিতান্তেষু ততোঽন্যত্রাপি দৃশ্যতে।

২৩০. তস্ প্রত্যয়ান্ত উভয় ও সর্ব শব্দ যোগে, (অর্থাৎ উভয়তঃ ও সর্বতঃ শব্দের যোগে), ধিক্ শব্দের যোগে, উপর্যুপরি, অধ্যধি ও অধোঽধঃ ; শব্দের যোগে, এদদ্ভিন্ন (যাবৎ ঋতে ইত্যাদি) কয়েকটি অব্যয় যোগে দ্বিতীয়া বিভক্তি হয়।

গ্রামম্ উভয়তঃ নদী। **গৃহং** সর্বতঃ বৃক্ষাঃ। ধিক্ **কৃতঘ্নম্**। উপর্যুপরি **লোকম্** হরিঃ। অধোঽধঃ **বৃক্ষম্** কুটিরম্। অধ্যধি **লোকান্** হরিঃ। **নদীং** যাবৎ গচ্ছ। **জ্ঞানম্** ঋতে কুতঃ সুখম্।

কর্মপ্রবচনীয়যোগে দ্বিতীয়া (২।৩।৮)

২৩১. অনু, অধি, উপ ইত্যাদি অব্যয় ক্রিয়ার পূর্বে যুক্ত হইলে তাহাদিগকে উপসর্গ বলে। কিন্তু অনেক সময় ধাত্বংশ লুপ্ত হইলে পর উপসর্গটি যখন এককভাবে প্রযুক্ত হয় তখন তাহাকে কর্মপ্রবচনীয় বলে।[৩] কর্মপ্রবচনীয় যোগে দ্বিতীয়া বিভক্তি হয়।

---

৩ কর্ম ক্রিয়াং প্রোক্তবান্ ইতি অতীতে কর্তরি অনীয়র্।

জপম্ অনু প্রাবর্ষৎ (জপের পর বৃষ্টি হইল)। নরাঃ দেবান্ অনু (মানুষ দেবতা অপেক্ষা হীন)। উপদেবান্ কিন্নরাঃ (কিন্নরেরা দেবতা অপেক্ষা হীন)। অতি দেবান্ শিবঃ (দেবতাদের অপেক্ষা শিব বড়)।

প্রয়োগ

দুই মাস এখানে থাকো—**দ্বৌ মাসৌ** অত্র তিষ্ঠ। আনন্দের সহিত গান করো—**সানন্দং** গীতং কুরু। বচনের পর অর্থ—বচন**মন্বর্থঃ** (=**বচনম্** অনু অর্থঃ) কয়েকদিন মথুরাতে ছিলাম—কতি **দিবসান্** মথুরায়াম্ আসম্। চক্ষুষ্মান হইয়াও যে এ দৃশ্য হইতে মুখ ফিরাইয়া থাকিল তাহাকে ধিক—চক্ষুষ্মান্ অপি যঃ ইদং দৃষ্ট্বা পরাকৃত্য তিষ্ঠতি **তং** ধিক্। প্রহরী চোরদের কারাগারে বদ্ধ করিল—প্রহরী **চৌরান্ কারাগারং** রুণদ্ধি। রাজদ্বারের সম্মুখেই পুষ্পোদ্যান—**রাজদ্বারম**ভিত এব পুষ্পোদ্যানম্। কিছুক্ষণ বৃক্ষের নিকটে অবস্থান কর—**ক্ষণং বৃক্ষং** নিকষা অবতিষ্ঠস্ব।

অনুশীলনী

১. কর্মকারক কাহাকে বলে ? উদাহরণ দিয়া বুঝাও। মুখ্য ও গৌণ কর্মের পার্থক্য কি ?

২. উদাহরণ দাও : ব্যাপ্ত্যর্থে দ্বিতীয়া ; অধিকরণে দ্বিতীয়া ; ক্রিয়া-বিশেষণে দ্বিতীয়া।

৩. স্থূলাক্ষর পদে কেন দ্বিতীয়া বিভক্তি হইয়াছে লিখ :

(ক) মাতা **পুত্র**মাহ্বয়তি। (খ) চৌরং **কারাগারং** রুণদ্ধি। (গ) ধিক্ **মূর্খম্**। (ঘ) **মন্দং মন্দং** নুদতি পবনঃ। (ঙ) **পর্বতকন্দর**-মধিশেতে সিংহঃ। (চ) অহিরেকং **দিনং** যাতি দ্বৌ **মাসৌ** মৃগশূকরৌ। (ছ) **জপম**নু প্রাবর্ষৎ। (জ) **নিত্যং সন্ধ্যাম্** উপাসীত। (ঝ) **মন্দিরং** পরিতঃ ভক্তাঃ। (ঙ) **জ্ঞান**মন্তরেণ সুখং নাস্তি।

৪. অশুদ্ধি সংশোধন কর।

রামস্যানু লক্ষ্মণঃ। গৃহে নাধিবসন্তি গুরবঃ। ধিক্ কৃপণে। ক্রোশো গিরিস্তিষ্ঠতি। শিশু শয্যায়ামধিশেতে। বনে অভিনিবিশতে সাধুঃ।

৫. সংস্কৃতে অনুবাদ কর :

(ক) পুষ্করিণীর চতুর্দিকে কলাগাছ। (খ) দেশদ্রোহীকে ধিক্ (গ) বাড়ির নিকটে শিবমন্দির। (ঘ) অশ্বটি দ্রুত দৌড়াইতেছে। (ঙ) এক

ক্রোশ ব্যাপিয়া পর্বতমালা বিস্তারিত। (চ) বিপ্র ছাগকে গ্রামে লইয়া যাইতেছেন। (ছ) যদু হরি ও শ্যামের মধ্যে বসিয়া আছে।

তৃতীয়া বিভক্তি

সাধকতমং করণম্ (১।৪।৪২)

২৩২. ক্রিয়াসিদ্ধিবিষয়ে যাহা সর্বপ্রধান সহায় বা উপায়, তাহাকেই করণকারক বলা হয়।

বয়ম্ **চক্ষুষা** পশ্যামঃ, **কর্ণেন** শৃণুমঃ। এখানে স্থূলাক্ষর পদগুলি করণ-কারকে প্রযুক্ত হইয়াছে।

কর্তৃকরণয়োস্তৃতীয়া (২।৩।১৮)

২৩৩. অনুক্ত কর্তায় ও করণকারকে তৃতীয়া বিভক্তি হয়।

কর্তৃবাচ্যে কর্তা অভিহিত বা উক্ত থাকে, এবং ঐ উক্তকর্তায় প্রথমা বিভক্তি হয়।[১]

কর্মবাচ্যে ঐ কর্তা অনভিহিত বা অনুক্ত হয়, এবং ঐ অনুক্ত কর্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথ—**ময়া** পুস্তকম্ পঠিতম্ (আমা-কর্তৃক পুস্তক পঠিত হইয়াছে)। **শিশুনা** দুগ্ধং পীতম্ (শিশু-কর্তৃক দুগ্ধ পীত হইয়াছে)।

করণকাবকে তৃতীয়ার বিভিন্ন উদাহরণ:

শৃঙ্খলেন হস্তং বধ্নাতি (শৃঙ্খলদ্বাবা হাত বাঁধিতেছে), **রথেন** সঞ্চরতে রাজা (রাজা রথে করিয়া যাইতেছে), **ধান্যেন** ধনবান্ অসৌ (সে ধান্যে ধনবান), **অনেন** পথা গচ্ছ (এই পথ দিয়া যাও), বহুনা **মূল্যেন** ইদং ক্রীণাতি (সে বহুমূল্যে ইহা কিনিতেছে), **কলহেন** কিম ? = কলহেন কিং সাধ্যতে (কলহে কি হইবে), **ধনেন** প্রয়োজনম্ = ধনেন প্রযোজনম্ সাধ্যতে।

কারক ভিন্নস্থলে তৃতীয়া

প্রকৃত্যাদিভ্যঃ উপসংখ্যানম্

২৩৪. ক্রিয়াবিশেষণের ন্যায় প্রযুক্ত হইলে প্রকৃতি প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়।

১. ঊন, হীন, রহিত ইত্যাদি যোগে যে-তৃতীয় হয় তাহা ক্ত প্রত্যয়ান্ত শব্দের যোগে অনুক্ত কর্তায় তৃতীয়া।

একেন ঊনঃ, জ্ঞানেন হীনঃ, বিদ্যয়া রহিতঃ।

প্রকৃত্যা মধুরং পয়ঃ (দুগ্ধ স্বভাবতই মধুর)। **প্রায়েণ** সমাপ্তমিদম্ (ইহা প্রায় সমাপ্ত)। **গোত্রেণ** কাশ্যপঃ (গোত্রে কাশ্যপ)। **সুখেন** জীবতি (সুখে জীবনধারণ করিতেছে)। **বেগেন** ধাবতি (বেগে দৌড়াইতেছে)।

অপবর্গে তৃতীয়া (২।৩।৬)

২৩৫. ব্যাপ্তির সহিত ফলপ্রাপ্তি এবং ক্রিয়া সমাপ্তি[২] বুঝাইলে কাল-বাচক ও পথের পরিমাণবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়।

স **মাসেন** ব্যাকরণমপঠৎ (সে এক মাস ব্যাপিয়া ব্যাকরণ পড়িতেছে এবং ফলপ্রাপ্তির পর পাঠে বিরত হইয়াছে)।

অহ্না সন্ধিপ্রকরণম্ অপঠম্ (একদিন একটানা পড়িয়া সন্ধি শেষ করিয়াছি এবং পাঠজনিত ফললাভ করিয়াছি)।

সহযুক্তেঽপ্রধানে (২।৩।১৯)

২৩৬. সহার্থ শব্দের যোগে যে-অপ্রধান তাহার উত্তর তৃতীয়া হয়। পিতা পুত্রেণ সহ গচ্ছতি (পিতা পুত্রের সহিত যাইতেছে)।

এখানে কর্তৃপদ 'পিতা' প্রধান, 'পুত্র' অপ্রধান, অতএব 'পুত্র' শব্দে তৃতীয়া বিভক্তি হইয়াছে।[৩]

এইরূপ : বধূঃ **ভর্ত্রা** সাকং গচ্ছতি (বধূ স্বামীর সহিত যাইতেছে)।

দুর্জনেন সমং ন গচ্ছেৎ (দুর্জনের সহিত যাইও না)।

কেন সার্ধং আগতোঽসি ? (কাহার সহিত আসিলেন) ?

সহার্থক শব্দ উহ্য থাকিলেও তৃতীয় হয়। যথা : পিতা **পুত্রেণ** গচ্ছতি। **ময়া** আগচ্ছ।

যেনাঙ্গবিকারঃ (২।৩।২০)

২৩৭. যে-অঙ্গ বিকৃত হওয়ায় অঙ্গীর বিকার লক্ষিত হয় সেই অঙ্গবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। অক্ষ্ণা কাণঃ, পাদেন খঞ্জঃ, পৃষ্ঠেন কুব্জঃ। হানির ন্যায় আধিক্যও বিকার।[৪] তাই **মুখেন** ত্রিলোচনঃ, **বপুষা** চতুর্ভুজঃ।

---

২. অববর্গঃ ফলপ্রাপ্তৌ সত্যাং ক্রিয়াসমাপ্তিঃ।

৩. যস্য ক্রিয়াভিসম্বন্ধঃ শব্দেন প্রতিপাদ্যতে তস্যৈব অত্র প্রাধান্যম্—বাক্যস্থিত শব্দ দ্বারা ক্রিয়ার সহিত যাহার সম্বন্ধ প্রতিপন্ন হয় এখানে তাহারই প্রাধান্য।

৪. হানিবদাধিক্যমপ্যাঙ্গানাং বিকারঃ। ইতি বামনঃ।

ইত্থম্ভূতলক্ষণে (২।৩।২১)

২৩৮. যে-লক্ষণ বা পরিচায়ক চিহ্ন দ্বারা কোন ব্যক্তি সূচিত হয় তাহার উত্তর তৃতীয়া বিভক্তি হয়। **জটাভিস্তাপসমপশ্যম্** (জটা দ্বারা উপলক্ষিত তাপসকে দেখিলাম।)

শিখয়া পরিব্রাজকমপশ্যম্ (শিখাদ্বারা চিহ্নিত পরিব্রাজককে দেখিলাম)।

পুস্তকেন ছাত্রম্ অপশ্যম্ (পুস্তক দ্বারা উপলক্ষিত ছাত্রকে দেখিলাম)।

হেতৌ (২।৩।২৩)

২৩৯. হেত্বর্থে তৃতীয়া বিভক্তি হয়।

পুণ্যেন দৃষ্টঃ হরিঃ (পুণ্যফলেই হরি দৃষ্ট হয়), ধনেন মানঃ ভবতি (ধন হেতুই মান হয়), জ্ঞানেন যশঃ ভবতি (জ্ঞানহেতুই যশ হয়)।

প্রয়োগ

সুখ তো দুঃখ ছাড়া লাভ করা যায় না—ন হি সুখং **দুঃখৈর্বিনা** লভ্যতে। পিতা-কর্তৃক এরূপ উক্ত হইয়া বালকটি ক্রন্দন করিতে লাগিল—**শিক্ষকেণ** এবমুক্তো বালকঃ ক্রন্দিতুমারব্ধবান্। সকলেই সুখে থাকুক—সর্বে তিষ্ঠন্তু **সুখেন**। অধিক শ্রমের দরকার নাই, অল্প আয়াসেই ইহা করা যায়—নাধিকেন **শ্রমেণ** প্রয়োজনম্, **অল্পায়াসেনৈব** ইদং কর্তুং শক্যম্। সে কায়িক শ্রমের দ্বারা জীবিকা নির্বাহ করে—স **কায়িকশ্রমেণ** জীবিকাং নির্বাহয়তি। আমি একমাসেই ভাষাটি শিখিয়া ফেলিয়াছি—**মাসেনৈব** ময়া এষা ভাষা শিক্ষিতা। নামে সুশীল কিন্তু চরিত্রে দুঃশীল—**নাম্না** সুশীলঃ, **চরিত্রেণ** দুঃশীলঃ। যৌবনের সহিত রূপও যায়—**যৌবনেন** রূপমপি যাতি। ধর্মে যে হীন সে পশুর সমান—**ধর্মেন** হীনাঃ পশুভিঃ সমানাঃ।

অনুশীলনী

১. কারকবিভক্তি নির্ণয় কর :

(ক) **কর্ণেন** বধিরোঽসৌ। (খ) **দণ্ডেন** প্রহরতি শ্বানম্। (গ) **ছাত্রেণ** ছাত্রমজানম্। (ঘ) সঃ **অন্নেনাত্র** বসতি। (ঙ) **হর্ষেণাসৌ** নৃত্যতি। (চ) **ধান্যেন** ধনবানসৌ। (ছ) অলমতি**বিস্তরেণ**।

২. পার্থক্য কি বল :

মাসমধীতম—মাসেনাধীতম।

৩. সংস্কৃতে অনুবাদ কর :

(ক) যে নীরোগ তাহার আবার ঔষুধ দিয়া কি হইবে? (খ) দুগ্ধ স্বভাবতই মধুর। (গ) বিবাদ করিও না (নিষেধার্থক অলম্ ব্যবহার কর)। (ঘ) লোকটির একচক্ষু কাণা। (ঙ) তিন বছরে এই ভাষাটি মোটামুটি আয়ত্ত করিয়াছি। (চ) সে আনন্দে হাসিতেছে। (ছ) আমার সঙ্গে কে যাইবে?

চতুর্থী বিভক্তি

চতুর্থী সম্প্রদানে (২।৩।১৩)

২৪০। সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়।

কর্মণা যমভিপ্রৈতি স সম্প্রদানম্ (১।৪।৩২)

২৪১। কর্তা দানার্থক ধাতুর কর্মদ্বারা যাহাকে অভিপ্রেত করেন তাহাই সম্প্রদানকারক।

স **দরিদ্রায়** ধনং দদাতি (সে দরিদ্রকে ধন দিতেছে)। রাজা **বিপ্রায়** গাং দদাতি (রাজা ব্রাহ্মণকে গাভী দিতেছেন)।

স্বত্বত্যাগপূর্বক দানকে কেহ কেহ সম্প্রদানের লক্ষণ বলেন। মূল পাণিনি ব্যাকরণে এরূপ কোন নির্দেশ নাই, ইহা ভাষাবিরুদ্ধও বটে। অতএব, **রাজকায়**বস্ত্রং দদাতি (রজককে বস্ত্র দিতেছে), **ছাত্রায়** চপেটাং দদাতি (ছাত্রকে চপেটাঘাত দিতেছে) ইত্যাদি বাক্যে সম্প্রদানে কর্মই পাণিনি-ব্যাকরণসম্মত।[১]

ক্রিয়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্

২৪২। কর্তা ক্রিয়ার দ্বারা যাহাকে অভিপ্রেত করেন অর্থাৎ যাহার প্রীতিজননাদির উদ্দেশ্যে ক্রিয়ার অনুষ্ঠান করেন তাহাও সম্প্রদান।

শিশবে ক্রীডনকমানয়তি (শিশুর জন্য খেলনা আনিতেছে)। মাতা পুত্রায় চন্দ্রং দর্শযতি (মাতা পুত্রকে চন্দ্র দেখাইতেছেন।) রাজ্ঞে সর্বং নিবেদয়তি (রাজাকে সকল কিছু নিবেদন করিতেছে)।

রুচ্যর্থানাং প্রীয়মাণঃ (১।৪।৩৩)

২৪৩. রুচ্যর্থক ধাতুর প্রয়োগে প্রীয়মাণ অর্থাৎ যে প্রীত হয় সে সম্প্রদানকারক।

---

১. রজকস্য বস্ত্রং দদাতি, রাজ্ঞঃ করং দদাতি ইত্যাদি বাক্যে শেষে ষষ্ঠী।

মোদকঃ **শিশবে** রোচতে (মিষ্টান্ন শিশুদের নিকট রুচিকর)। **সাধবে** রোচতে ধর্মঃ (সাধু ধর্ম ভালবাসেন)। **হরয়ে** রোচতে ভক্তিঃ (হরির নিকট ভক্তি রুচিকর)। ইদং **মহ্যং** স্বদতে (ইহা আমার ভাল লাগে)।

স্পৃহেরীপ্সিতঃ (১।৪।৩৬)

২৪৪. স্পৃহ্ ধাতুর প্রয়োগে কর্তার যাহা ঈপ্সিত তাহা সম্প্রদানকারক।

স **ধনায়** স্পৃহয়তি (সে ধন চায়)। বালকঃ **পুষ্পায়** স্পৃহয়তি (বালক ফুল চায়)।

যদি ইচ্ছার আতিশয্য বুঝায় ঈপ্সিত বস্তু কর্মত্ব প্রাপ্ত হয়।

কৃপণঃ ধনং স্পৃহয়তি। [কৃপণ (অত্যন্ত বেশি করিয়া) ধন চায়]

ধারেরুত্তমর্ণঃ (১।৪।৩৫)

২৪৫. ধারি ধাতুর প্রয়োগে উত্তমর্ণ অর্থাৎ ঋণদাতা সম্প্রদানকারক।

স **মহ্যং** শতং ধারয়তি (সে আমার নিকট একশত টাকা ঋণ করিয়াছে)। অহং **তুভ্যং** শতং ধারয়ামি (আমি তোমাব নিকট একশত টাকা ঋণ কবিয়াছি)।

ক্রুধ-দ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ (১।৪।৩৭)

২৪৬. ক্রোধার্থক, দ্রোহার্থক, ঈর্ষার্থক ও অসূয়ার্থক ধাতুর প্রয়োগে যাহাব প্রতি কোপ হয় সে সম্প্রদানকারক।

প্রভুঃ **ভৃত্যায়** ক্রুধ্যতি (প্রভু ভৃত্যের উপর ক্রোধ করিতেছেন)। অসুরাঃ **সুরেভ্যঃ** দ্রুহ্যন্তি (অসুরেরা দেবতাদের ঘৃণা করিতেছে, অথবা অপকার চিন্তা করিতেছে)। সঃ **মহ্যম্** ঈর্ষ্যতি (সে আমাকে ঈর্ষা করিতেছে)। সঃ **প্রতিদ্বন্দ্বিনে** অসূয়তি (সে প্রতিদ্বন্দ্বীর দোষ দেখিতেছে)।

প্রত্যাঙ্‌ভ্যাং শ্রুবঃ পূর্বস্য কর্তা (১।৪।৪০)

২৪৭. প্রতিপূর্বক ও আঙ্‌পূর্বক 'শ্রু' ধাতুর প্রয়োগে যে প্রতিজ্ঞা করায় সে সম্প্রদানকারক।

দরিদ্রায় ধনং প্রতিশৃণোতি আশৃণোতি বা (অনুরুদ্ধ হইয়া দরিদ্রকে ধন দিবেন বলিয়া প্রতিশ্রুতি দিতেছেন)।

পরিক্রয়ণে সম্প্রদানমন্যতরস্যাম্ (১।৪।৪৪)

২৪৮. নির্দিষ্টকালের জন্য বেতন প্রভৃতি দিয়া নিযুক্ত করা বা ভাড়া করা বুঝাইলে করণকারক বিকল্পে সম্প্রদানত্ব প্রাপ্ত হয়।

শতায় (**শতেন বা**) পরিক্রীতঃ দাসঃ (একশত টাকা দিয়া নির্দিষ্ট-কালের জন্য দাসটিকে কেনা হইয়াছিল)। **সহস্রায়** পরিক্রীতম্ ময়া গৃহমিদম্ (বাড়িটি আমি এক হাজার টাকা দিয়া নির্দিষ্টকালের জন্য ভাড়া করিয়াছি)।

ক্রিয়ার্থোপপদস্য চ কর্মনি স্থাণিনঃ (২।৩।১৪)

২৪৯. তুমুন্ প্রত্যয়ান্ত ক্রিয়া উহ্য থাকিলে উহার কর্মে চতুর্থী বিভক্তি হয়।

বালকঃ **ফলায়** (ফলম্ আনেতুম্) উদ্যানং গচ্ছতি (বালকটি ফল আনিতে উদ্যানে যাইতেছে)। এখানে 'আনেতুম্' এই তুমুন্নন্ত অসমাপিকা উহ্য থাকায় তাহার কর্মে চতুর্থী বিভক্তি হইয়াছে।

মন্যকর্মন্যনাদরে বিভাষাহ প্রাণিষু (২।৩।১৭)

২৫০. অনাদর বুঝাইলে দিবাদিগণীয় মন্ ধাতুর অবজ্ঞাবোধক কর্মে বিকল্পে চতুর্থী ও দ্বিতীয়া হয়। কিন্তু প্রাণিবাচক নৌ কাক অন্ন শুক ও শৃগাল শব্দের উত্তর কেবল দ্বিতীয়া হয়।

অহং ত্বাং **তৃণায়** (**তৃণং** বা) ন মন্যে (আমি তোমাকে তৃণও মনে করি না)। কিন্তু নাহং ত্বাং শৃগালং মন্যে (আমি তোমাকে শৃগালও মনে করি না)।

গত্যর্থকর্মণিদ্বিতীয়াচতুর্থ্যৌ চেষ্টায়ামনধ্বনি (২।৩।১২)

২৫১. কায়কৃত চেষ্টা বুঝাইলে গমনার্থক ধাতুর কর্মে বিকল্পে দ্বিতীয়া এবং চতুর্থী বিভক্তি হয়।

স গ্রামং গ্রামায় বা গচ্ছতি (সে গ্রামে যায়)। চেষ্টা না বুঝাইলে চতুর্থী হয় না। যথা—মনসা বারাণসীং গচ্ছতি (মনে মনেই কাশী যাইতেছে)। পথবাচক কর্ম হইলে চতুর্থী হয় না। যথা—স পন্থানং গচ্ছতি (স পথে যাইতেছে।[২]

কারক ভিন্ন স্থলে

তাদর্থ্যে চতুর্থী (বা)

২৫২. তাদর্থ্য শব্দের অর্থ তাহার জন্য ইহা অর্থাৎ নিমিত্ত। নিমিত্ত অর্থে চতুর্থী বিভক্তি হয়।

অশ্বায় ঘাসঃ (অশ্বের জন্য ঘাস)। **কুণ্ডলায়** হিরণ্যম্ (কুণ্ডলের জন্য স্বর্ণ)। **রন্ধনায়** স্থালী (রন্ধনের জন্য ভাণ্ড)।

---

২. বিপথ হইতে সুপথে আসা বুঝাইলে ৪র্থী ও ২য়া দুই-ই হয়।
উৎপথাৎ পথে (৪র্থী) পন্থানং (২য়া) বা গচ্ছতি (বিপথ হইতে ঠিক পথে চলিতেছে)।

যাহা নিবর্তনীয় অর্থাৎ যাহা নিবারণ করা প্রয়োজন তাহাও 'নিমিত্ত'। নিবর্তনীয়ের উত্তরও ৪র্থী বিভক্তি হইবে।

মশকায় ধূমঃ (মশক তাড়াইবার জন্য ধূম)। **আতপায়** ছত্রম্ (রৌদ্র নিবারণ করিবার জন্য ছত্র)। **পিপাসায়ৈ** জলম্ (পিপাসা দূর করিবার জন্য জল)। **তাপায়** স্নানম্ (তাপ দূর করিবার জন্য স্নান)।[৩]

কৢপি সম্পদ্যমানে চ

২৫৩. কৢপ্, জন্ ভূ ও সম্‌পূর্বক পদ্ ধাতুর প্রয়োগে সম্পদ্যমানের অর্থাৎ যাহা উৎপন্ন বা পরিণত হয় তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়।

ভক্তির্জ্ঞানায় কল্পতে (ভক্তি জ্ঞানে পরিণত হয়)। জ্ঞানং **সুখায়** জায়তে (জ্ঞান সুখের হয় অর্থাৎ সুখে পরিণত হয়)। বিদ্যা **বিনয়ায়** ভবতি (বিদ্যা বিনয়ে পরিণত হয়)। ধনং **মদায়** সম্পদ্যতে (ধন গর্বে পরিণত হয়)।

উৎপাতেন জ্ঞাপিতেন চ

২৫৪. উৎপাত—শুভাশুভসূচক প্রাকৃতিক বিকৃতি।

উৎপাত দ্বারা যাহা জ্ঞাপিত হয় তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়।

বাতায় কপিলা বিদ্যুৎ (কপিলবর্ণের বিদ্যুৎ ঝড়ের সঙ্কেত দিতেছে)। **দুর্ভিক্ষায়** সিতা বিদ্যুৎ (সাদারঙের বিদ্যুৎ দুর্ভিক্ষের সঙ্কেত দিতেছে।)

তুমর্থাচ্চ ভাববচনাৎ (২।৩।১৫)

২৫৫. তুমুন্ প্রত্যয়ের অর্থে ভাববাচ্য নিষ্পন্ন শব্দ[৪] ব্যহৃত হইলে, উহাতে চতুর্থী বিভক্তি হয়।

স **যাগায়** যাতি=স যষ্টুম্ যাতি (সে যজ্ঞ করিতে যাইতেছে)। স **পাঠায়** যাতি=স পঠিতুম্ যাতি (সে পড়িতে যাইতেছে)। স **ভোজনায়** আগচ্ছতি=স ভোক্তুম্ আগচ্ছতি (সে ভোজন করিতে আসিতেছে)।

নমঃ-স্বস্তি-স্বাহা-স্বধালং-বষড্‌যোগাচ্চ (২।৩।১৬)

২৫৬. নমস্, স্বস্তি, স্বাহা, স্বধা, সমর্থার্থক অলম্ এবং বষট্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়।

---

৩. 'ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ' এই সূত্র দ্বারাই 'তাদর্থ্যে ৪র্থী' সূত্রের প্রয়োজন সিদ্ধ হইতে পারে ইহা লক্ষ্য করিবার বিষয়। কুণ্ডলায় হিরণ্যম্—কুণ্ডলং নির্মাতুম্ হিরণ্যম্। অশ্বায় ঘাস—অশ্বং ভোজয়িতুম্ ঘাসঃ। আতপায় ছত্রম্—আতপম্ দূরীকর্তুম্ ছত্রম্। তাপায় স্নানম্—তাপং নিবারয়িতুম্ স্নানম্ ইত্যাদি।

৪. ভাববাচ্য নিষ্পন্ন শব্দ ঘঞ্, অচ্, অপ্, ক্তিন্, অনট্ ইত্যাদি প্রত্যয়যোগে গঠিত।

শিবায় নমঃ (শিবকে নমস্কার)। **প্রজাভ্যঃ** স্বস্তি (প্রজাদের মঙ্গল হোক)। **অগ্নয়ে** স্বাহা (অগ্নিকে অর্ঘ দিতেছে)। **পিতৃভ্যঃ** স্বধা (পিতৃপুরুষদের অর্ঘ দিতেছে)। হরিঃ **দৈত্যায়** অলম্, সমর্থঃ শক্তো বা (যোগ্য)। অলং মল্লো **মল্লায়** (মল্ল মল্লের সমকক্ষ)।

হিতযোগে চ (বা)

২৫৭. হিতশব্দের যোগে যাহার হিতকামনা করা হয় তাহার উত্তর চতুর্থী হয়।

রাজ্ঞে হিতম্ (রাজার মঙ্গল হউক)।

সুখ যোগেও চতুর্থী হয়।[৫]

সাধবে সুখম্ (সাধুর সুখ হউক)।

প্রয়োগ

যোগ্যকে দাও, অযোগ্যকে দিও না—**যোগ্যায়** দেহি, মা দেহি **অযোগ্যায়**। পরোপকারের জন্যই সাধুর সম্পদ—**পরোপকারায়** সতাং বিভূতিঃ। সবুজ রং চোখের পক্ষে হিতকর—শ্যামলিমা **চক্ষুষে** হিতম্। এই আরম্ভ শুভ হউক—অয়মারম্ভঃ **শুভায়** ভবতু। তোমার জন্য কি না করিব—**তুভ্যং** ন করোমি কিম্? আমার তৃপ্তির পক্ষে ইহা যথেষ্ট—অলমিদং মম **তৃপ্তয়ে**। সম্মুখে পূর্ণ কূপ থাকিতে জল আনিতে নদীতে যাও কেন?—কূপস্ত্বামভিতঃ পূর্ণো, **জলায়** কিং নদীং ব্রজেঃ। পালঙ্কের জন্য কাঠ কেনা হইল—**পালঙ্কায়** কাষ্ঠম্ ক্রীতম্।

অনুশীলনী

১. কারকবিভক্তি নির্ণয় কর :

রাজা **বিপ্রেভ্যো** গাং দদাতি। **তস্মৈ** শশংস প্রণিপত্য নন্দী। অপূপঃ স্বদতে **তস্মৈ**। বৃক্ষসেচনে দ্বে ধারয়সি **মে**। **রন্ধনায়** স্থালী। কিং **পাঠায়** ন গচ্ছসি। **আতপায়** লোহিনী বিদ্যুৎ। ভক্তির্জ্ঞানায় কল্পতে। নমঃ **কমলাবাসিন্যৈ**। ভোজেন দূতো **রাঘবে** বিসৃষ্টঃ। **পরিত্রাণায়** সাধূনাং **বিনাশায়** চ দুষ্কৃতাং। **ধর্মসংস্থাপনার্থায়** সম্ভবামি যুগে যুগে।

---

৫. 'এবং সুখযোগেঽপি চতুর্থী বোধ্যা'।

২. অশুদ্ধি সংশোধন কর :

দুর্গাং নমঃ। দেহি তং জলম্। স মাং শতং ধারয়তি। স ভৃত্যং ক্রুধ্যতি। মনসা বিদ্যালয়ম্ গচ্ছতি। বিদ্যা বিনয়ে সম্পদ্যতে। কথম্ মাম্ ঈর্ষ্যসি।

৩. পার্থক্য নির্ণয় কর : (ক) গ্রামং গচ্ছতি—গ্রামায় গচ্ছতি। (খ) পুষ্পং স্পৃহয়তি—পুষ্পায় স্পৃহয়তি। (গ) অলং বিবাদেন—অলং বিবাদায়। (ঘ) সুখেন বসতি—সুখায় বসতি।

৪. উপযুক্ত স্থানে চতুর্থী বিভক্তি প্রয়োগ করিয়া সংস্কৃতে অনুবাদ কর :

জ্ঞান সুখের কারণ হয়। খেলা সকল বালকেরই ভাল লাগে। বালিকা জল আনিবার জন্য পুষ্করিণীতে যাইতেছে। গুরুকে নমস্কার। তাহাকে সকল কথা নিবেদন কর। রোগের জন্য নানাপ্রকার ঔষধ আছে। শুভ্রবর্ণ বিদ্যুৎ দুর্ভিক্ষের সূচনা করিতেছে। সে দেবতার জন্য পুষ্প চয়ন করিতেছে। আমাকে একশত টাকা দাও। আমার তৃপ্তির জন্য ইহা যথেষ্ট।

পঞ্চমী বিভক্তি

অপাদানে পঞ্চমী (১।৩।২৮)

২৫৮. অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়।

ধ্রুবমপায়েঽপাদানম্ (১।৪।২৪)

২৫৯. অপায় বা বিশ্লেষ বুঝাইলে যাহা ধ্রুব অর্থাৎ যাহা হইতে কোন কিছু বিশ্লিষ্ট হয় তাহা অপাদান।

বৃক্ষাৎ পত্রং পততি (গাছ হইতে পাতা পড়িতেছে) এখানে পত্র বিচ্যুত, বৃক্ষ ধ্রুব, অতএব বৃক্ষ অপাদান কারক এবং তাহাতে পঞ্চমী বিভক্তি হইয়াছে।

এখানে অপাদান বৃক্ষ স্থির। অপাদান সচলও হইতে পারে। যেমন, ধাবতঃ অশ্বাৎ পতিতোঽয়ং নরঃ (এই লোকটি ধাবমান অশ্ব হইতে পড়িয়া গিয়াছে)।

ভীত্রার্থানাং ভয়হেতুঃ (১।৪।২৫)

২৬০. ভয়ার্থক ও ত্রাণার্থক ধাতুর প্রয়োগে ভয়ের হেতুটি অপাদান কারক।

সর্বে ব্যাঘ্রাৎ ভীতাঃ (সকলেই ব্যাঘ্র হইতে ভীত) ত্রায়স্ব মাম্ বিপদঃ (আমাকে বিপদ হইতে রক্ষা কর)।

বারণার্থানামীপ্সিতঃ (১।৪।২৭)

২৬১. বারণার্থক ধাতুর প্রয়োগে যাহা ঈপ্সিত তাহা অপাদান কারক।

অন্নাৎ কাকং বারয়তি (অন্ন হইতে কাককে নিবারণ করিতেছে)।

এখানে কাকের ঈপ্সিত 'অন্ন', অতএব অন্নের অপাদানত্ব।

এইরূপ, **যবেভ্যো** গাং বারয়তি।

অন্তর্ধৌ যেনাদর্শনমিচ্ছতি (১।৪।২৮)

অন্তর্ধি = ব্যবধান

২৬২. ব্যবহিত অবস্থায় যাহার অদর্শন ঈপ্সিত সে অপাদান কারক।

মাতুর্নিলীয়তে কৃষ্ণঃ (কৃষ্ণ মায়ের নিকট হইতে আত্মগোপন করিতেছে)।

এখানে, কৃষ্ণ মায়ের নিকট হইতে কিছু ব্যবধানে থাকিয়া 'মা যেন আমাকে দেখিতে না পান' এইরূপ ইচ্ছা করিল। মাতার অদর্শন ঈপ্সিত বলিয়া মাতৃপদের অপাদানত্ব এবং তাহাতে পঞ্চমী বিভক্তি।

এইরূপ, ছাত্রঃ শিক্ষকাৎ অন্তর্ধত্তে (ছাত্র শিক্ষকের নিকট হইতে অন্তর্হিত হইতেছে)।

আখ্যাতোপযোগে (১।৪।২৯)

আখ্যাতা = অধ্যাপক, উপযোগ = নিয়মপূর্বক বিদ্যাগ্রহণ।

২৬৩. নিয়মপূর্বক বিদ্যা গ্রহণ করা বুঝাইলে উপদেশদানকারী অথবা অধ্যাপয়িতা অপাদান কারক হয়।

শিষ্যঃ আচার্যাৎ শাস্ত্রমধীতে শৃণোতি বা—(শিষ্য আচার্যের নিকট হইতে নিয়মপূর্বক অধ্যয়ন করিতেছে বা শ্রবণ করিতেছে)। নটাৎ গীতং শৃণোতি —নটের নিকট হইতে গীত শিক্ষা করিতেছে। নটস্য গীতং শৃণোতি— নটের গীত শুনিতেছে (কেবল শুনিতেছে, শিখিতেছে না)।

জনিকর্তুঃ প্রকৃতিঃ (১।৪।৩০)

জনি—অভূতপ্রাদুর্ভাব অর্থাৎ যাহা ছিল না, তাহার জন্ম বা উদ্ভব।

জনিকর্তা—জায়মান অর্থাৎ যা জন্মে বা উদ্ভূত হয়।

প্রকৃতি—কারণ অর্থাৎ যাহা হইতে উদ্ভব।

২৬৪. যাহা জন্মে বা উৎপন্ন হয় তাহার কারণ অপাদান কারক।

বীজাৎ অঙ্কুরো জায়তে। পুষ্পাৎ ফলং জায়তে। বিদ্যায়াঃ বিনয়ঃ উদ্ভবতি।

ভুবঃ প্রভবঃ (১।৪।৩১)

ভূ—হওয়া।

প্রভব—উদ্ভব, আবির্ভাবস্থান।

২৬৫. যে আবিভূ´ত হয় তাহার আবির্ভাবস্থান অপাদানকারক।

হিমবতো গঙ্গা প্রভবতি—হিমালয় হইতে গঙ্গা উদ্ভূত।

এখানে হিমবান গঙ্গার উদ্ভব স্থান বলিয়া অপাদান কারক।

জুগুপ্‌সা-বিরাম-প্রমাদার্থানামুপসংখ্যানম্ (বা)

জুগুপ্‌সা—ঘৃণা, বিরাম—বিরতি, প্রমাদ—স্খলন, যাহা বিহিত তাহা হইতে বিচ্যুতি।

২৬৬. জুগুপ্‌সার্থক, বিরামার্থক ও প্রমাদার্থক ধাতুর প্রয়োগে যে বিষয়ে জুগুপ্‌সাদি হয় তাহা অপাদান কারক।

পাপাৎ জুগুপ্‌সতে। অধ্যয়নাৎ বিরমতি। আহারাৎ নিবর্ততে। ধর্মাৎ প্রমাদ্যতি।

ল্যব্‌লোপে কর্মণ্যধিকরণে চ

২৬৭. ল্যপ্‌ (ও ক্তা) প্রত্যয়ান্ত পদ লোপ করিলে তাহার কর্মে ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়।

স **প্রাসাদাৎ** পশ্যতি—সে প্রাসাদ হইতে দেখিতেছে। (=স প্রাসাদম্ আরুহ্য পশ্যতি—সে প্রাসাদে উঠিয়া দেখিতেছে।)

এখানে কর্মপদে পঞ্চমী হইয়াছে।

স **আসনাৎ** পশ্যতি—সে আসন হইতে দেখিতেছে। (=স আসনে উপবিশ্য পশ্যতি—সে আসনে উপবেশন করিয়া দেখিতেছে।)

এখানে অধিকরণে পঞ্চমী হইয়াছে।

করণে চ স্তোকাল্প-কৃচ্ছ্র-কতিপয়স্যাসত্ত্ববচনস্য (২।৩।৩৩)

অসত্ত্ব (অদ্রব্য)-বাচক অর্থাৎ বিশেষ্য।

২৬৮. স্তোক, অল্প, কৃচ্ছ্র ও কতিপয় শব্দের উত্তর করণকারকে বিকল্পে তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়।

স্তোকেন স্তোকাৎ বা মুক্তঃ। **অল্পেন অল্পাৎ** বা ত্রাতঃ। **কৃচ্ছ্রেণ কৃচ্ছ্রাৎ** বা আয়াতঃ। **কতিপয়েন কতিপয়াৎ** বা রক্ষিতঃ।

কারক ভিন্নস্থলে

পঞ্চমী বিভক্তে (২।৩।৪২)

বিভক্ত (বি-ভন্‌জ্‌+ভাবে ক্ত)=বিভাগ (উৎকর্ষ বা উপকর্ষ)।

২৬৯. দুইটি বিভিন্ন বস্তু বা ব্যক্তির মধ্যে কোন একটির উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে যাহা হইতে উৎকর্ষ বা অপকর্ষ বুঝায় তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়।

স্বর্গাদ্ গরীয়সী মাতা। যত্নঃ পটুতরঃ **রামাৎ**। ন চ **দৈবাৎ** পরম্ বলম্।

বিভাষা গুণেঽস্ত্রিয়াম্ (২।৩।২৫)

২৭০. হেতু অর্থে স্ত্রীলিঙ্গ-ভিন্ন গুণবাচক শব্দের উত্তর বিকল্পে তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়।

আনন্দাৎ আনন্দেন বা হসতি। শাঠ্যাৎ শাঠ্যেন বা মুক্তঃ।

গুণবাচক শব্দ স্ত্রীলিঙ্গ হইলে সাধারণত তৃতীয়া হয়।

বিদ্যয়া লোকপ্রিয়োঽসৌ।

যতশ্চাধ্বকালনির্মাণং তত্র পঞ্চমী, তদ্‌যুক্তাদধ্বনঃ প্রথমাসপ্তম্যৌ, কালাৎ সপ্তমী চ বক্তব্যা

২৭১. যাহা হইতে পথ ও কালের পরিমাণ করা হয়, সেই অবধিবাচক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। পথবাচক শব্দে প্রথমা ও সপ্তমী হয় এবং কালবাচক শব্দে কেবল সপ্তমী হয়।

পথপরিমাণে—বনাৎ গ্রামো ক্রোশঃ ক্রোশে বা, (বন হইতে গ্রাম এক ক্রোশ দূরে)।

কালপরিমাণে—**কার্তিক্যাঃ** অগ্রহায়ণী মাসে (কার্তিক পূর্ণিমার এক মাস পরে অগ্রহায়ণ পূর্ণিমা)।

অন্যাদারাদিতরর্তেদিক্‌শব্দাঞ্চূত্তরপদাজাহিযুক্তে (২।৩।২৯)

(অন্য + আরাৎ + ইতর + ঋতে + দিক্‌শব্দ + অঞ্চূত্তর পদ + আচ্ + আহিযুক্তে)

২৭২. অন্যার্থক শব্দ, আরাৎ ইতর ও ঋতে শব্দে, দিক্ দেশ কালবাচক শব্দ, প্রাক্, প্রত্যক্ প্রভৃতি উপসর্গপরবর্তী অন্‌চ্ ধাতু নিষ্পন্ন শব্দ এবং আচ্ ও আহি প্রত্যয়ান্ত শব্দের যোগে পঞ্চমী হয়।

রামাদন্যঃ ভিন্নঃ বা, **গৃহাৎ** আবাৎ, **রামাৎ** ইতরঃ, **জ্ঞানাৎ** ঋতে[৬] গ্রামাৎ পূর্বে বনম্[৭], **চৈত্রাৎ** পূর্বঃ ফাল্গুনঃ, **গ্রামাৎ** প্রাক্ প্রত্যক্, **সমুদ্রাৎ** দক্ষিণা, গৃহাৎ উত্তরাহি।

৬ ঋতে যোগে দ্বিতীয়াও হয়।

৭ গ্রামস্য পূর্বে বনম্=গ্রামের ভিতরে পূর্বদিকে বন।

পৃথগ্-বিনা-নানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্ (২।৩।৩২)

২৭৩. পৃথক্, বিনা ও নানা (= বিনা) শব্দের যোগে দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়।

রামেণ রামং রামাৎ বা পৃথক্, **শ্রমং শ্রমেণ শ্রমাৎ** বা বিনা, বিদ্যাং বিদ্যায়াঃ বা নানা।

দূরান্তিকার্থৈঃ ষষ্ঠ্যন্যতরস্যাম্ (২।৩।৩৪)

২৭৪. দূরার্থ ও অন্তিকার্থ শব্দের যোগে প্রতিপদিকের উত্তর পঞ্চমী ও ষষ্ঠী বিভক্তি হয়।

দূরং গ্রামাৎ গ্রামস্য বা অন্তিকং গৃহাৎ গৃহস্য বা।

পঞ্চম্যপাঙ্পরিভিঃ (২।৩।১০)

২৭৫. অপ, আঙ্ ও পরি এই তিনটি কর্মপ্রবচনীয় যোগে পঞ্চমী হয়।[৮]

অপ হরেঃ সংসারঃ, পরি **হরেঃ** সংসারঃ অসারঃ (হরিকে বাদ দিয়া সংসার অসার)। আ **মরণাৎ** হরিঃ সেব্যঃ। **আ বাল্যাৎ** বিদ্যা অর্জনীয়া।

প্রতিনিধি প্রতিদানে চ যস্মাৎ (২।৩।১১)

২৭৬. যাহার প্রতিনিধি অথবা যাহার প্রতিদান তাহার উত্তর 'প্রতি' এই কর্মপ্রবচনীয় যোগে পঞ্চমী হয়।[৯]

তনয়ঃ **পিতুঃ** প্রতি (পুত্র পিতার প্রতিনিধিস্থানীয়)।

যবেভ্যঃ তণ্ডুলান্ যচ্ছতি (যবের বিনিময়ে তণ্ডুল দিতেছে)।

প্রয়োগ

খাওয়ার আগে মুখ ধোও—**ভোজনাৎ** প্রাক্ মুখং প্রক্ষালয়। দুর্জনকে কে না ভয় করে ?—কো ন বিভেতি **দুর্জনাৎ**। বালকটি জন্ম হইতেই বধির —আ **জন্মনো** বধিরো বালকঃ। গ্রামের দক্ষিণে আমার বাড়ি—**গ্রামাদ্** দক্ষিণাহি মম গৃহম্। যাচক তূলা হইতেও লঘু—**তূলাদপি** লঘীয়ান্ যাচকঃ। বালক পাঠ হইতে বিরত হইতেছে—**পাঠাৎ** বিরমতি বালকঃ। গুরুর নিকট বেদপাঠ শুনিতেছে—**গুরোঃ** বেদপাঠং শৃণোতি। বৃদ্ধ পুত্রশোকে

৮. বর্জন অর্থে অপ ও পরি কর্মপ্রবচনীয় (অপপরী বর্জনে ১।৪।৮৮)
মর্যাদা ও অভিবিধি অর্থে আঙ্ কর্মপ্রবচনীয় (আঙ্ মর্যাদাবচনে প্রবচনীয়ঃ ১।৪।৮৯)

৯. প্রতিনিধি ও প্রতিদান অর্থে প্রতি কর্মপ্রবচনীয় (প্রতিনিধিপ্রতিদানয়োঃ ১।৪।৯২)

কাঁদিতেছে—বৃদ্ধঃ **পুত্রশোকাদ্** রোদিতি। বন হইতে গ্রাম দুই যোজন—**বনাদ্** গ্রামঃ যোজনে। ধন হইতে ধর্ম, তাহা হইতে সুখ—**ধনাদ্ধর্মস্ততঃ** সুখম্। কামনা হইতে ক্রোধ জন্মায়—**কামাৎ** ক্রোধো জায়তে। শত্রু বলপূর্বক ধৃত হইয়াছে—রিপুর্**বলাদ্** ধৃতঃ।

অনুশীলনী

১. কারক বিভক্তি নির্ণয় কর :

হস্তাৎ পতিতং ধনম্। কুতস্ত্বং **বিলম্বাদা**গচ্ছসি? **শ্রমাৎ** পরাজয়তে। **অন্নেভ্যঃ** বারয় কাকম্। ছাত্রঃ **উপাধ্যায়াৎ** অন্তর্দধে। হর্ষান্ন, ত্যতি। আ **মুক্তেঃ** সংসারঃ। ন চ **দৈবাৎ** পরং বলম্। নাস্তি ঘটঃ অনু**পলব্ধেঃ**। ত্রায়স্ব তাং **বিপদঃ**।

২. অশুদ্ধি সংশোধন কর :

ছাত্রঃ পাঠে বিরমতি। ব্যাঘ্রং সর্বে বিভ্যতি। গৃহস্য বহির্মা গচ্ছ। শৈশবং প্রভৃতি স পাঠেষু আসক্তঃ। ননু তন্মুখে এব শ্রুতমেতৎ।

৩. অর্থগত পার্থক্য কি লিখ :

গ্রামাৎ পূর্বে বনম্—গ্রামস্য পূর্বে বনম্। রিপুং পরাজয়তে—রিপোঃ পরাজয়তে। শিক্ষকস্য পাঠং শৃণোতি—শিক্ষকাৎ পাঠং শৃণোতি।

৪. সংস্কৃতে অনুবাদ কর :

হিংস্র শ্বাপদকে কে ভয় না করে? এখনি কেন পাঠে বিরত হইলে? ঘটনাটি মূল হইতে শুনিতে চাই। অদ্য হইতে তুমি আমার বন্ধু হইলে। সে নদীতট হইতে দূরবর্তী পর্বত দেখিতেছে। সে অন্য গ্রাম হইতে আসিয়াছে। ছাত্র গুরুর নিকট হইতে পাঠগ্রহণ করিতেছে।

ষষ্ঠী বিভক্তি

ষষ্ঠী শেষে (২।৩।৫০)

২৭৭. যাহা বলা হইয়াছে, তাহা ব্যতীত যাহা অবশিষ্ট আছে তাহাই 'শেষ'।

কারকার্থ ও প্রাতিপদিকার্থে কখন কোন্ বিভক্তি বিধেয় তাহা বলা হইয়াছে। তদতিরিক্ত যাহা তাই পারিভাষিক অর্থে 'শেষ'। 'শেষ' বলিতে

স্বস্বামিভাব, জন্যজনকভাব ইত্যাদি নানাপ্রকার সম্বন্ধ বুঝায়। এইরূপ বিভিন্ন সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়।

স্বস্বামিভাব সম্বন্ধ—**মম** গৃহম্, জন্যজনক সম্বন্ধ—**পিতুঃ** পুত্রঃ, অবয়বাবয়বি-সম্বন্ধ—**ছত্রস্য** দণ্ডঃ, আধারাধেয় সম্বন্ধ—**পাত্রস্য** তৈলম্, এইরূপ নানাপ্রকার সম্বন্ধ হইতে পারে।

২৭৮. কর্ম প্রভৃতি কারকস্থলেও **সম্বন্ধমাত্রবিবক্ষায় ষষ্ঠী** হয়।

যথা—স তব ('ত্বাম্' স্থলে) অনুকরোতি। অজ্ঞাতকুলশীলস্য ('অজ্ঞাতকুলশীলায়' স্থলে)। বাসো দেয়ো ন কস্যচিৎ ('কস্মৈচিৎ' স্থলে)। পুত্রস্য ('পুত্রে' স্থলে) স্নিহ্যতি মাতা।

কর্তৃকর্মণোঃ কৃতি (২।৩।৬৫)

২৭৯. কৃতি—কৃদ্ যোগে (কৃৎপ্রত্যয়ান্ত শব্দযোগে)। কৃৎপ্রত্যয়ান্ত শব্দযোগে কর্তা ও কর্মে ষষ্ঠী বিভক্তি হয়।

কৃদ্‌যোগে কর্তায় ষষ্ঠী—মম গমনম্ (গম্+অনট্)। শিশোঃ শয়নম্ (শী+অনট্)। তব উক্তিঃ (বচ্+ক্তিন্)।

কর্মণি ষষ্ঠী—জলস্য পানম (পা+অনট্)। অন্নস্য পাকঃ (পচ্+ঘঞ্)। বিশ্বস্য কর্তা (কৃ+তৃচ্)।

উভয়প্রাপ্তৌ কর্মণি (২।৩।৬৬)

২৮০. কর্তা ও কর্ম উভয়স্থলেই যেখানে কৃদ্‌যোগে ষষ্ঠী বিভক্তির সম্ভাবনা সেখানে শুধু কর্মেই ষষ্ঠী হয়। কর্তায় (অনুক্ত) তখন হয় তৃতীয়া।

পয়সঃ পানং শিশুনা। ময়া **পুস্তকস্য** পাঠঃ সমাপ্তঃ।

কৃদ্‌যোগে ষষ্ঠী নিষেধ—**ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃণাম্ (২।৩।৬৯)**

লোক = ল+উ+উক

২৮১. ল—শতৃ, শানচ্, ক্বসু, কানচ্, স্যতৃ, স্যমান, উ-প্রত্যয়, উক-প্রত্যয়, অব্যয়প্রত্যয় (তুমুন্ ক্ত্বাচ্, ল্যপ্, ণমুল্) নিষ্ঠাপ্রত্যয় (ক্ত, ক্তবতু) খলর্থ প্রত্যয় (খল্, যুচ্) ও তৃন্ প্রত্যয়ান্ত শব্দের যোগে কর্তা বা কর্মে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা,—

শতৃ—বালকঃ চন্দ্রং পশ্যন্ হৃষ্টঃ।

শানচ্—গুরুং সেবমানঃ পুত্রঃ তৃপ্তঃ।

ক্বসু—গ্রামং জগ্মিবান্, কানচ্—কটং চক্রাণঃ।

স্যতৃ—গৃহং গমিষ্যন্, স্যমান—গুরুং সেবিষ্যমাণঃ।
উ—জলং পিপাসুঃ, উক—দৈত্যান্ ঘাতুকঃ।
তুমুন্—গৃহং গন্তুমিচ্ছতি।
ক্তাচ্—জলং পীত্বা গতঃ, ল্যপ্—গুরুং প্রণম্য গচ্ছ।
ণমুল্—স্মারং স্মারং বিগতবৃত্তান্তং স রোদিতি।
ক্ত—রামেণ রাবণো হতঃ, ক্তবতু—রামঃ রাবণং হতবান্।
খল্—ইদং সুকরং ময়া, তৃন্—কটম্ কর্তা।

দ্বিষঃ শতুর্বা

২৮২. শতৃপ্রত্যয় নিষ্পন্ন দ্বিষ্ ধাতুর কর্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়।
মুরস্য মুরং বা দ্বিষন্ হরিঃ।

ক্তস্য চ বর্তমানে (২।৩।৬৭)

২৮৩. বর্তমানকালে বিহিত ক্ত-প্রত্যয়ের[১] যোগে কর্তায় ষষ্ঠী বিভক্তি হয়।

ইদং **মম** মতম্, ইদং **তব** বিদিতম্, বিদ্বান্ **সর্বেষাং** পূজিতঃ।

অধিকরণবাচিনশ্চ (২।৩।৬৮)

২৮৪. অধিকরণবাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ের কর্তায় ষষ্ঠী হয়।

ইদং মম শয়িতম্ (ইহা আমার শয্যা)। ইদং **সর্বেষাম্** গতম্ (ইহা সকলের গতিপথ)।

কৃত্যানাং কর্তরি বা (২।৩।৭১)

২৮৫. তব্য, অনীয় ইত্যাদি কৃত্যপ্রত্যয়ের প্রয়োগে কর্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়।

মম (ময়া বা **)** এষ গ্রন্থঃ পঠিতব্যঃ। **তব (ত্বয়া** বা **)** এতৎ কার্যং কর্তব্যম্। **সর্বেষাং (সর্বৈঃ** বা **)** মহাজনবাণী স্মরণীয়া। কুসঙ্গঃ **অস্মাকম্ (অস্মাভি র্বা)** পরিত্যাজ্যঃ।

অধীগর্থদয়েশাং কর্মণি (২।৩।৫২)

২৮৬. স্মরণার্থ ধাতু, দয়্ ও ঈশ্ ধাতুর কর্মে সম্বন্ধবিবক্ষায় ষষ্ঠী হয়।

১ 'মতিবুদ্ধিপূজার্থেভ্যশ্চ'—ইচ্ছার্থক জ্ঞানার্থক ও পূজার্থক ধাতুর উত্তর বর্তমান কালেও ক্ত প্রত্যয় হয়।

বালকঃ মাতুঃ অধ্যেতি (স্মরতি)। স দীনস্য দয়তে। পিতা পুত্রস্য ঈষ্টে।

আশিষি নাথঃ (২।৩।৫৫)

২৮৭. 'আমার এরূপ হউক' এই আশাই 'আশীঃ'। এই 'আশীঃ' (আশা করা) বুঝাইলে নাম ধাতুর কর্মে সম্বন্ধবিবক্ষায় ৬ষ্ঠী হয়।

সঃ **সর্পিষঃ** নাথতে (আমার সর্পিঃ অর্থাৎ ঘৃত হউক সে এইরূপ আশা করিতেছে)।

কৃত্বোঽর্থপ্রয়োগে কালেঽধিকরণে (২।৩।৬৪)

২৮৮. 'এতবার' এই অর্থে কৃত্বসুচ্ ও সুচ্ প্রত্যয় হয়।

দ্বি+সুচ্=দ্বিঃ, ত্রি+সুচ্=ত্রিঃ, চতুঃ+সুচ্=চতুঃ, পঞ্চ+কৃত্বসুচ্= পঞ্চকৃত্বঃ। এইরূপ ষট্‌কৃত্বঃ, সপ্তকৃত্বঃ ইত্যাদি।

এই কৃত্বসুচ্ ও সুচ্ প্রত্যয়ান্ত শব্দের প্রয়োগে কালবাচক অধিকরণে সম্বন্ধবিবক্ষায় ষষ্ঠী হয়।

স **দিনস্য** পঞ্চকৃত্বঃ খাদতি (সে দিনে পাঁচবার খায়)। স অহ্নঃ ত্রিঃ স্বপিতি (সে দিনে তিনবার ঘুমায়)। স **মাসস্য** চতুর্গচ্ছতি গ্রামম্ (সে মাসে চারবার গ্রামে যায়)।

এইসব উদাহরণে বিকল্পে যথাক্রমে দিনে, অহনি ও মাসে হইতে পারে।

এনপা দ্বিতীয়া (২।৩।৩১)

২৮৯. এনপ্-প্রত্যয়ান্ত শব্দযোগে দ্বিতীয়া ও ষষ্ঠী হয়।

গৃহস্য গৃহম্ বা উত্তরেণ পুষ্করিণী অস্তি (গৃহের উত্তরে পুকুর আছে) [উত্তর+এনপ্=উত্তরেণ]। দক্ষিণেন **নগরস্য নগরং** বা বনম্ (নগরের দক্ষিণে বন) [দক্ষিণ+এনপ্=দক্ষিণেন]।

ষষ্ঠী হেতুপ্রয়োগে (২।৩।২৬)

২৯০. হেতু শব্দের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয়।

অন্নস্য হেতোঃ অত্র বসতি (অন্নের জন্য সে এখানে বাস করে)।

অল্পস্য হেতোর্বহু হাতুমিচ্ছন্ বিচারমূঢ়ঃ প্রতিভাসি মে ত্বম্ (অল্পের জন্য বহু পরিত্যাগ করিতে ইচ্ছুক হইয়া তুমি আমার নিকট বিচারমূঢ় বলিয়া প্রতীয়মান হইতেছ)।

সর্বনাম্নস্তৃতীয়া চ (২।৩।২৭)

২৯১. হেতুবোধক সর্বনাম হইলে হেতু শব্দের প্রয়োগে তৃতীয়া ও হয়।

কস্য হেতোস্ত্বমাগতোঽসি ? (কি জন্য তুমি আসিয়াছ ?)
কেন হেতুনা ইদং বদসি ? (কি জন্য একথা বলিতেছ ?)

ষষ্ঠী অতসর্থপ্রত্যয়েন (২।৩।৩০)

২৯২. অতসর্থক প্রত্যয়=অস্তাতি (অস্তাৎ), অতসুচ্ (অতস্) আতি (আৎ), রিল (রি), রিষ্টাতিল্ (রিষ্টাৎ)। অতসর্থকপ্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী হয়। যথা,

অস্তাতি—**গ্রামস্য** পুরস্তাৎ (গ্রামের সম্মুখে)।
অতসুচ্—**গ্রামস্য** উত্তরতঃ (গ্রামের উত্তরে)।
আতি—**গৃহস্য** উত্তরাৎ (গৃহের উত্তরে)।
রিল্—**গৃহস্য** উপরি (বাড়ির উপরে)।
রিষ্টাতিল্—**বৃক্ষস্য** উপরিষ্টাৎ (বৃক্ষের উপরে)।

তুল্যার্থৈরতুলোপমাভ্যাম্ তৃতীয়ান্যতরস্যাম্ (২।৩।৭২)

২৯৩. সম সদৃশ ইত্যাদি তুল্যার্থক শব্দের যোগে ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। কিন্তু তুলা ও উপমা শব্দের যোগে কেবল ষষ্ঠী হয়।

তব ত্বয়া বা তুল্যঃ কোঽপি নাস্তি (তোমার মত কেউ নাই)।
মাতুস্তুলা নাস্তি বা মাতুঃ উপমা নাস্তি (মায়ের তুলনা নাই)।

চতুর্থী চাশিষ্যায়ুষ্যমদ্রভদ্রকুশলসুখার্থহিতৈঃ (২।৩।৭১)

২৯৪. আশীর্বাদ বুঝাইলে আয়ুষ্য (দীর্ঘজীবন), মদ্র (সৌভাগ্য), ভদ্র (মঙ্গল), কুশল, সুখ, অর্থ ও হিত-বাচক শব্দের যোগে ষষ্ঠী ও চতুর্থী বিভক্তি হয়।

আয়ুষ্যম্ **তব তুভ্যম্** বা (তুমি দীর্ঘজীবী হও)। মদ্রং (ভদ্রং বা) রামস্য রামায় বা ভূয়াৎ (রামের মঙ্গল হউক)। কুশলং **সজ্জনস্য সজ্জনায়** বা ভূয়াৎ (সজ্জনের কুশল হউক)। **বন্ধোঃ বন্ধবে** বা হিতং ভূয়াৎ (বন্ধুর কল্যাণ হউক)।

প্রয়োগ

বৃদ্ধের বচন গ্রহণীয়—**বৃদ্ধস্য** বচনং গ্রাহ্যম্। গৃহের অঙ্গনে ঘট—**গৃহস্য** অঙ্গনে ঘটঃ। গানগুলির রচনা সমাপ্ত হইয়াছে—সমাপ্তা **গীতানাং** রচনা।

সে দিনে দুইবার খায়—স **দিনস্য** দ্বির্ভুঙ্‌ক্তে। তুমিই তোমার উপমা—ত্বমেব **তব** উপমা। মনীষীদের সকলই জ্ঞাত—সর্বং জ্ঞাতং **মনীষিণাম্‌**। শরীর কাহার প্রিয় না?—কায়ঃ **কস্য** ন বল্লভঃ। দুগ্ধপান সাপেদের কেবল বিষই বৃদ্ধি করে—পয়ঃপানং **ভুজঙ্গানাং** কেবলং বিষবর্ধনম্‌। বন্ধুর কুশল হোক—**মিত্রস্য** কুশলং ভবেৎ। বিদ্যার জন্য শ্রম কর—**বিদ্যায়াঃ হেতোঃ** শ্রমং কুরু। সকলেরই অধ্যয়ন করা উচিত—**সর্বেষা**মধ্যয়নং কার্যম্‌। [বিকল্পে 'সর্বৈঃ'] বকমূর্খের চোখের উপরই নকুলেরা সন্তানদের খাইয়া গেল—পশ্যতো **বকমূর্খস্য** নকুলৈর্ভক্ষিতাঃ সুতাঃ। তাঁহার ছিল শিশুর সারল্য ও ঋষির প্রজ্ঞা—তস্যাসীৎ **শিশোঃ** সারল্যং **ঋষেঃ** প্রজ্ঞা চ। মানুষের মধ্যে বিদ্বান বড়—**মানুষাণাং** বিদ্বান্‌ শ্রেষ্ঠঃ (বিকল্পে মানুষেষু)।

অনুশীলনী

১. স্থূলাক্ষর পদগুলির কারক বিভক্তি নির্ণয় কর :

উপদেশো হি **মূর্খাণাং** প্রকোপায় ন শান্তয়ে। কায়ঃ **কস্য** ন বল্লভঃ? **দিবসস্য** দ্বির্ভুঙ্‌ক্তে। **অন্নস্য** হেতোরত্র বসতি। দানং হি **সর্বস্য** কৃতাম্‌। **ধর্মস্য** ত্বরিতা গতিঃ। **ধনানাং** রক্ষণং কার্যম্‌। **মাতুঃ** স্মরতি বালকঃ।

২. পার্থক্য দেখাও :

ময়া মতং—মম মতম্‌, সর্বৈঃ পূজিতঃ—সর্বেষাং পূজিতঃ, সুখস্য হেতুরত্রাস্তি—সুখস্য হেতোরত্রাস্তি।

৩. অশুদ্ধি সংশোধন কর :

তব গীতং শ্রবণং করোমি। ইদং মে দুষ্কবম্‌। অন্নস্য হেতুরত্র বসতি। কৃষ্ণেন তুলা নাস্তি।

৪. সংস্কৃতে অনুবাদ কর :

দেশের মঙ্গল সকলেই চায়। সে দিনে তিনবার ভোজন করে। অগ্নির শিখা নিচে যায় না। বিদ্বান্‌ সকলের পূজাপাত্র। অল্পের জন্য বহুকে ত্যাগ করা উচিত নয়।

সপ্তমী বিভক্তি

সপ্তম্যধিকরণে চ (২।৩।৩৬)[১]

২৯৫. অধিকরণকারকে সপ্তমী বিভক্তি হয়।

আধারোঽধিকরণম্ (১।৪।৪৫)

২৯৬. ক্রিয়ার আধারকে অধিকরণ বলে।

অধিকরণ ত্রিবিধ—

১. ঐকদেশিক (বা ঔপশ্লেষিক) ॥ **বনে** বসতি, **গৃহে** অস্তি, **করে** ধৃত্বা স মাম্ ইদমবদৎ, স **কেশেষু** গৃহীতঃ।

• শরীরধারণকারীর অঙ্গবিশেষকে পৃথক্‌রূপে গ্রহণ করাকে 'অবচ্ছেদ' বলে। অবচ্ছেদ ঐকদেশিক আধারের অন্তর্গত।

২. অভিব্যাপক ॥ **দুগ্ধে** মাধুর্যমস্তি। **তিলে** অস্তি তিলম্।

৩. বৈষয়িক ॥ **ধর্মে** অনুরাগঃ (ধর্মবিষয়ে অনুরাগ)। **গণিতে** উৎসাহী (গণিতবিষয়ে উৎসাহী)।

ক্তস্যেন্‌বিষয়স্য কর্মণি (বা)

(ক্তস্য+ইন্‌বিষয়স্য=ক্তস্যেন্‌বিষয়স্য)

২৯৭. ক্ত-প্রত্যয়ান্ত শব্দের উত্তর 'ইন্' প্রত্যয় যুক্ত হইলে উহার কর্মে সপ্তমী বিভক্তি হয়।

সঃ অধীতী **ব্যাকরণে** (সে ব্যাকরণ উত্তমরূপে পাঠ করিয়াছে) অধি-ই+ক্ত=অধীত+ইন্=অধীতিন্>অধীতী (১মা একবচন)।

এখানে, অধি-ই'র কর্ম 'ব্যাকরণ'। তাই 'ব্যাকরণম্' না হইয়া 'ব্যাকরণে' (৭মী) হইল।

অনেন অধীতম্ ব্যাকরণম্, কিন্তু, সঃ অধীতী **ব্যাকরণে**।

এইরূপ, তেন যাগাঃ ইষ্টাঃ, কিন্তু, স **যাগেষু** ইষ্টী (ইষ্ট+ইন্)।

তেন শত্রুং নিরাকৃতঃ, কিন্তু, স **শত্রৌ** নিরাকৃতী (নিরাকৃত +ইন্)

১ সূত্রটিতে 'চ'-এর ব্যাখ্যা :

পর পর দুইটি সূত্র—দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চ (২।৩।৩৫) সপ্তম্যধিকরণে চ (২।৩।৩৬) দূরার্থক ও অন্তিকার্থক শব্দের যোগে ২য়া, ৩য়া ও ৫মী ব্যতীত সপ্তমী হয় এবং অধিকরণেও সপ্তমী বিভক্তি হয়।

* নিমিত্তাৎ কর্মযোগে (বা)

২৯৮. কর্মের সহিত নিমিত্ত বা হেতুর যোগ থাকিলে নিমিত্তের উত্তর সপ্তমী হয়। **চর্মণি** দ্বীপিনং হন্তি (চর্মের নিমিত্ত চিতাবাঘ মারিতেছে)।

এখানে হনন ক্রিয়ার নিমিত্ত চর্ম। এই চর্মের সহিত কর্ম 'দ্বীপী'র অচ্ছেদ্য সম্পর্ক বিদ্যমান, তাই 'চর্মন্' শব্দে ৭মী বিভক্তি হইয়াছে। এইরূপ, **কেশেষু** চমরীং হন্তি (কেশের নিমিত্ত চমরী গাভীকে মারিতেছে)।

কর্মের সহিত নিমিত্তের যোগ না থাকিলে হেত্বর্থে তৃতীয়া বিভক্তি হইবে, ৭মী নহে। যথা, বেতনেন ধান্যং লুনাতি। (পারিশ্রমিকের জন্য ধান কাটিতেছে)। এখানে, নিমিত্ত বা হেতু 'বেতন'-এর সহিত কর্ম ধান্যের যোগ নাই বলিয়া 'বেতনেন' হইল 'বেতনে' নহে।

'মুক্তাফলায় করিণং হরিণং পলায়' (মুক্তাফলের জন্য হাতী এবং মাংসের জন্য হরিণ মারা হয়), এইরূপ প্রযোগ সমর্থন করিতে হইবে 'ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ' এই সূত্র দ্বারা। সে ক্ষেত্রে 'মুক্তাফলায়'=মুক্তাফলম্ আহর্তুম্, পলায়=পলম্ আহর্তুম্।

সপ্তমীপঞ্চম্যৌ কারকমধ্যে (২।৩।৭)

২৯৯. ক্রিয়াদ্বয়মধ্যে অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর সপ্তমী ও পঞ্চমী হয়। যথা, সঃ অত্রৈব স্থিত্বা **ক্রোশে (ক্রোশাৎ বা)** লক্ষ্যং ব্যৎস্যতি (সে এখানে থাকিয়াই এক ক্রোশ দূরে লক্ষ্য বিদ্ধ করিবে)।

* যস্য চ ভাবেন ভাবলক্ষণম্ (২।৩।৩৭)

(ভাব=ক্রিয়া, লক্ষণ=সূচিতকরণ)।

৩০০. যাহার ক্রিয়ার কাল দ্বারা অন্য ক্রিয়ার কাল সূচিত বা নিরূপিত হয় তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। ইহাতে পূর্বকর্তার ক্রিয়া ক্রিয়ারূপে না থাকিয়া এই কর্তার বিশেষণ রূপে থাকে। যথা, **সূর্যে** উদিতে পদ্মং প্রকাশতে। (সূর্য উদিত হইলে পদ্ম ফোটে)

এই বাক্যে উদয়রূপ ক্রিয়া দ্বারা পদ্মের প্রকাশনরূপ ক্রিয়া নিরূপিত হইয়াছে বলিয়া এস্থলে 'সূর্য' শব্দে সপ্তমী বিভক্তি হইয়াছে। সংক্ষেপে এইরূপ সপ্তমীর প্রয়োগকে 'ভাবে সপ্তমী' বলে।

লক্ষণীয়—এখানে উৎ-পূর্বক ই-ধাতু ক্রিয়ারূপে ব্যবহৃত না হইয়া 'সূর্যে' পদের বিশেষণরূপে ব্যবহৃত হইয়াছে।

রাত্রৌ প্রভাতায়াং গমিষ্যামি (রাত্রি প্রভাত হইলে যাইব)।
তস্মিন্ তুষ্টে জগৎ তুষ্টম্ (তিনি সন্তুষ্ট হইলেই জগৎ তুষ্ট)।

ষষ্ঠী চানাদরে (২।৩।৩৮)

৩০১. ভাবলক্ষণে অনাদর বা উপেক্ষা বুঝাইলে যাহাকে অনাদর করা হয় তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী হয়। যথা, **রুদতঃ পুত্রস্য** মাতা গতা, **রুদতি পুত্রে** মাতা গতা (পুত্র কাঁদিতে থাকিলেও মাতা চলিয়া গেলেন অর্থাৎ রোরুদ্যমান বালককে অনাদর করিয়া মাতা চলিয়া গেলেন)।

পশ্যতঃ **বকমূর্খস্য** নকুলৈর্ভক্ষিতাঃ সুতাঃ (বকমূর্খ দেখিতে থাকিলেও তাহাকে উপেক্ষা করিয়াই নকুল সন্তানদিগকে ভক্ষণ করিল)।

যতশ্চ নির্ধারণম্ (২।৩।৪১)

নির্ধারণ=পৃথক্‌করণ।

৩০২. জাতি, গুণ, ক্রিয়া বা সংজ্ঞা দ্বারা সমুদয় হইতে একদেশের পৃথক্-করণ বুঝাইলে যাহা হইতে পৃথক্‌করণ তাহার উত্তর ষষ্ঠী বা সপ্তমী বিভক্তি হয়।

জাতি—**মনুষ্যেষু (মনুষ্যাণাং** বা **)** ক্ষত্রিয়ঃ শূরতমঃ।
গুণ—**গোষু (গবাং)** কৃষ্ণা বহুক্ষীরা।
ক্রিয়া—**অধ্বগেষু (অধ্বগানাম্)** শীঘ্রতমাঃ।
সংজ্ঞা—**যোধেষু (যোধানাং** বা **)** অর্জুনঃ শ্রেষ্ঠঃ।

সাধুনিপুণাভ্যামর্চায়াং সপ্তম্যপ্রতেঃ (২।৩।৫৩)

(অর্চা=প্রশংসা)

৩০৩. প্রশংসা বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী হয়, কিন্তু প্রতি প্রভৃতির (প্রতি, পরি ও অনু) প্রয়োগে হয় না।

সঃ **মিত্রে** সাধুঃ (সে বন্ধুর প্রতি সদাচার পরায়ণ)।
সঃ **সঙ্গীতে** নিপুণঃ (সে সঙ্গীতে নিপুণ)।
কিন্তু স সাধুঃ নিপুণঃ বা, সাহিত্যং প্রতি (পরি অনু বা)।

প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ (২।৩।৪৪)

(প্রসিত=তৎপর)

৩০৪. প্রসিত ও উৎসুক শব্দেব যোগে তৃতীয়া ও সপ্তমী হয়।

সঃ **ভ্রমণে (ভ্রমণেন** বা **)** প্রসিতঃ (সে ভ্রমণে তৎপর)।
সঃ **বিদ্যায়াম্ (বিদ্যয়া** বা **)** উৎসুকঃ (সে বিদ্যায় উৎসুক)।

প্রয়োগ

দিবসে সূর্য শোভা পায়, রাত্রে চন্দ্র—**দিবসে** সবিতা ভাতি, **নিশি** ভাতি নিশাকরঃ। তুমি এখানে আসিলে সকলেই সন্তুষ্ট হইল—**ত্বয়ি** অত্রাগতে সর্বে তুষ্টাঃ। বুদ্ধিমানদিগের মধ্যে মানুষ শ্রেষ্ঠ—**বুদ্ধিমৎসু** নরঃ শ্রেষ্ঠঃ। শিক্ষক চাহিয়া থাকা সত্ত্বেও সে পাঠে বিরত হইল—পশ্যত্যপি **শিক্ষকে** স পাঠাৎ বিরতঃ। সে পায়ে আঘাত পাইয়া পড়িয়া গেল—স পতিতঃ **পাদে** হতঃ। ছাল পাইবার জন্য গাছ কাটিতেছে—**ত্বচি** ছিনত্তি পাদপম্।

অনুশীলনী

১. বঙ্গানুবাদ কর এবং স্থূলাক্ষর পদগুলির কারক বিভক্তি নির্ণয় কর :

নভসি শোভতে চন্দ্রঃ। অস্তং গতে **সবিতরি** স আগতঃ। **হৃদি** ভিন্নঃ দীর্ঘরাবঃ পঞ্চত্বং গতঃ। **চর্মণি** দ্বীপিনং হন্তি। যোধেষু অর্জুনঃ শ্রেষ্ঠঃ। সাহিত্যে নিপুণো ভবান্। রুদতি **শিশৌ** মাতা গতা।

২. সংস্কৃতে অনুবাদ কর :

অরণ্যে হিংস্র জন্তু আছে। সূর্য উদিত হইলে পদ্ম বিকশিত হয়। আসনে উপবেশন কর। বর্ষায় পথ জলমগ্ন হয়। পর্বতগুলির মধ্যে হিমালয় উচ্চতম।

৩. অশুদ্ধি সংশোধন কর :

গীতস্য নিপুণো বালঃ। স গৃহং তিষ্ঠতি সর্বদা। মাং প্রসীদ মাতঃ। শয্যাং শেতে শিশুঃ।

সকল বিভক্তির উপর সাধারণ প্রশ্ন

১. নিম্নলিখিত সূত্রগুলি উদাহরণসহ ব্যাখ্যা কর :

উপান্বধ্যাঙ্ বসঃ, ইত্থম্ভূতলক্ষণে, রুচ্যর্থানাং প্রীয়মাণঃ, ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ, পঞ্চমী বিভক্তে, উভয়প্রাপ্তৌ কর্মণি, কৃত্যেন্দ্রিয়স্য কর্মণি।

২. কর্মপ্রবচনীয় কাহাকে বলে? অর্থ উল্লেখ করিয়া পাঁচটি কর্মপ্রবচনীয়কে বাক্যে ব্যবহার কর।

৩. উদাহরণ দাও :

অব্যয়যোগে প্রথমা, উপলক্ষণে ৩য়া, হেতৌ ৩য়া, অনাদরে ৪র্থী, তাদর্থ্যে ৪র্থী, অপেক্ষার্থে ৫মী, হেতুযোগে ৬ষ্ঠী, অনাদরে ৬ষ্ঠী, ভাবে ৭মী, করণে ৬ষ্ঠী, অধিকরণে ২য়া, সম্প্রদানে ২য়া, কর্মে ৭মী, কৃদ্‌যোগে কর্তায় ৬ষ্ঠী।

৪. নিম্নলিখিত পদগুলিকে বাক্যে প্রয়োগ কর :

অধিবসতি, নিবারয়, সম্পদ্যতে, উত্তরাহি, দয়তে।

৫. স্থূলাক্ষর পদগুলির স্থলে বিকল্পবিভক্তি প্রয়োগ কর :

জ্ঞানং বিনা বৃথা জীবনম্। **তেন** সদৃশঃ সজ্জনো নাস্তি। **গৃহমুত্তরেণ** বনম্। **ময়া** সেব্যো হরিঃ। **অক্ষ্ণৈর্দী**ব্যতি। **কবীনাং** কালিদাসঃ শ্রেষ্ঠঃ। **স্তোকেন** মুক্তঃ। নাহং ত্বাং **তৃণায়** মন্যে।

৬. কর্তা, কর্ম ইত্যাদি বিভিন্ন কারকের সংজ্ঞা দাও। 'বিবক্ষাতঃ কারকাণি ভবন্তি' এই উক্তিটির যাথার্থ্য উদাহরণসহ আলোচনা কর।

৭. সকারণ বিভক্তি নির্ণয় কর :

বিকারহেতৌ সতি বিক্রিয়ন্তে যেষাং ন **চেতাংসি** ত এব ধীরাঃ। **যস্য** নাস্তি স্বয়ং প্রজ্ঞা শাস্ত্রং তস্য করোতি কিম্। **লোচনাভ্যাং** বিহীনস্য **দর্পণং** কিং করিষ্যতি। **অদ্য** প্রভৃতি তবাস্মি দাসঃ। নানা **নারীং** নিষ্ফলা লোকযাত্রা। **ভক্ত্যা গুরৌ** ময্যানুকম্পয়া চ প্রীতাস্মি **তে**। চপলোঽয়ং বটুঃ কদাচিদস্মৎপ্রার্থনা**মন্তঃপুরেভ্যঃ** কথয়েৎ। **তস্মৈ** প্রণামমকরবম্। **সমিদাহরণায়** প্রস্থিতা বয়ম্।

একাদশ পরিচ্ছেদ

সমাস

COMPOUNDS

৩০৫. 'সমাস' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ সংক্ষেপ।

অর্থের দিক দিয়া পরস্পর সম্বন্ধযুক্ত[1] দুই বা ততোধিক পদের এক পদে সংক্ষিপ্ত হওয়ার নাম সমাস।

'বৃক্ষস্য পত্রম্ পততি' না বলিয়া আমরা বলিতে পারি বৃক্ষপত্রং পততি। 'বৃক্ষস্য পত্রম্' স্থলে এই যে 'বৃক্ষপত্রম্' বলিলাম ইহাই সমাস। 'বৃক্ষপত্রম্' সমস্ত পদ বা সমাসবদ্ধ পদ। আর 'বৃক্ষস্য পত্রম্' এইটি হইল ব্যাসবাক্য বা বিগ্রহ বাক্য। 'ব্যাস' শব্দটির অর্থ বিভাজন বা বিশ্লেষণ।[2] বিগ্রহ শব্দের অর্থও তাই। যাহা সংক্ষিপ্ত বা সংহত তাহাকে বিভক্ত বা বিশ্লেষণ করিয়া দেখানোই ব্যাসবাক্য বা বিগ্রহবাক্যের কাজ। আর যে দুইটি বা ততোধিক পদ যুক্ত বা মিলিত হইতে যাইতেছে তাহারা হইল সমস্যমান পদ। এখানে 'বৃক্ষস্য' ও 'পত্রম্' সমস্যমান পদ। 'বৃক্ষস্য' পদের বিভক্তিটি সমস্ত পদে লুপ্ত হইয়াছে। সমাসে পূর্বপদের বিভক্তি লুপ্ত হইয়া শুধু প্রাতিপদিকটি থাকে। যে সমাসে পূর্ব পদে বিভক্তি লুপ্ত হয় না তাহাকে অলুক সমাস বলে।

৩০৬. সমাস ও সন্ধির পার্থক্য

সমাস ও সন্ধি উভয়েই একত্রীকরণের অর্থ বহন করিলেও উহাদের মধ্যে মৌলিক পার্থক্য রহিয়াছে।

সন্ধি সন্নিহিত ধ্বনির মিলনের ফলে ধ্বনি-রূপান্তর। কিন্তু সমাস পরস্পর অর্থ সম্বন্ধযুক্ত দুই বা ততোধিক পদে রূপ গ্রহণ। সন্ধি নিছক ধ্বনিগত, কিন্তু সমাস অর্থগত পদসংযোগ।

৩০৭. সমাসের কয়েকটি সাধারণ নিয়ম

(ক) সমাসে পূর্বপদের বিভক্তি লুপ্ত হয়। সমস্ত পদটি এক-পদ রূপে প্রযুক্ত হয়।

---

১. সমর্থঃ পদবিধি : ২।১।১ সমাসাদি পদসম্পর্কীয় বিধি সমর্থ অর্থাৎ পরস্পর সম্বন্ধযুক্ত বুঝিতে হইবে।

২. বস্তুতঃ ব্যাস শব্দটি 'সমাসের'ই বিপরীত শব্দ ; সম্-অস্+ঘঞ্=সমাস, বি-অস্+ঘঞ্=ব্যাস, অনুরূপ 'সংগ্রহ' [সম্-গ্রহ্+অপ্] শব্দের বিপরীত 'বিগ্রহ' [বি-গ্রহ্+অপ্।]

(খ) সমস্যমান পদের সন্ধি অবশ্যবিধেয়। যেমন,

'হিমস্য আলয়ঃ'—এস্থলে সমাস করিবার সময়ে হিম পদের বিভক্তি লুপ্ত হইয়া শুধু হিম প্রাতিপদিকটি রহিল। এখানে 'হিম' আর 'আলয়ঃ' এক পদে পরিণত হইবার সময় সন্ধির অবকাশ আছে বলিয়া সন্ধি অবশ্যই করিতে হইবে। আভ্যন্তর সন্ধির পর পদটি দাঁড়াইবে হিমালয়ঃ (হিম + আলয়ঃ)।

(গ) পূর্বপদের প্রাতিপদিকের শেষে 'ন্' থাকিলে উহা লুপ্ত হইবে। যেমন, গুণিন্-গণঃ=গুণিগণঃ, যুবন্-শক্তিঃ=যুবশক্তিঃ।

(ঘ) বিশেষ বিশেষ ক্ষেত্রে সমাসের অন্তে প্রত্যয় হয়। যেমন, নদীমাতৃ+ক=নদীমাতৃক [নদীমাতৃকঃ দেশঃ]।

৩০৮. সমাসের প্রকারভেদ ও বিবরণ

সমাস ছয়প্রকার—অব্যয়ীভাব, তৎপুরুষ, কর্মধারয়, দ্বিগু, বহুব্রীহি, দ্বন্দ্ব। ইহাদের মধ্যে কর্মধারয় ও দ্বিগু তৎপুরুষসমাসের প্রকারভেদ মাত্র।[৩] তবে ইহাদের বৈশিষ্ট্যের জন্য ইহারা পৃথক্ সমাস রূপে চিহ্নিত হইয়াছে।[৪]

অব্যয়ীভাব

৩০৯. যে-সমাসে পূর্বপদে সাধারণত অব্যয় থাকে এবং ঐ অব্যয়ের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয় তাহাকে অব্যয়ীভাব সমাস বলে।[৫] অব্যয়ীভাব সমাস ক্লীবলিঙ্গ।

'উপকূলম্'—এই সমস্ত পদটিতে 'উপ' অব্যয়টি সামীপ্য অর্থে প্রযুক্ত এবং সমস্ত পদটিতে এই সামীপ্য অর্থটিই প্রধানরূপে প্রতীয়মান। ইহার ব্যাসবাক্য 'কূলস্য সমীপে।' বিভিন্ন অর্থে অব্যয়ীভাব সমাস হয়।

সামীপ্য অর্থে॥ কণ্ঠস্য সমীপে=উপকণ্ঠম্। গৃহস্য সমীপে=উপগৃহম্। গঙ্গায়াঃ সমীপে=উপগঙ্গম্। নদ্যাঃ সমীপে=উপনদি।

৩. তৎপুরুষবিশেষঃ কর্মধারয়ঃ, তদ্বিশেষো দ্বিগুঃ।

৪. বৈশিষ্ট্যের জন্য তৎপুরুষ সমাসের অন্তর্ভুক্ত উপপদ তৎপুরুষকে অনেক বৈয়াকরণ সপ্তম সমাস বলিয়া থাকেন :

যশ্চোপপদসংজ্ঞোঽন্যস্তেনাসৌ (সমাসঃ) সপ্তধা মতঃ (শব্দশক্তিপ্রকাশিকা)।

৫. অব্যয়ীভাব (অব্যয়—অভূততদ্ভাবে চ্বি+ভূ+ঘঞ্) শব্দটির অর্থ যাহা অব্যয় ছিল না অব্যয় হইয়াছে। এই অর্থে সমস্ত শব্দটিরই অব্যয়ত্ব প্রতিপন্ন হয় ('অনব্যয়েঽপি তৎ অব্যয়বৎ কার্যম্ আপ্নোতি')।

অব্যয়ীভাব সমাসে শেষের দীর্ঘস্বর হ্রস্বে পরিণত হয়। শেষোক্ত উদাহরণ দুইটিতে 'গঙ্গা' স্থলে 'গঙ্গ' এবং 'নদী' স্থলে 'নদি' হইয়াছে।

প্রয়োগ—উপগঙ্গম্ ঘোষপল্লী (গঙ্গার নিকটেই ঘোষপল্লী), উপনদি বনম্ (নদীর নিকটেই বন)।

অভাবার্থে॥ বিঘ্নস্য অভাবঃ=নির্বিঘ্নম্। ভিক্ষায়াঃ অভাবঃ=দুর্ভিক্ষম্। মক্ষিকাণামভাবঃ=নির্মক্ষিকম্।

অত্যয় অর্থে॥ হিমস্য অত্যয়ঃ=অতিহিমম্। অতিহিমম্ অধুনা—(এখন হিমের অত্যয় ঘটিয়াছে)। বাধায়াঃ অত্যয়ঃ=অতিবাধম্।

অনতিক্রম অর্থে॥ শক্তিম্ অনতিক্রম্য=যথাশক্তি। বিধিম্ অনতিক্রম্য =যথাবিধি।

প্রয়োগঃ যথাশক্তি কর্তব্যং কুরু (শক্তি অতিক্রম না করিয়া অর্থাৎ যথাসাধ্য কর্তব্য কব)। যথাবিধি পূজাং সমাপয়তি স্ম বিপ্রঃ (ব্রাহ্মণ বিধিমতো পূজা সমাপন করিলেন)।

বীপ্সা অর্থে॥ দিনং দিনং বা দিনে দিনে=প্রতিদিনম্। গৃহে গৃহে= প্রতিগৃহম্।

প্রয়োগঃ প্রতিদিনং বর্ধতে চন্দ্রকলা (দিনে দিনে চন্দ্রকলা বাড়িতেছে)। প্রতিগজং ন মৌক্তিকম্ (গজে গজে অর্থাৎ সব গজে মুক্তা থাকে না)।

সমৃদ্ধি অর্থে॥ মদ্রাণাং সমৃদ্ধিঃ=সুমদ্রম্।

প্রয়োগঃ সুমদ্রং মাম্ নন্দয়তি (কল্যাণসমূহের সমৃদ্ধি আমাকে আনন্দিত করিতেছে)।

অবধি বা অভিবিধি অর্থে॥ বাল্যাৎ প্রভৃতি=আবাল্যম্। আ সমুদ্রাৎ= আসমুদ্রম্। আ মুক্তেঃ=আমুক্তি।

প্রয়োগঃ আবাল্যং স মে মিত্রম্ (শৈশব হইতেই সে আমার বন্ধু।)

আজীবনম্ জ্ঞানমাহরণীয়ম্ (যতদিন জীবন ততদিন পর্যন্ত জ্ঞান আহরণ করা উচিত)।

বিভক্ত্যর্থে॥ গৃহে=অধিগৃহম্।

অধিগৃহম্ অস্তি কূপঃ (বাড়িতে কুয়া আছে)।

আনুপূর্ব্য অর্থে॥ জ্যেষ্ঠস্য আনুপূর্ব্যেণ=অনুজ্যেষ্ঠম্

প্রয়োগঃ অনুজ্যেষ্ঠম্ পদোন্নতিঃ ভবিষ্যতি (জ্যেষ্ঠত্ব অর্থাৎ প্রবীণতা অনুসারে পদোন্নতি হইবে।)

বিশেষ বিশেষ ক্ষেত্রে পূর্বপদে অব্যয় না থাকিলেও অব্যয়ীভাব সমাস হইতে পারে।

সংজ্ঞা বুঝাইলে নদীবাচক পদের সহিত অব্যয়ীভাব সমাস হয়।

উন্মত্তগঙ্গম্ (একটি দেশের নাম।)

ষষ্ঠ্যন্ত পদের সহিত 'পার' ও 'মধ্য' শব্দের বিকল্পে অব্যয়ীভাব সমাস হয়।

সমুদ্রস্য পারম্=পারেসমুদ্রম্, গঙ্গায়াঃ মধ্যম্=মধ্যেগঙ্গম্। বিকল্পে ষষ্ঠীতৎপুরুষ, সমুদ্রপারম্, গঙ্গামধ্যম্।

সমাসান্ত প্রত্যয়

অব্যয়ীভাব সমাসে কোন কোন পদের শেষে সমাসান্ত টচ্ প্রত্যয় হয়। টচ্-এর শুধু 'অ' থাকে, ট্ ও চ্ ইৎ হয়।

ক. প্রতি, পর, সম্, অনু ইহাদের পরবর্তী অক্ষি শব্দের উত্তর টচ্ হয়। [প্রতিপরসমনুভ্যোঽক্ষ্ণঃ]। অক্ষ্ণোঃ অভিমুখম্=প্রত্যক্ষম্। [প্রতি-অক্ষি+অ<টচ্], এইরূপ সমক্ষম্। অন্বক্ষম্, পরোক্ষম্ (অক্ষির অগোচরে)।

খ. শরদ্, দিশ্ ইত্যাদি শব্দের উত্তর টচ্ হয়।

শরদঃ সমীপে=উপশরদম্। দিশি দিশি=প্রতিদিশম্।

গ. অন্‌ভাগান্ত শব্দের উত্তর টচ্ হয়। [অনশ্চ ৫।৪।১০৮] যেমন,

রাজ্ঞঃ সমীপে=উপরাজম্ (রাজার নিকট)। আত্মনি=অধ্যাত্মম্।

ঘ. নদী, পৌর্ণমাসী, আগ্রহায়ণী শব্দের উত্তর টচ্ হয় বিকল্পে।

উপনদম্, উপনদি ; উপপৌর্ণমাসম্, উপপৌর্ণমাসি, উপাগ্রহায়ণম্, উপাগ্রহায়ণি। [নদীপৌর্ণমাস্যাগ্রহায়ণীভ্যঃ ৫।৪।১১০]

ঙ. গিরি শব্দের উত্তর বিকল্পে টচ্ হয়। যেমন, গিরেঃ সমীপম্=উপগিরম্, উপগিরি।

তৎপুরুষ সমাস

৩১০. যে সমাসে পরপদের অর্থ প্রধান হয় তাহাকে তৎপুরুষ সমাস বলে।

৩১১. এই সমাসে পূর্বপদে দ্বিতীয়া হইতে সপ্তমী পর্যন্ত যে-কোন বিভক্তি এবং পবপদে প্রথমা বিভক্তি থাকে। পূর্বপদের বিভক্তি অনুসারে সমাসের নাম হয়। যেমন, দ্বিতীয়া তৎপুরুষ, তৃতীয়া তৎপুরুষ, চতুর্থী তৎপুরুষ, পঞ্চমী তৎপুরুষ, ষষ্ঠী তৎপুরুষ ও সপ্তমী তৎপুরুষ।

দ্বিতীয়া তৎপুরুষ

কৃষ্ণং শ্রিতঃ=কৃষ্ণশ্রিতঃ, চরণম্ আশ্রিতঃ=চরণাশ্রিতঃ, দুঃখম্ অতীতঃ=দুঃখাতীতঃ, গ্রামং গতঃ=গ্রামগতঃ, বয়ঃ প্রাপ্তঃ=বয়ঃপ্রাপ্তঃ, বিপদম্ আপন্নঃ=বিপদাপন্নঃ। মুহূর্তং সুখম্=মুহূর্তসুখম্, বর্ষং ভোগ্যঃ=বর্ষভোগ্যঃ।

প্রয়োগ ঃ শরণাগতং রক্ষ (শরণাগতকে রক্ষা কর)। কশ্চিদ্ যক্ষঃ বর্ষভোগেন শাপেন নির্বাসিতঃ (কোন একটি যক্ষ বর্ষকাল ব্যাপিয়া ভোগ্য শাপদ্বারা নির্বাসিত হইয়াছিল)।

তৃতীয়া তৎপুরুষ

মাসেন পূর্বঃ=মাসপূর্বঃ, পিত্রা সদৃশঃ=পিতৃসদৃশঃ, মাত্রা সমঃ=মাতৃসমঃ। একেন ঊনঃ=একোনঃ। বাচা কলহঃ=বাক্‌কলহঃ, বাচা নিপুণঃ=বাঙ্‌নিপুণঃ। দধ্না মিশ্রঃ=দধিমিশ্রঃ।[৬] ব্যাঘ্রেণ হতঃ=ব্যাঘ্রহতঃ। নখৈঃ ভিন্নঃ=নখভিন্নঃ, বাণেন আহতঃ=বাণাহতঃ, জ্ঞানেন লব্ধঃ=জ্ঞানলব্ধঃ[৭], মাতৃসমাং জন্মভূমিং নমামি (মাতৃসদৃশ জন্মভূমিকে প্রণাম করি)।

প্রয়োগ ঃ পলমিশ্রমন্নং ভক্ষয় (মাংসমিশ্রিত অন্ন ভোজন কর)। **ভিক্ষালব্ধেন** ধনেন পরহিতং করোমি (ভিক্ষাদ্বারা লব্ধ ধনে পরোপকার করিব)।

চতুর্থী তৎপুরুষ

ক. তাদর্থ্যে বিহিত চতুর্থ্যন্ত পদের সহিত সুবন্তপদের সমাস হয়।

যূপায় দারু=যূপদারু, কুণ্ডলায় হিরণ্যম্=কুণ্ডলহিরণ্যম্। **কুণ্ডলহিরণ্যং** ক্রীণাতি (কুণ্ডলের জন্য সোনা কিনিতেছেন)।

প্রকৃতিবিকৃতিভাব না বুঝাইলে চতুর্থী তৎপুরুষ হইবে না। 'অশ্বায় ঘাসঃ' এস্থলে চতুর্থী তৎপুরুষ হইবে না। ('অশ্বঘাসঃ' পদ ষষ্ঠী তৎপুরুষে সিদ্ধ, অশ্বস্য ঘাসঃ)।

ভূতায় বলিঃ=ভূতবলিঃ, গবে হিতম্=গোহিতম্। গবে সুখম্=গোসুখম্। গোহিতং গোসুখং বা দেশস্য কাম্যম্।

---

৬. পূর্ব-সদৃশ-সমোনার্থ-কলহ-নিপুণ-মিশ্র-শ্লক্ষ্ণৈঃ (২।১।৩১)। (সমোনার্থ=সম+ঊনার্থ)

৭. কর্তৃকরণে কৃতা বহুলম্ (২।১।৩২)। কৃৎপ্রত্যয়ান্ত পদের সহিত কর্তায় ও করণে বিহিত তৃতীয়া বিভক্ত্যন্ত পদের অনেক স্থানেই তৃতীয়া তৎপুরুষ সমাস হয়।

খ. অর্থশব্দের সহিত চতুর্থ্যন্ত পদের নিত্য সমাস[৮] হয় এবং পরবর্তী বিশেষ্যের যে লিঙ্গ সমাসবদ্ধ শব্দেরও সেই লিঙ্গ হয়।

তস্মৈ অয়ম্=তদর্থঃ **তদর্থঃ** গ্রন্থঃ
তস্মৈ ইয়ম্=তদর্থা **তদর্থা** বাটিকা
তস্মৈ ইদম্=তদর্থম্ **তদর্থম্** ধনম্

অর্থশব্দের সহিত সমাসে সমস্তপদটি প্রায়শঃ ক্রিয়াবিশেষণরূপে প্রযুক্ত হয়।

প্রয়োগ ঃ অধ্যয়নার্থমত্রাগতোঽস্মি (অধ্যয়নের জন্য এখানে আসিয়াছি)। **জলার্থং** দীর্ঘিকাং গচ্ছতি (জলের জন্য দীঘিতে যাইতেছে)। 'সংক্ষেপমাত্রং কিঞ্চিদেতেষাং **প্রবোধনার্থং** চিন্ত্যতাম্' (ইহাদের জ্ঞানোন্মেষের জন্য সংক্ষিপ্ত কিছু চিন্তা করুন)।

পঞ্চমী তৎপুরুষ

লোকাৎ ভয়ম্—লোকভয়ম্। সর্পাৎ ভীতিঃ—সর্পভীতিঃ। ব্যাঘ্রাৎ ভীঃ—ব্যাঘ্রভীঃ। সুখাৎ অপেতঃ—সুখাপেতঃ। দুঃখাৎ মুক্তঃ—দুঃখমুক্তঃ। পাণেঃ পতিতঃ—পাণিপতিতঃ। স্তোকাৎ মুক্তঃ—স্তোকমুক্তঃ। দূরাৎ আগতঃ—দূরাগতঃ।

প্রয়োগ ঃ লোকভয়ম্ কার্যঘাতকম্ (লোকভয় কার্যহানিকর)। বিপন্মুক্তস্ত্বম্ (তুমি বিপদ হইতে মুক্ত)। বানরাস্তৎ**পাণিপতিতাং** ঘন্টাং বাদয়ন্তি (বানরেরা তাহার হাত হইতে পতিত ঘন্টাটি বাজায়)। **দূরাগতঃ** কোঽয়ং শব্দঃ ? (দূর হইতে এ কিসের শব্দ আসিতেছে ?)

ষষ্ঠী তৎপুরুষ

রাজ্ঞঃ পুরুষঃ—রাজপুরুষঃ। বিদ্যায়াঃ আলয়ঃ—বিদ্যালয়ঃ। গঙ্গায়াঃ জলম্—গঙ্গাজলম্। কূপস্য উদকম্—কূপোদকম্। বৃষ্টেঃ পাতঃ—বৃষ্টিপাতঃ। মম ভবনম্—মদ্ভবনম্। রবেঃ কিরণঃ—রবিকিরণঃ। পয়সঃ পানম্—পয়ঃপানম্। ছাগ্যাঃ দুগ্ধম্—ছাগদুগ্ধম্। মৃগ্যাঃ শাবকঃ—মৃগশাবকঃ।

প্রয়োগ ঃ কূপোদং গঙ্গোদকং বা আনেষ্যামি—(কুয়োর জল আনব না গঙ্গাজল আনব ?) **বৃষ্টিপাতেন** ধৌতঃ পন্থাঃ—(পথ বৃষ্টিপাতে ধৌত

---

৮. যে সমাসে সমস্যমান পদগুলি নিত্যই সমাসবদ্ধ থাকে অর্থাৎ ব্যাসবাক্য হয় না অথবা ব্যাসবাক্য করিতে সমস্যমান পদের বহির্ভূত কোন পদের আশ্রয় লইতে হয় তাহাকে নিত্য-সমাস বলে।

হইয়াছে)। **পয়ঃপানং** ভুজঙ্গানাং কেবলং **বিষবর্ধনম্**—(সর্পের দুগ্ধপান কেবল তাহার বিষবর্ধন করায়)

ষষ্ঠী নিষেধ

(কয়েকটি বিশেষক্ষেত্র)

ক. নির্ধারণে বিহিত ষষ্ঠীর সহিত সমাস হয় না।

পর্বতানাং হিমালয়ঃ শ্রেষ্ঠঃ।

এই উদাহরণে 'পর্বতহিমালয়ঃ' এইরূপ সমাস হইবে না।

[ন নির্ধারণে (২।২।১০)]

খ. মতি বুদ্ধি ও পূজার্থে বর্তমানকালে বিহিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দের সহিত ষষ্ঠ্যন্তপদের সমাস হয় না।

রাজ্ঞাং মতো বুদ্ধো পূজিতো বা। (ক্তেন চ পূজায়াম্ ২।২।১২)

সপ্তমী তৎপুরুষ

দানে শৌণ্ডঃ (অত্যন্ত উদার)—দানশৌণ্ডঃ, বচনে পটুঃ—বচনপটুঃ, রণে নিপুণঃ—রণনিপুণঃ, কর্মণি কুশলঃ—কর্মকুশলঃ, আতপে শুষ্কঃ—আতপশুষ্কঃ, স্থালাং পকঃ—স্থালীপকঃ, মাসে দেয়ম্—মাসদেয়ম্, বর্ষে পরিশোধ্যম্—বর্ষপরিশোধ্যম্।

প্রয়োগঃ বচনপটুরয়ং বালকঃ বিতর্কসভায়াং ভাষণং দদাতি (বচনে পটু এই বালক বিতর্কসভায় ভাষণ দিতেছে)। **রণনিপুণো**ঽপ্যয়ং রণং পরিহরতি (রণনিপুণ হইয়াও ইনি রণ পরিহার করিতেছেন)। **আতপশুষ্কং** তণ্ডুলমানয় (রোদে শুষ্ক তণ্ডুল আনো)। **বর্ষপরিশোধ্যঃ** অয়ং ঋণঃ (এই ঋণ এক বৎসরে পরিশোধ করিতে হইবে)।

অন্যান্য তৎপুরুষ

একদেশী তৎপুরুষ

একদেশ = অবয়ব বা অংশ, একদেশী (একদেশ+ইন্) = অবয়বী বা সমগ্র।

৩১২. একবচনান্ত ষষ্ঠীবিভক্ত্যন্ত অবয়বীর সহিত পূর্ব অপর, অধর ইত্যাদি শব্দের যে সমাস হয় তাহাকে একদেশী তৎপুরুষ বলে।

পূর্বং কায়স্য = পূর্বকায়ঃ (দেহের পূর্বভাগ)।

অপরং কায়স্য—অপরকায়ঃ (দেহের অপরভাগ)।

নঞ্ তৎপুরুষ

৩১৩. সুবন্ত পদের সহিত নঞ্[৯] এই অব্যয়ের সমাসকে নঞ্ তৎপুরুষ সমাস বলে। (নঞ্ (২।২।৬)

ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে নঞ্-এর শুধু 'অ' থাকে।

(ন লোপো নঞঃ ৬।৩।৭৩)

ন শক্তঃ = অশক্তঃ, ন দর্শনম্ = অদর্শনম্, ন ভিন্নঃ = অভিন্নঃ, ন বিকৃতঃ = অবিকৃতঃ।

স্বরবর্ণ পরে থাকিলে লুপ্ত ন-কার নঞ্-এর 'অ'-এর পর ন্ আগম্ হয় অর্থাৎ 'অন্' হয়। তস্মান্নুডচি (৬।৩।৭৪)

ন ইষ্টম্ = অনিষ্টম্ (ন > অন্-ইষ্টম্ = অনিষ্টম্)। ন উপলব্ধিঃ = অনুপলব্ধিঃ। ন একম্ = অনেকম্। ন ঔদার্যম্ = অনৌদার্যম্।

মা ব্রূয়াৎ **সত্যমপ্রিয়ম্** (অপ্রিয় সত্য বলিও না)। **নাপৃষ্টঃ** (ন + অপৃষ্টঃ) কস্যচিদ্ ব্রূয়াৎ (অপৃষ্ট হইয়া অর্থাৎ না জিজ্ঞাসা করিলে কাহাকেও কিছু বলিও না)। **নানিষ্টং** (ন অনিষ্টং) কস্যচিৎ কুর্যাৎ (কাহারও অনিষ্ট করিও না)।

উপপদ তৎপুরুষ

৩১৪. উপপদের[১০] সহিত কৃদন্ত পদের যে-সমাস তাহাকে উপপদ-তৎপুরুষ বলে।

কুম্ভং করোতি যঃ সঃ = কুম্ভকারঃ, সত্যং বদতি যঃ সঃ = সত্যবাদী, ব্রহ্ম চরতি যঃ সঃ = ব্রহ্মচারী, অগ্রে গচ্ছতি যঃ সঃ ইতি = অগ্রগামী, প্রভাং করোতি যঃ সঃ = প্রভাকরঃ, ইন্দ্রং জয়তি যঃ সঃ = ইন্দ্রজিৎ, জলে চরতি যঃ সঃ

---

৯ নঞের অর্থ ছয় প্রকার—

তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা

অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্তিতাঃ।

ক্রমিক উদাহরণ : সাদৃশ্য—ন ব্রাহ্মণঃ = অব্রাহ্মণঃ (ব্রাহ্মণসদৃশঃ)। অভাব—ন সুখম্ = অসুখম্ (সুখস্যাভাবঃ)। অন্যত্ব—ন ঘটঃ = অঘটঃ (ঘটাদন্যঃ)। অল্পত্ব—ন কেশী = অকেশী (অল্পকেশী)। অপ্রাশস্ত্য—ন কালঃ = অকালঃ (অপ্রশস্তকালঃ)। বিরোধ—ন সুরঃ = অসুরঃ (সুরবিরোধঃ)।

১০ যে-সকল সুবন্ত পদের পরবর্তী ধাতুর উত্তর অণ্, ট, ণিন্ ইত্যাদি কৃৎ-প্রত্যয় বিহিত তাহাদিগকে উপপদ বলে।

=জলচরঃ, নভসি চরতি যঃ সঃ=নভশ্চরঃ, নভশ্চারী, নৄন্ পাতি যঃ সঃ=নৃপঃ, গৃহে তিষ্ঠতি যঃ সঃ=গৃহস্থঃ, শ্রমেণ জীবতি যঃ সঃ=শ্রমজীবী।

স গঙ্গায়াং **নিত্যস্নায়ী** (সে গঙ্গায় নিত্য স্নান করে)। **মিথ্যাবাদিনি** ন কোঽপি বিশ্বসিতি (মিথ্যাবাদীকে কেহ বিশ্বাস করে না)। সরসি **পঙ্কজং** জায়তে (সরোবরে পদ্ম জন্মায়)। বিস্ময়করং তাবৎ **নভশ্চারিণাং** সাফল্যম্ (নভশ্চারীদের সাফল্য বিস্ময়কর)।

প্রাদি তৎপুরুষ

৩১৫. প্র-পরা প্রভৃতি কুড়িটি অব্যয়ের সহিত সুবন্ত পদের তৎপুরুষ সমাসকে প্রাদি তৎপুরুষ বলে। (কুগতিপ্রাদয়ঃ ২।২।১৮)

প্রগতঃ পিতামহঃ=প্রপিতামহঃ[১১]। বিশ্লিষ্টা মাতা=বিমাতা। সু (শোভনঃ) রাজা=সুরাজা। অতিক্রান্তঃ মালাম্=অতিমালঃ। উৎক্রান্তঃ বেলাম্=উদ্বেলঃ[১২]

তৎপুরুষ সমাসে সমাসান্ত প্রত্যয়

৩১৬. তৎপুরুষ সমাসে রাজন্ ও সখি শব্দের উত্তর টচ্ হয়।

[রাজাহঃসখিভ্যস্টচ্]। টচ্-এর 'অ' থাকে।

কর্মধারয়

৩১৭. যে সমাসে সমস্যমান পদদ্বয় সমানাধিকরণ[১৩] অর্থাৎ বিশেষ্য-বিশেষণভাবাপন্ন অথবা অভেদসম্বন্ধে একার্থপ্রতিপাদক হয় তাহাকে কর্মধারয় সমাস বলে। কর্মধারয় সমাস তৎপুরুষেরই অন্তর্ভুক্ত বলিয়া ইহাতেও পরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়।

(ক) বিশেষণ+বিশেষ্য ঃ (বিশেষণং বিশেষ্যেণ বহুলম্ ২।১।৫৭)

নীলঃ আকাশঃ=নীলাকাশঃ, উষ্ণম্ উদকম্=উষ্ণোদকম্
নবঃ পল্লবঃ=নবপল্লবঃ নবম্ অন্নম্=নবান্নম্
সর্বে লোকাঃ=সর্বলোকাঃ বিশ্বে দেবাঃ=বিশ্বদেবাঃ

১১ প্রাদয়ঃ গতাদ্যর্থে প্রথময়া

১২ অত্যাদয়ঃ ক্রান্তাদ্যর্থে দ্বিতীয়য়া

১৩ তৎপুরুষ প্রধানতঃ ব্যধিকরণ সমাস অর্থাৎ সমস্যমান পদদ্বয় ভিন্নবিভক্তিক।
তস্য পুরুষঃ=তৎপুরুষঃ, এখানে পূর্বপদে 'ষষ্ঠী' এবং পরপদে প্রথমা। কর্মধারয়ে উভয় পদই প্রথমাবিভক্তিক, অথবা বিশেষণবিশেষ্যভাবাপন্ন।
তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্মধারয়ঃ (১।২।৪২)

মহান্ দেবঃ=মহাদেবঃ
মহান্ বীরঃ=মহাবীরঃ[১৪]
সুন্দরী মহিলা=সুন্দরমহিলা
কৃষ্ণা চতুর্দশী=কৃষ্ণচতুর্দশী
পাচিকা স্ত্রী=পাচকস্ত্রী
পঞ্চমী কন্যা=পঞ্চমকন্যা[১৫]

(খ) বিশেষণ+বিশেষণ ঃ

হৃষ্টশ্চাসৌ পুষ্টশ্চেতি=হৃষ্টপুষ্টঃ

কান্তশ্চাসৌ কোমলশ্চেতি=কান্তকোমলঃ

এরূপস্থলে একটি বিশেষণ যেন বিশেষ্যস্থানীয় হইয়া পড়ে।

পূর্বকাল ও উত্তরকাল বুঝাইলে ক্ত-প্রত্যয়ান্ত পদের কর্মধারয়ঃ

পূর্বং স্নাতঃ পশ্চাৎ অনুলিপ্তঃ=স্নাতানুলিপ্তঃ

পূর্বং সুপ্তঃ পশ্চাৎ উত্থিতঃ=সুপ্তোত্থিতঃ

পূর্বং ভুক্তং পশ্চাৎ উদ্‌গীর্ণম্=ভুক্তোদ্‌গীর্ণম্।

নঞ্‌বিশিষ্ট ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত নঞ্‌-শূন্য ক্ত-প্রত্যয়ান্ত পদের কর্মধারয়ঃ[১৬]

কৃতঞ্চ তৎ অকৃতঞ্চ=কৃতাকৃতম্, (অংশতঃ কৃত এবং অংশতঃ অকৃত)।

ভুক্তঞ্চ তৎ অভুক্তঞ্চ (অংশতঃ ভুক্ত এবং অংশতঃ অভুক্ত)।

(গ) বিশেষ্য+বিশেষ্য [পূর্বপদ যেন পরপদের বিশেষ্যস্থানীয়]

যা ভূঃ স এব লোকঃ—ভূলোকঃ। যঃ পিতা স এব দেবঃ=পিতৃদেবঃ। যো গুরুঃ স এব দেবঃ=গুরুদেবঃ। যো দেবঃ স এব ঋষিঃ=দেবর্ষিঃ। যো রাজা স এব ঋষিঃ=রাজর্ষিঃ।

মধ্যপদলোপী (উত্তরপদলোপী) কর্মধারয়

৩১৮. যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্য ব্যাখ্যামূলক পদ বা পদগুচ্ছ লোপ পায় তাহাকে মধ্যপদলোপী কর্মধারয় বলে।

শাকপ্রিয়ঃ পার্থিবঃ=শাকপার্থিবঃ।

এখানে সম্পূর্ণ ব্যাসবাক্যে 'প্রিয়' পদটি মধ্যবর্তী তাই শাকপার্থিবঃ এই সমস্ত-পদকে মধ্যপদলোপী কর্মধারয় বলা হয়। আবার 'শাকপ্রিয়ঃ' এই

---

১৪ মহৎ শব্দের স্থলে 'মহা' আদেশ হইয়াছে—মহতো 'মহা' বিশেষ্যে।

১৫ কর্মধারয় সমাস হইলে পূর্বপদরূপে প্রযুক্ত ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয়। ভাষিতপুংস্ক—যে সকল স্ত্রীলিঙ্গশব্দের পুংলিঙ্গেও প্রয়োগ বা রূপান্তর হয়। শ্রী, লক্ষ্মী ইত্যাদি পদ ভাষিত পুংস্ক নহে, নিত্য স্ত্রীলিঙ্গ।

১৬. ক্তেন নঞ্‌বিশিষ্টেনানঞ্‌ (২।১।৬০)

সমস্তপদের উত্তরপদ 'প্রিয়' লুপ্ত হওয়ায় ইহাকে উত্তরপদলোপী কর্মধারয়ও বলা চলে।[১৭]

এইরূপ : ছায়াপ্রধানঃ তরু = ছায়াতরুঃ, ব্রাহ্মণবহুলঃ গ্রামঃ = ব্রাহ্মণগ্রামঃ, দধিযুক্তঃ ওদনঃ = দধ্যোদনঃ, বিন্ধ্যনামা গিরিঃ = বিন্ধ্যগিরিঃ, তিলমিশ্রাঃ তণ্ডুলাঃ = তিলতণ্ডুলাঃ।

উপমাত্মক কর্মধারয়

৩১৯. উপমাত্মক কর্মধারয় তিনটি : উপমান কর্মধারয়, উপমিত কর্মধারয় ও রূপক কর্মধারয়। এই সমাসের সম্যক্ অবধারণে উপমেয়, উপমান, সাধারণধর্ম এই তিনটি পরিভাষার সহিত পরিচয় আবশ্যক।

উপমেয় = যাহাকে তুলনা করা হয় সে বা তাহা উপমেয় (the person or the thing compared).

উপমান = যাহার সহিত তুলনা করা হয়, অর্থাৎ যাহাকে তুলনার মান হিসাবে গ্রহণ করা হয়, তাহা উপমান (the person or thing compared to).

সাধারণধর্ম = উপমেয় ও উপমানের যাহা সাধারণ গুণ অর্থাৎ যে গুণের জন্য উভয়ের তুলনা তাহা সাধারণধর্ম (common attribute or point of similarity).

পুষ্পম্ ইব কোমলম্ হৃদয়ম্—এখানে হৃদয়ম্ = উপমেয়, পুষ্পম্ = উপমান, কোমলম্ = সাধারণধর্ম, ইব = উপমাবাচক শব্দ (word denoting comparison).

উপমান কর্মধারয়

৩২০. সাধারণধর্ম-বাচক পদের সহিত উপমান-পদের যে সমাস হয় তাহাকে উপমান কর্মধারয় বলে।

[উপমানানি সামান্যবচনৈঃ ২।১।৫৫]

ঘন ইব শ্যামঃ = ঘনশ্যামঃ। তুষার ইব ধবলঃ = তুষারধবলঃ। অনল ইব উজ্জ্বলঃ = অনলোজ্জ্বলঃ। নবনীতম্ ইব কোমলঃ = নবনীতকোমলঃ। অর্ণব ইব গভীরঃ = অর্ণবগভীরঃ। হিম ইব শীতলঃ = হিমশীতলঃ। শঙ্খ ইব শুভ্রঃ = শঙ্খশুভ্রঃ

১৭. শাকপার্থিবাদীনাং সিদ্ধয়ে উত্তরপদলোপস্যোপসংখ্যানম্ (বা)

উপমিত কর্মধারয়

৩২১. সাধারণধর্মের উল্লেখ না করিলে ব্যাঘ্র প্রভৃতি[১৮] উপমান পদের সহিত উপমেয় পদের যে সমাস তাহাকে উপমিত কর্মধারয়[১৯] বলে।

পুরুষঃ ব্যঘ্র ইব=পুরুষব্যাঘ্রঃ, নরঃ সিংহ ইব=নরসিংহঃ, পাণিঃ পল্লব ইব =পাণিপল্লবঃ।

রূপক কর্মধারয়

৩২২. যে সমাসে উপমান ও উপমেয়ের অভেদ কল্পিত হয়, তাহাকে রূপক কর্মধারয়[২০] সমাস বলে।

মুখমেব চন্দ্রঃ=মুখচন্দ্রঃ। ক্রোধ এব অনলঃ=ক্রোধানলঃ। বিদ্যা এব ধনম্=বিদ্যাধনম্। কাল এব সিন্ধুঃ=কালসিন্ধুঃ। জ্ঞানমেব আলোকঃ= জ্ঞানালোকঃ। ভব এব অর্ণবঃ=ভবার্ণবঃ।

৩২৩. উপমিত কর্মধারয়ে ক্রিয়াদি উপমেয়ের অর্থানুগামী কিন্তু রূপক-কর্মধারয়ে ক্রিয়াদি উপমানের অর্থানুগামী।

পুরুষসিংহং বন্দে—এখানে 'বন্দে' ক্রিয়াপদটি উপমেয়ের অনুগামী। তাই 'পুরুষসিংহম্' উপমিত কর্মধারয়।

কিন্তু **পুরুষসিংহঃ** গর্জতি—এই বাক্যে গর্জতি ক্রিয়াটি উপমান 'সিংহ'-পদের অনুগামী, তাই 'পুরুষসিংহঃ' পদটি রূপক কর্মধারয়।

দ্বিগু

৩২৪. যে কর্মধারয় সমাসে পূর্ব পদটি সংখ্যাবাচক বিশেষণ এবং সমস্ত-পদটি সমাহার বা সমষ্টির অর্থ প্রকাশ করে তাহাকে দ্বিগু সমাস বলে।

[তদ্ধিতার্থোত্তরপদসমাহারে চ (২।১।৫১)

সংখ্যাপূর্বো দ্বিগুঃ (২।১।৫২)]

দ্বিগু সমাস তিন প্রকার: তদ্ধিতার্থ দ্বিগু, উত্তরপদ দ্বিগু ও সমাহার দ্বিগু।

---

১৮. ব্যাঘ্র, বৃক, ঋষভ, কুঞ্জর, সিংহ, শার্দূল, নাগ, বৃষভ, চন্দ্র, কমল, পল্লব, কিশলয়, বরাহ—সমাসের দ্বিতীয় পদরূপে প্রযুক্ত হইলে ইহারা 'শ্রেষ্ঠত্ব' বুঝায়।

১৯. 'উপমিত' পদে ভাবে 'ক্ত' হইয়াছে। অতএব অর্থের দিক দিয়া উপমিত= উপমেয়।

২০. রূপক কর্মধারয় সমাসের জন্য পাণিনিব্যাকরণে কোন পৃথক্ সূত্র নাই, ময়ূর-ব্যংসকাদয়শ্চ এই বিধানের মধ্যেই রূপক কর্মধারয় সিদ্ধ।

তদ্ধিতার্থ দ্বিগু : পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ=পঞ্চগুঃ। ষণ্ণাং মাতৃণামপত্যং পুমান্=ষাণ্মাতুরঃ।

উত্তরপদ দ্বিগু : পঞ্চ গাবঃ ধনং যস্য সঃ=পঞ্চগবধনঃ।

সমাহার দ্বিগু : পঞ্চানাং বটানাং সমাহারঃ=পঞ্চবটী. ত্রয়াণাং লোকানাং সমাহারঃ=ত্রিলোকী। চতুর্ণাং পদানাং সমাহারঃ=চতুষ্পদী। পঞ্চানাং মূলানাং সমাহারঃ=পঞ্চমূলী।[২১]

৩২৫. তৎপুরুষ (কর্মধারয় ও দ্বিগু) সমাসে বিধেয় সমাসান্ত প্রত্যয় :

অচ্

১. সংখ্যাবাচক ও অব্যয় শব্দ পূর্বে থাকিলে অঙ্গুলিশব্দের উত্তর সমাসান্ত অচ্ হয়।

[তৎপুরুষস্যাঙ্গুলেঃ সংখ্যাব্যয়াদেঃ (৫।৪।৮৬)]

দ্বে অঙ্গুলী প্রমাণমস্য=দ্ব্যঙ্গুলম্ (অংশুকম্), অঙ্গুলিমতিক্রান্তম্=অত্যঙ্গুলম্ (অঙ্গুরীয়কম্)।

২. সংখ্যাবাচক, অব্যয়, অহন্, সর্ব, একদেশবাচক, সংখ্যাত ও পুণ্য শব্দের পরবর্তী 'রাত্রি' শব্দের উত্তর অচ্ হয়।

[অহঃ[২২]-সর্বৈকদেশসংখ্যাতপুণ্যাচ্চ রাত্রেঃ (৫।৪।৮৭)]

দ্বয়োঃ রাত্র্যোঃ সমাহারঃ=দ্বিরাত্রম্। রাত্রিম্ অতিক্রান্তঃ=অতিরাত্রঃ। সর্বা রাত্রিঃ=সর্বরাত্রঃ, পূর্বং রাত্রেঃ=পূর্বরাত্রঃ।[২৩] সংখ্যাতা রাত্রিঃ=সংখ্যাতরাত্রঃ, পুণ্যা রাত্রিঃ=পুণ্যরাত্রঃ।

টচ্

তৎপুরুষ সমাসে রাজন্, অহন্ ও সখি শব্দের উত্তর টচ্ হয়।

মহান্ রাজা=মহারাজঃ, কৃষ্ণস্য সখা=কৃষ্ণসখঃ, শুভম্ অহঃ=শুভাহঃ।

---

২১. অকারান্তোত্তরপদো দ্বিগুঃ স্ত্রিয়ামিষ্টঃ—উত্তরপদ অকারান্ত হইলে দ্বিগু সমাস স্ত্রীলিঙ্গ হয়। কিন্তু পাত্রাদিভ্যঃ প্রতিষেধঃ।

পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ=পঞ্চপাত্রম্

ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ=ত্রিভুবনম্

২২. এই সূত্রে অহন্ শব্দের গ্রহণ দ্বন্দ্ব সমাসের জন্য।

অহশ্চ রাত্রিশ্চ=অহোরাত্রঃ।

২৩. কিন্তু পূর্বা রাত্রিঃ=পূর্বরাত্রিঃ।

কারণ, এখানে একদেশ বুঝাইতেছে না।

দ্বিগু সমাসে 'নৌ' শব্দের উত্তর টচ্ হয়।

পঞ্চানাং নাবাং সমাহারঃ=পঞ্চনাবম্।

অর্ধপূর্বক নৌ শব্দেও টচ্ হয়।

অর্ধং নাবঃ=অর্ধনাবম্।

[নাবো দ্বিগোঃ (৫।৪।৯৯), অর্ধাচ্চ (৫।৪।১০০)]

অ

নঞ্ তৎপুরুষে পথিন্ শব্দের উত্তর বিকল্পে সমাসান্ত 'অ' প্রত্যয় হয়। [পথো বিভাষা ৫।৪।৭২)]

ন পন্থাঃ=অপন্থাঃ, অপথম্[২৪]

অপথং গাহতে মূঢ়ঃ [মূর্খ কুপথে গমন করে]।

বহুব্রীহি

৩২৬. যে সমাসে একাধিক প্রথমান্ত পদ সমস্তপদে পরিণত হইয়া সমস্যমান পদদ্বয়ের অর্থ না বুঝাইয়া অন্য অর্থ বা পরপদের অর্থ প্রধানরূপে বুঝায় তাহাকে বহুব্রীহি সমাস বলে।

[অনেকমন্যপদার্থে (২।২।২৪)]

একাধিক প্রথমান্ত পদ বলিতে একটি বিশেষণ ও অপরটি বিশেষ্য।

'বহুব্রীহি' শব্দটিই বহুব্রীহি সমাসের উদাহরণ। বহু ব্রীহি (ধান্য) যাহার=বহুব্রীহি। এখানে সমস্ত পদটি 'বহু' বা ব্রীহি' কাহারো অর্থ না বুঝাইয়া বহুধান্যশালী ব্যক্তিকে বুঝাইতেছে। এই সমাসে বহু ও ব্রীহি পদটি প্রথমান্ত অর্থাৎ ইহারা বিশেষ্য-বিশেষণরূপে সম্পর্কিত।

এইরূপ বহুব্রীহি সমাসকে সমানাধিকরণ (সমবিভক্তিক) বহুব্রীহি বলে।

পীতম্ অম্বরম্ যস্য=পীতাম্বরঃ (হরিঃ)। দীর্ঘৌ বাহূ যস্য সঃ=দীর্ঘবাহুঃ (রামচন্দ্রঃ)। ফুল্লং কমলং যস্মিন্ তৎ=ফুল্লকমলং (সরঃ)। কৃতং কর্ম যেন সঃ=কৃতকর্মা (পুরুষ)। এগুলি সবই সমানাধিকরণ বহুব্রীহির উদাহরণ।

সমস্যমান পদদ্বয় সমানাধিকরণ বা সমবিভক্তিক না হইলেও যদি তাহা অন্যপদের অর্থকে প্রধানভাবে বুঝায় তাহাও বহুব্রীহি সমাস। এইরূপ বহুব্রীহিকে **ব্যধিকরণ বহুব্রীহি** বলে।

২৪. অপথং নপুংসকম্ (২।৪।৩০) তৎপুরুষ সমাসে 'অপথ' ক্লীবলিঙ্গ।

দণ্ডঃ পাণৌ যস্য সঃ=দণ্ডপাণিঃ। এখানে 'দণ্ডঃ' প্রথমান্ত, কিন্তু 'পাণি' সপ্তম্যন্ত।

এইরূপ : শরেষু জন্ম যস্য সঃ=শরজন্মা (কার্তিকেয়ঃ)। ক্ষণে জন্ম যস্য সঃ=ক্ষণজন্মা। পদ্মং নাভৌ যস্য সঃ=পদ্মনাভঃ (বিষ্ণুঃ)। শ্রীঃ কণ্ঠে যস্য সঃ=শ্রীকণ্ঠঃ।

অন্যান্য বহুব্রীহি

বহুব্রীহি সমাস মূলতঃ সমানাধিকরণ ও ব্যধিকরণ এই দুই শ্রেণীতে বিভক্ত। উপশ্রেণীগুলি ইহাদেরই অন্তর্ভুক্ত। তবু বিশেষত্বের জন্য ইহাদের বিভিন্ন নামে চিহ্নিত করা হইয়াছে।

সহার্থক বা তুল্যযোগে বহুব্রীহি

পুত্রেণ সহ বর্তমানঃ=সপুত্রঃ (গচ্ছতি)। অনুজেন সহ বর্তমানঃ=সানুজঃ (ভ্রমতি)।

নঞ্ বহুব্রীহি

ন (নাস্তি) বোধঃ যস্য সঃ=অবোধঃ।

নির (নাস্তি) বোধঃ যস্য সঃ=নির্বোধঃ।

মধ্যপদলোপী বহুব্রীহি

গজস্য আননমিব আননম্ যস্য সঃ=গজাননঃ।

নাস্তি পর্ণভক্ষণং যস্যাঃ সা=অপর্ণা।

ব্যতিহার বহুব্রীহি

পারস্পরিক ক্রিয়া বুঝাইলে একই বিশেষ্যপদের পুনরুক্তি দ্বারা যে বহুব্রীহি সমাস হয় তাহাকে ব্যতিহার বহুব্রীহি বলে। [তত্র তেনেদমিতি সরূপে ২।২।২৭] ইহাতে পূর্বপদের অন্ত্যস্বর দীর্ঘ হয়[২৫] এবং সমাসান্ত ইচ্ হয় [ইচ্ কর্মব্যতিহারে ৫।৪।১২৭]।

দুইটি তৃতীয়ান্ত পদে॥ দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ (প্রহৃত্য) ইদম্ (যুদ্ধং প্রবৃত্তম্) =দণ্ডাদণ্ডি।

মুষ্টিভিশ্চ মুষ্টিভিশ্চ প্রহৃত্য যৎ যুদ্ধং প্রবৃত্তম্=মুষ্টামুষ্টি।

২৫. ইচ্ প্রত্যয় হইলে, 'অন্যেষামপি দৃশ্যতে' এই সূত্রে পূর্বপদের অন্ত্যস্বর দীর্ঘ হইবে।

বাহুভিশ্চ বাহুভিশ্চ প্রহৃত্য যদ্ যুদ্ধং প্রবৃত্তম্=বাহুবাহবি[২৬]।

দুই সপ্তম্যন্ত পদে॥ কেশেষু কেশেষু গৃহীত্বা যদ্ যুদ্ধং প্রবৃত্তম্=কেশাকেশি।

বহুব্রীহি সমাসের সমাসান্ত প্রত্যয়

কপ্ (ক)

বহুব্রীহি সমাসের অন্তস্থিত নিত্যস্ত্রীলিঙ্গ ঈ-কারান্ত এবং ঊ-কারান্ত শব্দের উত্তর কপ্ হয়। [নদ্যৃতশ্চ কপ্ ৫।৪।১৫৩]

পত্ন্যা সহ বর্তমানঃ=সপত্নীকঃ। সুন্দরী বধূঃ যস্য সঃ=সুন্দরবধূকঃ। নদী মাতা যস্য সঃ=নদীমাতৃকঃ।

ষচ্

বহুব্রীহি সমাসে স্বাঙ্গবাচক সক্থি ও অক্ষি শব্দের উত্তর ষচ্ হয়।

[বহুব্রীহৌ সক্থ্যক্ষ্ণোঃ স্বাঙ্গাৎ ষচ্ (৫।৫।১১৩)]।

দীর্ঘে সক্থিনী যস্য সঃ=দীর্ঘসক্থঃ (পুরুষঃ)। পুণ্ডরীকে ইব অক্ষিণী যস্য সঃ=পুণ্ডরীকাক্ষঃ। বিশালে অক্ষিণী যস্যাঃ সা=বিশালাক্ষী। 'বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে।'

অনঙ্ (অন্)

বহুব্রীহি সমাসে ধনুস্ শব্দের উত্তর অনঙ্ হয়। (ধনুষশ্চ ৫।৪।১৩২)

ধৃতং ধনুর্যস্য সঃ=ধৃতধন্বা। নাম বুঝাইলে বিকল্পে অনঙ্ হয়। পুষ্পং ধনুর্যস্য=পুষ্পধনুঃ, পুষ্পধন্বা।

ইৎ (ই)

স্বাভাবিক গন্ধ বুঝাইলে বহুব্রীহি সমাসে গন্ধ শব্দের উত্তর 'ইৎ' হয়।

[গন্ধস্যেত্বে তদেকান্তগ্রহণম্ (বা)]

সুগন্ধি পুষ্পম্, কিন্তু সুগন্ধঃ বায়ুঃ।

নিঙ্ (নি)

বহুব্রীহি সমাসে জায়া শব্দ উত্তর পদে থাকিলে জায়া স্থানের অন্ত্য আকার স্থলে নিঙ্ হয়। [জায়ায়া নিঙ্ (৫।৪।১৩৪)]

যুবতির্জায়া যস্য সঃ=যুবজানিঃ। সীতা জায়া যস্য সঃ=সীতাজানিঃ।

২৬. ইচ্ যোগ করিবার পূর্বে 'বাহু' পদের অন্ত্যস্বরের গুণ হইবে—বাহুবাহো+ই (চ্)=বাহুবাহবি।

দ্বন্দ্ব

৩২৭. দ্বন্দ্ব শব্দটির একটি অর্থ যুগল। শব্দটি এই সমাসের বৈশিষ্ট্যের কিছু আভাস দেয়।

সংযোজক 'চ' অব্যয় দ্বারা পরস্পর অন্বিত দুই বা ততোধিক বিশেষ্যপদের অর্থপ্রাধান্য যে সমাসে অক্ষুণ্ণ থাকে তাহাকে দ্বন্দ্ব সমাস বলে।

(চার্থে দ্বন্দ্বঃ ২।২।২৯)

'চ'-এর প্রধান দুইটি অর্থ। ইতরেতর যোগ এবং সমাহার যোগ বুঝায় বলিয়া দ্বন্দ্ব সমাসকে দুইভাগে ভাগ করা হয়।

ইতরেতর দ্বন্দ্ব

এই দ্বন্দ্বে সমস্যমান প্রত্যেক পদের অর্থ প্রধান বলিয়া সমস্তপদের বচন সমস্যমানপদের মিলিত সংখ্যা অনুসারে হয় এবং পরপদের লিঙ্গ অনুসারে উহার লিঙ্গ হয়। (পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োঃ)।

রামশ্চ লক্ষ্মণশ্চ=রামলক্ষ্মণৌ। রামশ্চ যদুশ্চ হরিশ্চ=রামযদুহরয়ঃ। আপশ্চ তেজশ্চ=অপ্‌তেজসী। মাতা চ পিতা চ=মাতাপিতরৌ।[২৭]

ইতরেতর দ্বন্দ্ব সমাসের কয়েকটি বিশিষ্ট উদাহরণ

মিত্রশ্চ বরুণশ্চ=মিত্রাবরুণৌ, সূর্যশ্চ চন্দ্রমাশ্চ=সূর্যাচন্দ্রমসৌ, অগ্নিশ্চ সোমশ্চ=অগ্নীষোমৌ, অগ্নিশ্চ বরুণশ্চ=অগ্নীবরুণৌ, দ্যৌশ্চ ভূমিশ্চ=দ্যাবাভূমী, দ্যৌশ্চ পৃথিবী চ=দ্যাবাপৃথিব্যৌ, দিবস্পৃথিব্যৌ।

সমাহার দ্বন্দ্ব

৩২৮. কয়েকটি বিশেষ ক্ষেত্রে দ্বন্দ্বসমাস সমাহার বা সমষ্টির অর্থ প্রকাশ করে এবং সমস্তপদটি ক্লীবলিঙ্গ একবচনের হয়। [স নপুংসকম্ (২।৪।১৭)।]

প্রাণ্যঙ্গ ॥ করৌ চ চরণৌ চ=করচরণম্

মুখশ্চ নাসিকা চ=মুখনাসিকম্

তূর্যাঙ্গ ॥ মার্দঙ্গিকশ্চ পাণবিকশ্চ=মার্দঙ্গিকপাণবিকম্

সেনাঙ্গ ॥ ধনুংষি চ শরাশ্চ=ধনুঃশরম্

২৭. ঋকারান্ত পদসমূহের দ্বন্দ্ব সমাসে পরস্পর বিদ্যাসম্বন্ধ বা গোত্রসম্বন্ধ থাকিলে পূর্বপদে ঋ-স্থানে আনঙ্ (আ) হয়। [আনঙ্ ঋতো দ্বন্দ্বে ৬।৩।২৫]

শাশ্বতবিরোধী ॥ অহয়শ্চ নকুলাশ্চ = অহিনকুলম্
কাকাশ্চ উলূকাশ্চ = কাকোলূকম্

দ্বন্দ্ব সমাসে সমাসান্ত প্রত্যয়

৩২৯. সমাহার দ্বন্দ্বে চ-বর্গান্ত, দ-কারান্ত, ষ-কারান্ত ও হ-কারান্ত শব্দের উত্তর টচ্ হয়।

[দ্বন্দ্বাচ্চু-দ-ষ-হান্তাৎ সমাহারে (৫।৪।১০৬)]

বাক্ত্বচম্, শ্রীস্রজম্, সম্পদ্‌বিপদম্, শমীদৃষদম, বাক্ত্বিষম্, গ্রীষ্মপ্রাবৃষম, ছত্রোপানহম্, পিকমধুলিহম্।

নিত্যসমাস

৩৩০. নিত্যসমাস স্বতন্ত্র কোন সমাস নহে। তৎপুরুষ বা অন্যান্য সমাস-শ্রেণীর অন্তর্ভুক্ত।

যে সমস্যমান পদগুলি নিত্য (= সর্বদাই) সমাসবদ্ধ থাকে অর্থাৎ কোন ব্যাসবাক্য হয় না তাহাকে অবিগ্রহ নিত্যসমাস বলে। যেমন, কৃষ্ণসর্পঃ।

বস্তুতঃ ইহা কর্মধারয়সমাসের অন্তর্ভুক্ত কিন্তু বিগ্রহবাক্য বা ব্যাসবাক্য করিলে কৃষ্ণবর্ণ যে-কোন সর্পকে বুঝাইবে, ঐ নামের সর্পটিকে বুঝাইবে না, তাই ইহা **অবিগ্রহ নিত্যসমাস**।

যে সমাসে ব্যাসবাক্য করিতে সমস্যমান পদ বহির্ভূত কোন পদের আশ্রয় লইতে হয় তাহাকে **অস্বপদবিগ্রহ নিত্যসমাস** বলে।

যেমন, অন্যঃ গ্রামঃ=গ্রামান্তরম্, ইহা কর্মধারয় সমাসের অন্তর্ভুক্ত অস্বপদবিগ্রহ নিত্যসমাস। দুগ্ধং ফেনেন তুল্যম্=দুগ্ধফেননিভম্, ইহা তৃতীয়া তৎপুরুষের অন্তর্গত অস্বপদবিগ্রহ নিত্যসমাস। সেইরূপ তস্মৈ ইদম্ = তদর্থম্, ইহা চতুর্থী তৎপুরুষের অন্তর্গত অস্বপদবিগ্রহ নিত্যসমাস।

অলুক্ সমাস

৩৩১. অলুক্ পৃথক্ কোন সমাস নহে। সমাসে পূর্বপদের বিভক্তি লোপ হয় ইহাই সাধারণ নিয়ম। কিন্তু বিশেষ বিশেষ ক্ষেত্রে পূর্বপদের বিভক্তি লোপ পায় না। সেইরূপ সমাসকে অলুক্ সমাস বলে। পূর্বপদে বিভক্তি লুপ্ত হয় নাই এরূপ উদাহরণ বিভিন্ন সমাসে কিছু কিছু মিলে।

অলুক্ সমাস

অলুক্ তৃতীয়া তৎপুরুষ ॥	ওজসা কৃতম্=ওজসাকৃতম
	তমসা ব্যাপ্তম্=তমসাব্যাপ্তম্
অলুক্ চতুর্থী তৎপুরুষ ॥	আত্মনে পদম্=আত্মনেপদম
	পরস্মৈ পদম্=পরস্মৈপদম্
অলুক্ পঞ্চমী তৎপুরুষ ॥	স্তোকাৎ মুক্তঃ=স্তোকান্মুক্তঃ
	অন্তিকাৎ আগতঃ=অন্তিকাদাগতঃ
অলুক্ ষষ্ঠী তৎপুরুষ ॥	ভ্রাতুঃ পুত্রঃ=ভ্রাতুষ্পুত্রঃ
	বাচঃ পতিঃ=বাচস্পতিঃ
অলুক্ সপ্তমী তৎপুরুষ ॥	যুধি স্থিরঃ=যুধিষ্ঠিরঃ
	বনে হরিদ্রা=বনেহরিদ্রা
অলুক্ উপপদ তৎপুরুষ ॥	সরসি জায়তে যৎ তৎ=সরসিজম্
	খে চরতি যঃ সঃ=খেচরঃ।

অলুক বহুব্রীহি

ত্বচি সারঃ যস্য সঃ—ত্বচিসারঃ (বংশবিশেষ)।
শিরসি শিখা যস্য সঃ—শিরসিশিখঃ।
উরসি লোম যস্য সঃ—উরসিলোমা।

সুপ্‌সুপা বা সহসুপা

৩৩২. 'সুপ্' শব্দের তৃতীয়ার একবচন 'সুপা' অর্থাৎ সুপ-এর সহিত। সুপ্‌সুপা বা সহসুপা অর্থ সুপের সহিত সুপ্ অর্থাৎ সুবন্ত পদের সহিত সুবন্ত পদের সমাস। সে অর্থে যে-কোন সমাসই তো 'সুপসুপা'। কিন্তু সুপ্‌সুপা-সমাস সকল সমাসকে না বুঝাইয়া, পূর্ববর্ণিত সমাসের নিয়মবহির্ভূত কোন সমাসকে বুঝায়।

পূর্বং ভূতঃ—ভূতপূর্বঃ, অবশ্যং কর্তব্যম—অবশ্যকর্তব্যম, ন একঃ—নৈকঃ, ন অতিদূরম্—নাতিদূরম, যথা প্রাপ্ত—যথাপ্রাপ্তা, পুনঃ জন্ম—পুনর্জন্ম।

একশেষবৃত্তি

৩৩৩. একই বিভক্তিতে একাধিক সমাসাকার শব্দের মধ্যে একটি মাত্র অবশিষ্ট থাকে ইহাকে একশেষ বলে।

(সরূপাণাম একশেষ একবিভক্তৌ ১।২।৬৪)

নরশ্চ নরশ্চ—নরৌ, ফলঞ্চ ফলঞ্চ ফলঞ্চ—ফলানি, মাতা চ পিতা চ—পিতরৌ[২৮]।

একশেষ সমাস নহে। ইহা সমাসের ন্যায় অন্য একপ্রকার বৃত্তি[২৯]।

প্রয়োগ

[যথাসম্ভব সমস্ত পদ দ্বারা]

নদীর নিকটেই বন—**উপনদং** বনম্। নিয়মমতো কাজ কর—**যথাবিধি** কার্যং কুরু। চোখের সম্মুখেই আমি সব দেখিয়াছি—**প্রত্যক্ষমেব** ময়া সর্বং দৃষ্টম্। শরীরের পশ্চাদ্‌ভাগে আহত হইয়া সে ভূমিতে পড়িল—**অপরকায়ে** হতঃ স ভূমৌ পতিতঃ। আমি পূর্বে এই ফলের আস্বাদ গ্রহণ করি নাই—ফলমিদং মে **অনাস্বাদিতপূর্বম্**। যাহার বুদ্ধি স্থির তিনিই ইহা করিতে পারেন—**স্থিরবুদ্ধিরেব** এতৎ কর্তুং সমর্থঃ। দু'তিন দিন এইখানেই অবস্থান করুন—**দ্বিত্রান্** দিবসান্ অত্রৈব অবতিষ্ঠতাম্। পরস্পর বাহু চালনা করিয়া প্রবৃত্ত এই দ্বন্দ্বযুদ্ধটি সত্যই অদ্ভুত।—চিত্রং খল্বিদং **বাহুবাহবি**। ইনি পত্নীকে সঙ্গে লইয়া এখানে আসিয়াছেন—এষ **সপত্নীকো**ঽত্রাগতঃ। প্রচুর ধন প্রায়ই দুঃখ বহিয়া আনে—বহু ধনং প্রায়েণ **দুঃখাবহম্**। আগের দিন আমি একজন সন্ন্যাসীকে দেখিয়াছিলাম, তাহার জটা দীর্ঘ ছিল এবং পরণে বল্কল ছিল—পূর্বাহ্নে অহং **দীর্ঘজটং পরিহিতবল্কলং** সন্ন্যাসিনং দৃষ্টবান্।

অনুশীলনী

১. সমাস কাহাকে বলে? সন্ধি ও সমাসের পার্থক্য ও উহাদের পারস্পরিক সম্বন্ধ উদাহরণসহ আলোচনা কর।

২. অব্যয়ীভাব সমাস কাহাকে বলে? অভাব, যোগ্যতা ইত্যাদি বিভিন্ন অর্থে অব্যয়ীভাব সমাসের উদাহরণ দাও।

---

২৮. পিতা মাত্রা (১।২।৭০) মাতৃশব্দের সহিত পিতৃশব্দের বিকল্পে একশেষ হয়। বিকল্পে দ্বন্দ্ব সমাসে "মাতাপিতরৌ"।

দ্বন্দ্বের সহিত পার্থক্য: দ্বন্দ্ব সমাসের সমস্তপদে সমস্যমান সকলপদই বর্তমান থাকে, একশেষে একটি মাত্র অবশিষ্ট থাকে।

২৯. পরার্থাভিধানং বৃত্তিঃ

বৃত্তি পাঁচ প্রকার—কৃৎ, তদ্ধিত, সমাস, একশেষ এবং সন ইত্যাদি।

৩. কোন্ সমাসে কোন্ পদের অর্থ প্রধান উদাহরণসহ আলোচনা কর।

৪. উদাহরণসহ পার্থক্য নির্ণয় কর :

(ক) কর্মধারয় ও বহুব্রীহি সমাস। (খ) কর্মধারয় ও দ্বিগু। (গ) উপদান কর্মধারয় ও উপমিত কর্মধারয়। (ঘ) সমানাধিকরণ ও ব্যধিকরণ বহুব্রীহি। (ঙ) নঞ্ তৎপুরুষ ও নঞ্ বহুব্রীহি। (চ) মধ্যপদলোপী কর্মধারয় ও মধ্যপদলোপী বহুব্রীহি। (ছ) ইতরেতর ও সমাহার দ্বন্দ্ব।

৫. পূর্বপদে বিভক্তি লোপ পায় নাই—কোন্ কোন্ সমাসে এরূপ হয় উদাহরণ যোগে আলোচনা কর। এরূপ সমাসের নাম কি ?

৬. সমাসান্ত প্রত্যয় কাহাকে বলে উদাহরণসহ আলোচনা কর।

৭. একশেষ কাহাকে বলে ? ইহা কি সমাসভুক্ত ?

৮. সংজ্ঞা ও উদাহরণ দাও :

প্রাদিতৎপুরুষ, একদেশী সমাস, উপপদতৎপুরুষ সমাস।

৯। নিত্য সমাসকে কোন দুই শ্রেণীতে ভাগ করা হইয়াছে ? নিত্য সমাস কি পৃথক্ কোন সমাস ? উদাহরণ ও যুক্তিসহ আলোচনা কর।

১০। সমাসের নাম ও ব্যাসবাক্য লিখ :

সুমদ্রন, যথাশক্তি, শরবিদ্ধঃ, সদর্থম্, ছাগদুগ্ধম্, কিংসখা, পূর্বকায়ঃ, রাজপথঃ, নীললোহিতঃ, প্রাণবিহঙ্গঃ, স্নাতানুলিপ্তঃ, ছায়াতরুঃ, ত্রিভুবনম্, দাণ্ডাদণ্ডি, যুবজানিঃ, প্রিয়পানিঃ, অন্তেবাসী, ভূতপূর্বঃ, অনবধানম্, অহিনকুলম্, আশৈশবম্, জন্মগতম্, দেবদত্তঃ, সর্বধর্ম্, দ্বিরাঃ, বাঙ্মনসে, মহর্ষিঃ, ঘর্মাক্তঃ, সুবুদ্ধিঃ, পঙ্কজম্, দ্বিপঃ, বর্ষণসিক্তঃ, হতাদরঃ, কণ্টসাধ্যম্, পঞ্চবটী।

১১। অর্থগত পার্থক্য নির্ণয় কর :

মহাবাহুঃ—মহদ্বাহুঃ, ইক্ষুচ্ছায়া—ইক্ষুচ্ছায়ম, পূর্বাহ্ণঃ—পূর্বাহ্ণঃ, প্রিয়সখঃ—প্রিয়সখা।

১২। বিকল্পপদ কি হইবে লিখ :

মাতাপিতরৌ, মাংসপ্রিয়ঃ, দ্যাবাপৃথিব্যৌ, অনুগিরি।

১৩। জায়া, বিদ্যা, চেতস্ মনস্, কর্মন ও প্রতিষ্ঠা শব্দকে বহুব্রীহি-সমাসের শেষ পদরূপে ব্যবহার কর।

১৪। ত্রি ও চতুর্—এই শব্দ দুইটিকে বহুব্রীহি ও দ্বিগু সমাসের পূর্বপদরূপে ব্যবহার কর।

১৫। এক কথায় প্রকাশ কর :

পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ, পীতম্ অম্বরং যস্য সঃ, বিধিমনতিক্রম্য, মহতী সেবা, মহতঃ সেবা, সত্যং বদতি যঃ সঃ, নভসি চরতি যঃ সঃ। বিদ্যায়ৈ ইদম্, চক্রেণ যুগপৎ, পাদেন পিবতি যঃ সঃ।

১৬। নিম্নলিখিত সমাসবদ্ধ পদগুলিকে বাক্যে ব্যবহার কর :

কৃষ্ণসর্পঃ, স্নাতানুলিপ্তঃ, মধ্যাহ্নঃ, যথাশক্তি, দ্যাবাপৃথিব্যৌ, নৃসিংহঃ, দ্বিত্রাঃ।

১৭। সমাসগত অশুদ্ধি সংশোধন কর :

অন্তবাসী গুরোর্ধর্মং শৃণোতি। যথাশক্তিং কর্ম কুরু। ন মে করচরণাঃ চলন্তি। নদীমাতা অয়ং দেশঃ, অনুগিবৌ বনমস্তি, অহোরাত্রিং কর্ম ক্রিয়তাম্।

দ্বাদশ পরিচ্ছেদ

স্ত্রী-প্রত্যয়

FEMININE SUFFIX

৩৩৪. পুংলিঙ্গ হইতে স্ত্রীলিঙ্গ করিবার জন্য সংস্কৃতে প্রধানতঃ তিনটি প্রত্যয় আছে—আ, ঈ এবং ঊ।

পাণিনির টাপ্, ডাপ্, চাপ্ মূলতঃ 'আ', ঙীপ্ ঙীষ্, ঙীন্ মূলত ঈ এবং ঊঙ্ মূলতঃ ঊ।

টাপ্ (আ)

অজাদ্যতষ্টাপ্ (৪।১।৪)

৩৩৫. অজ প্রভৃতি শব্দের উত্তর এবং অকারান্ত শব্দের উত্তর টাপ্ (আ) হয়।

অজ—অজা, চটক—চটকা, অশ্ব—অশ্বা, মূষিক—মূষিকা, কোকিল—কোকিলা, বাল—বালা, বৎস—বৎসা, সর্ব—সর্বা, প্রিয়—প্রিয়া, স্থির—স্থিরা।

৩৩৬. স্ত্রীলিঙ্গ 'আপ্' প্রত্যয় পরে থাকিলে প্রত্যয়স্থ ক-কারের পূর্ববর্তী অ-কার স্থানে ই-কার হয়।

বালক—বালিকা, কারক—কারিকা, পাচক—পাচিকা, গায়ক—গায়িকা।

ঙীপ (ঈ)

ঋন্নেভ্যো ঙীপ্ (৪।১।৫)

৩৩৭. ঋ-কারান্ত এবং ন-কারান্ত শব্দের উত্তর ঙীপ (ঈ) হয়।

কর্তৃ—কর্ত্রী, দাতৃ—দাত্রী, নেতৃ—নেত্রী, গুণিন্—গুণিনী, পাপিন্—পাপিনী, পক্ষিন্—পক্ষিণী, রাজন্—রাজ্ঞী, মঘবন্—মঘোনী, মঘবতী, শ্বন্—শুনী, যুবন্—যুবতী, যূনী।[১]

উগিতশ্চ (৪।১।৬)

৩৩৮. যে-সকল শব্দে এমন প্রত্যয় যুক্ত হইয়াছে যাহার উ এবং ঋ-কার ইৎ বা লোপ হয়, তাহাদের উত্তর ঙীপ্ (ঈ) হয়।

ক্বসু। বিদ্বান্—বিদুষী, জগ্মিবন্—জগ্মুষী।

ঈয়সুন্। গরীয়স্—গরীয়সী, প্রেয়স্—প্রেয়সী।

---

১. যূনস্তিঃ (৪।১।৭৭) যুবন্ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'তি' হয় (যুবতিঃ)।

মতুপ্। শ্রীমৎ—শ্রীমতী, বলবৎ—বলবতী।
শতৃ। সৎ—সতী, গচ্ছৎ—গচ্ছন্তী।
[ন্ আগমের নিয়ম প্রত্যয়-পর্বে দেখ]

বয়সি প্রথমে (৪।১।২০)

৩৩৯. বৃদ্ধত্ব ভিন্ন বয়সবাচক অ-কারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়।
কিশোর—কিশোরী, কুমার—কুমারী, তরুণ—তরুণী।
কিন্তু বৃদ্ধ—বৃদ্ধা, স্থবির—স্থবিরা।

দ্বিগোঃ (৪।১।২১)

৩৪০. অ-কারান্ত দ্বিগু সমাসের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্ (ঈ) হয়।
পঞ্চানাং বটানাং সমাহারঃ=পঞ্চবটী (পঞ্চবট+ঙীপ্)। এইরূপ ত্রিলোকী, ত্রিপদী, শতমূলী।

কিন্তু ত্রিফলা (ত্রয়াণাং ফলানাং সমাহারঃ)। অজাদিগণে পাঠবশতঃ এই শব্দটিতে টাপ্ (আ) হইবে, ঙীপ্ (ঈ) নয়।

৩৪১. ট-ইৎ, অণ্, ঠক্, কঞ্ ইত্যাদি প্রত্যয়যুক্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্ (ঈ) হয়।

ট-ইৎ। অর্থকর (অর্থ-কৃ+ট>অ)—অর্থকরী, ভয়ঙ্কর (ভয়-কৃ+ট>অ)—ভয়ঙ্করী, মৃন্ময় (মৃৎ+ময়ট্>ময়)—মৃন্ময়ী।
অণ্। কুম্ভকার (কুম্ভ-কৃ+অণ্>অ)—কুম্ভকারী।
ঠক্। দৌবারিক (দ্বার+ঠক্>ইক)—দৌবারিকী।
কঞ্। ঈদৃশ (ইদম্-দৃশ্+কঞ্)—ঈদৃশী।

ঙীষ্ (ঈ)

ষিদ্-গৌরাদিভ্যঃ (৪।১।৪১)

৩৪২. (ক) ষ-ইৎ প্রত্যয়ান্ত এবং (খ) গৌর প্রভৃতি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ (ঈ) হয়।

ষ্বুন্। নর্তক (নৃৎ+ষ্বুন্>অক)—নর্তকী, রজক (রন্জ্+ষ্বুন্>অক)—রজকী।

গৌরাদি শব্দে: গৌর—গৌরী, মৎস্য—মৎসী, মনুষ—মনুষী, সূর্য—সূরী, গবয—গবয়ী, হরিণ—হরিণী, নট—নটী, সুন্দর—সুন্দরী।

বোতো গুণবচনাৎ (৪।১।৪৪)

৩৪৩. উকারান্ত গুণবাচক শব্দের উত্তর বিকল্পে ঙীষ্ (ঈ) হয়।

পটু—পটুঃ, পট্বী, লঘু—লঘুঃ, লঘ্বী, তনু—তনুঃ, তন্বী, সাধু—সাধুঃ, সাধ্বী।

পুংযোগাদাখ্যায়াম্ (৪।১।৪৮)

৩৪৪. (ক) স্ত্রী বুঝাইতে পুরুষবাচক শব্দের উত্তর ঙীষ্ (ঈ) হয়।

ব্রাহ্মণ—ব্রাহ্মণী (ব্রাহ্মণের স্ত্রী), নাপিত—নাপিতী (নাপিতের স্ত্রী), শূদ্র—শূদ্রী (শূদ্রের স্ত্রী)।

(খ) স্ত্রী বুঝাইতে ইন্দ্র, বরুণ, ভব, শব, রুদ্র, মৃড, মাতুল ও আচার্য শব্দের সহিত আনুক্ এবং ঙীষ্ (ঈ) হয়। আনুক্-এর আন্ থাকে।

ইন্দ্র—ইন্দ্রাণী [ইন্দ্র + আন্ + ঙীষ্ (ঈ),] বরুণ—বরুণানী [বরুণ + আন্ + ঙীষ্ (ঈ)]।

এইরূপ, ভবানী, শর্বাণী, রুদ্রাণী, মৃডানী, মাতুলানী, আচার্যানী।

(গ) অর্য (বৈশ্য) ও ক্ষত্রিয় শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ (ঈ) ও টাপ্ (আ) হয়, কিন্তু স্ত্রী বুঝাইতে কেবল ঙীষ (ঈ) হয়।

অর্য—অর্যাণী; অর্যা (বৈশ্য নারী) কিন্তু অর্যী = অর্যের স্ত্রী। ক্ষত্রিয়—ক্ষত্রিয়াণী, ক্ষত্রিয়া (ক্ষত্রিয় নারী), কিন্তু ক্ষত্রিয়ী = ক্ষত্রিয়ের স্ত্রী।

(ঘ) কয়েকটি বিশেষ ক্ষেত্রে 'ঙীষ্' (ঈ)-এর পূর্বে আনুক্ (আন্) হয়:

(১) আধিক্য বুঝাইতে হিম ও অরণ্য শব্দের উত্তর:

হিম—হিমানী (অধিক হিম), অরণ্য—অরণ্যানী (বৃহৎ অরণ্য)।

(২) দোষযুক্ত অর্থে 'যব' শব্দের উত্তর:

যব—যবানী (দুষ্ট যব)।

(৩) লিপি বুঝাইতে 'যবন' শব্দের উত্তর:

যবন—যবনানী (যবনের লিপি)।

৩৪৫. (ক) উপধাতে যুক্তাক্ষর না থাকিলে বহুব্রীহি সমাসে প্রাণীর অঙ্গবাচক অ-কারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীষ্ (ঈ) হয়।

সুকেশ—সুকেশী, সুকেশা, চন্দ্রমুখ—চন্দ্রমুখী, চন্দ্রমুখা।

(খ) নাসিকা, উদর, ওষ্ঠ, জঙ্ঘা, দন্ত, কর্ণ, ও শৃঙ্গ শব্দ সমাসের উত্তর-পদরূপে ব্যবহৃত হইলে সেই সমাসবদ্ধ শব্দের উত্তর বিকল্পে ঙীষ্ (ঈ) হয়।

তুঙ্গনাসিক (তুঙ্গ নাসিকা যাহার)—তুঙ্গনাসিকী, তুঙ্গনাসিকা, সহোদর (সমান উদর যাহার)—সহোদরী, সহোদরা।

এইরূপ বিম্বোষ্ঠী—বিম্বোষ্ঠা, দীর্ঘজঙ্ঘী—দীর্ঘজঙ্ঘা, সমদন্তী—সমদন্তা।

(গ) অঙ্গ, গাত্র ও কণ্ঠ শব্দের উত্তর ও বিকল্পে ঙীষ্ (ঈ) হয়।

তন্বঙ্গী—তন্বঙ্গা, তনুগাত্রী—তনুগাত্রা, সুকণ্ঠী—সুকণ্ঠা।

৩৪৬. অ-কারান্ত জাতিবাচক শব্দের উত্তর স্ত্রীলিঙ্গ ঙীষ্ (ঈ) হয়।

মানুষ—মানুষী, ময়ূর—ময়ূরী, বিহগ—বিহগী, হংস—হংসী।

ব্যতিক্রম: চটকা, অজা, চটকা, অশ্বা, এডকা, মূষিকা ইত্যাদি।

[নিয়ম ৩৩৫ দ্রষ্টব্য।]

ঙীন্ (ঈ)

নৃনরয়োর্বৃদ্ধিশ্চ (বা)

৩৪৭. নৃ ও নর শব্দের সহিত স্ত্রীলিঙ্গে 'ঙীন্' (ঈ) হয় এবং স্বরের বৃদ্ধি হয়।

নৃ—নারী (নৃ>নার্), নর—নারী (ন>না)।

ঊঙ্

৩৪৮. উ-কারান্ত (মনুষ্যবাচক) শব্দের উত্তর ঊঙ্ (ঊ) হয়।

কুরু—কুরূঃ, ভীরু—ভীরূঃ।

৩৪৯. শ্বশুর শব্দের উত্তর ঊঙ্ (ঊ) হয় এবং উ-কার ও অ-কারের লোপ হয়।

শ্বশুর—শ্বশ্রূঃ [শ্বশুর>শ্বশ্‌র্+ঊঙ্ (ঊ)]

কতিপয় স্ত্রীলিঙ্গ শব্দের অর্থগত পার্থক্য

আচার্যানী (অধ্যাপকের পত্নী)
আচার্যা (অধ্যাপিকা)

উপাধ্যায়ানী, উপাধ্যায়ী (উপাধ্যায়ের পত্নী)
উপাধ্যায়া, উপাধ্যায়ী (অধ্যাপিকা)

কিঙ্করা (দাসী)
কিঙ্করী (দাসপত্নী)

ত্রিফলা (তিনটি ফলের সমাহার, দ্বিগু)
ত্রিফলী (যাহার তিনটি ফল আছে, বহুব্রীহি)

পাণিগৃহীতী (বিবাহিতা স্ত্রীলোক)
পাণিগৃহীতা (যে স্ত্রীলোকের হাত ধরা হইয়াছে)

মহারাজ্ঞী (মহান্ রাজার স্ত্রী)
মহারাজ্ঞী (মহতী রাজ্ঞী)

যবনী (যবনের স্ত্রী)
যবনানী (যবনদের লিপি)

শূদ্রা (শূদ্রজাতীয়া স্ত্রীলোক)
শূদ্রী (শূদ্রের পত্নী)

সুদন্তী, সুদন্তা (ভাল দাঁত আছে এরূপ স্ত্রীলোক)
সুদতী (সুন্দর দাঁত দেখিয়া যে স্ত্রীলোকের বয়স অনুমিত হয়)

সম্রাজ্ঞী (সম্যক্-রাজার মহিষী)
সম্রাজ্ঞী (সম্যক্ রাজমহিষী)

সূর্যা (সূর্যের দেবতা-স্ত্রী)
সূরী (সূর্যের মানবী-স্ত্রী)

স্থলী (অকৃত্রিম ভূমি)
স্থলা (পরিষ্কৃত বা রচিত ভূমি)

প্রয়োগ

রাজার সহিত রাণী-ও তপোবন দেখিতে গিয়াছিলেন—রাজ্ঞা সহ **রাজ্ঞী** অপি তপোবনং দ্রষ্টুং গতা। আচার্যের স্ত্রী শিষ্যদিগকে পুত্রের ন্যায় পালন করিয়াছিলেন—**আচার্যানী** শিষ্যং পুত্রবৎ পালিতবতী)। গৃহের কাজ করিতে করিতে মাতুলপত্নী শিশুকন্যাটিকে দেখিতেছে—গৃহকর্ম কুর্বতী **মাতুলানী** শিশুকন্যাং পশ্যতি। গান গাহিতে গাহিতে বালিকা দুইটি হাসিতেছে—গীতং **গায়ন্ত্যৌ বালিকে** হসতঃ। বিদ্যা **অর্থকরী** হউক এখন সকলেরই এই কামনা—বিদ্যা **অর্থকরী** ভবতু অধুনা সর্বেষামিয়ং

কামনা। যাহার পতি বীর তাহাকে সকলেই শ্রদ্ধা করে—**বীরপত্নী** সর্বেষাং মান্যা। শ্বেতবর্ণ ঘোটকীর অনেক দাম—শ্বেতা **অশ্বা** বহুমূল্যা। যবনের স্ত্রী পুত্রসহ গৃহে যাইতেছে—**যবনী** সপুত্রা গৃহং গচ্ছতি। বিদুষী নারীগণ সেখানে উপস্থিত হইল—**বিদুষ্যো নার্য** স্তত্রোপস্থিতাঃ। সূর্যের দেবতা-স্ত্রীকে ও মানবী-স্ত্রীকে বন্দনা করি—**সূর্যাং সূরীং** চ বন্দে।

অনুশীলনী

১. স্ত্রীলিঙ্গে রূপান্তরিত কর :

অশ্ব, মনুষ্য, কোকিল, মৎস্য, মাতামহ, যুবন্, সেবক, নর্তক, সহোদর, লোহিত, শ্বন্, রাজন্, কুর্বৎ, বিভ্যৎ, নৃত্যৎ, তির্যক্, মৃন্ময়, বরুণ, নৃ, গতবৎ, শ্রীমৎ, হিতকারিন্, গুণিন্ ।

২. এককথায় পরিণত কর :

মাতুলস্য পত্নী, মহৎ অরণ্যম্, চন্দ্র ইব আননম্ যস্যাঃ সা, বিম্ব ইব ওষ্ঠঃ যস্যাঃ সা, সমানঃ পতিঃ যস্যাঃ সা, সূর্যস্য মানবী স্ত্রী, যবনানাং লিপিঃ, পশ্যতি যা সা, বিভেতি যা সা।

৩. অর্থগত পার্থক্য নির্ণয় কর :

সূর্যা—সূরী, কিংকরা—কিংকরী, আচার্যা—আচার্যানী, স্থলা—স্থলী, মহারাজী—মহারাজ্ঞী, সেবিকা—সেবকা।

৪. অশুদ্ধি সংশোধন কর :

অশ্বীমানয়, নতু অজীম্। বিদ্বানা ইয়ং নারী। গায়কীনাং কলানৈপুণ্যেন বিমুগ্ধোঽযম্। যাদৃশা কন্যা তাদৃশা মাতা। বুদ্ধিমন্তঃ বালিকাঃ।

৫. বিকল্প পদ লিখ :

প্রতীচী, কৃশোদরা, মনাবী, বিম্বোষ্ঠা, মাতুলা, সুদন্তী।

৬. সংস্কৃতে অনুবাদ কর :

The wife of the milkman is clever. Beneras is an ancient city of India. These girls are intelligent. I saw her going home. She stood motionless. The wife of my maternal uncle lives in Calcutta.

ত্রয়োদশ পরিচ্ছেদ
অনুবাদ নির্দেশিকা

১. প্রথমেই বলা প্রয়োজন **বিভক্তিহীন শব্দ বাক্যে প্রযুক্ত হইবে না**—নাপদং শাস্ত্রে প্রযুঞ্জীত। শব্দের সহিত সুপ্ এবং ধাতুর সহিত তিঙ্ যোগ হইলেই পদ সৃষ্ট হয়। অতএব 'রামঃ গচ্ছতি' স্থলে রাম গচ্ছতি' এরূপ লিখিলে বাক্যটি অশুদ্ধ হইবে। আপাতদৃষ্টিতে নিয়মটি অত্যন্ত স্বাভাবিক ও সহজ মনে হইলেও, কার্যত অনবধানতায় মাতৃভাষায় শূন্যবিভক্তিকতার প্রভাবে অনেক অ-পদ বাক্যে প্রযুক্ত হইয়া আপদ ঘটায় ইহা অনস্বীকার্য।

২. **পদবিন্যাস**

সংস্কৃতে সুপ্ বা তিঙ্ পদগুলির পরস্পর সম্পর্ক স্পষ্টত নির্দেশ করে বলিয়া পদবিন্যাসের কড়াকড়ি সংস্কৃতে কম।

'ব্যাধো বাণেন মৃগম্ অহন্'

এই বাক্যটিকে ব্যাধো মৃগম্ বাণেন অহন্, বাণেন মৃগম্ অহন ব্যাধঃ, মৃগম্ ব্যাধঃ বাণেন অহন্ ইত্যাদি যে-কোনভাবে বলিলেও ইহার বাক্যত্ব হানি ঘটে না। অর্থবোধেও কোন কাঠিন্য আসে না। তবু সংস্কৃতের বাগ্ধারা লক্ষ্য করিলে দেখা যায় প্রথমে কর্তা, পরে কর্ম এবং তাহার পর ক্রিয়া ইহাই সাধারণত সংস্কৃত পদানুক্রম—মূলত বাংলা বাগ্‌বিধির মতই। বাংলায় আমরা বলি রাম রাবণকে মারিয়াছিলেন। সংস্কৃতে রামঃ রাবণমহন্। ইংরেজীতে কর্মপদ ক্রিয়ার পরে বসে। তাই ইংরেজী হইতে সংস্কৃত করিতে প্রথমে বাংলায় রূপান্তর করিয়া সংস্কৃতে অনুবাদ করাই বিধেয়।

৩. **কর্তা ও ক্রিয়া**

কর্তার যে-পুরুষ ও বচন, ক্রিয়াপদেরও তাহাই হইবে।

বালকঃ চন্দ্রং পশ্যতি। বয়ং চন্দ্রং পশ্যামঃ। যূযং চন্দ্রং পশ্যথ।

'ত্বং' মধ্যম পুরুষ কিন্তু 'ভবৎ' শব্দ তুমি বা আপনি বাচক হইলেও প্রথম পুরুষ। এই জন্য 'ভবান্ জানাসি' না হইয়া 'ভবান্ জানাতি' হইবে।

দুই বা ততোধিক কর্তৃপদ 'চ' (এবং)-অব্যয় দ্বারা যুক্ত হইলে তাহাদের ক্রিয়ার বচন কর্তৃপদসমষ্টির দ্বারা নিয়মিত হইবে।

হরি র্মাধবশ্চ পঠতঃ। হরির্মাধবো যাদবশ্চ পঠন্তি।

বিভিন্ন পুরুষের কর্তা 'চ' দ্বারা যুক্ত হইলে প্রথম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষের পরস্পর প্রাধান্য হয়।[১] বচন অবশ্য সমষ্টি দ্বারা নিয়ন্ত্রিত হয়।

রামঃ, ত্বম্ অহং চ পঠামঃ ; ত্বম্ অহং চ পঠাবঃ ; রামঃ ত্বং চ পঠথঃ। রামঃ অহং চ পঠাবঃ ; তে চ অহং চ পঠামঃ ; ত্বং চ আবাং চ পঠামঃ ; ত্বং চ বয়ম্ চ পঠামঃ ; যূয়ম্ চ অহং চ পঠামঃ।

দুই বা ততোধিক একবচনান্ত কর্তৃপদ 'বা' অব্যয় দ্বারা যুক্ত হইলে ক্রিয়া একবচনান্ত হইবে। হরিঃ রামো বা গচ্ছতু।

'বা' এই অব্যয়ের সহিত কর্তৃপদগুলি ভিন্ন বচনে ও পুরুষে প্রযুক্ত হইলে ক্রিয়া নিকটবর্তী কর্তৃপদের পুরুষ ও বচন অনুযায়ী হইবে।

স বা যূয়ং বা এতৎকর্ম কুরুত ; যূয়ং বা স বা এতৎকর্ম করোতু।

৪. **বিশেষ্য-বিশেষণ**

বিশেষণ বিশেষ্যের লিঙ্গ, বচন ও বিভক্তিতে প্রযুক্ত হইবে।

সাহসী ব্যাধঃ-গহনং বনং প্রবিষ্টঃ। সাহসিনঃ ব্যাধাঃ গহনানি বনানি প্রবিষ্টাঃ। চতুরৌ বালকৌ আগতৌ। চতুরঃ বালকঃ আগতঃ।

৫. প্রমাণম্, ভাজনম্, পাত্রম্, আস্পদম্ ইত্যাদি নিত্যক্লীবলিঙ্গ শব্দ বিধেয়-বিশেষণরূপে ব্যবহৃত হইলে ইহারা অপরিবর্তিত থাকে।

সা হি মম স্নেহভাজনম্ স্নেহপাত্রম্ বা। স্নেহভাজনা বা স্নেহপাত্রী বলিলে ভুল হইবে।

সতাং হি সন্দেহপদেষু বস্তুষু প্রমাণম্ অন্তঃকরণপ্রবৃত্তয়ঃ।

এইরূপ নিয়তলিঙ্গ যে-কোন শব্দই বিধেয়বিশেষণরূপে ব্যবহৃত হইলে অপরিবর্তিত থাকে।[২]

জীবনং হি সাধনা।
মাতা হি দৈবতম্।

সা খলু কুলপতেরুচ্ছ্বসিতমিব (শকুন্তলা)।

৬. সাপেক্ষ সর্বনামের বচনপুরুষেও বিভক্তির সমকতা চাই।

যোঽলসঃ ব্যর্থং তস্য জীবনম্।

যেঽলসাঃ ব্যর্থং তেষাং জীবনম্।

'ন তজ্জলং যন্ন সুচারুপঙ্কজম্' (ভট্টিকাব্যম্) যান্যনবদ্যানি কর্মাণি তানি সেবিতব্যানি, নো ইতরাণি। (তৈত্তিরীয়োপনিষৎ)

---

১ যুগপদ্‌বচনে পরঃ পুরুষাণাম্।

২ 'উদ্দেশ্যবিধেয়ভাবাৎ লিঙ্গবচনব্যতিক্রমো ন দোষায়'।

৭. যদি উদ্দেশ্য ও বিধেয় উভয়েই পৃথক্ পৃথক্ বিশেষণ থাকে তাহা হইলে উদ্দেশ্যের বিশেষণ সেই উদ্দেশ্যের এবং বিধেয়ের বিশেষণ সেই বিধেয়ের অনুগামী হয়। শৈত্যং হি যৎ সা প্রকৃতির্জলস্য (রঘুবংশ)

৮. **ক্রিয়ার কাল ও অনুজ্ঞা**

সাধারণত সাধারণ বর্তমান ও ঘটমান বর্তমান বুঝাইতে লট্ ব্যবহৃত হয়।

সঃ পঠতি—(সে পড়ে, বা পড়িতেছে)।

সাধারণ অতীত ও পুরাঘটিত অতীতে লঙ্, লিট্ ও লুঙ্ হয়। অদ্যকার অতীত বুঝাইলে শুধু লুঙ্ হয়।

দশরথঃ নাম রাজা অভবৎ, বভূব, অভূৎ বা। অদ্য বৃষ্টিরভূৎ।

নিকটবর্তী অতীত (বাংলা, পুরাঘটিত বর্তমান ইং present perfect) বুঝাইতে লট্ লিট্ লুঙ্ অথবা ক্ত-ক্তবতু প্রত্যয়ান্ত পদ ব্যবহৃত হয়।

সে আসিয়াছে—স আগচ্ছৎ, আজগাম বা আগমৎ অথবা আগতঃ (আগতবান্)।

ক্ত-ক্তবতু প্রত্যয় যে-কোন অতীতকালেই প্রযুক্ত হয়। এই প্রসঙ্গে নিষ্ঠা-প্রত্যয় দ্রষ্টব্য।

'লট্'-এর সহিত 'স্ম' যোগেও অতীতকাল বুঝাইতে পারে।

সে সেখানে গিয়াছিল—স তত্র গচ্ছতি স্ম।

ভবিষ্যৎকাল বুঝাইতে লৃট্ বিভক্তি ব্যবহৃত হয়।

অহং তত্র গমিষ্যামি—আমি সেখানে যাইব।

ভবিষ্যৎকাল বুঝাইতে ক্ষেত্র বিশেষে লট্-এর প্রয়োগও হইতে পারে :

কিং করোমি ?—(করিষ্যামি), কদা গচ্ছসি ?—(গমিষ্যসি ?) তিষ্ঠ, অহমপি আগচ্ছামি—(দাঁড়া আমিও যাব)।

বিধিনিষেধ, নিমন্ত্রণ, আমন্ত্রণ প্রার্থনা ইত্যাদি অর্থে লোট্ হয়।

আগচ্ছতু ভবান্, স্বয়মেব পশ্যতু স্বামী। পূর্ণচন্দ্রং পশ্য। গুরুং সেবস্ব।

নিষেধ বুঝাইলে লোট্-এ 'মা' অব্যয় প্রযুক্ত হয়।

মা গচ্ছ (যেও না), মা কুরু ধনজনযৌবনগর্বম্ (ধন জন ও যৌবনের গর্ব করিও না)।

বিধি (ঔচিত্য), নিমন্ত্রণ, প্রার্থনা, সম্ভাবনা ইত্যাদি অর্থে বিধিলিঙ্ হয়।

ত্বমধুনৈব তত্র গচ্ছেঃ—(তোমার এখনই সেখানে যাওয়া উচিত)

ন তিষ্ঠেৎ দুর্জনৈঃ সহ—(দুর্জনের সহিত থাকা উচিত নয়)

সম্ভাবনা অর্থে,

বৃষ্টিশ্চেৎ ভবেৎ ন গচ্ছামি—(যদি বৃষ্টি হয় যাব না)

৯. অসমাপিকা ক্রিয়া

বাংলায় 'করিতে' 'যাইতে' ইত্যাদি অসমাপিকা ক্রিয়ার অনুবাদ তুমুনন্ত শব্দ দ্বারা করিতে হয়। [দ্রষ্টব্য 'তুমুন্' প্রত্যয়]

'করিয়া' 'যাইয়া' ইত্যাদি অসমাপিকা ক্রিযার অনুবাদ ক্তাচ্ ও ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দ দ্বারা করিতে হয়। (ক্তাচ্ ও ল্যপ্ দ্রষ্টব্য)

তুমুন্, ক্তাচ্ ও ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়ের ন্যায় ব্যবহৃত। ইহাদের কোন রূপান্তর নাই।

'করিতে করিতে' 'যাইতে যাইতে' (Present participle) ইত্যাদি অসমাপিকা ক্রিয়া শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দ দ্বারা করিতে হয়।

(শতৃ ও শানচ্ দ্রষ্টব্য)

শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দ, নামপদের বিশেষরূপে প্রযুক্ত হইবে।

১০. কারকবিভক্তি

অনুবাদে কারকবিভক্তির জ্ঞান প্রতি পদে প্রয়োজন। কারকবিভক্তির আলোচনা প্রসঙ্গে অনুবাদবিষয়ে বিস্তারিত আলোচনা করা হইয়াছে।

[কারকবিভক্তি দ্রষ্টব্য]

দান ক্রিয়ার কর্মে ৪র্থী বিভক্তিযোগ করিতে প্রায়ই ভুল হয়, তাই এবিষয়ে সাবধানতার নির্দেশ বিশেষ করিয়া দিতে হয়।

'স মাম্ পুস্তকমদদাৎ' লিখিলে হইবে না। 'মাম্' স্থলে 'মহ্যম্' চাই। দেওয়া (বা ইং give) ধাতুর প্রয়োগ থাকিলেই সতর্কতার সহিত ৪র্থী বিভক্তিটি যথাস্থানে প্রয়োগ করিতে হইবে।

শৃণোতি, পচতি, ভক্ষয়তি ইত্যাদি ক্রিয়া স্থলে 'শ্রবণং করোতি' 'পাকং করোতি' 'ভক্ষণং করোতি' লিখিলে কর্মকারকটি ষষ্ঠী বিভক্তি যুক্ত করিতে হইবে। কারণ, শ্রবণ পাক ভক্ষণ ইত্যাদি কৃদন্ত শব্দ।

সঃ গীতং শৃণোতি কিন্তু স গীতস্য শ্রবণং করোতি।

সঃ অন্নং পচতি কিন্তু সঃ অন্নস্য পাকং করোতি।

সঃ অন্নং ভক্ষয়তি, কিন্তু সঃ অন্নস্য ভক্ষণং করোতি।

১১. **কেবল তৎসম**

অর্থ দেখিয়া কারক ঠিক করিবে, অতঃপর নিয়মমত বিভক্তি যোগ করিবে। তৎপূর্বে শব্দটি সংস্কৃত (বা তৎসম) কিনা দেখিয়া লইবে। গরু চরিতেছে। 'এই' বাক্যে 'গোরু' শব্দকে 'সাধু' শব্দের ছকে ফেলিয়া গরবঃ চরন্তি লিখিলে হইবে না, 'গো' শব্দ বা ধেনু শব্দ প্রয়োগ করিতে হইবে।

গাবশ্চরন্তি বা ধেনবশ্চরন্তি।

শব্দরূপের আলোচনায় প্রতিটি শব্দের শেষে তুলনীয় শব্দের যে-তালিকা প্রদত্ত হইয়াছে উহা লক্ষ্য করিবে।

শব্দের ন্যায় ধাতুটিকেও হইতে হইবে সংস্কৃত। 'বালকটি পড়িতেছে' স্থলে 'বালকঃ পড়তি' বলিলে তো চলিবে না। বলিতে হইবে 'বালকঃ পঠতি'। কারণ মূল সংস্কৃত ধাতুটি পঠ্, পড্ তাহা হইতে জাত তদ্ভব ধাতু। প্রত্যয়-যোগেও এই সতর্কতা চাই। কথিতবান্ বা বক্তবান্ চলিবে, কিন্তু 'কহতবান্' চলিবে কি? বাংলায় 'অকাটা' চলিবে, কিন্তু সংস্কৃতে? বাংলা 'কাট্' ধাতুর সহিত তো সংস্কৃত কৃত্যপ্রত্যয় যুক্ত হইতে পারে না।

কারক বিভক্তিপ্রকরণে বিনা, অন্তরা, প্রতি, পরিতঃ সহ, পৃথক্ ইত্যাদি বিভিন্ন অব্যয়যোগে বিভিন্ন বিভক্তির যে ব্যবহার আলোচিত হইয়াছে তাহা অনুবাদের জন্য অত্যন্ত প্রয়োজনীয়।

১২. **অব্যয়ের ব্যবহার**

কারকবিভক্তি ছাড়াও অব্যয়-প্রকরণে বিভিন্ন অব্যয়ের প্রয়োগ বিস্তারিত-ভাবে আলোচিত হইয়াছে। বারবার এই প্রয়োগগুলি দেখিলে অনুবাদের সহায়তা হইবে।

তু, চ, চেৎ, বা ইত্যাদি কয়েকটি অব্যয়ের প্রয়োগবৈশিষ্ট্য বিশেষভাবে লক্ষ্য করিবে। এই অব্যয়গুলি বাক্যের প্রথমে ব্যবহৃত হয় না।

১৩. **লিঙ্গ নির্ণয়**

শব্দচয়ন এবং বিভক্তি যোগ যথাযথ হইয়াও লাভ নাই যদি শব্দটির লিঙ্গ নির্ণয়ে ভুল হয়। মিলনের অন্তে বিচ্ছেদ, জীবনের অন্তে মৃত্যু—এই বাক্যের অনুবাদ করিতে গিয়া যদি লেখা হয়—মিলনস্য অন্তে বিচ্ছেদম্, জীবনস্য অন্তে মরণঃ, কারকবিভক্তি এবং পদবিন্যাস অভ্রান্ত হইলেও বাক্যটি অশুদ্ধ হইবে। শুদ্ধ বাক্যটি হইবে মিলনস্য অন্তে বিচ্ছেদঃ, জীবনস্য অন্তে মরণম্ (বা মৃত্যুঃ)।

লিঙ্গ নির্ণয়ের সহজ কয়েকটি উপায় :

ঘঞ্ বা অল্ (অ) প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ ॥ পাঠঃ, জয়ঃ, ক্ষয়ঃ।

ক্তিন্ (তি) „ „ স্ত্রীলিঙ্গ ॥ মতিঃ, বুদ্ধিঃ, গতিঃ।

অনট্ (অন্) „ „ ক্লীবলিঙ্গ ॥ জীবনম্, মরণন্, গমনম্।

মেঘ, বৃক্ষ, পর্বত, হস্ত, বায়ু, শর, শব্দ ইত্যাদি বাচক শব্দ পুংলিঙ্গ।

বিদ্যুৎ, রাত্রি, বীণা, নদী, ভূ ইত্যাদি বাচক শব্দ স্ত্রীলিঙ্গ।

'বেধস্' ব্যতীত দুই-স্বর বিশিষ্ট অস্‌ভাগান্ত শব্দ (মনস্, যশস্, নভস্, সরস্ ইত্যাদি) ক্লীবলিঙ্গ।

অরণ্য (অটবী ছাড়া), গগন (আকাশ ছাড়া) মাংস, রক্ত, জল, পুষ্প ইত্যাদি বাচক শব্দ ক্লীবলিঙ্গ।

'মিত্র' শব্দ বন্ধু অর্থে ক্লীবলিঙ্গ, সূর্য অর্থে পুংলিঙ্গ।

প্রত্যয় প্রকরণে লিঙ্গ সম্পর্কে আলোচনা করা হইয়াছে ; [ইমন্, ত্ব, তা, য ইত্যাদি দ্রষ্টব্য]।

১৪. ণত্বষত্ব

শব্দরূপে এই দুইটি বিধান সর্বত্র প্রযোজ্য। 'রঘু' শব্দের তৃতীয়া বা 'হরি' শব্দের তৃতীয়া 'রঘুনা' বা 'হরিনা' লিখিলে ভুল হইবে। ণত্ববিধি অনুযায়ী হইবে 'রঘুণা' 'হরিণা'। সেইরূপ সপ্তমীর বহুবচনে 'সু' না 'ষু' তাহাও ষত্ববিধি জানা থাকিলে অভ্রান্ত ভাবে লিখিতে পারিবে। 'লতাষু' নয় 'লতাসু'।

১৫. সন্ধি

সংস্কৃতে 'সন্ধি' বাগ্বিধির অঙ্গ। পদ্যে তো সন্ধি আবশ্যিক, গদ্যেও যেখানে সন্ধির অবকাশ আছে নিতান্ত শ্রুতিকটু না হইলে সেখানে সন্ধি পরিহার করা হয় না। তাই সন্ধি করিও না, ভুল হইতে পারে এরূপ পরামর্শ না দিয়া বরং বলা ভাল সন্ধি করিতে যাহাতে ভুল না হয় সে বিষয়ে দৃষ্টি রাখিও, অর্থাৎ সন্ধির নিয়মগুলি আয়ত্ত করিও।

১৬. সমাস

সমস্ত পদ থাকিলে উহাকে না ভাঙিলেও চলে। বিশেষণকে বিশেষ্যের সহিত জুড়িয়া অনেক সময় অজ্ঞতা গোপন করাও সম্ভব। যেমন, তাহার বহু পুস্তক আছে—এই বাক্যের অনুবাদে 'বহু' শব্দের পৃথক্‌ভাবে রূপ করিতে যদি সংশয় থাকে তবে 'তস্য বহুপুস্তকানি সন্তি' এই সমাসের আশ্রয় লইয়া 'বহূনি পুস্তকানি'র ঝামেলা এড়ানো সম্ভব।

কিন্তু ঝামেলা এড়ানোর মন্ত্র কানে না তোলাই ভাল। বাক্যের প্রকৃতি বুঝিয়া প্রয়োজনে সমাস করিবে, না হইলে বিযুক্ত পদগুলিকে যথাযথভাবে বিভক্তিযুক্ত করিবে। মোট কথা, সন্ধি সমাস করিলেই বাহবা পাইব এরূপ ধারণা ঠিক নয়। ভাষার জন্যই আঙ্গিক, আঙ্গিকের জন্য ভাষা নহে।

অনুবাদ আদর্শিকা

(এক) বাংলা হইতে সংস্কৃত

১. কালক্রমে দিলীপ অশেষগুণশালী পুত্র রঘুকে যুবরাজ করিয়া নিজে ধর্মকর্মে রত হইলেন। রঘুও রাজ্যভার গ্রহণ করিয়া প্রজাদের সুশাসনে আত্মনিয়োগ করিলেন। দুষ্টের দমন ও শিষ্টের পালন দ্বারা তিনি প্রজাদের মনোরঞ্জন করিয়াছিলেন।

অথ গচ্ছতি কালে দিলীপঃ অশেষগুণশালিনং পুত্রং রঘুং যুবরাজং বিধায় স্বয়ং ধর্মকর্মণি নিরতঃ। রঘুরপি রাজ্যভারং গৃহীত্বা (অথবা গৃহীতরাজ্যভারঃ) প্রজানাং সুশাসনে আত্মানং নিযুক্তবান্। দুষ্টানাং দমনেন শিষ্টানাং পালনেন চাসৌ প্রজানাং মনোরঞ্জনং বিহিতবান্ (কৃতবান্)।

২. কোন একটি শৃগাল স্বচক্ষে সিংহ দেখে নাই। সিংহের নামে সে ভয়ে কাঁপিত। একদা সিংহ গর্জন শুনিয়া সে বৃক্ষের অন্তরালে আত্মগোপন করিয়া বক্রদৃষ্টিপাতে সিংহকে দেখিল। দ্বিতীয় দিনে সিংহকে দেখিয়া না লুকাইয়াই নিকট হইতে তাহাকে দেখিল। তৃতীয় দিনে সে সিংহকে দেখিয়া বলিল—ভাল আছেন? সিংহ বলিল; হাঁ।

কশ্চিচ্ছৃগালঃ স্বচক্ষুষা সিংহং নাপশ্যৎ, সিংহস্য নাম্নৈব স ভয়েনাকম্পত। অথ কদাচিৎ সিংহগর্জনং শ্রুত্বা স বৃক্ষান্তরালে আত্মগোপনং কৃত্বা তির্যগ দৃষ্টিপাতেন সিংহদর্শনং কৃতবান্। দ্বিতীয়েঽহ্নি সিংহং দৃষ্ট্বাঽপি অসাবাত্মগোপনম্ অকৃত্বৈব অদূরাৎ তমবলোকিতবান্। অথ তৃতীয়েঽহ্নি সিংহবলোক্য তমপৃচ্ছৎ —'অপি কুশলী ভবান্?' সিংহ আহ, 'অথকিম্'।

৩. শশক বলিল, "প্রভু, আমার কোন দোষ নেই। পথে আর একটি সিংহ জোর করে আমাকে ধরেছিল। তার কাছে 'আবার আসব এই'

প্রতিজ্ঞা করে শুধু আপনাকে একথা বলতে এসেছি।" সিংহ ক্রুদ্ধ হইয়া বলিল, 'শিগ্‌গির গিয়ে আমাকে দেখা সেই দুরাত্মা কোথায় আছে।'

শশকোঽব্রবীৎ—'স্বামিন্, নাহমপরাদ্ধঃ, পথি সিংহান্তরেণ বলাদ্ধৃতঃ। তস্যাগ্রে পুনরাগমনায় (পুনরাগমিষ্যামি ইতি) শপথং কৃত্বা ভবন্তং নিবেদয়িতুমেব অত্রাগতঃ।' সিংহঃ সকোপমাহ—'সত্বরং গত্বা দর্শয় মে কাসৌ দুরাত্মা তিষ্ঠতি।'

৪. বাঘ শব্দ করে খায়। মাংস পেলেই সে খুশি। বাঘ মানুষকে এড়িয়ে চলতে চায়। শিকারী হঠাৎ সামনে এসে পড়লে বাঘ চম্পট দেয়। ঘা-খাওয়া বাঘ হিংস্র হয়। আঘাতকারীকে আক্রমণ করে যদি সে একবার তার রক্তের স্বাদ পায়, তবে হয়ে ওঠে মানুষখেকো।

ব্যাঘ্রঃ সশব্দমশ্নাতি। মাংসেনৈব স তুষ্টঃ। ব্যাঘ্রঃ মনুষ্যং পরিহৃত্য স্থাতুমিচ্ছতি। আখেটিনম্ অকস্মাৎ অভিতঃ পশ্যতি চেৎ ব্যাঘ্রঃ পলায়তে। আহতো ব্যাঘ্রো হিংস্রো ভবতি। আঘাতকারিণং সকৃৎ আক্রম্য তস্য শোণিত-স্বাদং লভতে চেৎ অসৌ নরখাদকঃ ভবতি।

৫. মৃত সৈনিককে গৃহে আনা হইল। তাঁহার স্ত্রী নিস্তব্ধ হইয়া রহিলেন। পরিচারিকারা তাঁহাকে কাঁদাইবার নানা চেষ্টা করিল। কিন্তু কোন ফল হইল না। নব্বই বৎসরের ধাত্রী সেই স্ত্রীলোকের সন্তানটি কোলে দিলেন। এইবার সন্তানকে বুকে চাপিয়া ধরিয়া তিনি কান্নায় ভাঙিয়া পড়িলেন। ধাত্রী কৌশলে তাহার মাতৃত্বকে জানাইয়া দিয়াছিলেন।

মৃতঃ সৈনিকো গৃহমানীতঃ। তস্য পত্নী তূষ্ণীম্ উপবিষ্টা। পরিচারিকা স্তাং রোদয়িতুম্ বিবিধং যত্নমকুর্বন্, কিমপি ফলং তু নাসাদিতম্। নবতি-বার্ষিকা ধাত্রী তস্যা যোষিতঃ সন্তানং তস্যা অংকেঽস্থাপয়ৎ। সপদি সন্তানম্ উরসি আকৃষ্য সা বিগলিতাশ্রুঃ জাতা। ধাত্রী কৌশলেন তস্যা মাতৃত্বমুদবোধয়ৎ।

৬. আমি পারি না, তুমি পার না, কিন্তু আমি আর তুমি পারি—আমরা পারি। ইহাই হইল ঐক্যের বল। যে কোন কার্যে একতাই বল। সহস্র মন কোন মহৎ সঙ্কল্পে এক সূত্রে বাঁধা পড়িলে সহস্র কল্যাণ বহিয়া আনে।

অহং ন শক্নোমি, ত্বং ন শক্নোষি। পরন্তু, অহং ত্বং চ শক্নুবঃ—বয়ং শক্নুমঃ। ইদমেব ঐক্যবলম্। সর্বেষু কার্যেষু ঐক্যমেব বলম্। সহস্রং মনাংসি সমসূত্রগ্রথিতানি সহস্রং শুভান্যাবহন্তি।

৭. ফুল কাহার না ভাল লাগে ? বিচিত্র এই ফুল। গৃহসজ্জায় ফুল, দেবপূজায় ফুল, উৎসবে ফুল। ফুল ছাড়া সব কিছুই যেন অসম্পূর্ণ। 'ফুল বলে ধন্য আমি মাটির পরে।' ইহা রবীন্দ্রবাণী। আমাদের বলিতে ইচ্ছা হয় 'ফুল, তোমাকে পেয়ে আমরাও ধন্য।'

পুষ্পং কস্মৈ ন রোচতে ? বিচিত্রমিদং পুষ্পম্। গৃহসজ্জায়াং পুষ্পম্, দেবপূজায়াং পুষ্পং তথা উৎসবেঽপি পুষ্পম্। পুষ্পং বিনা সর্বমেব অসম্পূর্ণমিতি মন্যে। 'পুষ্পং বদতি—ধন্যমহং মৃত্তিকায়াম্'। ইয়ং রবীন্দ্রবাণী। 'পুষ্প ! ত্বামাসাদ্য বয়মপি ধন্যাঃ ইতি বক্তুমিচ্ছামঃ'।

৮. পিঁপড়ে—কি খবর তোমার ?

ফড়িং—খুব খারাপ যাচ্ছে বন্ধু, ধার করতে এসেছি। আমাকে খাবার দাও কিছু। আমি ক্ষুধার্ত।

পিঁপড়ে—কি আশ্চর্য, শীতের খাবারের যোগাড় নেই তোমার ? গরমের দিনে কি করেছ শুনি ?

ফড়িং—গ্রীষ্মে গান গেয়ে কাটিয়েছি।

পিঁপড়ে—বেশ ! বেশ ! এখন শীতটা তাহলে নেচে কাটিয়ে দাও।

পিপীলিকা—কা তে বার্তা ?

পতঙ্গঃ—দুর্দিনং মে বন্ধো ! ঋণং কর্তুমাগতোঽস্মি। দেহি মে কিঞ্চিৎ খাদ্যম্। ক্ষুধার্তোঽহম্।

পিপীলিকা—অহো আশ্চর্যম্। ননু শীতস্য খাদ্যসঞ্চয়স্তে নাস্তি ? গ্রীষ্মে কিং ত্বয়া কৃতম।

পতঙ্গঃ—গ্রীষ্মঃ গানং কৃত্বা যাপিতঃ।

পিপীলিকা—সাধু ! ইদানীং শীতং তাবৎ নর্তনং কৃত্বা যাপয়।

৯. অন্ধের স্কন্ধে কলসি, হাতে বাতি। ব্যাপার কি ? অন্ধ তো চোখে দেখে না। তবে বাতি কেন ? একজন অন্ধকে জিজ্ঞেস করল, 'তোমার হাতে বাতি কেন ?' অন্ধ বলল, 'বাতিটা তোমাদের জন্যে, কলসিটা যাতে না ভাঙে।'

অন্ধস্য স্কন্ধে কলসঃ, হস্তে চ দীপঃ। কিমিদম্ ? অন্ধস্তাবচ্চক্ষুষা ন পশ্যতি ! কথং তর্হি দীপঃ ? কশ্চিজ্জনঃ অন্ধমপৃচ্ছৎ, 'কথং নু তব হস্তে দীপঃ'। অন্ধ আহ, 'যুষ্মাকং কৃতে এবৈষ দীপঃ, যথা কলসং ন ভজ্যাত'।

অনুশীলনী

· সংস্কৃতে অনুবাদ কর :

(ক) যে স্বয়ং চেষ্টা করে ঈশ্বর তাহার সহায় হন। পৃথিবীতে যাঁহারা বড হইয়াছেন, তাঁহাদের জীবনী হইতে আমরা এই শিক্ষাই পাইয়া থাকি। বিদ্যাই হোক আর ধনই হোক, স্বয়ং পরিশ্রম না করিলে কেহ তাহা লাভ করিতে পারে না।

(খ) দেশভ্রমণ শিক্ষার একটি প্রধান অঙ্গ। বিদ্যালয়ে পাঠ্যপুস্তক হইতে আমরা যে শিক্ষা লাভ করি, তাহাতে প্রত্যক্ষ জ্ঞান হয় না। এইজন্য পাশ্চাত্য দেশগুলিতে ছাত্রদের জন্য দেশভ্রমণের ব্যবস্থা করা হয়। আমাদের দেশেও এ ব্যবস্থা প্রচলিত হওয়া প্রয়োজন।

(গ) সেকালে মগধে একটি বিশ্ববিদ্যালয় ছিল। তাহার নাম নালন্দা। পাটনা হইতে কয়েক ক্রোশ দূরে তাহার স্থান বাহির হইয়াছে। মাটির তলে তাহার অনেক চিহ্ন পাওয়া গিয়াছে। এই নালন্দা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধশাস্ত্র পড়ানো হইত। এখানে অনেক অধ্যাপক ছিলেন।

(ঘ) নরেন্দ্রনাথ বলিলেন, 'আমার মা-ভাইদের কষ্ট যাতে দূর হয় তার জন্যে আপনি ভগবানের নিকট প্রার্থনা করুন।' রামকৃষ্ণ বলিলেন, 'আমি ওসব কথা বলতে পারি না। তুই প্রার্থনা কর না কেন ? —'আমি তো ভগবানকে জানি না। আপনি আমার জন্যে বলুন'।

(ঙ) সন্ন্যাসী কহিলেন, 'এই সোনার ভাণ্ডারের চেয়ে মূল্যবান রত্নভাণ্ডার এখানে আছে। একবার যাইবে না ?' মৃত্যুঞ্জয় কহিল, 'না যাইব না।' সন্ন্যাসী কহিলেন, 'একবার দেখিয়া আসিবার কৌতূহলও নাই ?' মৃত্যুঞ্জয় কহিল, 'না দেখিতে চাই না'।

(চ) আমাদের দেশে দারিদ্র্য একটি বড সমস্যা। কিন্তু এই শোচনীয় অবস্থা যে আমাদের নিজেদের দ্বারাই সৃষ্ট তাহা আমরা প্রায় বুঝিতে পারি না। অনেকে কঠিন পরিশ্রম এবং লাভজনক ব্যবসায় দ্বারা নিজেদের অবস্থার উন্নতি সাধন করিতে চেষ্টা করে না। তাহারা নিজেদের দুরবস্থার জন্য কেবল হাহুতাশ করে।

(ছ) বিপদেই বন্ধু চেনা যায়। সব ভাল যার শেষ ভাল। যেমন কর্ম তেমনি ফল। অতিশয় সবকিছুই গর্হিত। দারিদ্র্যদোষ গুণরাশিকে নষ্ট

করিয়া দেয়। উদ্যোগী পুরুষসিংহকে লক্ষ্মী আশ্রয় করেন। যাহার কীর্তি আছে সে বাঁচিয়া আছে। দোষ ও গুণ সংসর্গ হইতে জন্মে।

(জ) কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ
উদ্যম বিহনে কার পূরে মনোরথ ?

(ঝ) আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি,
চিরদিন তোমার আকাশ তোমার বাতাস আমার প্রাণে
বাজায় বাঁশি।

(ঞ) সেদিন প্রভাতে নূতন তপন
নূতন জীবন করিবে বপন,
এ নহে কাহিনী এ নহে স্বপন
আসিবে সেদিন আসিবে।

(ট) আগে চল্ আগে চল্ ভাই
পরে থাকা পিছে
মরে থাকা মিছে
বেঁচে মরে কিবা ফল ভাই।

অনুবাদ-আদর্শিকা

(দুই) সংস্কৃত হইতে বাংলা

১. সত্যং বদ। ধর্মং চর। সত্যান্ন প্রমদিতব্যম্। মাতৃদেবো ভব। পিতৃদেবো ভব। আচার্যদেবো ভব। অতিথিদেবো ভব। শ্রদ্ধয়া দেয়ম্। অশ্রদ্ধয়াঽদেয়ম্। শ্রিয়া দেয়ম্। হ্রিয়া দেয়ম্। এষ উপদেশঃ। এতদনুশাসনম্।

সত্য বল। ধর্মাচারণ কর। সত্য হইতে বিচ্যুত হইও না। মাতাকে দেবতা বলিয়া জানো। পিতাকে দেবতা বলিয়া জানো। আচার্যকে দেবতা বলিয়া জানো। অতিথিকে দেবতা বলিয়া জানো। শ্রদ্ধার সহিত দিবে। অশ্রদ্ধার সহিত দিবে না। শ্রীর সহিত দিবে। লজ্জার সহিত দিবে। (অর্থাৎ প্রসন্নতার সহিত দিবে, সলজ্জভাবে দিবে)। এই উপদেশ। এই অনুশাসন।

২. সোমরাতঃ—ভগবন্! এষ সোমরাতঃ প্রণমতি।

ধৌম্যঃ—স্বস্তি বৎসায় সোমরাতায়। বৎস! সোমরাত!

সোম—ভগবন্! এষা মাতা কথয়তি—অবসিতো গবাং দোহঃ। সম্প্রতি প্রাপ্তঃ সঞ্চারণকালস্তাসামিতি।

ধৌম্যঃ—আম্! সম্যক্ সমুদ্‌বোধিতোঽস্মি।

সোমরাত! গুরুদেব! এই সোমরাত প্রণাম করিতেছে। (অর্থাৎ আমি সোমরাত, আপনাকে প্রণাম করিতেছি)

ধৌম্যঃ—বৎস সোমরাতের কল্যাণ হউক। বৎস সোমরাত!

সোমরাত—মাতা বলিতেছিলেন, গোদোহন সমাপ্ত হইয়াছে। এখন তাহাদের সঞ্চারণের সময় হইয়াছে।

৩. অস্তি কস্মিংশ্চিৎ সমুদ্রোপকণ্ঠে মহান্ জম্বুপাদপঃ সদাফলঃ। তত্র চ রক্তমুখো নাম বানরঃ প্রতিবসতি স্ম। একদা তস্য তরোরধস্তাৎ করালমুখো নাম মকরঃ সমুদ্রসলিলান্নিষ্ক্রম্য সুকোমলবালুকাসনাথে তীরোপান্তে ন্যবিশত। রক্তমুখেন স প্রোক্তঃ—ভবান্ মেঽতিথিঃ। ভক্ষয়তু ময়া দত্তান্যমৃতকল্পানি জম্বুফলানি।

কোন এক সমুদ্রের উপকণ্ঠে বিশাল এক জামগাছ ছিল, এই গাছে সর্বদাই ফল ধরিত। সেখানে রক্তমুখ নামে এক কুমীর সমুদ্রজল হইতে নির্গত হইয়া সুকোমল বালুকাময় তীরে আসিয়া বসিত। রক্তমুখ তাহাকে বলিল, 'আপনি আমার অতিথি। আমার দেওয়া অমৃততুল্য জামফল ভক্ষণ করুন।'

৪. ততোঽসৌ রাজ্যলোভাকৃষ্টঃ কর্পূরতিলকঃ শৃগালদর্শিতবর্ত্মনা ধাবন্ মহাপঙ্কে নিমগ্নঃ। হস্তিনোক্তম্—সখে শৃগাল! কিমধুনা বিধেয়ম্? মহাপঙ্কে নিমগ্নোঽহম্। শৃগালেন বিহস্যোক্তম্—দেব! মম পুচ্ছাগ্রমবলম্ব্য উত্তিষ্ঠ।

তাহার পর রাজ্যলোভে আকৃষ্ট সেই কর্পূরতিলক শৃগালপ্রদর্শিত পথে যাইতে যাইতে গভীর কর্দমে নিমগ্ন হইল। হস্তী বলিল—বন্ধু শৃগাল! এখন কি করি? আমি যে মহাপঙ্কে নিমগ্ন। শৃগাল হাসিয়া বলিল—দেব! আমার লেজের প্রান্ত ধরিয়া উঠুন।

৫. অস্তি কলিঙ্গবিষয়ে রুক্মাঙ্গদো নাম নরপতিঃ। স চ দিগ্বিজয়ব্যাপার-ক্রমেণাগত্য চন্দ্রভাগানদীতীরে সমবাসিতটকো বর্ততে। প্রাতস্তু তেনাত্রা-গত্য কর্পূরসরঃসমীপে ভবিতব্যমিতি ব্যাধানাং মুখাৎ কিংবদন্তী শ্রূয়তে, তদত্রাপি প্রাতরবস্থানং ভয়হেতুরিত্যালোচ্য যথাবসরকার্যমারভ্যতাম্।

কলিঙ্গদেশে রুক্মাঙ্গদ নামে এক রাজা আছেন। তিনি দিগ্বিজয় উপলক্ষে চন্দ্রভাগা নদীর তীরে আসিয়া শিবির স্থাপন করিয়াছেন। প্রাতঃকালে তিনি কর্পূরসরোবরের নিকট আসিবেন, এইরূপ জনশ্রুতি ব্যাধদিগের মুখে শুনা যাইতেছে। অতএব এই স্থানে প্রাতঃকালে অবস্থান করা ভয়ের ব্যাপার। ইহা বিবেচনা করিয়া যাহা করিতে হয় করুন।

৬. আসীৎ বারাণস্যাং কর্পূরপটো নাম রজকঃ। স চৈকদা নির্ভরং প্রসুপ্তঃ। তদনন্তরম্ তস্য দ্রব্যাণি হর্তুম্ তদ্‌গৃহং চৌরঃ প্রবিষ্টঃ। তস্য প্রাঙ্গণে গর্দভো বদ্ধস্তিষ্ঠতি, কুক্কুরশ্চোপবিষ্টঃ। তং চৌরমবলোক্য গর্দভঃ শ্বানমাহ—ভবতোঽয়ং ব্যাপারঃ। তৎ কিমিতি ত্বমুচ্চৈঃ শব্দং কৃত্বা স্বামিনং ন জাগরয়সি?

বারাণসীতে কর্পূরপট নামে এক রজক ছিল। সে একদিন গভীর নিদ্রায় মগ্ন ছিল। ইতিমধ্যে তাহার দ্রব্যসামগ্রী হরণ করিবার জন্য তাহার গৃহে চোর প্রবেশ করিল। একটি গাধা তাহার প্রাঙ্গণে বাঁধা ছিল এবং একটি কুকুর সেখানে বসিয়া ছিল। চোরকে দেখিয়া গাধা কুকুরকে বলিল, 'এটা তো তোমার কাজ। তাহ'লে তুমি জোরে চেঁচিয়ে প্রভুকে জাগিয়ে দিচ্ছ না কেন?'

৭. রাজা—কা তে বৃত্তিঃ?
বীরবর—প্রতিদিনং সুবর্ণশতচতুষ্টয়ম্।
রাজা—কা তে সামগ্রী?
বীরবর—ইমৌ বাহূ খড়্গশ্চ।
রাজা—নৈতৎ শক্যম্।

রাজা—বেতন কত চাও?
বীরবর—রোজ চারশো সুবর্ণমুদ্রা।
রাজা—তোমার কাজের উপকরণ কি?
বীরবর—এই দুইটি বাহু এবং খড়্গ।
রাজা—এ সম্ভব হবে না (অর্থাৎ অত বেতন দেওয়া যাবে না।)

৮. রাজোবাচ—রে! কাং বিদ্যাং জানাসি? চৌর উবাচ—দেব! সুবর্ণকৃষিং জানামি। রাজোবাচ—কা পরিপাটী? চৌর উবাচ—দেব! সর্ষপরিমাণানি সুবর্ণবীজানি কৃত্বা ভূমাবুপ্যন্তে, মাসত্রয়েণ সর্ষপসদৃশশ্চ এব কন্দল্যো ভবন্তি। দেবঃ প্রত্যক্ষং পশ্যতু।

রাজা বলিল—কোন্ বিদ্যা জানো ?

চোর বলিল—মহারাজ। সোনার চাষ জানি।

রাজা বলিল—কি কি লাগবে ?

চোর বলিল—মহারাজ, সর্ষেপরিমাণ সুবর্ণবীজ তৈরি করে মাটিতে বুনতে হবে। তিন মাসের মধ্যে সর্ষের মত অঙ্কুর হবে। আপনি প্রত্যক্ষ করুন।

৯. চৈতকঃ শিরঃ সঞ্চাল্য নিষ্পন্দো ভবতি।

প্রতাপঃ (সখেদম্) হা প্রাণপ্রিয়! চৈতক! ত্বং খলু মে—

সলিলে তরীর্গিরিবনে তুরগো
রণসংকটে সুনিপুণঃ সচিবঃ।
পরমঃ সখা বিচরণে চ চিরং
ন হি বাহনং নন্বু বহন্নপি মাম্॥

চৈতক শিরশ্চালনা করিয়া নিষ্পন্দ হইল।

প্রতাপ (সখেদে)—হায় প্রাণপ্রিয়! চৈতক! তুমি আমার—

জলে নৌকা, পাহাড় ও বনে অশ্ব, রণসঙ্কটে সুনিপুণ সচিব, ভ্রমণে চিরদিনের পরম বন্ধু। তুমি আমাকে বহন করিয়াও বাহন নও।

১০. বিক্রমাদিত্যস্য বিষয়ে পুরন্দরপুরী নাম নগরী বভূব। তত্র মহাধনিকঃ কশ্চিদ্ বণিগাসীৎ। স চতুরঃ পুত্রানাহূয় অবাদীৎ, 'ভোঃ পুত্রাঃ, ময়ি মৃতে চতুর্ণামেকত্রাবস্থাবস্থানং ভবতি ন বা পশ্চাদ্বিবাদো ভবিষ্যতি, তর্হি জীবন্নেব ভবতাং চতুর্ণাং জ্যেষ্ঠানুক্রমেণ ভাগং করোমি।'

বিক্রমাদিত্যের রাজ্যে পুরন্দরপুরী নামে নগরী ছিল। সেখানে মহাধনী এক বণিক বাস করিত। সে চারি পুত্রকে ডাকিয়া বলিল, 'ওহে পুত্রগণ, আমি মরিয়া গেলে তোমাদের চারিজনের একত্র অবস্থান সম্ভব হইবে কি হইবে না তাহার কোন ঠিক নাই। পরে বিবাদ হইতে পারে, তাই আমি জীবিত থাকতেই তোমাদের চারিজনের মধ্যে জ্যেষ্ঠানুক্রমে সম্পত্তি ভাগ করিয়া দিব।'

১১. রাজা প্রাহ কুতূহলাৎ—'বিদ্বন্! যাচস্ব কোশাধিকারিণং, লক্ষং দাস্যতি মদ্বচসা।' ততো বিদ্বান্ কাষ্ঠং ভূমৌ নিক্ষিপ্য কোশাধিকরণং গত্বা প্রাহ—'মহারাজেন প্রেষিতোঽহম্, লক্ষং মে দীয়তাম্। কোশাধিকারী হসন্ আহ, 'বিপ্র! ভবন্মূর্তিঃ লক্ষং নার্হতি। ততো বিষাদী স রাজানমেত্য আহ, 'স পুনর্হসতি দেব! নার্পয়তি।'

রাজা কৌতূহলী হইয়া বলিলেন—'কোশাধিকারীর কাছে চাও, আমার কথায় একলক্ষ মুদ্রা দেবে।' তারপর বিদ্বান কাঠ মাটিতে রাখিয়া কোশাধিকারীর নিকট গিয়া বলিল, মহারাজ আমাকে পাঠিয়েছেন, একলক্ষ দাও।' কোশাধিকারী হাসিয়া বলিল, 'ব্রাহ্মণ, তোমার চেহারা তো একলক্ষ টাকা পাবার মত না।' তাহার পর বিষণ্ণ হইয়া রাজার নিকট আসিয়া বলিল, 'মহারাজ! সে শুধু হাসল, দিল না কিছুই।'

১২. অজরামরবৎ প্রাজ্ঞো বিদ্যামর্থঞ্চ চিন্তয়েৎ।
গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্মমাচরেৎ॥

প্রাজ্ঞ ব্যক্তি নিজেকে জরাহীন ও মৃত্যুহীন মনে করিয়া ধন ও বিদ্যা উপার্জন করিবেন এবং যম যেন তাঁহার কেশ ধরিয়াছে, এইরূপ ভাবিয়া ধর্মোপার্জন কবিবেন।

১৩. কাব্যশাস্ত্রবিনোদেন কালো গচ্ছতি ধীমতাম্
ব্যসনেন চ মূর্খাণাং নিদ্রয়া কলহেন চ॥

পণ্ডিতব্যক্তিদের সময় কাব্য ও শাস্ত্র পাঠে আনন্দে অতিবাহিত হয় আর মূর্খগণের সময় নিদ্রা, বিবাদ এবং নানা দুষ্ক্রিয়ায় অতিবাহিত হয়।

১৪. সর্বস্য হি পরীক্ষ্যন্তে স্বভাবো নেতরে গুণাঃ।
অতীত্য হি গুণান্ সর্বান্ স্বভাবো মূর্ধ্নি বর্ততে।

সকলেরই স্বভাব পরীক্ষিত হইয়া থাকে, অপর গুণ নহে, স্বভাব সকল গুণকে পরাভূত করিয়া সর্বোপরি প্রভুত্ব করিয়া থাকে।

অনুশীলনী

বাংলায় অনুবাদ কর:

(ক) অস্তি শ্রীপর্বতমধ্যে ব্রহ্মপুরাখ্যম্ নগরম্। তত্র শৈলশিখরে ঘণ্টাকর্ণো নাম রাক্ষসঃ প্রতিবসতীতি শ্রূয়তে। একদা ঘণ্টামাদায় পলায়মানঃ কশ্চিচ্চৌরো ব্যাঘ্রেণ ব্যাপাদিতঃ। তৎপাণিপতিতা ঘণ্টা বানরৈঃ প্রাপ্তা। তে বানরাস্তাং ঘণ্টাং অনুক্ষণং বাদয়ন্তি।

(খ) অস্তি কস্মিংশ্চিদধিষ্ঠানে চিত্রাঙ্গো নাম সারমেয়ঃ। তত্র চ চিরকালং দুর্ভিক্ষং পতিতম্। অন্নাভাবাৎ সারমেয়াদয়ো নিষ্কুলতাং গন্তুমারব্ধাঃ। অথ চিত্রাঙ্গঃ ক্ষুৎক্ষামকণ্ঠস্তদ্ভয়াদ্ দেশান্তরং গতঃ। তত্র চ কস্মিংশ্চিৎপুরে কস্যচিৎ

গৃহমেধিনো গৃহিণ্যাঃ প্রমাদেন প্রতিদিনং গৃহং প্রবিশ্য বিবিধানি অন্নানি ভক্ষয়ন্ পরাং তৃপ্তিং গচ্ছতি।

(গ) দক্ষিণসমুদ্রতীরে টিট্টিভদম্পতী নিবসতঃ। অথ টিট্টিভী আসন্নপ্রসবা ভর্তারমাহ—নাথ! সমুদ্রবেলয়া প্লাব্যতে স্থানমেতৎ। টিট্টিভোঽব্রবীৎ—ভদ্রে! কিমহং নির্বলঃ? যদ্ গৃহাবস্থিতানি অণ্ডানি সমুদ্রেণাপহর্তব্যানি। ততঃ স্বামিবচনাৎ তত্রৈব প্রসূতা।

(ঘ) তদ্ধি তস্য বচনমাকর্ণ্য মহতা ভয়েন বিমুগ্ধ ইব তং জলাশয়মুৎসৃজ্য মন্থরশ্চলিতঃ। তেঽপি হিরণ্যকাদয়ঃ স্নেহাদনিষ্টং শঙ্কমানা মন্থরমনুজগ্মুঃ। ততঃ স্থলে গচ্ছন্ কেনাপি ব্যাধেন কাননং পর্যটতা মন্থরঃ প্রাপ্তঃ। প্রাপ্য চ তং গৃহীত্বা ধনুষি বদ্ধা স্বগৃহাভিমুখং চলিতঃ।

(ঙ) একো বৃদ্ধো ব্যাঘ্রঃ স্নাতঃ কুশহস্তঃ সরস্তীরে ব্রূতে,—'ভোঃ ভোঃ পান্থাঃ? ইদং সুবর্ণকঙ্কণং গৃহ্যতাম্। ততো লোভাকৃষ্টেন কেনচিৎ পান্থেন আলোচিতম্—'ভাগ্যেনৈতৎ সম্ভবতি কিন্ত্বস্মিন্নাত্মসন্দেহে প্রবৃত্তির্ন বিধেয়া। তন্নিরূপয়ামি তাবৎ। প্রকাশং ব্রূতে—'কুত্র তব কঙ্কণম্? ব্যাঘ্রো হস্তং প্রসার্য্য দর্শয়তি।

(চ) অথ বীরবরো দ্বাবস্থঃ পুনর্ভূপালেন পৃষ্ট উবাচ—দেব। সা রোদনপরা যোষা অকস্মাদদৃশ্যা বভূব। ন হি কাপি বার্তান্যা স্বামিন্। ততঃ পরমাং প্রীতিং গতো মহীপতিস্তস্মৈ প্রাযচ্ছৎ সমগ্রং কর্ণাটপ্রদেশং রাজপুত্রায় বীরবরায়।

(ছ) অস্তি মন্দরনাম্নি পর্বতে দুর্দান্তো নাম সিংহঃ। স চ সর্বদা পশূনাং বধং বিদধান এবাস্তে। ততঃ সর্বৈঃ পশুভির্মিলিত্বা স সিংহো বিজ্ঞপ্তঃ—দেব! কিমর্থং সর্বপশুবধঃ ক্রিয়তে, যদি প্রসাদো ভবতি ততো বয়মেব ভবদাহারার্থং প্রত্যহম্ একৈকং পশুমুপঢৌকয়ামঃ। সিংহেনোক্তং—যদ্যেতদভিমতং ভবতাং তর্হি ভবতু তৎ।

(জ) তথানুষ্ঠিতে কুম্ভকার আহ, মা মা এবং কুরু, পশ্য মে রণে হস্তলাঘবম্। রাজা প্রাহ, 'ভোঃ সর্বগুণসম্পন্নো ভবান্, তথাপি পশ্যতাম্। যাবৎ এতে রাজপুত্রাঃ ত্বাং কুলালং ন জানন্তি, তাবৎ দ্রুততরম্ অপসর, নোচেৎ এতেষাং সকাশাৎ বিড়ম্বনাং প্রাপ্য মরিষ্যসি,' কুলালোঽপি তদাকর্ণ্য সত্বরং প্রস্থিতঃ।

অনুবাদে প্রয়োজনীয়

(তিন) কয়েকটি বিশিষ্ট প্রয়োগ

SOME IDIOMATIC EXPRESSIONS

অনয়া দৃষ্ট্যা—এইভাবে দেখিলে (considered in this light).
অনুজ্যেষ্ঠম্—বয়ঃক্রম অনুসারে (according to seniority).
অনুপূর্বশঃ—একের পর এক (one after another).
অলমন্যৎ গৃহীত্বা—ভুল বুঝিও না (don't misunderstand me).
অলমতিবিস্তরেণ—অধিক বলিয়া কি হইবে (enough of prolixity).
অহমহমিকয়া—আমি-আগে আমি-আগে এইরূপ ব্যস্ততায়
একচিত্তীভূয়—একবাক্যে (with one accord).
একান্তো নিয়মঃ—বাঁধাধরা নিয়ম (hard and fast rules).
একৈকশঃ—একে একে (one by one).
এবং সতি—এইরূপ অবস্থায় (in these circumstances).
কা গণনা (মাত্রা) তাহাতে কি—(of what account).
কিমত্র চিত্রম্ (নৈতচ্চিত্রম্)—ইহাতে আর বিস্ময় কি (it is no wonder).
কিং বহুনা—অল্পকথায়, সংক্ষেপে (in short, to be brief).
কিং বৃত্তম্—কি হইল (what became of).
দ্বিত্রাণ্যহানি—দুই-তিন দিন (for two or three days).
ন অভিনন্দামি—অনুমোদন বা সমর্থন করি না (I don't approve 'of').
প্রভাতা রজনী—রাত্রি প্রভাত হইল (the day broke).
প্রবভূব নাত্মনি (বপুষি ন মমৌ)—আত্মহারা হইল (was beisde himself (with).
প্রাণব্যয়েনাপি—প্রাণ গেলেও (even at the cost of life).
মহতি প্রত্যূষে—খুব সকালে (very early in the morning).
মার্গাদ্ ভ্রষ্টঃ—পথ হারাইয়াছে (has lost his way).
বধ্নাতি মে চক্ষুঃ—আমার দৃষ্টি আকর্ষণ করিতেছে, আমার নয়ন মুগ্ধ করিতেছে (arrests my attention).
বাচ্যতাং যাসি—নিন্দাভাজন হইবে (you will incur blame).
যদৃচ্ছয়া—স্বেচ্ছাক্রমে (at one's sweet will).

যদ্ভাবি তদ্ভবতু—যাহা হইবার হউক (come what may)
লোকদৃষ্ট্যা—লোকচক্ষুতে (in the eyes of the public).
শান্তং পাপম্—ঈশ্বর করুন এমন না হয় (God forbid).
সূর্যাতপং সেবতে—রোদ পোহাইতেছে (basking in the sun).

———